ডাক্তারি অভিধান।

অর্থাৎ

ডাক্তারি বাঙ্গলা পুস্তকে

ব্যবহৃত

ইংরেজী ও বাঙ্গলা

দুরূহ

পারিভাষিক শব্দের

অর্থ ও ব্যাখ্যা।

শ্রীহরিপ্রসাদ চক্রবর্ত্তি-কর্ত্তৃক

সঙ্কলিত ও প্রকাশিত।

A

GLOSSARY

OF

MEDICAL TERMS.

IN

BENGALI.

BY

HARI PRASAD CHAKRAVARTI.

ঢাকা

আরমাণীটোলা, আদর্শযন্ত্রে

শ্রীলছমন বসাক দ্বারা মুদ্রিত।

১২৯৬

মূল্য ১৷৹ দেড় টাকা।

বিজ্ঞাপন।

ডাক্তারি বাঙ্গলা পুস্তকে ব্যবহৃত কঠিন কঠিন পারিভাষিক শব্দের অর্থ ও উচ্চারণ সহজে জানিতে পারা যায় বাঙ্গলায় এরূপ কোন পুস্তক প্রায় দেখা যায়না। তাই ইংরেজী ভাষানভিজ্ঞ প্রথম শিক্ষার্থীদিগের সাহায্যার্থে এই ক্ষুদ্র অভিধান সঙ্কলিত হইল। এতদ্বারা তাঁহাদের কতকটা উপকার হইলেই উদ্দেশ্য সফল হইল মনে করিব। এরূপ পুস্তকের শব্দ সঙ্কলন বড়ই বিষম ব্যাপার, কত যে প্রয়োজনীয় শব্দ পবিত্যক্ত ও অপ্রয়োজনীয় শব্দ সন্নিবিষ্ট হইয়াছে বলিতে পারিনা। পুস্তক সঙ্কলনে বিস্তর পরিশ্রম করিয়াছি, তথাপি ইহাতে অনেক ভ্রম ও ত্রুটি রহিয়া গিয়াছে। উদার পাঠকগণ অনুগ্রহ পূর্ব্বক ক্ষমা করিবেন।

এই পুস্তকে বাঙ্গলা অক্ষরে যে সকল ইংরেজী শব্দ লিখিত হইয়াছে সেই সকল শব্দের বা শব্দাংশের (শব্দের যতটুক একবারে উচ্চারিত হয়) অন্ত্য অকারান্ত ব্যঞ্জনবর্ণ সাধারণতঃ হসন্ত, এবং দন্ত্য স প্রায়ই ইংরেজী (S) এসের ন্যায় ঈষৎ ছকারবৎ উচ্চারিত হইবে। ইংরেজী (U) ইউর হ্রস্ব উচ্চারণ অনেক পুস্তকেই স্পষ্ট আকার বা অকার দ্বারা লিখিত হইয়াছে, কিন্তু এই পুস্তকে তৎপবিবর্তে বিসর্গ ব্যবহৃত হইল। একস্থলে যে বাঙ্গলা কি ইংরেজী শব্দের ব্যাখ্যা লিখিত হইয়াছে স্থানান্তরে কেবল তাহার প্রতিশব্দ মাত্র দেওয়া গিয়াছে। প্রতিশব্দ দেখিলেই ব্যাখ্যা প্রাপ্ত হওয়া যাইবে।

পরিশিষ্টে যেসকল কবিরাজি শব্দ উল্লিখিত হইয়াছে সুপ্রসিদ্ধ ৺ গুরুচরণ কবিরাজ মহাশয়ের পুত্র শ্রীযুক্ত গোপীনাথ কবিরাজ মহাশয় অনুগ্রহপূর্ব্বক তাহার অনেকটা দেখিয়া দিয়াছেন।

সন ১২৯৬।
৯ই আশ্বিন।

শ্রীহরিপ্রসাদ চক্রবর্ত্তী।

শুদ্ধিপত্র।

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
৩	১৮	হ	হয় [illegible]
৩	২২	ſ	
৩	২১	Corpusce	Corpu[illegible]
৩	২৭	হ্ব	[illegible]
৬	২৭	Mensru	Menst[illegible]
৭	২	নূন্ত্তা	ন্যূনতা।
১৩	২২	Isingglass	Isinglass
৪৯	১৪	Ctalgia	Otalgia
৫২	৫	কানল নল	কালন নল।
১০৪	২০	Name	Nape
১১১	২৩	ফিউলা	ফিবিউলা
১১৫	১০	Cepitation	Crepitation
১৭৭	৩	Sotening	Softening
১৮১	১৮	Sequlæ	Sequelæ
১৯১	২৫	প্লুবিস্রিস	প্লুরিসি।
৩৯প	৩০	ব্লাক।	ব্ল্যাকঅক্সাইড
৫১প	২১	সেনিনা	সেমিনা।
৫৪প	২৪	গটপার্চা	গটাপার্চা।
৫৬প	২১	ডলকীমারা	ডলকামারা।
৫৮প	৪	অক্সাইড্।	অক্সাইড অভ

ডাক্তারি অভিধান।

অ

অংশ (Degree) তাপমান যন্ত্রে চিহ্নিত এক এক ভাগ। খণ্ড।

অংশফলক (Scapula) স্কন্ধের পশ্চাৎভাগে স্থিত ত্রিকোণাকার চেপ্টা অস্থি; স্কন্ধাস্থি।

অংশফলকাস্থি (Scapula) স্কন্ধাস্থি।

অক্-জিউরিস-ভার্মিকিউলারিস (Oxyuris vermicularis) সূতার ন্যায় ক্ষুদ্র ক্ষুদ্র কৃমি; সূত্রকৃমি।

অক্-জিটোসিক (oxytocic) প্রসবকর।

অক্-জিমেল্ (oxymel) সিকা-মধু। সিকা ও মধু মিশ্রিত একপ্রকার পদার্থ।

অক্-জেলিক এসিড (oxalic Acid) বেউচিনি প্রভৃতি হইতে উৎপন্ন একপ্রকার বিষাক্ত দ্রাবক, ঔষধার্থে ব্যবহৃত হয়।

অক্-জেলুরিয়া (oxaluria) মূত্রে অক্জেলিক এসিডের অবস্থিতি।

অকাল্ট (occult) গুপ্ত, অদৃশ্য, যাহার কারণাদি জানা যায় না।

অকাল্ট মেন-ষ্ট্রুএশন (occult menstruation) স্ত্রী-জননেন্দ্রিয়ের নির্ম্মাণ-বিকার বশতঃ ঋতুশোণিত বহির্গত না হইয়া জরায়ু বা যোনির অভ্যন্তরে অবস্থিতি।

অকালরজ নির্দ্ধারিত সময়ের পূর্ব্বে রজ প্রকাশ।

অকালবার্দ্ধক্য যথোপযুক্ত সময়ের পূর্ব্বে বৃদ্ধাবস্থাপ্রাপ্তি।

অকিউ-লাস (occulus) অক্ষি, চক্ষু।

অকিউলার (occular) আক্ষিক, চক্ষুসম্বন্ধীয়।

অকিউলার স্পেক্টার্স (occular spectres) চক্ষুর সম্মুখে মক্ষিকা, জাল, স্ফুলিঙ্গ, রামধনু প্রভৃতি নানাবিধ আকারের কল্পিত পদার্থ ভাসমানদর্শন; প্লবমান ত্রসরেণু।

অকিউলিষ্ট (occulist) চক্ষুরোগের চিকিৎসক।

অকুপেশন (occupation) ব্যবসায়।

অক্লু-জন (occlusion) কোন দ্বার,

নালী, রক্তবহানাড়ী বা গহ্বরের সম্যক বা আংশিক অবরোধ।

অক্ষিকূটক (Eye-ball) চক্ষুর ঢেলা।

অক্ষিকোটর (Orbit) যে কোটরে চক্ষু অবস্থিত।

অক্ষিগোলক (Eye-ball) চক্ষুর গোলাকারঅংশ, ঢেলা।

অক্ষিপুট (Eye-lid) চক্ষুর পাতা।

অক্ষিবীক্ষণ (Ophthalmoscope) চক্ষুপরীক্ষার্থ যন্ত্র বিশেষ; এতদ্দ্বারা তারকামণ্ডলে আলোক প্রতিভাত হইয়া চক্ষুর অভ্যন্তরভাগ দৃষ্ট হয়।

অক্ষিমুকুর (Crystaline lens) চক্ষুর মধ্যস্থিত বিবরাকৃতি অৰ্দ্ধমসূরদল পরিমাণ স্বচ্ছঝিল্লী, এতদ্দ্বারা আলোক একত্রিত হইয়া দৃষ্টি শক্তি জন্মে। আয়ুর্ব্বেদে ইহার নাম 'দৃষ্টি'। দীপ্তোপল।

অক্সাইড (Oxyde) অন্য কোন রূঢ় পাদার্থের সহিত অক্সিজেনের বিমিশ্রণ, যথা অক্সাইড-অভ-জিঙ্ক।

অক্সাইড-অভ-লেড(Oxide of lead)। মুদ্রাশঙ্খ।

অক্সি-(Oxy-) উগ্রতা বা তীব্রতা বাচক পূর্ব্বপদ, যথা অক্সিওপিয়া, অতিশয় তীব্রদৃষ্টি।

অক্সিক্রেট (Oxycrate) জল ও সির্কা মিশ্রিত একপ্রকার মিশ্র-পদার্থ।

অক্সিজেন (Oxygen) বর্ণ, স্বাদ ও গন্ধ শূন্য বাষ্পাকার এক প্রকার রূঢ় পদার্থ। ইহা বায়ু ও জলের উপাদান বিশেষ এবং প্রাণীগণের জীবনধারণ ও দহন-ক্রিয়ার মূল; অম্লজান বায়ু।

অক্সিডেশন (Oxydation) কোন ধাতু বা অন্যবিধবস্তু অক্সিজেন সংযোগে জারণ-প্রক্রিয়া।

অক্সিপাট (Occiput) করোটীর পশ্চাৎভাগ, পশ্চাৎ কপাল।

অক্সিপিট্যাল (Occipital) করোটীর পশ্চাদ্দেশীয়।

অঙ্কোটমি (Oncotomy) অর্ব্বুদচ্ছেদ।

অগ্নিদাহ (Burns) অগ্নি বা কোন উত্তপ্তবস্তু সংস্পর্শে শরীরের কোনস্থান দগ্ধ হওয়া।

অগ্নিমান্দ্য (Dyspepsia) অজীর্ণ রোগ, অপাক।

অঙ্গগ্রহ গাত্র বেদনা।

অঙ্গচ্ছেদ (Amputation) শস্ত্র দ্বারা কোন অঙ্গ কাটিয়া বিচ্ছিন্ন করিয়া ফেলা।

অঙ্গুলীবেষ্ট (Whitlow) আঙ্গুলহাড়া দ্রষ্টব্য।

অঙ্গুল্যাঘাত (Percussion) উপরিভাগে অঙ্গুলীদ্বারা আঘাত করিয়া সেই আঘাতের শব্দ শুনিয়া আভ্যন্তরিক যন্ত্রাদির অবস্থা নিরূপণের প্রক্রিয়া; প্রতিঘাত।

অংগুয়েণ্টাম (Unguentum) মলম।

অঙ্গুষ্ঠ (Toe) হস্ত বা পদের বৃদ্ধাঙ্গুলী।

অচলসন্ধি (Ankylosis) সন্ধির স্তব্ধতা বা অচলতা।

অজগল্লিকা (Strophulus) মুদ্গপ্রমাণ, স্নিগ্ধ, গ্রথিত, বেদনাশূন্য পীড়কাযুক্ত চর্ম্মরোগ।

অজীর্ণ (Indigestion) অপাক, অগ্নিমান্দ্য।

অজৈবনিক (Inorganic) জীবন যন্ত্র পরিশূন্য, যথা খণিজ পদার্থ প্রভৃতি।

অঞ্জনী (Hordulum) আঁজ নাই, চক্ষুর পাতার প্রান্তভাগে ক্ষুদ্র ব্রণ।

অটপ-সি (Autopsy) মৃতদেহ পরীক্ষা। আক্ষিক দর্শন।

অটোফোমেনিয়া (Autophomania) আত্মহত্যোন্মাদ।

অডিটরি (Auditory) শ্রবণেন্দ্রিয় সম্বন্ধীয়।

অণুকোষ (Corpuscle) কণিকা, অতিশয় ক্ষুদ্রাংশ।

অণুবীক্ষণ (Microscope) যে যন্ত্রদ্বারা চক্ষুর অগোচর সূক্ষ্ম সূক্ষ্ম বস্তু দেখা যায়।

অণ্ড, অণ্ডকোষ (Testicles) যে ডিম্বাকার গ্রন্থিদ্বয় হইতে পুরুষের বীর্য্য নিঃসৃত হয়, মুষ্ক।

অণ্ডপ্রদাহ (Orchitis) অণ্ডকোষের প্রদাহ।

অণ্ডলাল (Albumen) ডিম্বের মধ্যস্থ শ্বেতবর্ণ লালাবৎ পদার্থ; উদ্ভিদ ও প্রাণী শরীরের উপাদান বিশেষ।

অণ্ডলাল-মূত্র (Albuminuria) মূত্রে অণ্ডলালের অবস্থান।

অণ্ডাধার (Ovary) ডিম্বাশয়।

অতরল (Solid) যাহা তরল বা গলা নহে, কঠিন।

অতিতান (Sprain) মচকান।

অতিমাত্রা (Over-dose) যে পরিমাণে ঔষধ ব্যবস্থেয় তদপেক্ষা অধিক পরিমাণ।

অদূরদৃষ্টি (Myopia) নিকট দৃষ্টিরোগ এই রোগে চক্ষুর অতিশয় নিকটে ভিন্ন দেখা যায়না।

অদৃষ্টরজস্কা একেবারেই যাহার ঋতু হয় নাই।

অদৈহিক (Non-systematic) যে সকল ঔষধ শরীরে নয় কিন্তু শরীরের অভ্যন্তরস্থ অন্য পদার্থে কার্য্যকরে।

অধঃক্ষেপ অধঃপতিতপদার্থ দ্রষ্টব্য।

অধঃপতিতপদার্থ (Sediment) মূত্রাদি তরল পদার্থ কোন পাত্রে রাখিয়া দিলে তলে যে গাঢবস্তু সঞ্চিত হয়, তলানি।

অধস্ত্বাচপ্রক্ষেপ (Hypodermic Injection) এক প্রকার সূক্ষ্ম ও সূচাগ্র পিচকারী দ্বারা চর্ম্মের

নীচে পিচকারীপ্রদান।

অধিকার (Range of Action) ক্রিয়ার সীমা, যে সকল রোগে কোন ঔষধের ক্রিয়াদর্শে সেই সকল রোগকে উক্ত ঔষধের অধিকার বলে।

অধিশ্রয়ণ (Focus) আলোকের কিরণ সকল যেস্থানে একত্র মিলিত হয়।

অনচ্ছ (Opaque) অস্বচ্ছ।

অনবগাঢ় (Superficial) অধিক গভীর নহে।

অনতিপ্রবল (Subacute) অনুগ্র।

অনম্য (Stiff) যাহা নত হয়না।

অনশন (Starvation) অনাহার।

আঃন-ষ্ট্রাইপ্ট (Unstriped) অরেখ (মাংসপেশী)।

অনাখ্য (Innominatus) নামহীন। অস্থিবিশেষ ইনোমিনেটাম।

অনাখ্যাস্থি (Innominatum) বস্তিকোটরের খণ্ডত্রয় বিনির্ম্মিত অস্থি। অনাখ্যাস্থি।

অনিকিয়া (Onychia) হাতের আঙ্গুলের নখের পার্শ্বে আঙ্গুলহাড়ারোগ।

অনুকল্প (Substitute) প্রতিনিধি।

অনুকল্পরজ (Vicarious mentsruation) রজস্রাবের পরিবর্ত্তে মুখ নাসিকাদি পথে রক্তস্রাব।।

অনুপর্য্যায় (Remittent) স্বল্প-বিরাম।

অনুপ্রস্থ (Transverse) আড়াআড়ি।

অনুপ্রস্থ পেশী (Transversalis) যে সকল পেশী আড়াআড়ি অবস্থিত।

অনুলেপ (Paint) বর্ণকের ন্যায় লেপনীয় ঔষধ।

অনুবর্ত্তন (To follow) একটীর পর আর একটী ব্যবহার করা।

অনুপভূমি (Marshy land) সজল দেশ, জলাস্থান।

অনৈচ্ছিক (Involuntary) অনিচ্ছায় নিষ্পন্ন, অসাড়।

অন্যেদ্যুষ্ক (Quotidian) ঐকাহিক প্রতিদিন যে বিরামশীল জ্বরাদি প্রকাশ পায়।

অন্তঃকোষ্ঠ (Viscera) শরীরের আভ্যন্তরিক যন্ত্র।

অন্তঃপ্রবিষ্ট (Sunk) বসিয়া যাওয়া।

অন্ধ স্ফোটক (Blind-boil) যে স্ফোটক পাকে না বা পচে না, কিন্তু ক্রমে ক্রমে বসিয়া যায়।

অন্ধান্ত্র (Caecum) বৃহৎ অন্ত্রের প্রথমাংশ, ইহার এক মুখে ছিদ্র নাথাকায় ইহাকে অন্ধান্ত্র বলে।

অন্ধার্শ (Blind-piles) যে অর্শে রক্তাদিস্রাবিত হয় না।

অন্ননলী }
অন্নবহনলী } (Alimentary Canal)

যে নালীদ্বারা ভুক্তবস্তু শরীরের অন্তরস্থ হয় ও তাহার অসারভাগ বহির্গত হয়।

অন্নরস (Chyle) অন্ন পরিপাচিত হইয়া ক্ষুদ্রান্ত্রে যে দুগ্ধবৎ শুভ্র রস উৎপন্ন হয়, এবং যাহা আচূষিত হইয়া রক্ত জন্মে।

অন্নরসবহনাড়ী (Thoracic duct) আচূষিকা নাড়ীদিগের প্রধানকাণ্ড।

অন্নরসোৎপাদন প্রক্রিয়া (Chylification) যে প্রক্রিয়ায় ভুক্তান্ন অন্নরসে পরিণত হয়।

অম্লকৎসেক, অম্লকৎসেচন (Fermentation) প্রাণী বা উদ্ভিদ পদার্থের জলীয়াংশের বায়ু সহযোগে স্বভাবতঃ উচ্ছলন বা পরিবর্ত্তন।

অন্তর্ব্বর্ত্তী ঔষধ (Inter-current Remedy) কোন ঔষধি প্রয়োগকালে মধ্যে মধ্যে যে অন্য ঔষধ ব্যবহার করা যায়।

অন্তর্ব্বলী অর্শ (Internal piles) যে অর্শের বলি বা মাংসাঙ্কুর অভ্যন্তরে থাকে।

অন্তর্ব্বাহ (Endosmosis) যে গুণ বা আকর্ষণ প্রভাবে তরল পদার্থ কোন ঝিল্লীর বাহির হইতে অভ্যন্তরে প্রবেশ করে। একটী কাচের নলের অধোভাগ সূক্ষ্ম চর্ম্মদ্বারা আবৃত করিয়া তাহাতে লবণ মিশ্রিত জল রাখিয়া যদি কোন বিশুদ্ধ জলপূর্ণ পাত্রে স্থাপন করা যায়, তবে সে গুণপ্রভাবে পাত্রস্থ জল নলের মধ্যে প্রবেশ করে তাহাকে অন্তর্ব্বাহ ও এতদ্বীপরীতকে বহির্ব্বাহ বলে।

অন্ত্র (Intestines) পাকস্থলী হইতে গুহদ্বার পর্য্যন্ত বিস্তৃত নালী, আঁতড়ি, নাড়ীভুঁড়ি। ইহা দুই ভাগে বিভক্ত যথা, ক্ষুদ্রান্ত্র বা পক্বাশয় (Small Intestine), বৃহদন্ত্র বা মলাশয় (Large Intestine)। ইহা ৩০। ৪০ ফীট দীর্ঘ। ক্ষুদ্রান্ত্রের তিন অংশ যথা, ডিওডিনম, জেজুনম, ইলিয়ম। বৃহদন্ত্রের তিন অংশ যথা, সিকম, কোলন, রেক্টম।

অন্ত্রচ্ছদ (Peritoneum) যে মাস্তক ঝিল্লীদ্বারা উদরের অভ্যন্তর ভাগ আচ্ছাদিত এবং অন্ত্রাদি যন্ত্র বেষ্টিত তাহাকে অন্ত্রচ্ছদ, অন্ত্রবেষ্ট, বা অন্ত্রাবরণ বলে।

অন্ত্রচ্ছদপ্রদাহ (Peritonitis) অন্ত্রচ্ছদের প্রদাহ।

অন্ত্র-প্রদাহ (Interitis) অন্ত্রের প্রদাহ। জ্বর, এবং উদরে, বিশেষতঃ নাভীর চারিদিকে তীব্র, অবিরাম, জ্বালাকর, প্রচাপনে বর্দ্ধনশীল বেদনা এই রোগের প্রধান লক্ষণ। আন্ত্রীষ।

অন্ত্র-প্রবেশ (Introsusception) অন্ত্রের আংশিক স্থানভ্রষ্টতা ও একাংশ সরিয়া পড়িয়া ঊর্দ্ধস্থ বা নিম্নস্থ অপরাংশে প্রবেশ।

অন্ত্রবদ্ধ অন্ত্রের একাংশ অন্যাংশে প্রবেশ।

অন্ত্রবৃদ্ধি (Hernia) অন্ত্রের কোন অংশ উদর-প্রাচীরের মধ্যদিয়া বহির্গত হইয়া স্ফীত হইলে উহাকে অন্ত্র বৃদ্ধি বলে। এই প্রবর্দ্ধিত অন্ত্রের অংশ স্বস্থানে পুনরায় প্রবিষ্ট হইলে উহাকে রিডিউসিবিল হার্ণিয়া বা হ্রাসশীল অন্ত্রবৃদ্ধি, এবং কোন প্রকারে আকুঞ্চিত হইয়া মল নিঃসরণ ও রক্তসঞ্চলন অবরুদ্ধ করিলে উহাকে ষ্ট্র্যাঙ্গুলেটেড হার্ণিয়া বা আবদ্ধ অন্ত্র-বৃদ্ধি কহে।

অন্ত্র-বেষ্ট (Peritoneum) অন্ত্রচ্ছদ দ্রষ্টব্য।

অন্ত্রবেষ্টপ্রদাহ (Peritonitis) অন্ত্রচ্ছদপ্রদাহ।

অন্ত্রাবরণপ্রদাহ (Peritonitis) অন্ত্রচ্ছদপ্রদাহ।

অপকর্ষ (Degeneration) কোন যন্ত্রের বিকৃতি প্রাপ্তি, যথা মেদাপকর্ষ, শরীরের মেদের বিকৃতি বা অপকৃষ্টতা প্রাপ্তি।

অপঘাতিক (Traumatic) আঘাতাদি জনিত, আভিঘাতিক।

অপচী গণ্ডমালা রোগে গ্রন্থিগুলি একভাবে থাকিলে ও না পাকিলে তাহাকে অপচী বলে।

অপচ্যমান যাহা পাকেনা, যথা অপচ্যমান পীড়কা, যে সকল পীড়কায় পূয উৎপন্ন হয় না।

অপতন্ত্রক (Apoplectic convulsion) সংন্যাস রোগের আক্ষেপ।

অপতানক (Hysterical convulsions) আক্ষেপ রোগে রোগীর মধ্যে মধ্যে ভূতলে পতন হইলে তাহাকে অপতানক কহে। গুল্মবায়ু জনিত আক্ষেপ।

অপত্য-পথ (Vagina) প্রসবদ্বার, যোনি।

অপ-থ্যাল-মস (Ophthalmos) চক্ষু।

অপ-থ্যাল-মিয়া (Ophthalmia) চক্ষুপ্রদাহ, চক্ষু উঠা। যোজকত্বগোষ।

অপ-থ্যাল-মিয়া টার্সি (Ophthalmia Tarsi) চক্ষের পক্ষ্মের মূলের প্রদাহ, ইহাতে পক্ষ্মের মূলে ক্ষুদ্র ক্ষুদ্র পূয পূর্ণ গুটিকা জন্মে এবং উহা হইতে স্রাব নিসৃত হয়। পক্ষ্মশাত।

অপ-থ্যাল-মিয়া-নিও-নে-টোরঃম (Ophthalmia Neonatorum) নবজাতশিশুর চক্ষু-প্রদাহ।

অপ-থ্যাল-মো-স্কোপ (Ophthalmoscope) চক্ষুরোগ পরীক্ষার্থ একপ্রকার যন্ত্র, এতদ্দ্বারা চিত্রপত্রে আলোক প্রতিভাত হইয়া চক্ষুর অভ্যন্তর দৃষ্ট হয়; অক্ষিবীক্ষণ যন্ত্র।

অপব্যবহার (Abuse) অতিমাত্রায়

বা অযোগ্যভাবে ঔষধাদির ব্যবহার।

অপরিচালক (Non-conductor) যে গুণবশতঃ এক দ্রব্য হইতে দ্রব্যান্তরে তেজ বা তাড়িৎ সঞ্চালিত হয়, তাহাকে পরিচালকতা বলে, যে সকল বস্তুর এই গুণ নাই, তাহাদিগকে অপরিচালক কহে, যথা পশম তাপের অপরিচালক, কাচ তাড়িতের অপরিচালক।

অপস্মার (Epilepsy) মৃগীরোগ।

অপাঙ্গ (Canthus) চক্ষুর কোণ।

অপান গুহ্যদেশীয় বায়ু, বাতকর্ম্ম।

অপায় (Injury) উপঘাত।

অপারেশন (Operation) শস্ত্রোপচার, শস্ত্রক্রিয়া।

অপো-ডেল-ডক (Opodeldoc) এক প্রকার অর্দ্ধতরল মর্দ্দন। সাবান, পরিশোধিত সুরা, পরিস্রুত জল, এবং ঔষধ দ্রব্য নির্দ্ধারিত পরিমাণে মিশ্রিত করিয়া ইহা প্রস্তুত হইয়া থাকে। ঘন উপদেহ।

অপ্রতিকার্য্য (Irreducible) অস্থিভগ্ন, সন্ধিবিচ্যুতি, অন্ত্রবৃদ্ধি প্রভৃতি যাহা আর পুনরায় স্বাভাবিক অবস্থায় আনয়ন করা যায় না।

অপ্রবল রক্তসঞ্চয় (Passive congestion) দুর্ব্বলতা বশতঃ যে সকল যন্ত্রের প্রতিক্রিয়া-শক্তির অতিশয় ন্যূনতা জন্মিয়াছে সেই সকল যন্ত্রে রক্তসঞ্চয়।

অপ্রবৃদ্ধ (Subacute) যে সকল রোগে তরুণাবস্থা অপেক্ষা জ্বর বা প্রদাহের ন্যূনতা থাকে। নাতি প্রবল।

অপ্রেশন (Oppression) রোগাক্রান্ত স্থানে গুরুত্ব অনুভব।

অপ্টিক (Optic) দর্শন সম্বন্ধীয়।

অপ্টিক-থ্যালেমস (Opticthalamus) দর্শনস্নায়ুর মূল, গ্রন্থিবৎ মস্তিষ্কপদার্থ।

অপ্টিক-নার্ভ (Optic Nerve) দর্শনস্নায়ু, দ্বিতীয় স্নায়ু যুগ্ম, যাহা চিত্রপত্রেপ্রসারিত হইয়া দৃষ্টিশক্তি জন্মায়।

অপ্টিক্স (Optics) দৃষ্টিবিজ্ঞান, আলোকতত্ত্ব, যে শাস্ত্রে আলোকের গুণ ও দৃষ্টিক্রিয়াদির বিষয় উল্লিখিত থাকে।

অফি-সিন্যাল (Officinal) সুপ্রসিদ্ধ চিকিৎসকমণ্ডলীরআদেশানুসারে প্রস্তুত ও সর্ব্বদা বিক্রয়ার্থ রক্ষিত।

অব-জেক্টিভ (Objective) যেসকল লক্ষণ রোগী উল্লেখ না করিলেও অন্যেরা জানিতে পারেন; বিষয়-নিষ্ঠ।

অব-টিউরেটর-মসেল্স (Obturator

muscles) শ্রোণীদেশীয়পেশী বিশেষ।

অবদরণ (Excoriation) হাজিয়া যাওয়া, লোমছা, কেবল চর্ম্মমাত্র বিদারণ।

অবধূলিত (Sprincle) ক্ষতাদির উপর ধূলির ন্যায় ছড়াইয়া দেওয়া।

অবপাটিকা (Paraphymosis) উল্টামুদা, যে রোগে লিঙ্গাবরক চর্ম্মদ্বারা লিঙ্গমুণ্ড আবৃত হয় না।

অববাহুক (Stiffness of shoulder-joint)। স্কন্ধ সন্ধির অনম্যতা, বাতরোগ বিশেষ।

অবরোহিণী (Vena cava) যে শিরাদ্বারা হৃৎপিণ্ডে রক্ত প্রত্যাবৃত্ত হয়।

অব-লিক(Oblique) তির্য্যক ; বক্র।

অবশীর্ষ (Stooping) অবনত মস্তক

অব-ষ্ট্রঃক-শন (Obstruction) প্রতিরোধ।

অব-ষ্টিট্রিক্স (Obstetrics) ধাত্রীবিদ্যা, প্রসব-তত্ত্ব।

অব-ষ্টি-ট্রি-শিয়ান (Obstetrician) ধাত্রীবিদ্যা বিশারদ।

অব-ষ্টিপেশন (Obstipation) কোষ্ঠবদ্ধ, কোষ্ঠকাঠিন্য।

অবষ্ট্রাক্টিভ (Obstructive) প্রতিরোধক।

অব-ষ্ট্রুয়েণ্ট (Obstruent) শরীরস্থ প্রণালী বা নাড়ীর মুখরোধক ঔষধ।

অবসাদক (Sedative) অবসন্নকর, দুর্ব্বলকর।

অবসাদ বায়ু (Hypochondriasis) এক প্রকার স্নায়বীয় রোগ, এই রোগে রোগী অকারণে আপনাকে নানা প্রকার রোগাক্রান্ত মনে করে এবং তন্নিমিত্ত সর্ব্বদা উৎকণ্ঠিত ও বিষণ্ণ থাকে।

অবস্থান (Position) যে রূপ ভাবে থাকা যায়।

অস্রাবিত মূত্র (Incontinence of urine) অনিচ্ছায় মূত্র স্রাব।

অবাস্তব (Imaginary) অপ্রকৃত, কল্পিত।

অব্যর্থ ঔষধ (Specific) যে ঔষধে নিশ্চয় রোগ আরোগ্য হয়, বিশেষ ঔষধ।

অব্যবহিত (Immediate) ব্যবধান বা অন্য পদার্থের মধ্যবর্ত্তিতা বিহীন।

অব্যায়ামী (Sedentary) শারীরিক পরিশ্রম বিহীন।

অভিন্যাস জ্বর (Ardent fever) প্রখর সূর্য্যোত্তাপে সমুৎপন্ন প্রচণ্ড সন্তত জ্বর; কম্প প্রলাপ নিদ্রাদি লক্ষণাপন্ন সন্নিপাত জ্বর বিশেষ।

অভিষপ (Yeast) মদের ফেণা।

অভিষ্যন্দ (Ophthalmia) অক্ষিপ্রদাহ, চোখ উঠা।

অভ্যঙ্গ মর্দ্দন, মাথা।

অমরা (Placenta) গর্ভের ফুল, রক্তবহা নাড়ীময় স্পঞ্জের ন্যায় আকৃতিবিশিষ্ট যে পদার্থ দ্বারা মাতার রক্তবহা নাড়ীর সহিত গর্ভস্থ ভ্রূণ সংযোজিত থাকে।

অমিশ্র আরক (Mother Tincture) মূল অরিষ্ট, মাতৃকারিষ্ট, আদত আরক, যাহা ক্রম বা ডাইলিউ-শনে আনীত হয় নাই।

অমোঘ ঔষধ অব্যর্থ ঔষধ দ্রষ্টব্য।

অ:ম্বিলিক:স (Umbilicus) নাভী, নাই।

অ:ম্বিলিক্যাল (Umbilical) নাভী সম্বন্ধীয়।

অ:ম্বিলিক্যাল কর্ড (Umbilical cord) নাভীরজ্জু, নাভী-নাড়ী।

অম্লজান (Oxygen) অক্সিজেন দ্রষ্টব্য।

অম্লপিত্ত (Acidity) অম্বলের ব্যা-রাম।

অম্লোদ্গার (Acid Eructation) চুকা ঢেকুর।

অযুগ্ম যাহার যুগল বা জোড়া নাই।

অয়েণ্টমেণ্ট (Ointment) মলম।

অয়েল (Oil) তৈল।

অয়োমল (Rust) লৌহের মরিচা।

অর:ম (Aurum) স্বর্ণ, সোণা।

অরা (Aura) নিম্নাঙ্গ হইতে ঊর্দ্ধ-গামী 'সর সর' অনুভব। মৃগী বা গুল্মবায়ুর আবেশের পূর্ব্বে এই রূপ হয়।

অরিকিউলার-(Auricular-) কর্ণ বা হৃৎকর্ণ সম্বন্ধীয়।

অরিকিউলো (Auriculo) হৃৎকর্ণের সম্বন্ধসূচক উপসর্গ।

অরিকেল (Auricle) বাহ্যকর্ণের যে অংশ মস্তকের পার্শ্ব হইতে প্রব-র্দ্ধিত। হৃৎপিণ্ডের পেশীময় গহ্বর দ্বয়; হৃৎকর্ণ, হৃৎকোষ।

অরিজিন (Origin) মূল; উৎপত্তি।

অরিয়:ম-টিনিট:স (Aurium Tinnitus) কর্ণনাদ।

অরিষ্ট (Tincture) পরিস্রুত বা পরি-শোধিত সুরায় ঔষধ দ্রব্য ভিজা-ইয়া রাখিয়া যে দ্রব প্রস্তুত হয়; আরক।

অরিষ্টলক্ষণ (Premonitory Symptoms of death) মৃত্যুর পূর্ব্ব লক্ষণ।

অরিস (Auris) কর্ণ।

অরিষ্ট (*Aurist*) কর্ণচিকিৎসক।

অরুণিমা (Erythema) ইরিথিমা দ্রষ্টব্য।

অরুষিকা
অরুংষিকা } Porrigo } মস্তকের উপর বহুমুখযুক্ত ও বহুক্লেদবি-শিষ্ট ব্রণসমূহ।

অর্কাইটিস (Orchitis) অণ্ডপ্রদাহ, মুষ্ক প্রদাহ।

অর্কাঘাত (Sunstroke) সর্দ্দিগর্ম্মি রোগ।

অর্কিস (Orchis) অণ্ডকোষ।

অর্গ্যান (Organ) শরীরীদিগের জীবন রক্ষার্থ বিশেষ বিশেষ প্রয়োজনীয় ক্রিয়া-সাধক শরীরের ভিন্ন ভিন্ন অংশ, যথা ফুসফুস, হৃৎপিণ্ড ইত্যাদি। বিধান। যন্ত্র।

অর্গ্যানিক ডিজিজ্ (Organic Disease) যে রোগে কোন শারীরিক যন্ত্রের নির্ম্মাণ বা বিধান বিকার প্রাপ্ত হয়; বিধানবিকারবিশিষ্ট রোগ।

অর-গ্যানাইজ্ড (Organised) জীবনের ক্রিয়াবিশিষ্ট; নির্ম্মিত।

অর-গ্যানিজ্ম্ (Organism) প্রাণী দেহের জীবনী ক্রিয়া; সমস্ত শরীর যন্ত্রের নির্ম্মাণ ও ক্রিয়ার নিয়ম।

অর্গ্যাজ্ম্ (Orgasm) অত্যন্ত উত্তেজনা; কামানল।

অর্জ্জুনরোগ (Chemosis) এক প্রকার চক্ষু প্রদাহ, ইহাতে চক্ষুর শুক্লাংশদ্বারা স্বচ্ছ কনীনিকা আবৃত হইয়া পড়ে। (অর্জ্জুন-শুক্ল বর্ণ)।

অর্থপ-নিয়া (Orthopnœa) দণ্ডায়মান বা অর্দ্ধ দণ্ডায়মান অবস্থা ভিন্ন অন্য প্রকারে শ্বাস ত্যাগে অসমর্থতা।

অর্দ্দিত (Facial Paralysis) মুখ মণ্ডলের পক্ষাঘাত।

অর্দ্ধদৃষ্টি (Hemiopia) যে দৃষ্টি-বিকার বশতঃ দৃষ্টবস্তুর অর্দ্ধ মাত্র দেখা যায়।

অর্দ্ধাঙ্গ (Hemiplegia) অর্দ্ধাঙ্গের পক্ষাঘাত, পক্ষবধ।

অর্দ্ধাবভেদক (Hemicrania) অর্দ্ধশিরঃ শূল, আদ কপালে মাথা ব্যথা।

অর্পিমেণ্ট (Orpiment) পীতবর্ণ সলফাইড্ অভ্ আর্সেনিক, হরিতাল।

অর্বিট (Orbit) যে গহ্বরে চক্ষু স্থাপিত আছে, অক্ষি-কোটর।

অর্বিট্যাল (Orbital) অক্ষি-কোটর সম্বন্ধীয়।

অর্ব্বুদ (Tumor) আব, আবু, মেজ।

অর্শ (Piles) গুহ্যদ্বারের শিরা প্রসারিত বা শ্লৈষ্মিক ঝিল্লী ঘনীভূত হইয়া ক্ষুদ্র ক্ষুদ্র মাংসাঙ্কুর জন্মিলে তাহাকে অর্শ বলে। মাংসাঙ্কুর মল দ্বারের অভ্যন্তরে থাকিলে অন্তর্বলি ও বাহিরে থাকিলে বহির্বলি অর্শ কহা যায়।

অর্শঃস্রোত—যে সকল শিরা দিয়া অর্শের রক্ত পতিত হয়।

অলজিকা অজগল্লিকা দ্রষ্টব্য।

অল্-না (Ulna) কনুই হইতে কজা পর্য্যন্ত যে দুই খানা হাড় আছে, তাহার বড় খানা; প্রকোষ্ঠাস্থি।

অংল-নার (Ulnar) প্রকোষ্ঠাস্থি সম্বন্ধীয়।

অলর্ক (Hydrophobia) মত্ত কুক্কুরাদির দংশন জনিত জলাতঙ্ক রোগ।

অল-ফ্যাক-শন (Olfaction) আঘ্রাণ।

অল-ফ্যাক্টরি (Olfactory) আঘ্রাণ সম্বন্ধীয়।

অংল সার (Ulcer) শরীরের কোন কোমল স্থানে পূয়স্রাবী ক্ষত, ঘা; শারীরব্রণ।

অাংল-সারেটিভ (Ulcerative) ক্ষতকর।

অংল-সারেশন (Ulceration) ক্ষত

অলিভ-ওয়েল (Olive oil) জলপাইয়ের তৈল।

অলিভেরি (Olivary) জলপাইয়ের আকার।

অশ্রুগ্রন্থি (Lachrymal glands) চক্ষুর যে গ্রন্থি হইতে জল স্রাবিত হয়।

অশ্বক্ষুরপদ (Talipes Equinus) এক প্রকার পদ বিকৃতি, ইহাতে রোগী কেবল পায়ের ডিমের উপর ভর দিয়া হাটে।

অশ্মরী (Calculus) বৃক্ক অথবা মূত্রাশয়ে যে চূর্ণময় নিরেট পদার্থ সঞ্চিত হয় তাহাকে অশ্মরী বা পাথরী বলে। পরিত্যক্ত মূত্রের নীচে যে তলানি জমে তাহার নাম অধঃক্ষেপ। এই অধঃক্ষেপ মূত্রাশয় বা বৃক্কে সঞ্চিত হইলে তাহাকে মূত্ররেণু বা গ্র্যাভেল্ বলা যায়। এই মূত্ররেণু সংযত ও শক্ত হইলেই অশ্মরী বা প্রস্তর জন্মে।

অষ্টি-আইটিস (Osteitis) অস্থির প্রদাহ। অষ্টাইটিস।

অষ্টিও-(Osteo-) অস্থি শব্দের বিশেষণ, অস্থিসম্বন্ধীয়, অস্থিময় ইত্যাদি।

অষ্টিওলজি (Osteology) অস্থিতত্ত্ব, অস্থিবিদ্যা।

অষ্টিমিয়া (Ostæmia) অস্থিতে অস্বাভাবিক রক্তাধিক্য।

অষ্টিয়ন (Osteon) অস্থি।

অষ্ট্যাল জিয়া (Ostalgia) অস্থির স্নায়ুশূল।

অস (Os) মুখ, যথা অস-ইউটিরাই জরায়ুর মুখ। অস্থি, যথা, অস-পী-উ-বিস-মণিপুরাস্থি।

অস-কাল-টেশন (Auscultation) ষ্টেথস্কোপ নামক যন্ত্রদ্বারা বক্ষঃস্থল ও হৃৎপিণ্ডাদির রোগে রোগাক্রান্ত স্থানের অস্বাভাবিক শব্দ শ্রবণ করিয়া রোগ নিরূপণ। আকর্ণন।

অস-মি-য়াম (Osmium) ধাতু বিশেষ।

অসম্মিলন (Incompatible) ইন্কম্পেটিবল দ্রষ্টব্য।

অসা (Ossa) অস (অস্থি) শব্দের বহুবচন।

অসা-ইনো-মিনেটা (Ossa Innominata) যে দুই খণ্ড বৃহৎ ও অসমাকৃতি অস্থিদ্বারা পেল্বিস বা বস্তিকোটরের পার্শ্ব ও সম্মুখভাগ গঠিত।

অসি-অয়েড (Osseoid) অস্থিসদৃশ।

অসি-কিউ-লাশ (Ossiculus) ক্ষুদ্রাস্থি।

অসিপত্রবৎ (Ensiform) তরবারির ন্যায়, যথা বুক্কাস্থির উপাস্থি।

অসি-ফিকে-শন (Ossification) অস্থির বিকাশ, জীবদেহের অন্যান্য বিধানের অস্থিতে পরিণতি।

অসিয়াস (Osseous) অস্থিময়।

অসৃগ্দর (Menorrhagia) যদি নিয়মিত সময় অপেক্ষা শীঘ্র শীঘ্র ঋতু হয়, অধিক দিন থাকে, এবং অধিক পরিমাণে রক্ত নিঃসৃত হয় তবে তাহাকে অসৃগ্দর (অসৃক-রক্ত), রক্তমাত্রী, অতিরজ বা রক্তসাধিক্য বলে।

অস্রাবী অর্শ (Blind piles) যে অর্শ হইতে কোনপ্রকার স্রাব নিঃসৃত হয় না।

অস্ত্রচিকিৎসা (Surgery) চিকিৎসা শাস্ত্রের যে বিভাগে সকল প্রকার উপঘাতের চিকিৎসা ও অস্ত্রাদির ব্যবহার উল্লিখিত আছে।

অস্ত্রোপচার (Surgical operation) রোগ আরোগ্যার্থ অস্ত্র ব্যবহার।

অস্থি (Bone) হাড়।

অস্থিক্ষত (Caries) হাড়ের ঘা।

অস্থিগুল্ম (Nodes) অস্থিবেষ্ট স্ফীত হইয়া সন্ধিস্থলে যে কঠিন অর্ব্বুদ জন্মে।

অস্থিনাশ (Necrosis) হাড় পচিয়া যাওয়া।

অস্থিপঞ্জর (Skeleton) কঙ্কাল, শরীরের অস্থি সমূহ।

অস্থিপূতি অস্থিনাশ।

অস্থিবিশ্লেষ, অস্থিবিতান } (Dislocation) অস্থির সন্ধির স্থানচ্যুতি।

অস্থিবেষ্ট (Periosteum) অস্থির উপরস্থ পেশীময় ও সূত্রময় ঝিল্লী; অস্থির আবরক ঝিল্লী।

অস্থিবেষ্টপ্রদাহ (Periostitis) অস্থির আবরণ ঝিল্লীর প্রদাহ।

অস্থি-ভগ্ন (Fracture) উপঘাত প্রভৃতি কারণে অস্থি ভগ্ন হইলে তাহাকে ভগ্ন কহে। চর্ম্ম বিক্ষত না হইয়া অস্থি ভগ্ন হইলে উহাকে সামান্য ভগ্ন বা সিম্পেল্ ফ্র্যাকচার, এবং চর্ম্মবিক্ষত হইয়া ভগ্ন হইলে উহাকে বিমিশ্র ভগ্ন বা কম্পাউণ্ড ফ্র্যাকচার বলে; ভগ্ন।

অস্থিসন্ধিপ্রদাহ আরথ্রাইটিস দ্রষ্টব্য।

অস্ফুটভাষণ (Stammering) অস্পষ্ট বাক্য বলা, তোতলামি।

অস্বচ্ছ দৃষ্টি (Glaucoma) ধূম্র বা হরিৎবর্ণ চিহ্ন সহ দৃষ্টির অস্বচ্ছতা রোগ।

অস্বাভাবিক (Abnormal) স্বভাবতঃ যেরূপ ক্রিয়াদি নিষ্পন্ন হয় তাহার বীপরিত। অপ্রাকৃতিক।

অহিপুতন (Intertrigo) শিশুদিগের মলদ্বার, কুচকি, বগল প্রভৃতির ছাল উঠা। ঘর্ষণ ও ঘর্ম্মাদি জন্য এই রোগ জন্মে।

অহিফেণ (Opium) আফিং।

আ

আই (Eye) চক্ষু।

আইও-ডাইড (I-odide) অম্লদ্রব্য ব্যতীত ধাতু বা অন্য কোন বস্তুর সহিত আইওডিন মিশ্রিত মিশ্র পদার্থ, যথা আইওডাইড অভ্ আয়রণ।

আইও-ডিজম্ (I-odism) বহুদিন আইওডিন সেবন জনিত বিষলক্ষণ।

আই-কর (Ichor) ক্ষতাদির জলবৎ দূষিত স্রাব ; রসানি।

আই-করিমিয়া (Ichoremia) আইকর আশোষণবশতঃ রক্তের বিষাক্ততা।

-আইটিস (-Itis) প্রদাহজ্ঞাপক বিভক্তি বা পরপদ, যথা, হিপেটাইটিস-যকৃৎ-প্রদাহ।

আই-ডিয়ে-শন (Ideation) কল্পনা শক্তি।

আইঢাই (Restlessness) অস্থিরতা।

আই-বল (Eye-ball) অক্ষিগোলক।

আই-রণ (Iron) লৌহ, লোহা।

আই-রাই-টিস (Iritis) তারকামণ্ডল প্রদাহ, উপতারাপ্রদাহ, আইরিস দ্রষ্টব্য।

আইরিস (Iris) চক্ষুর মকুরের সম্মুখে প্রসারিত পাতলা, চেপ্টা, রন্ধ্রযুক্ত আচ্ছাদন ; চক্ষুর তারার চতুর্দ্দিকস্থ রঞ্জিত মণ্ডল, যাহার অভ্যন্তরে চক্ষুর তারা অবস্থিত এবং যাহার বর্ণানুসারে চক্ষুকাল, কটা বা নীলবর্ণ দেখায় ; তারকামণ্ডল ; উপতারা।

আই-রি-সিন (Irisine) আইরিস নামক ঔষধের উপক্ষার বা বীর্য্য।

আইসিংগ্লাস (Ising glass) মৎস্য বিশেষের ফুসফুস হইতে উৎপন্ন একপ্রকার অর্দ্ধস্বচ্ছ ঈষৎ শুভ্র শিরিষবৎ পদার্থ।

আইসে-টিন (Isatine) নীলের মূল উপাদান বিশেষ।

আইসো (Iso-) সমতা বা সাদৃশ্য জ্ঞাপক পূর্ব্বপদ যথা,—

আইসোপ্যাথি (Isopathy) কোন

রোগের পূযাদি (বীজ) দ্বারা সেই রোগ আরোগ্যের মত; যথা, বসন্তের বীজ হোমিওপ্যাথিক মাত্রায় সেবন করিয়া বসন্ত রোগ আরোগ্য করণ। মনুষ্যের কোন রুগ্ন যন্ত্র পশ্বাদির সেই সুস্থ যন্ত্র ঔষধ মাত্রায় সেবন করিয়া আরোগ্যের মত।

আইসো-মর্ফাস (Isomorphus) মূল উপাদানে স্বতন্ত্র হইয়াও একই প্রকার দানাবিশিষ্ট।

আউট-লেট (Out-let) নির্গম-দ্বার।

আউন্স, ঔন্স (Ounce) অর্দ্ধ ছটাক পরিমাণ।

আকর্ণন (Auscultation) অঃস্কল্টে-শন দ্রষ্টব্য।

আকারগত পরিবর্ত্তন (Organic or structural change) বিধান-বিকার দ্রষ্টব্য।

আকুঞ্চন (Contraction) সঙ্কোচ।

আকুঞ্চিত অন্ত্রবৃদ্ধি অন্ত্রবৃদ্ধি দ্রষ্টব্য।

আক্রমণাবস্থা (Invasive stage) রোগের প্রথম আক্রমণ বা বি-কাশ সময়।

আক্ষিপ্ত আক্ষেপ বিশিষ্ট।

আক্ষেপ (Spasm) অনিচ্ছায় পেশীর আকুঞ্চন, অঙ্গ বিক্ষেপ; খোঁ-চুনি।

আক্ষেপ রোগ (Convulsions) যে রোগে প্রবল আক্ষেপ জন্মে।

আক্ষেপিক (Spasmodic) আক্ষেপ বিশিষ্ট।

আক্ষেপিক বিসূচিকা (Spasmodic cholera) সাংঘাতিক বিসূচিকা; প্রথমে ফুসফুসের ধমনীর আক্ষেপ জন্মিয়া এই প্রকার বিসূচিকা উৎপন্ন হয় বলিয়া ইহাকে আক্ষে-পিক বিসূচিকা বলে। বিসূচিকার প্রকৃতিসিদ্ধ হস্ত পদাদির খল্লী বা আক্ষেপ নিবন্ধন ইহার আ-ক্ষেপিক বিসূচিকা নাম নহে। ইহা সচরাচর সুস্থ ব্যক্তিদিগকেই সহসা আক্রমণ করিয়া থাকে এবং স্নায়ু-বিকার বশতঃ উৎপন্ন হয়।

আক্ষেপিক স্বরয়ন্ত্র (Spasmodic Croup) কণ্ঠনালীর উপরের মুখের আক্ষেপ বিশিষ্ট শিশুদিগের রোগ বিশেষ। ইহাতে প্রকৃত স্বরয়ন্ত্রের ন্যায় কাস, স্বরভঙ্গ ও জ্বর থাকে না। শ্বাসকষ্ট, ওষ্ঠের নীলবর্ণ, মুখের আকুলতা ইহার প্রধান লক্ষণ।

আগন্তুক রোগ (Accidental disease) হঠাৎ উপস্থিত রোগ, যথা সর্দ্দীগর্ম্মি।

আগ্নেয় ক্ষুধাবর্দ্ধক, অগ্নিজনক।

আঙ্গুল-হাড়া (Whitlow) বেদনা প্রদাহ ও পূয সম্ভাবনাবিশিষ্ট অ-ঙ্গুলীর স্ফীততাকে আঙ্গুল-হাড়া বলে। নখম্পচ।

আচূষণ (Absorption) শরীরের বি-

ধানতন্ত্র সকলের আহারাদির সারভাগ ও পরিত্যাজ্য পদার্থের অসারভাগ চুষিয়া লওয়া; আশোষণ; শোষণ।

আচুষিকা (Absorbent) আচুষণকারিণী নাড়ী।

আচ্ছাদন (Covering) ক্ষতাদিতে কলোডিয়ন বা পলস্তা প্রয়োগ।

আচ্ছাদক ঝিল্লী (Lining membrane) আবরণ ঝিল্লী।

আজন্ম (Congenital) জন্ম হইতে উৎপন্ন, কৌলিক।

আটোপ পেট ডাকা, বায়ু জন্য উদরের স্ফীততা।

আঢ়্যতা (Stiffness) অনম্যতা।

আততায়িতা বধোদ্যম।

আততি (Tension) প্রসারণ, বিতান।

আতপঘাত (Sunstroke) শরদী গরমী রোগ।

আঁতের পীড়া (Hernia) অন্ত্র বৃদ্ধি রোগ।

আত্মনির্দ্দেশক (Self-Registering) যে যন্ত্রের কার্য্য আপনা হইতেই লিখিত হয়, যথা সেল্ফ রেজিষ্টারিং থার্ম্মোমিটার।

আধ্মান (Flatulence) বায়ুতে স্ফীত হওয়া; পাকস্থলী ও অন্ত্রে বায়ু সঞ্চয়।

আধ্মানশূল (Flatulent colic) পেটে বায়ু জন্য বেদনা।

আনাহ (Constipation) কোষ্ঠবদ্ধ।

অংনিয়ন (Onion) পলাণ্ডু; পেঁয়াজ।

আন্ত্রিকজ্বর (Enteric Fever) টাইফয়েডজ্বর দ্রষ্টব্য।

আপেক্ষিক গুরুত্ব (Specific gravity) জলের সহিত তুলনা করিয়া যে ভারীত্ব হয়।

আফ-টার-পেইন্স (After-pains) প্রসবের অব্যবহিত পরে সংযত রক্তাদি বাহির করিবার জন্য জরায়ুর সঙ্কোচন বশতঃ যে বেদনা জন্মে; হেঁতাল ব্যথা; ভাদালির কামড়।

আফ-টার-বার্থ (After-birth) গর্ভের ফুল।

আব (Tumor) অর্ব্বুদ।

আবরক (Protectives) রোগ স্থান আচ্ছাদন করিয়া অপর দ্রব্যের ঘর্ষণ বা রাসায়নিক ক্রিয়া হইতে রক্ষাকর।

আবর্ত্তন (Turning) গর্ভস্থ সন্তান হাতদিয়া ঘুরাইয়া পা নীচের দিকে আনয়ন।

আবিল (Turbid) ঘোলা।

আবু অর্ব্বুদ।

আবেশ (Paroxysm) বিরামশীল রোগের আক্রমণ-অবস্থা; সঞ্চার।

আবেশিক (Paroxysmal) যাহা বিরাম থাকিয়া থাকিয়া উপস্থিত হয়।

আভিঘাতিক (Traumatic) আঘাতাদি জনিত।

আভ্যন্তরিক (Internal) শরীরের ভিতরের।

আম (Mucous) শ্লেষ্মাময় পদার্থ। অপক্ক, কাঁচা।

আমণ্ড (Almond) বাদাম।

আমবাত (Rheumatism) বাত-রোগ।

আময় (Disease) রোগ, ব্যাধি।

আময়িকক্রিয়া (Therapeutic Action) রোগে ঔষধের যে ক্রিয়া দর্শে ; আরোগ্যকর গুণ।

আময়িক প্রয়োগ (Therapeutic use) রোগে ঔষধের ব্যবহার।

আমরক্ত (Dysentry) রক্তাতিসার, আমের ব্যামোহ।

আমাশয় (Stomach) পাকস্থলী ; পাকাশয় ; অজীর্ণ ভুক্তদ্রব্যের আধার, ইহা সাধারণতঃ ১০। ১২ ইঞ্চি প্রশস্ত এবং বক্ষোদর ব্যবচ্ছেদক পেশীর ঠিক নীচেই অবস্থিত, দেখিতে তুম্বির ন্যায়।

আমাশয়িক রস (Gastric Juice) পাকস্থলী হইতে উৎপন্ন এক প্রকার তীব্র অম্ল ও ভুক্তান্ন পরিপাচকরস ; পাকরস ; পাচকরস। ইহাতে মিউরিয়েটিক এসিড ও এসেটিক এসিড আছে।

আরক অরিষ্ট দ্রষ্টব্য।

আরক্ত জ্বর (Scarlet Fever) উজ্জ্বল লোহিত বর্ণ পীড়কা, গলপ্রদাহ, মানসিক ও শারীরিক অবসাদ এবং সচরাচর মূত্রাঘাত লক্ষণাপন্ন এক প্রকার অবিরাম সংক্রামক জ্বর।

আর্ক, আর্চ (Arc, Arch) বলয় ; বৃহদ্ধমনী, কোলন প্রভৃতির অর্দ্ধ বলয়াকার বা বৃত্তাংশবৎ অংশ।

আর্কস সিনাইলিস (Arcus senilis) বৃদ্ধাবস্থায় চক্ষুর কনিনীকার প্রান্তে গোলাকার অস্বচ্ছরেখা।

আর্গটিজ্‌ম্ (Ergotism) আর্গটনামক শস্যদ্বারা বিষাক্ততা।

আর্জ্জেণ্টঃম-নাইট্রিকঃম (Argentum Nitricum) নাইট্রেট অভ সিলবার, লুনার কষ্টিক, কাষ্টকী।

আর্জ্জেণ্টঃম মেটালিকঃম (Argentum Metalicum) রৌপ্য, রূপা।

আর্টারি (Artery) যে সকল নাড়ী হৃৎপিণ্ড হইতে সর্ব্বশরীরে বিশুদ্ধ ও লোহিত বর্ণ রক্ত বহন করে ; ধমনি।

আর্টিকিউলার (Articular) সন্ধিসম্বন্ধীয়।

আর্টিকিউলেশন (Articulation) সন্ধি, হাড়েরযোড়।

আর্টিকেরিয়া (Urticaria) গায় বিছুটী লাগিলে চর্ম্ম যেরূপ স্থানে স্থানে ফুলিয়া উঠে ও চুলকায়

ঠিক সেইরূপ লক্ষণবিশিষ্ট চর্ম্ম-রোগ বিশেষ; শীতপিত্ত, ভ্রম-ক্রমে কোন কোন স্থানে ইহাকে আমবাত কহে।

আর্টি-ফিশিয়্যাল (Artificial) কৃ-ত্রিম, মনুষ্যকৃত।

আর্টি-রিয়্যাল (Arterial) ধামনিক; ধমনিস্থিত।

আর্ডর-ইউ-রিণী (Ardor urinæ) প্রস্রাবত্যাগে জ্বালা।

আ-র্ডেণ্ট (Ardent) তীব্র, জ্বালা-কর। লাল।

আর্ণব-বমন (Sea-sickness) জা-হাজ বা নৌকার আন্দোলনে জ-লযাত্রীদিগের যে বিবমিষা ও ব-মন জন্মে, সামুদ্রিকবিবমিষা।

আর্ত্তব (Menses) স্ত্রী-রজঃ, ঋতু।

আর্থি (Earthy) পার্থিব।

আর্থ্রাইটিস (Arthritis) সন্ধিপ্র-দাহ, সন্ধিবাত।

আর্থ্রাইটিক (Arthritic) সন্ধি বা সন্ধিবাত সম্বন্ধীয়।

আর্থ্রাল-জিয়া (Arthralgia) সন্ধি বেদনা; গাউটরোগ।

আর্থ্রোডিনিয়া (Arthrodynia) সন্ধি-বেদনা।

আর্সেনিক (Arsenic) শিমুলক্ষার, সেঁকোবিষ, শঙ্খবিষ।

আর্সেনিক্যাল (Arsenical) আর্সে-নিকসম্বন্ধীয় বা মিশ্রিত।

আর্সেনিকেট (Arsenicate) আর্সে-নিকের সহিত মিশ্রিত করা।

আর্সেনিসি-য়্যাসিস (Arseniciasis) আর্সেনিক জনিত রোগ।

আরোগ্যোন্মুখ অবস্থা (Convalescent state) রোগান্তে দুর্ব্বলাবস্থা।

আলোকাতঙ্ক (Photophobia) আ-লোকাসহ্যতা, আলোকে বিদ্বেষ।

আশ্রয়নিষ্ঠ (Subjective) যে সকল আভ্যন্তরীণ লক্ষণ রোগী স্বয়ং অ-বগত হয়।

আসব (Wine) ফলাদির অন্তরুৎ-সিক্ত রস; মৃদুমদ্য।

আস্রাব (Discharge) ক্ষরিত পূয-রক্তাদি।

আস্থানিক (Vicarious) যেস্থানদিয়া স্রাবাদি নিঃসৃত হয় সেস্থান দিয়া না হইয়া তাহার পরিবর্ত্তে অন্য-স্থানদিয়া বিনির্গত। অনুকল্প রজঃ দ্রষ্টব্য।

ই।

ইউটিরাস (Uterus) গর্ভাশয়, জ-রায়ু।

ইউটিরাইটিস (Uteritis) জরায়ু-প্র-দাহ।

ইউটিরাইণ (Uterine) জরায়ু সম্বন্ধীয়।

ইউটিরাইণ-মোটর-ষ্টিমুলেণ্ট (Uterine motor stimulant) জরায়ু-সঙ্কোচক।

ইউট্রিকেল (Utricle) ক্ষুদ্রথলি, কর্ণের অভ্যন্তরস্থ থলীবিশেষ।

ইউনিয়ন (Union) সম্মিলন।

ইউ-ভিউলা (Uvula) উপজিহ্বা, আলজিব।

ইউরিক-এসিড (Uric acid) মূত্র হইতে উৎপন্ন একপ্রকার অম্ল পদার্থ; মূত্রাম্ল।

ইউ-রিটার (Ureter) বৃক্কক হইতে যে নালী-দ্বয় দ্বারা মূত্র ক্ষরিত হইয়া মূত্রাশয়ে সঞ্চিত হয়, মূত্রনালী; মূত্রবাহীপ্রণালী।

ইউরিণ (Urine) মূত্র, প্রস্রাব।

ইউরিণেরি (Urinary) মূত্রসম্বন্ধীয়।

ইউরিণো-মিটার (Urinometer) মূত্রের আপেক্ষিক গুরুত্ব পরিমাপক যন্ত্রবিশেষ।

ইউরিণ্যাল (Urenal) মূত্রাধার পাত্র।

ইউ-রিথ্রা (Urethra) মূত্রাশয় হইতে পুরুষাঙ্গের বা স্ত্রী-অঙ্গের অভ্যন্তরস্থ যে নালীদ্বারা মূত্র পরিত্যক্ত হয়; মূত্রমার্গ।

ইউ-রিথ্রাই-টিস (Urithritis) মূত্রমার্গের প্রদাহ।

ইউ-রিয়া (Urea) মূত্রের যবক্ষারজানবিশিষ্ট উপাদান; ইহা শুভ্রবর্ণ একপ্রকার বিষাক্ত পদার্থ।

ইউরিমিক (Uremic) ইউরিমিয়া সম্বন্ধীয়।

ইউরিমিক ইন-টক্সিকেশন (Uremic intoxication) ইউরিমিয়া।

ইউরিমিয়া (Uremia) রক্তে মূত্রের ইউরিয়া নামক বিষাক্ত পদার্থের অবস্থিতি ও তজ্জন্য অচৈতন্যাদি নানাপ্রকার ব্যাধি; মূত্রনাশবিকার; মূত্রক্ষয়বিকার।

ইউরেট (Urate) কোন রূঢ় পদার্থের সহিত ইউরিক এসিডের যোগ, যথা ইউরেট-অভ-সোডা।

ইউরেণিয়ম (Uranium) একপ্রকার ধাতু।

ইউষ্টেকিয়ান-টিউব (Eustachian tube) বায়ু চলাচলের জন্য মুখের পশ্চাৎভাগ হইতে কর্ণের মধ্যভাগপর্য্যন্ত প্রসারিত সূক্ষ্মনল। ইউষ্টেকাই কর্ত্তৃক আবিষ্কৃত বলিয়া এইরূপ নাম।

ইউরোক্রম (Urochrome) মূত্রের বর্ণক পদার্থ।

ইক্টিরাস (Icterus) পাণ্ডু রোগ।

ইক্থিওসিস (Icthyosis) মৎস্যের আঁইশের ন্যায় কঠিন ও শুষ্ক আঁইশবিশিষ্ট চর্ম্মরোগ; মীনত্বক্কিকা।

ইক্লেম্সিয়া (Eclemsia) দ্রুত আক্ষেপ।

ইগো-ফণি (Ægophony) ছাগবৎশব্দ।

ইঙ্গুইন্যাল (Inguinal) কুচকী সম্বন্ধীয়।

ইচ্ (Itch) কচ্ছু, পাঁচড়া।

ইজেক-শন (Ejection) বমন বিরেচনাদিদ্বারা নিঃসরণ।

ইঞ্জেক্টেড (Injected) কৈশিকা নাড়ীতে রক্তসঞ্চয় বশতঃ কোনস্থান আরক্ত হওয়া।

ইঞ্জেক-শন (Injection) বাস্তিকর্ম্ম; গুহ্যদ্বার ভিন্ন শরীরের অন্যান্য পথে পিচকারী দেওয়া। কোন স্থানের রক্তবহা নাড়াতে রক্তাধিক্য।

ইঞ্জেষ্টা (Ingesta) ভুক্তদ্রব্য।

ইটি-অলজি (Etiology) কারণতত্ত্ব।

ইডিওপ্যাথি (Idiopathy) অন্য কোন পূর্ব্ববর্ত্তী রোগ হইতে অনুৎপন্ন বিকৃত দেহপ্রকৃতি।

ইডিও-প্যাথিক (Idiopathic) অন্য কোন পূর্ব্ববর্ত্তী রোগাদি হইতে অনুৎপন্ন; স্বয়ম্ভূত।

ইডিওসিন-ক্রেসি (Idiosyncrasy, Idiocrasy) ধাতুবৈষম্য; দেহপ্রকৃতি। কোন ঔষধ বা পদার্থ দ্বারা সাধারণে যে প্রকার ফল দর্শে এই ধাতুবৈষম্য বশতঃ কোন কোন ব্যক্তিতে তাহা অপেক্ষা স্বতন্ত্র ফল দর্শে।

ইডিও-সিন-ক্রেটিক (Idiosyncratic) ধাতুবৈষম্য সংক্রান্ত।

ইডিমা (Œdema) রক্তাম্বু সঞ্চয়জনিত স্ফীততা, শোথ।

ইডিওসি (Idiocy) জড়ত্ব; জড়বুদ্ধিতা।

ইডিয়ট (Idiot) জন্ম হইতে বুদ্ধিবৃত্তি ও নীতিবৃত্তির ক্ষীণতাবিশিষ্ট-ব্যক্তি; জড়।

ইড্রোসিস (Idrosis) অতি ঘর্ম্ম।

ইণ্টঃস-সসেপ-শন, ইণ্ট্রাসসেপ-শন (Intussuception, Introsusception) অন্ত্রের একাংশ অন্যাংশে প্রবেশ ও তজ্জন্য ছিদ্রের অবরোধ; অন্ত্র প্রবেশ।

ইণ্টার (Inter) দুয়ের মধ্যবর্ত্তিত্বজ্ঞাপক উপসর্গ। যথা,—

ইণ্টার-কঃরেণ্ট (Intercurrent) ব্যাপক রোগাদির মধ্যে মধ্যে যে অব্যাপক রোগ উৎপন্ন হয়; অথবা এক ঔষধ ব্যবহারের সময় মধ্যে মধ্যে যে অন্য ঔষধ ব্যবহার করা যায় তাহাকে ইণ্টার-কঃরেণ্ট রোগ বা ঔষধ বলে।

ইণ্টার-কষ্ট্যাল (Inter-costal) পর্শুকা-মধ্য; পঞ্জরাস্থির অভ্যন্তরে অবস্থিত।

ইণ্টার-ট্রাইগো (Intertrigo) চর্ম্মে চর্ম্মে ঘর্ষণ লাগিয়া যে ক্ষত উৎপন্ন হয়; অহিপুতন।

ইণ্টার-ন্যাল (Internal) আভ্যন্তরিক।

ইণ্টার-মিউর‍্যাল (Intermural) প্রাচীরাভ্যন্তর্বর্ত্তী।

ইণ্টার-মিটিং (Intermitting) বিরামশীল; ক্ষণবিলুপ্ত।

ইণ্টার-মিটেণ্ট (Intermittent) প্র-

র্য্যায়শীল, সবিচ্ছেদ, যাহা ছাড়িয়া ছাড়িয়া প্রকাশ পায়।

ইণ্টার-মিশন (Intermission) রোগের বিরাম কাল, বিচ্ছেদাবস্থা।

ইণ্টার-ষ্টিসিস (Interstices) শরীরের অণুর মধ্যবর্ত্তী শূন্য স্থান।

ইণ্টার-ষ্টিশিয়াল (Interstitial) শারীরিক যন্ত্রের মধ্যবর্ত্তী শূন্য স্থানীয়; সান্তর।

ইণ্টার-সেলুলার (Intercellular) অন্তঃকোষিক, কোষদ্বয়ের অভ্যন্তরে অবস্থিত।

ইণ্টেগুমেণ্ট (Integument) আবরণ, গাত্রচর্ম্ম। [তীব্রতা।

ইণ্টেন-সিটি (Intensity) প্রাবল্য;

ইণ্টে-ষ্টাইন্স (Intestines) আমাশয় হইতে গুহ্যদ্বার পর্য্যন্ত বিস্তৃত পরিপাকক্রিয়া সাধক নলাকার যন্ত্র। অন্ত্র দ্রষ্টব্য।

ইণ্টো-নেশন (Intonation) উদরে বায়ুসঞ্চয় জনিত গুড়গুড় শব্দ।

ইণ্ট্রা (Intra) মধ্য বা মধ্যে অবস্থিতি জ্ঞাপক উপসর্গ।

ইণ্ডি-কেশন (Indication) যথাযোগ্য ঔষধ জ্ঞাপক রোগ-লক্ষণ।

ইণ্ডিগো (Indigo) নীল।

ইণ্ডিয়ান-হেম্প (Indian Hemp) গাঁজা, সিদ্ধি।

ইণ্ডিজেস-শন (Indigestion) অগ্নিমান্দ্য, অজীর্ণ।

ইণ্ডিস-পোজি-শন (Indisposition) অসুখ, সামান্য পীড়া।

ইণ্ডুরেশন (Induration) কঠিনতা, দৃঢ়তা। [অঙ্গুলী।

ইণ্ডেক্স (Index) প্রদর্শক। তর্জ্জনী

ইণ্ডো-লেণ্ট (Indolent) প্রায় বা সম্যক বেদনা শূন্য।

ইথার (Ether) সলফিউরিক এসিড, নাইট্রিক এসিড প্রভৃতি এসিড এবং এলকোহল বা রেক্টিফায়েড স্পিরিট একত্র চোয়াইয়া সমুৎপন্ন অতিশয় লঘু, উদ্বায়ী, দাহ্য, সুতীব্র শীতলাস্বাদ পদার্থবিশেষ।

ইন-অকুলেশন (Inoculation) চর্ম্মভেদ পূর্ব্বক সংক্রামক রোগাদির বীজ (পূয) অন্য শরীরে প্রবিষ্ট করিয়া সেই রোগের উৎপাদন-প্রক্রিয়া; নৃমসূর্য্যাধান—নববীজে টীকাদান ইত্যাদি।

ইন-অর-গ্যানিক (Inorganic) জীবন ধারণের যন্ত্রাদি বিহীন, যথা খণিজ পদার্থ।

ইন-অস-কিউলেশন (Inosculation) দুই রক্তবহা নাড়ীর প্রান্তভাগ সংস্পর্শ বা সম্প্রবেশ দ্বারা একীভূত হওয়া।

ইন-কণ্টি-নেন্স (Incontinence) মূত্রাদি ধারণে অসমর্থতা।

ইন-কম্পেটিবিল (Incompatible) যে সকল ঔষধ পরস্পর মিশ্রিত

হইলে গুণান্তর জন্মে; অসম্মিলন।

ইন-কুবস (Incubus) মুখচাপা, বোবায় ধরা; স্বপ্নাবস্থায় গতি, শ্বাস ও বাক্ রোধ।

ইন-কুবেশন (Incubation) শরীরে কোন দোষ বা রোগ প্রবেশ ও তাহার স্পষ্ট লক্ষণ প্রকাশ এই উভয়ের মধ্যবর্ত্তী কাল; রোগের পূর্ব্বরূপাবস্থা।

ইন-ক্রঃষ্টেশন (Incrustation) মামড়িপড়া; ক্ষতাদিতে চমটী পড়া।

ইন-গ্রিডিয়েণ্ট (Ingredient) মিশ্রদ্রব্যের ভিন্ন ভিন্ন উপাদান।

ইন-টলারেবেল (Intolerable) অসহ্য।

ইন-টেম্পারেন্স (Intemperance) সুরামত্ততা; অমিতাচার।

ইন-ফণ্ডিবিউলঃম (Infundibulum) কুপী বা ধুতুরা ফুলের আকৃতি শরীরাংশ।

ইন-ফার-মারি (Infirmary) সাধারণের দাতব্যে নিরুপায় রোগীদিগকে ঔষধ, পথ্য, বাস ও শুশ্রূষাপ্রদ চিকিৎসালয়।

ইন-ফিউ-জঃম (Infusum) ইনফিউজন।

ইন-ফিউ-জন (Infusion) শীতল বা উষ্ণ জলাদিতে ভিজাইয়া রাখিয়া ঔষধের সার গ্রহণ; ফাণ্ট। শীরাতে পিচকারী দ্বারা ঔষধ দ্রব্য প্রবেশ।

ইন-ফিনিটিসিম্যাল (Infinitesimal) অত্যন্ত ক্ষুদ্র; অসীমভাগে বিভক্ত।

ইন-ফিল-ট্রে-শন (Infiltration) শরীরের কোন বিধানের রন্ধ্রে তরল দ্রব্যের প্রবেশ।

ইন-ফেক-শন (Infection) বায়ু বা কীটাণুসংযোগে রোগ সংক্রমণ।

ইন-ফ্যাণ্ট (Infant) শিশু।

ইন-ফ্যাণ্টাইল (Infantile) শৈশব।

ইন-ফ্যাণ্টি-সাইড (Infanticide) নবজাত শিশু হত্যা।

ইনফ্রা (Infra) নিম্নজ্ঞাপক উপসর্গ, যথা,—

ইনফ্রা-স্পিনেটঃস (Infra-spinatus) অংশ ফলকাস্থির সমীপস্থ পৃষ্ঠবংশের নিম্নস্থ পেশীবিশেষ।

ইন-ফ্রিক-শন (Infriction) তৈলাদি মর্দ্দন।

ইন-ফ্লুয়েঞ্জা (Influenza) বহুব্যাপক প্রতিশ্যায়, পিনস।

ইন-ফ্লুয়েন্স (Influence) প্রভাব, ক্ষমতা।

ইন-ফ্লেমেটরি (Inflamatory) প্রদাহিক।

ইন-ফ্লেমেড (Inflamed) প্রদাহিত।

ইন-ফ্লেমে-শন (Inflamation) শরীরের কোন অংশের আরক্ততা বা স্ফীততা এবং তৎসহ সাধারণতঃ

উত্তাপ, বেদনা ও জ্বর ; প্রদাহ ; শুষ।

ইন-ফ্লেশন (Inflation) বায়ু বা বাষ্প জনিত স্ফীততা ; আধ্মান।

ইন-ভলংণ্টারি (Involuntary) অনৈচ্ছিক, অসাড়।

ইন-ভার্টিব্রেট (Invertibrate) কশেরুকা বা পৃষ্ঠবংশের অস্থিহীন।

ইন-ভার্সন (Inversion) কোন শারীরিক যন্ত্রের অভ্যন্তরদিক বহির্দ্দিকে ঘুরিয়া থাকা ; বিপর্য্যয়।

ইন-ভিটারেট (Inveterate) উৎকট, গভীর-মূল ; দীর্ঘকাল স্থায়ী।

ইন-ভেসন (Invasion) রোগের প্রথম বা উপক্রম অবস্থা।

ইন-ভোলিউশন (Involution) প্রসবের পর পুনরায় জরায়ুর স্বাভাবিক ক্ষুদ্রায়তন প্রাপ্তি।

ইন-সম-নিয়া (Insomnia) অনিদ্রা, নিদ্রাহীনতা।

ইন-সলিউবেল (Insoluble) যাহা দ্রব হয় না, অদ্রবণীয়।

ইন-সাইজড-উণ্ড (Incised wound) ছিন্নব্রণ দ্রষ্টব্য।

ইন-সাইটু (Insitu) স্বস্থানে অবস্থিত।

ইন-সি-জরস্ (Incisors) ত্রোটক-দন্ত ; সম্মুখের কর্ত্তক দন্ত।

ইন-সি-পিয়েণ্ট (Incipient) পূর্ব্বরূপ বা প্রারম্ভঅবস্থাপন্ন।

ইন-সি-শন (Incision) ছুরিকাদি ধারাল অস্ত্রদ্বারা উপরিভাগ মাত্র কর্ত্তন ; উচ্ছেদন।

ইন-সোলে-শিও (Insolatio) শর্দ্দি-গর্ম্মি।

ইন-স্পিরেশন (Inspiration) নিশ্বাসক্রিয়া।

ইন-স্পিসে-শন (Inspissation) বাষ্প উদ্গাত করিয়া তরল বস্তু ঘনীভূত করা।

ইন-সেন (Insane) উন্মাদ।

ইন-সেনি-ওলা (Insaniola) অর্দ্ধ উন্মাদ।

ইন-সোলে-শন (Insolation) শর্দ্দি-গর্ম্মি রোগ।

ইন-স্যানিটি (Insanity) উন্মাদরোগ।

ইন-সফ্লেশন (Insufflation) বায়ু, বাষ্প বা ঔষধের সূক্ষ্ম চূর্ণ ফুৎকারদ্বারা শরীরগহ্বরে প্রবেশ।

ইন-হেলার (Inhaler) ধূম বা বাষ্পাদি নিশ্বসনার্থ যন্ত্র বিশেষ।

ইন-হেলেশন (Inhalation) ধূম বা বাষ্প আকর্ষণ করিয়া ফুসফুসে গ্রহণ।

ইনামেল (Enamel) দন্তবেষ্ট দ্রষ্টব্য।

ইনার-ভেশন (Innervation) স্নায়ুমণ্ডলের ক্রিয়া।

ইনোমা (Inoma) তন্তুময় অর্ব্বুদ।

ইনো-মিনেটম (Innominatum) অনামাস্থিদ্রষ্টব্য।

ইনো-মিনেটা (Innominata) এওর্টা বা মহাধমনী হইতে সমুৎ-

গম্ন সর্ব্বাপেক্ষা বৃহৎ ধমনী। নাম হীন।

ইনো-সাইট (Inosite) হৃৎপিণ্ডের পেশীর রসে অবস্থিত একপ্রকার চিনি ; পেশীশর্করা।

ইন্দ্রলুপ্ত (Baldness) টাকরোগ ; চুল উঠিয়া যাওয়া।

ইন্দ্রিয়সেবা (Coition) মৈথুনক্রিয়া।

ইফিলিস (Ephelis) সূর্য্যোত্তাপে চর্ম্মের বিবর্ণ ; সূর্য্য দগ্ধ।

ইভার্শন (Eversion) বাহিরের দিকে উল্টান।

ইভা-পোরেশন (Evaporation) বাস্পীভূততা ; বাস্প হওয়া।

ইভা পোরেটিং লোশন (Evaporating Lotion) প্রদাহাদিতে প্রয়োজ্য সুরা বা ইথারের জলমিশ্রিত ধৌত ; উৎপতিষ্ণু ধৌত।

ইম-পঃল-স (Impulse) বক্ষপ্রাচীরে হৃৎপিণ্ডের আঘাত ; আবেগ।

ইমঃল-জেণ্ট (Emulgent) পিত্তনিঃসারক।

ইমঃল-শন (Emulsion) দুগ্ধবৎ ঔষধ।

ইমোশন (Emotion) হর্ষ শোকাদি মনোভাব।

ইমিডিয়েট (Immediate) অব্যবহিত।

ইম্পার-ফেক্ট (Imperfect) অসম্পূর্ণ।

ইম্পার-ফোরেট (Imperforate) স্বাভাবিক দ্বারাদির রন্ধ্র বা মুখহীন; নীরন্ধ্র।

ইম্পি-টাইগো (Impetigo) পীতবর্ণ পীড়কা, তৎপরে আঁইসের ন্যায় মামড়ি ও কণ্ডুয়ন বিশিষ্ট এক প্রকার চর্ম্মরোগ।

ইম্প্রেগ-নেশন (Impregnation) গর্ভোৎপাদন।

ইম্প্রে-শন (Impression) সংস্কার। উত্তেজনা। [ক্লৈব্য।

ইম্পো-টেন্স (Impotence) ধ্বজভঙ্গ;

ইম্বেসিলিটি (Imbecility) মানসিক বা শারীরিক শক্তির ক্ষীণতা ; অল্প অল্প জড়বুদ্ধিতা।

ইয়নিং (Yawning) জৃম্ভণ, হাই।

ইয়ার (Ear) কর্ণ ; ইহার তিনভাগ যথা বাহ্যকর্ণ, মধ্যকর্ণ বা টিম্পেনম, অভ্যন্তর কর্ণ বা ল্যাবেরিন্থ।

ইয়ার-এক (Ear-ache) কর্ণশূল, কাণ-বেদনা।

ইয়ার-ওয়াক্স (Ear-wax) কর্ণমল, কাণের খইল।

ইয়েষ্ট(Yeast) মদের ফেণা; অভিষব।

ইয়্যালো (Yellow) পীতবর্ণ।

ইয়্যালো-ফিভার (Yellow fever) একপ্রকার সাংঘাতিক জ্বর, ইহাতে চর্ম্ম পীতবর্ণ হয় ; পীতজ্বর।

ইরঃক-টেশন (Eructation) উদ্গার, ঢেকুর। [উদ্ভেদ, কণ্ডু।

ইরঃপ-শন (Eruption) পীড়কা,

ইরঃপ-টিভ (Eruptive) স্ফোট অর্থাৎ পীড়কাবিশিষ্ট ; যথা ইরপ-

টিভ ফিভার-বসন্তাদি স্ফোটজ্বর :

ইরিগেশন (Irrigation) শরীরের কোন স্থান অবিরত উপযুক্ত যন্ত্রদ্বারা বিন্দু বিন্দু করিয়া জল-ধারা দ্বারা ভিজান ; ধারাস্নান।

ইরিটেবিলিটি (Irritability) উত্তেজনা অনুসারে জীবিত শরীরের সঞ্চালন ও সঙ্কোচন শক্তি, উপদাহিতা ; উদ্দীপনশীলতা।

ইরি-টেটিভ-ফিভার (Irritative Fever) স্নায়ুমণ্ডল ও রক্তবহা নাড়ী মণ্ডলের অল্পকাল স্থায়ী উত্তেজনা এবং জীবনীশক্তির অতিশয় অবসাদন বিশিষ্ট জ্বর।

ইরি-টেশন (Irritation) শরীরের কোন যন্ত্রের বা অংশের স্নায়ুর ও পেশীর অতিরিক্ত ক্রিয়া ; উপদাহ ; উত্তেজনা।

ইরি-ট্যাণ্ট (Irritant) যদ্দ্বারা উপদাহ অর্থাৎ বেদনা, উত্তাপ ও বিতান (টেন-শন্) জন্মে।

ইরেগুলার (Irregular) প্রকৃতির নিয়ম বিরুদ্ধ, অনিয়মিত ; অসম; বিষম। [চঞ্চল।

ইরেটিক (Erratic) প্রসারণশীল ;

ইরো-জন (Erosion) ক্ষতাদির খাইয়া যাওয়া। [প্রেমোন্মাদ।

ইরোটোমেনিয়া (Erotomania)

ইল্যা-ষ্টি-সিটি (Elalsticity) আকুঞ্চন প্রসারণাদি করিলেও বস্তু সকল যে নৈসর্গিক গুণ প্রভাবে পূর্ব্বভাব প্রাপ্ত হয়; স্থিতিস্থাপকতা। [চিত্তবিভ্রম।

ইলিউ-সন (Illusion) ভ্রমজ্ঞান ;

ইলিও- (Ilio-) ইলিয়ঃমসম্বন্ধীয়।

ইলিয়ঃম (Ileum) ক্ষুদ্রান্ত্রের তৃতীয়াংশ; জড়িতান্ত্র।

ইলিয়ঃম (Ilium) শিশুকালে অস্-ইনোমিনেটম যে তিনখানা অস্থিতে বিভক্ত থাকে তাহার বৃহত্তম খানা; কট্যস্থি। [অন্ত্রশূল।

ইলিয়ঃস (Ileus) অন্ত্রাবরোধ ;

ইলিয়্যাক-প্যাশন (Iliac Passion) মল বমন সংযুক্ত অন্ত্রাবরোধ।

ইলিয়্যাকরিজন (Iliac Region) শ্রোণিপ্রদেশ ; পঞ্জর ও কুচকির মধ্যবর্ত্তী উদরাংশ।

ইলিয়্যাক-ফোসা (Iliac Fossa) শ্রোণি-গহ্বর।

ইলেক-ট্রি-সিটি (Electricity) তাড়িত, যে শক্তি প্রভাবে শুষ্ক বস্ত্রাদি দ্বারা ঘর্ষিত হইলে গালা, কাচ প্রভৃতি পদার্থ সমীপস্থ অন্যান্য লঘু পদার্থকে আকর্ষণ করিতে পারে তাহাকে তাড়িত বলে।

ইশু (Issue) পূয়াদি নিঃসরণের জন্য কৃত্রিম প্রস্তুত ক্ষত।

ইশ্চুরিয়া (Ischuria) প্রস্রাব কেবারে নির্গত না হওয়া।

ইস-মঃস (Isthmus) শরীরের দুইটী যন্ত্র সংযোগকারী অপ্রশস্ত অংশ, যোজক। [নলী।

ইসো-ফেগঃস (Œsophagus) গল-

ইস্কিয়ঃম (Ischium) অনাখ্য অস্থির খণ্ডত্রয়ের সর্ব্ব নিম্ন খণ্ড, যাহাতে ভর করিয়া বসা যায়। [ক্রান্ত।

ইস্কিয়েটিক (Ischiatic) ইস্কিয়ম সং-

উ

উইজ-ডম-টীথ (Wisdom-Teeth) জ্ঞানদন্ত, আক্কেলদাঁত।

উইণ্ড (Wind) আধ্মান, উদরে সঞ্চিত বায়ু।

উগ্রতা তীব্রতা, প্রাবল্য, কাঠিন্য।

উচ্চক্রম (High dilutions) হোমি-ওপ্যাথিক ঔষধের ত্রিংশ হইতে দ্বিশততম পর্য্যন্ত ক্রম।

উচ্চতরক্রম (Higher dilutions) দ্বিশততম হইতে ঊর্দ্ধসংখ্যা প-র্য্যন্ত ক্রম।

উচ্ছলৎপানীয় (Effervasing dra-ught) এফার্বেসিং ড্রাফট্ দ্রষ্টব্য।

উচ্ছলনশীলতা (Fermentibility) সোডা এসিডের ন্যায় থকবক ক-রিয়া উঠার গুণ। উছলে উঠা।

উণ্ড (Wound) বাহ্য উপঘাতবশতঃ শরীরের কোন অংশ ছিন্ন বা ভিন্ন হইলে তাহাকে সদ্যব্রণ বা উণ্ড বলে। তীক্ষ্ণ ধার অস্ত্র দ্বারা উণ্ড জন্মিলে তাহাকে ইন-সাইজড্-উণ্ড বা ছিন্নব্রণ; ক্ষতের প্রশ-স্ততা অপেক্ষা গভীরতা অধিক হইলে পঙ্ক-চার্ড উণ্ড বা বিদ্ধব্রণ; ছিন্নস্থলের প্রান্তগুলি অসম হইলে ল্যাসারেটেড উণ্ড বা ক্ষতব্রণ; এবং চর্ম্ম বিদলিত হইয়া বিচ্ছিন্ন না হইলে তাহাকে কণ্টিউজ-ড উণ্ড বা ঘৃষ্টব্রণ বলা যায়।

উণ্ডুক গ্রন্থি (Thymus gland) বৃহৎ রক্তবহা নাড়ীগুলির সম্মুখে এবং গ্রীবার নিম্নভাগ ও বক্ষাস্থির মধ্যেস্থিত অস্থায়ী গ্রন্থি বিশেষ।

উৎকম্পন (Vibration) অতি সত্বর আন্দোলন।

উৎকর্ষ শ্রেষ্ঠতা, বৃদ্ধি।

উৎকর্ষণ (Extraction) দন্ত বা শ-ল্যাদি উত্তোলন।

উৎক্ষেপ (Jerking) ঊর্দ্ধে ক্ষেপণ।

উৎসর্গ (Extravasation) রসরক্তা-দিতরল পদার্থ বাহীনাড়ী বা আ-ধার হইতে আধেয় পদার্থের বি-মুক্তি ও নিকটস্থ বিধানে সঞ্চয়।

উৎসঙ্গ (Apthæ) এপথি দ্রষ্টব্য।

উৎসাদন (Granulation) গ্র্যাণু-লেশন দ্রষ্টব্য।

উৎসেচন (Fermentation) অন্ত-রুৎসেক দ্রষ্টব্য। [পীড়কা।

উৎসেধ (Eruption) উন্নত মাংস,

উত্তরবস্তি মূত্রমার্গে পিচকারী দেওয়া।
উত্তেজক (Stimulant) যে সকল ঔষধে শরীরস্থ যন্ত্রের ক্রিয়ার উত্তেজনা জন্মায়।
উত্তেজক কারণ (Exciting Cause) উদ্দীপক কারণ দ্রষ্টব্য।
উদূখল (Mortar) খল, যাহাতে ঔষধ চূর্ণ মর্দ্দন করা যায়।
উদ্গম (Erection) রক্তসঞ্চারবশতঃ অঙ্গবিশেষের অনম্য, শক্ত ও স্ফীত অবস্থা ; উদ্রেক ; লিঙ্গাদির উত্থান।
উদ্গার (Eructation) মুখদ্বারা শব্দ করিয়া বায়ু নির্গমন ; ঢেকুর।
উদ্গীরণ (Regurgitation) উগারিয়া ফেলা, বমন।
উদজান (Hydrogen) স্বাদগন্ধবর্ণহীন দাহ্য বাষ্পবিশেষ, ইহা সকল পদার্থ অপেক্ষা লঘু ও জলের নবমাংশ উপাদান, জলজান।
উদ্বায়ী (Volatile) অনাবৃত রাখিলে বাষ্প হইয়া উড়িয়া যাইবার গুণবিশিষ্ট। [ড়কা।
উদ্ভেদ (Eruption) গাত্রকণ্ডু, পী-
উদর (Abdomen) বক্ষঃস্থল ও বস্তিকোটর এই দুইয়ের মধ্যবর্ত্তী গহ্বর, পেট। [ঝিল্লী।
উদরচ্ছদ (Peritoneum) অন্ত্রাবরক
উদর-প্রাচীর (Abdominal walls) উদরের প্রান্তদেশের বেষ্টন।
উদর-বিতান-পেশী (Diaphragm) উদর ও বক্ষঃ ব্যবধায়ক পেশী।
উদরাধ্মান (Flatulence) পেটে বায়ু সঞ্চয়, পেট ফাঁপা।
উদরী (Ascites) উদরের শোথ।
উদরোর্দ্ধ (Epigastrium) উদরের উর্দ্ধভাগ। [বিশেষ।
উদর্দ্দ শীত পিত্তের অন্তর্গত রোগ
উদাবর্ত্ত মল মূত্রাদির বেগধারণজনিত পেটফাঁপা।
উদ্দীপক কারণ (Exciting cause) রোগের মুখ্য বা অব্যবহিত কারণ।
উন্নতবটিকা (Ecthyma) একপ্রকার পীড়কাবিশিষ্ট চর্ম্মরোগ, দুর্ব্বল ব্যক্তিদিগেরই প্রধানতঃ এই রোগ জন্মে।
উন্মাদ (Insanity) মনোবিভ্রমবিশিষ্ট মানসিক রোগ।
উপকোষ (Epididymis) অণ্ডের উপরের প্রান্তস্থিত কেঁচোর ন্যায় বস্তু, শুক্র উৎপাদক নাড়ী সকল কুঞ্চিত ও সংযুক্ত হইয়া উহা প্রস্তুত হইয়াছে।
উপক্ষত (Aphthæ) আমাশয়ের ও অন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লীর অর্থাৎ মুখাদির ক্ষুদ্র ক্ষুদ্র শুভ্রবর্ণ ক্ষত, ক্ষাউীঘা।
উপক্ষার (Alkaloid) রাসায়নিক ক্রিয়া দ্বারা প্রস্তুত ক্ষার দ্রব্যের

ক্ষার পদার্থ; যথা সিঙ্কোনার উপক্ষার কুইনাইন।

উপখণ্ড (Lobe) যকৃৎ, ফুসফুস প্রভৃতির স্বাভাবিক খণ্ড, ক্ষুদ্র ক্ষুদ্র ভাগ।

উপগন্ধক (Selenium) গন্ধকের ন্যায় একপ্রকার রূঢ় পদার্থ।

উপঘাত (Injury) আঘাতাদি।

উপচয় (Aggravation) রোগ লক্ষণের বৃদ্ধি।

উপচর্ম্ম (Epidermis) বাহ্যত্বক।

উপচার (Nursing) রোগীর সেবা শুশ্রূষা।

উপজিহ্বা (Uvula) আলাজিব।

উপতারা (Iris) আইরিস দ্রষ্টব্য।

উপত্বক (Epithelium) ওষ্ঠ স্তনাগ্র প্রভৃতি আবরক সূক্ষ্মচর্ম্ম; শ্লৈষ্মিক ঝিল্লীময় ত্বক।

উপত্বকপরিপুটন (Desquamation) ক্ষুদ্র ক্ষুদ্র আঁইসের ন্যায় ছাল উঠিয়া যাওয়া; শল্কপাত।

উপদংশ (Syphilis) গরমির ব্যারাম, বাও।

উপদাহ (Irritation) শারীরিক বিধানের অত্যন্ত উগ্রতা বা উত্তেজনা, ইহাতে স্নায়ু ও পেশীর ক্রিয়াতিশয্য জন্মে।

উপদেহ (Liniment) বাহ্য প্রয়োগার্থ মর্দ্দনের ঔষধ, ইহা তৈল অপেক্ষা গাঢ়তর।

উপপর্শুকা (False Ribs) পঞ্জরাস্থির যে দশখানা বক্ষাস্থির সহিত সংলগ্ন নহে।

উপবিসূচিকা (Cholerine) বিসূচিকার পূর্ব্ববর্ত্তী অতিসার, ওলাউঠার প্রথমাবস্থা।

উপমাংস (Excrescence) শরীরের কোন অংশে বিবর্দ্ধিত মাংস, গ্যাঁজ।

উপসর্গ (Complications) একরোগ সত্ত্বে সেই রোগসূত্রে অপর রোগের আবির্ভাব।

উপস্থ (Penis) পুরুষাঙ্গ, লিঙ্গ।

উপহত (Injured) আঘাতিত।

উপাদান (Ingredients) কোন পদার্থ যে যে বস্তুতে নির্ম্মিত বা প্রস্তুত হয়।

উপাধান (Pillow) বালিশ।

উপাস্থি (cartilage) দেহের অভ্যন্তরস্থ নিরেট, স্থিতিস্থাপক ও অস্থি তুল্য পদার্থ বিশেষ।

উপাস্থিবেষ্ট (Perichondrium) যে তন্তুময় শুভ্র আবরণ দ্বারা সন্ধিহীন উপাস্থি আবৃত থাকে।

উপাস্থি-সন্ধি (Symphysis) উপাস্থি দ্বারা অস্থিদ্বয়ের সংযোগ।

উম (Womb) জরায়ু, গর্ভাশয়।

উরারা (Woorara) একপ্রকার অতিশয় তীব্র বিষাক্ত পদার্থ, গায়েনা দেশে পাওয়া যায়, ইহাতে

অল্প পরিমাণে স্থিত কনিয়া আছে। আদিম আমেরিকেরা এতদ্দ্বারা বাণ বিষাক্ত করে।

উরুস্তম্ভ (Paraplegia) নিম্ন অর্দ্ধাঙ্গের পক্ষাঘাত।

উর্বস্থি (Femur) উরু-অস্থি-উরুর হাড়। [পান।

ঊষাপান ঊষাকালে যথানিয়মে জল-

উষ্ণস্বেদ (Fomentation) উষ্ণ তরল পদার্থ, বা বস্ত্র কিম্বা ফ্লানেল তরল পদার্থে ডুবাইয়া রুগ্নস্থানে প্রয়োগ। [বসান।

উষ্ণদ্রবস্বেদ (Hot-bath) ৯৮-১১২ তাপাংশ উত্তপ্ত জলে রোগীকে

ঊ

ঊর্ণা (Wool) পশম।

ঊর্দ্ধপাতন (Sublimation) উত্তাপ দ্বারা বাষ্পাকার করিয়া পুনর্ব্বার শীতল করিয়া ঘনীভূত করা।

ঊর্দ্ধশাখা (Upper Extremities) হস্তাদি শরীরের উপরিভাগের অঙ্গপ্রত্যঙ্গ।

এ

এক (Ache) অবিরাম বেদনা।

এক-জু-ডে-শন (Exudation) রক্তবহা নাড়ী, ঝিল্লী বা ক্ষতাদি হইতে ঘর্ম্মের ন্যায় তরল পদার্থ ক্ষরণ। [প্ররোহিকা।

এক-জিমা (Eczema) পামা দ্রষ্টব্য।

এক-জ্যান্থিমা (Exanthema, Exanthem) উদ্ভেদ। স্ফোটজ্বর।

এক-জ্যান্থিমেটা (Exanthemata) স্ফোটজ্বর সমূহ।

একজ্যান্থিমেটাস (Exanthematous) স্ফোটসংক্রান্ত।

একজ্বর (Continued Fever) যে জ্বর ছাড়ে না।

এক-টো-জোয়া (Ectozoa) চর্ম্মোপরিস্থিত কৃমি কীটাদি।

এক টোপিয়া-কার্ডিস (Ectopia cordis) হৃৎপিণ্ডের স্বাভাবিক সংস্থানভ্রষ্টতা। [ভ্রষ্ট।

এক-সেণ্ট্রিক (Eccentric) কেন্দ্র-

এক-থিমা (Ecthyma) উন্নতবটিকা দ্রষ্টব্য।

এক-ষ্ট্যাসি (Ecstacy) হর্ষোন্মত্ততা।

এক-রাজ (Ecraseur) লৌহশৃঙ্খলময় একপ্রকার বন্ধনাস্ত্র।

একিং (Aching) নিরন্তর ক্লেশদায়ক।

একি-মোসিস (Ecchymosis) আঘাতাদি জনিত নীলবর্ণ; কালশিরা; কালিমা; নীলাপড়া।

একো (Echo) প্রতিধ্বনি।

এক্স-অপ-থ্যালমিয়া (Exopthalmia) চক্ষের ডেলা বাহির হইয়া পড়া;

বহির্গত অক্ষিগোলক রোগ।

এক্স-অপ-থ্যাল-মিক (Exopthalmic) বহির্গত অক্ষিগোলক বিশিষ্ট।

এক্স-অস-টোসিস (Exostosis) অস্থির অস্বাভাবিক বিবর্দ্ধন বা অর্ব্বুদ।

এক্স-অস্-মোসিস (Exosmosis) বহির্ব্বাহ। অন্তর্ব্বাহ দ্রষ্টব্য।

এক্স-কোরিয়েশন (Excoriation) লোমছা, অবদরণ। [বিষ্ঠা।

এক্স-ক্রিমেণ্ট (Excrement) মল,

এক্স-ক্রিটা (Excreta) মল, ক্লেদ, এক্সক্রিশন দ্রষ্টব্য।

এক্স-ক্রিশন (Excretion) শরীরের ভিন্ন ভিন্ন গ্রন্থিদ্বারা রক্ত হইতে মল মূত্রাদি যে পদার্থ স্বতন্ত্রীভূত হইয়া অনাবশ্যক বা অনিষ্টকর বলিয়া নিঃসৃত হইয়া থাকে সেই নিঃসরণক্রিয়া; নিষ্ক্রমণ।

এক্স-ক্রুসিয়েটিং (Excruciating) তীব্রযন্ত্রণাপ্রদ।

এক্সক্রিসেন্স (Excrescence) উপমাংস, গ্যাজ।

এক্সজস-শন (Exhaustion) নিস্তেজতা; বলক্ষয়।

এক্স-জেলেশন (Exhalation) বাষ্পোদ্গম।

এক্স-টার-ন্যাল (External) বাহ্যিক।

এক্স-টার-পেশন (Extirpation) ছুরিকা বা ক্ষারকর্ম্মদ্বারা শরীরের কোন অংশ একেবারে তুলিয়া ফেলা; নিষ্কাশন।

এক্স-টেন-শন (Extention) ভগ্ন বা সন্ধিচ্যুত অঙ্গ স্বস্থানে পুনর্ব্বার আনয়নার্থ বলপূর্ব্বক আকর্ষণ; প্রসারণ।

এক্স-টেন-সর-মাসেল (Extensor Muscle) যে পেশীর ক্রিয়াবশতঃ শরীরের কোন অংশ বিস্তৃত হয়, প্রসারকপেশী।

এক্স-ট্রা (Extra) বহির্দ্দিক জ্ঞাপক উপসর্গ।

এক্স-ট্রাক্ট (Extract) উদ্ভিদ বা জান্তব দ্রব পদার্থ হইতে বাষ্প নির্গতকরিয়া লেইয়ের ন্যায় প্রস্তুত গাঢ় ঔষধদ্রব্য; সার। [ট্রাক্ট।

এক্স-ট্রাক্টম (Extractum) এক্স-

এক্স-ট্রাক-শন (Extraction) দন্তাদি শরীরের কোন স্বাভাবিক অংশ অথবা শরীরে প্রবিষ্ট শল্যাদি বাহ্যবস্তু উত্তোলন বা উৎপাটন।

এক্স-ট্রাক্টিভ (Extractive) নিষ্ক্রমণীয়। সকল উদ্ভিজ্জসারের মূলপদার্থ বিশেষ।

এক্স-ট্রা-ভেসে-শন (Extravasation) রসরক্তাদি স্বাভাবিক আধারনাড়ী হইতে বাহির হইয়া পড়া ও নিকটবর্ত্তী বিধানাদিতে সঞ্চিত হওয়া; সঞ্চয়; পর্য্যপ্লাবন।

এক্স-ট্রিমিটি (Extremity) হস্তপদাদি অঙ্গ ; শাখা।

এক্স-ট্রোভার্সন (Extroversion) অভ্যন্তর দিক্ বাহিরের দিকে থাকা ; বাহ্যাবর্তন।

এক্স-পিরেশন (Expiration) প্রশ্বাস, নিশ্বসিত বায়ু পরিত্যাগ।

এক্স-পেক্টোরেশন (Expectoration) বক্ষঃস্থল হইতে পূয, শ্লেষ্মাদি তুলিয়া ফেলা; কাস; থুথু ; নিষ্ঠীবন।

এক্স-পেক্টোর‍্যাণ্টস (Expectorants) শ্লেষ্মানিঃসারক ; কফনিঃসারক ঔষধ।

এক্স পেক্ট্যাণ্ট (Expectant) যে চিকিৎসা পদ্ধতিতে রোগের আরোগ্য সম্বন্ধে প্রায় সম্পূর্ণরূপে প্রকৃতির উপর নির্ভর করিয়া থাকিতে হয়, এবং মূলরোগের কোন বিশেষ ঔষধ প্রয়োগ না করিয়া কেবল উপসর্গাদির উপশমার্থ পথ্যাদিদ্বারা চেষ্টা করিতে হয় সেই পদ্ধতিকে এক্স-পেক্টেশন কহে। এক্স-পেক্ট্যাণ্ট ইহার বিশেষণ।

এক্স-প্লোরিং-নীড্‌ল্ (Exploring needle) শরীরের অভ্যন্তরস্থ গহ্বর বা অর্ব্বুদাদি পরীক্ষার্থ সূচীবিশেষ।

এক্স-ফিটেশন (Exfœtation) আস্থানিক গর্ভ ; জরায়ু ভিন্ন অন্যস্থানে গর্ভসঞ্চার।

এক্স-ফোলিয়েশন (Exfoliation) সজীবঅস্থি হইতে মৃত অস্থি স্তরে স্তরেউঠিয়া পড়া ; অস্থি-স্খলন।

এক্সাইটিংকজ (Exciting cause) উদ্দীপককারণ, মুখ্যকারণ।

এক্সাইটো-মোটর-পাওয়ার (Excito-motor-power) পৃষ্ঠবংশীয় স্নায়ুর যে বিশেষ শক্তি প্রভাবে স্নায়ুর প্রান্ত উত্তেজিত হইলে সেই উত্তেজনা পৃষ্ঠবংশীয় মজ্জায় নীত হইয়া উত্তেজিত অঙ্গে বা অংশে প্রতিক্ষিপ্ত হয়।

এক্সার-সাইজ (Exercise) অঙ্গচালনা; ব্যায়াম। [দণ্ড।

এক্সি-কিউশন (Execution) প্রাণ-

এক্সিশন (Excision) কর্ত্তন, উচ্ছেদন।

এক্সে-জার-বেশন (Exacerbation) রোগের প্রকোপ ; রোগলক্ষণের সাময়িক বৃদ্ধি। [রিপদ।

এক্সো (Exo-) বহির্দ্দিকজ্ঞাপক পূ-

এজ (Age) বয়স।

এজেড (Aged) বয়স্ক। বৃদ্ধ।

এজ্ (Edge) প্রান্ত, ধার।

এণ্টারিক (Enteric) আন্ত্রিক, অন্ত্র সম্বন্ধীয়।

এণ্ট্রারিক ফিভার (Enteric Fever) টাইফয়েডনামা সন্নিপাত জ্বর, আন্ত্রিক জ্বর। [বৃদ্ধি।

এণ্টারো-সিল (Enterocele) অন্ত্র-

এণ্টি-রাইটিস (Enteritis) অন্ত্র-প্রদাহ। [অভ্যন্তরস্থ কৃমি।

এণ্টো-জোয়া (Entozoa) শরীরের

এণ্ট্রা (Entra) অন্ত্র।

এণ্ট্রাল-জিয়া (Entralgia) অন্ত্রশূল।

এণ্ট্রো-পিয়ম (Entropium) বিপর্যাস্ত অক্ষিপুট।

এণ্ড (End) প্রান্ত।

এণ্ডস-মোসিস (Endosmosis) অন্তর্বাহ দ্রষ্টব্য।

এণ্ডার-মিক (Endermic) চর্ম্মে মর্দ্দন করিয়া অথবা চর্ম্ম উন্মোচন করিয়া ঔষধ প্রয়োগ পদ্ধতি সম্বন্ধীয়।

এণ্ডে-মিক (Endemic) কোন বিশেষ স্থান, ঋতু বা জাতীসম্বন্ধীয়; দৈশিক। [যথা ;—

এণ্ডো (Endo) মধ্যজ্ঞাপক পূর্ব্বপদ।

এণ্ডো-কার্ডাই-টিস (Endo-carditis) এণ্ডোকার্ডিয়মের প্রদাহ, হৃদন্তরবেষ্টপ্রদাহ।

এণ্ডো-কার্ডিয়ম (Endo-cardium) হৃৎপিণ্ডের আবরণ ঝিল্লী; হৃদন্তরবেষ্ট।

এণ্ডো-মিট্রাইটিস (Endo-metritis) জরায়ুর অভ্যন্তরের প্রদাহ।

এণ্ডো-ষ্টাইটিস (Endostitis) অস্থির অন্তর আবরণেরপ্রদাহ।

এণ্ডো-সিস Endosis) জ্বরের বিরাম।

এথ-ময়েড (Ethmoid) নাসাস্থি।

এথি-রোমা (Atheroma) মণ্ডাকার পদার্থপূর্ণ কোষাবৃত অর্ব্বুদ।

এথি-রো-মেটাস (Atheromatous) এথিরোমাশব্দের বিশেষণ।

এন-কণ্ড্রোমা (Enchondroma) উপাস্থ্যর্ব্বুদ।

এন-গর্জ্জ-মেণ্ট (Engorge ment) রক্তবহানাড়ী ও শূন্য-গর্ভ যন্ত্রাদিতে তরল পদার্থের সঞ্চয়।

এন-ডার্মিক (Endermic) ফোস্কা করিয়া ত্বক উঠাইয়া সেই ক্ষতে ঔষধ প্রয়োগ।

এন-লার্জ্জমেণ্ট (Enlargement) রোগবশতঃ শরীরের কোন যন্ত্রের বা অংশের অস্বাভাবিক বিবর্দ্ধন।

এন-সিফরম (Ensiform) অসিপত্রবৎ, যথা বক্ষঃস্থলের উপাস্থি।

এন-সিষ্টেড (Encysted) ঝিল্লীময় থলীতে আবৃত।

এন-সেফেলন, এন-কেফেলন (Encephalon) মস্তিষ্ক।

এন-সেফে-লয়েড, এন-কেফেলয়েড (Encephaloid) মস্তিষ্কের ন্যায় কোমল।

এন-সেফেলাইটিস, এন-কেফেলাইটিস (Encephalitis) মস্তিষ্ক-প্রদাহ।

এন-সেফ্যাল-জিয়া, এন-কেফ্যালজিয়া (Encephalgia) শিরঃশূল।

এনিমা (Enema) গুহ্যদ্বারে পিচকারিপ্রয়োগ।

এনি-মেটা (Enemata) এনিমা।

এনু-রিসিস (Enuresis) অবারিত মূত্র, অসাড়ে মূত্রস্রাব।

এপ-থি (Apthœ) উপক্ষত দ্রষ্টব্য।

এপি (Epi) উপরি জ্ঞাপক উপসর্গ।

এপি-গ্যাষ্ট্রিক (Epigastric) এপিগ্যাষ্ট্রিয়ম সম্বন্ধীয়।

এপি-গ্যাষ্ট্রিয়ম (Epigastrium) উদরের সম্মুখ ও উদ্ধভাগ; উদরোর্দ্ধ।

এপি-গ্লটিস (Epiglottis) জিহ্বামূলেস্থিত, সূত্র ও উপাস্থি নির্ম্মিত গিলিবার সময় স্বরযন্ত্রের মুখ রোধকর কপাট স্বরূপ পদার্থ।

এপি-ডাইডি-মিস (Epididymis) উপাণ্ডকোষ দ্রষ্টব্য। [উপচর্ম্ম।

এপিডার্মিস (Epidermis) উপত্বক,

এপি-ডেমিক (Epidemic) এক সময়ে এক স্থানে বহুলোককে যে রোগ আক্রমণ করে, ব্যাপক রোগ। বহুব্যাপী।

এপি-থিলিয়ম (Epithelium) স্তনাগ্র, ওষ্ঠ এবং শ্লৈষ্মিক, স্নৈহিক ও মাস্তক ঝিল্লীর উপরিস্থ পাতলা ত্বক বা আচ্ছাদন ; উপত্বক।

এপি-থিলিয়্যাল (Epithelial) উপত্বক সম্বন্ধীয়।

এপি-প্লুন (Epiploon) অন্ত্রাবরণ।

এপি-ফাই-সিস (Epiphysis) অস্থির উপাস্থিবৎ বিবর্দ্ধন, অস্থিভূত হইবার পূর্ব্বরূপাবস্থাপন্ন অস্থির বিবর্দ্ধন। [অপস্মার।

এপি-লেপ্সি (Epilepsy) মৃগীরোগ,

এপি-লেপ্সিয়া-মিটিয়র (Epilepsia metior) পেশীর আক্ষেপ শূন্য সামান্য অপস্মার।

এপি-লেপ্সিয়া-গ্রেভিয়র (—gravior উৎকট অপস্মার।

এপি-লেপ্টিক (Epileptic) আপস্মারিক। অপস্মারগ্রস্ত।

এপিস-ট্যাক-সিস (Epistaxis) নাসিকা হইতে রক্তস্রাব।

এপিস-থটোনস (Episthotonos) সম্মুখবক্র টঙ্কার রোগ।

এপিস-প্যাষ্টিক (Epispastic) ফোস্কাকারক।

এফার-ভেসেণ্ট-ড্রাফ্ট্(Effervescent daught) উচ্ছ্বলনশীল পানীয়, যথা সোডা এসিড মিশ্রিত পানীয়।

এফারেণ্ট (Efferent) কেন্দ্রাপসারিণী ; কেন্দ্র হইতে বাহিরের দিকে বাহী।

এফিউসন (Effusion) শরীরের কোষময়বিধানে বা কোন গহ্বরে কোন তরল পদার্থের ক্ষরণ ; রসক্ষরণ।

এফিমারা (Ephemera) দ্বাদশ ঘণ্টা স্থায়ী সামান্য জ্বর।

এফিমার‍্যাল (Ephemeral) এক দিবস স্থায়ী।

এফেক্ট (Effect) ফল।

এফ্লোরেসেন্স (Efflorescence) উদ্ভেদ ; স্ফোট।

এম-প্রস-থটোনস (Emprosthotonos) সম্মুখ বক্র টংকার।

এম-প্লাষ্ট্রাম (Emplastrum) এক প্রকার কঠিন মিশ্র পদার্থ, এত আঠাল যে শরীরের স্বভাবিক উত্তাপেই উহা গাত্রে লাগিয়া থাকে ; পলস্ত্রা।

এমিক-শন (Emiction) মূত্রত্যাগ করণ। [ষধ।

এমি-টিক (Emetic) বমনকর ঔ-

এমি-শন (Emission) নিঃসরণ ; শুক্রাদি ক্ষরণ।

এমি-সিস (Emesis) বমন।

এমেনে-গগ (Emmenagogue) রজোনিঃসারক ঔষধ।

এমোলিয়েন্ট (Emollient) স্নিগ্ধকারক ঔষধ। শিথিলকারক।

এম্পায়িমিয়া (Empyemia) ফুসফুস-বেষ্টগহ্বরে পূয় সঞ্চয়।

এম্পাইরিক, এম্পাইরিক্যাল (Empiric, empirical) বহুদর্শনসিদ্ধ ; পরীক্ষাসিদ্ধ কিন্তু বিজ্ঞান সম্মত নহে।

এম্ফি-সিমা (Emphysema) কোষময় বিধানে বায়ু সম্প্রবেশ ; বায়ু কর্তৃক স্ফীতত্তা।

এম্বলিজ্‌ম্ (Embolism) এম্বোলাই দ্বারা রক্তসঞ্চালন ক্রিয়ার স্তব্ধতা; অনুসমবরোধন।

এম্বোলাই (Emboli) থ্রম্বাস রক্তস্রোতে প্রবাহিত হইয়া উৎপত্তি স্থান হইতে দূরবর্ত্তী স্থানে আবদ্ধ হইলে উহাকে এম্বোলাই বলে। থ্রম্বোসিসদ্রষ্টব্য।

এম্ব্রিও (Embryo) ভ্রূণ ; অঙ্গপ্রত্যঙ্গ পরিষ্কাররূপে প্রস্তুত হইবার পূর্ব্বে গর্ভস্থ সন্তান।

এম্ব্রো-কেশন (Embrocation) শরীরে মর্দ্দনার্থ তরল ঔষধ ; তরল উপদেহ।

এয়ার (Air) বায়ু। [পথ।

এয়ার-প্যাসেজ (Air-passage) বায়ু-

এর-হিন (Errhine) ক্ষুৎকারক অর্থাৎ হাঁচিজনক ঔষধ।

এরিওলা (Areola) স্তনের বোঁটের চারিদিকস্থ রঞ্জিত মণ্ডল ; চর্ম্মের উদ্ভেদাদির চারিদিকে প্রদাহিত আরক্ত মণ্ডল। কোষময় বিধানতন্তুর মধ্যবর্ত্তী ক্ষুদ্র ক্ষুদ্র শূন্য স্থান। [স্তর।

এরিওলার (Areolar) জালবৎ, সা-

এরি-ওলার-টিস্থ (Areolar tissue) অসংখ্য সূক্ষ্ম সূক্ষ্ম ছিদ্রবিশিষ্ট শরীরের সর্ব্বাংশ আবরক জালবৎ একপ্রকার ঝিল্লী বা পরদা।

এরি-থিমা (Erythema) অরুণিমা।

এরি-থিস-মাস (Erethismus) ধাতু

দোষজনিত উত্তেজনা ; শারীরিক প্রকৃতিগত উপদাহ।
এরি-সিপে-লাস (Erysipelas) বিসর্প রোগ। [পদার্থ।
এলি-মেণ্ট (Element) ভূত বা রূঢ়
এলি-মিনেশন (Elimination) সংশোধন ; শরীর হইতে দূষিত পদার্থ নিঃসারণ।
এসি-নিশিয়া (Acinesia) স্পন্দন শক্তির অভাব।
এসেন-শিয়া (Essentia) এসেন্স।
এসেন্স (Essence) একভাগ ঔষধ দ্রব্যের তৈল, চারি ভাগ শোধিত সুরাতে দ্রব করিলে এসেন্স প্রস্তুত হয়।
এস্কারোটিক (Escharotic) দাহক।

`এ *

`এ-অর্টা (Aorta) মহা ধমনী; যে বৃহৎ ধমনী হইতে ফুসফুসের ধমনী ব্যতীত অন্যান্য ধমনী সকল বাহির হইয়াছে, এবং যদ্দ্বারা হৃৎপিণ্ড হইতে শরীরের সর্ব্বত্র রক্ত প্রবাহিত হয় ; বৃহদ্ধমনী।
`এঅর্টাইটিস (Aortitis) মহা ধমনী প্রদাহ। [দ্রুত।
`এক-সেলারেটেড (Accelerated)

* (`এ) ইহার উচ্চারণ ইংরেজী (Short ă) অর্থাৎ (য়্যা)র ন্যায়।

`একিউট (Acute) তীব্র। তরুণ।
`একু-পঙ্ক-চার (Acupuncture) পূয নিঃসারণ জন্য পেশীতে সূচীবেধ।
`একুশ-মেণ্ট (Accouchement) প্রসূতাবস্থা।
`একু-শার (Accoucheur) ধাত্রীবিদ্যাবিশারদ চিকিৎসক ; প্রসবতত্ত্ববিৎ পুরুষ।
`একে-রাস (Acarus) মনুষ্যচর্ম্মজাত সূক্ষ্মকীট, পাঁচরা প্রভৃতির কীটাণু ; কচ্ছুকীট।
`একোনাইট (Aconite) কাঠবিষ, মিঠাবিষ। [বেব বীর্য্য।
`একোনাইটিন (Aconitin) কাঠবি-
`একোয়া (Aqua) জল।
`একোয়া–পিউরা (Aqua pura) নির্ম্মলজল।
`একোয়া-ফর্টিস (Aqua-fortis) যবক্ষারাম্ল, নাইট্রিক এসিড।
`একোয়ারিজিয়া (Aqua Regia) নাইট্রিক এসিড ও হাইড্রোক্লোরিক এসিড মিশ্রিত একপ্রকার পদার্থ, এতদ্দ্বারা স্বর্ণ দ্রবীভূত হয়।
`একোরিয়া (Acoria) অত্যন্ত ক্ষুধা।
`একোলিয়া (Acholia) রক্তেপিত্তাধিক্য।
`একনি (Acne) বয়সফোড়া, বয়ঃব্রণ, মুখদূষিকা।
`একটিভ (Active) প্রবল ; প্রদাহাদি

সংযুক্ত ; স্বয়ন্ত্বত।

ˋএক্‌স-অয়েড (Axoid) ˋএক্‌সিসসদৃশ বা সংক্রান্ত।

ˋএক্সিলা (Axilla) বগল, কক্ষতল।

ˋএক্সিস (Aixs) গ্রীবার দ্বিতীয় কশেরুকা।

ˋএগ-মিনেটেড (Agminated) সমবেত ; স্তূপাকার। [জ্বর।

ˋএগিউ (Ague) কম্পজ্বর, পর্য্যায়-

ˋএগিউ-কেক (Ague cake) বিবর্দ্ধিত প্লীহা।

ˋএগিউট্রী (Ague Tree) সাসাফ্রাস বৃক্ষ, জ্বরঘ্ন গুণ আছে বলিয়া এরূপ নাম। [লের স্নায়ুশূল।

ˋএগিউ-ব্রাউ (Ague-brow) কপা-

ˋএগে-ল্যাক্টিয়া (Agalactea) প্রসবান্তে স্তন্যাভাব।

ˋএঙ্কন (Ancon) কনুইয়ের উর্দ্ধাংশ, কফোণিসন্ধি।

ˋএঙ্কোনঃস (Anconous) কনুইয়ের পশ্চাৎভাগের পেশী, ইহা দ্বারা প্রকোষ্ঠ বা ফোর-আরম প্রসারণে সাহায্য হয়।

ˋএঙ্কাই-লোসিস (Anchilosis) সন্ধির অনম্যতা বা স্তব্ধতা।

ˋএঙ্ক-জাইটি (Anxiety) রোগে ক্লেশকর অস্থিরতা, মুখমণ্ডলের শ্রেণী বিকৃত হইয়া ইহা প্রকাশ পায়। উৎকণ্ঠা।

ˋএঙ্গেল (Angle) কোণ।

ˋএচিলিস-টেণ্ডন, ˋএকিলিস-টেণ্ডন (Achilles Tendon) জঙ্ঘাপৃষ্ঠ হইতে পায়ের গোড়ালি পর্য্যন্ত পেশীর কণ্ডরা।

ˋএজ-মা (Asthma) শ্বাসকাশ, হাঁপানি, শ্বাস।

ˋএজ-মা-মিলেরি (Asthma Millari) স্প্যাজমোডিক ক্রুপ বা আক্ষেপিক স্বরঘ্ন রোগ।

ˋএজোট (Azote) নাইট্রোজেন বা যবক্ষার জান।

ˋএজাই-গস (Azygos) বিযোড়, অযুগল, যে সকল অস্থি, পেশী, শিরাদির যুগল বা যোড়া নাই।

ˋএ-জিয়ষ্টিয়া (Ageustia) স্বাদগ্রহণ শক্তির অভাব।

ˋএঞ্জাইনা (Angina) যে সকল রোগে শ্বাসরোধই প্রধান লক্ষণ ; গলা-বেদনা।

ˋএঞ্জাইনা-পেক্টোরিস (Angina pectoris) বক্ষঃস্থলে ও বাম বাহুর নিম্নে অত্যন্ত যাতনা বিশিষ্ট এবং গল-রোধ ও অতিশয় উৎকণ্ঠা সংযুক্ত একপ্রকার আক্ষেপিক রোগ ; হৃৎশূল।

ˋএঞ্জাই-নোসা (Anginosa) এঞ্জাইনা সংযুক্ত।

ˋএঞ্জিও-টমি (Angiotomy) শিরা, ধমনী প্রভৃতি রক্তবহা নাড়ীচ্ছেদ।

ˋএটনি (Atony) পেশীর ক্রিয়ার অ-

ভাব ; পেশীর দুর্ব্বলতা।

`এ-টম (Atom) পরমাণু।

`এট-মস-ফিয়ার (Atmosphere) বায়ুমণ্ডল। ভূবায়ু।

`এট-লাস (Atlas) গ্রীবার প্রথম কশেরুকা। [ন্ধের বিশেষণ।

`এট-লয়েড (Atloid) এটলাস শ-

`এটি-নু-এশন ( Attenuation ) দ্রব ক্রম, মূল ঔষধ ক্রমশঃ `এলকো-হলাদির সহিত মিশ্রিত করিয়া হোমিওপ্যাথিক পদ্ধতি অনুসারে প্রস্তুত ডাইলিউশন বা ক্রম।

`এটি-লেক্টে-সিস (Atelectasis) অসম্যক প্রসারণ।

`এট্যাক্সিয়া (Ataxia) শারীরিক ক্রিয়ার বৈষম্য ; ইচ্ছানুসারিণী গতির বৈষম্য।

`এট্যাভিজম্ (Atavism) দুই এক পুরুষ অতিক্রম করিয়া কৌলিক পীড়া প্রকাশ।

`এট্রফি (Atrophy) একাঙ্গ বা সর্ব্বাঙ্গের শীর্ণতা।

`এট্রাক্টিভ (Attractive) আকর্ষণী।

`এ-ডঃক-টর (Adductor) যে সকল পেশী শরীরাংশ আকর্ষণ পূর্ব্বক সম্মিলিত করে।

`এড-হি-শন (Adhesion) সংযোজন, আঘাতদ্বারা বিচ্ছিন্ন অংশদ্বয়ের পুনর্মিলন।

এড-হিসিভ-ইন-ফ্লেমেশন (Adhesive Inflamation) উপহৃত অংশ দ্বয়ের সংযোগকর প্রদাহ।

`এড-হিসিভ-প্ল্যাষ্টার (Adhesive Plaster) বস্ত্রখণ্ডে প্রসারিত রেসিনী বা প্রস্বাই প্লাষ্টার ; ষ্টিকিং প্লাষ্টার ; যে পলস্ত্রা চর্ম্মে সংলগ্ন হইয়া থাকে। [প্রদাহ।

`এডি-নাইটিস (Adenitis) গ্রন্থির

`এডিনেমিক (Adynamic) অতি দৌর্ব্বল্য বিশিষ্ট। [হীনতা

`এডিপ-সিয়া (Adipsia) পিপাসা

`এডি-পোজ (Adipose) বসাময়।

`এণ্ট (Ant,-Anti) প্রতিকূল জ্ঞাপক উপসর্গ। যথা,—

`এণ্ট-আর-থ্রাইটিক (Antarthritic) সন্ধিবাত নাশক ঔষধ।

`এণ্ট-`এফ্রোডিসি`এক (Antaphrodisiac) কামপ্রবৃত্তি হ্রাসকর ঔষধ।

`এণ্ট-`এমেটিক (Antemetic) বমননিবারক ঔষধ।

`এণ্ট-`এল-ক্যালি (Antalkali) ক্ষারঘ্ন ঔষধ।

`এণ্ট-এলজিক (Antalgic) বেদনানিবারক ঔষধ। [ষধ।

`এণ্ট-এসিড (Antacid) অম্লঘ্ন ঔ-

`এণ্ট-জাই-মটিক (Ant zymotic) অন্তস্ফুৎসেচনঘ্ন। শরীরস্থ অণুবীক্ষণিক জীবনাশক।

`এণ্ট-হিপ-নটিক (Anthypnotic)

নিদ্রা নিবারক ঔষধ।

`এণ্ট-হেল-মিণ্টিক্স (Anthelmintics) কৃমিঘ্ন ঔষধ। [পদ।

`এণ্টি (Anti) প্রতিকূলবাচক পূর্ব্ব-

`এণ্টি (Ante) অগ্র বা পূর্ব্ব বাচক পূর্ব্বপদ।

`এণ্টিএডাইটিস (Antiaditis) তালুমূলপ্রদাহ।

`এণ্টিক-নিমিয়ন (Anticnemion) দীর্ঘাস্থির অগ্রভাগ।

`এণ্টি-কার্ডিয়ঃম (Anticardium) আমাশয়-গহ্বর; উদরোর্দ্ধ।

`এণ্টি-ডাইসুরিক (Antidisuric) মূত্রকৃচ্ছ্রহর।

`এণ্টি-ডোট (Antidote) যে ঔষধে অন্য ঔষধের ক্রিয়ানষ্টকরে; বিষঘ্ন ঔষধ; প্রতিবিষ, প্রতিহারক।

`এণ্টি-পাইরেটিক (Antipyretic) জ্বরঘ্ন।

`এণ্টি-পিরিয়-ডিক (Antiperiodic) পর্য্যায়নিবারক; পালানিবারক।

`এণ্টি-ফ্লেক-শন (Anteflexion) গর্ভাশয় বা মূত্রাশয়ের সম্মুখদিকে বক্রতা।

`এণ্টি-ফ্লোজিষ্টিক (Antiphlogistic) প্রদাহনাশক।

`এণ্টি-বিলিয়ঃস (Antibilious) পিত্তদোষ নিবারক ঔষধ।

`এণ্টি-ব্রেকিয়ঃম (Antebrachium) কনুই হইতে কব্জা পর্য্যন্ত বাহুভাগ, প্রকোষ্ঠ।

`এণ্টি-ভার্সন (Anteversion) মূত্রাশয়, গর্ভাশয়াদির সম্মুখাবর্ত্তন

`এণ্টি-মোনিয়ঃম (Antimonium) রসাঞ্জন, এক প্রকার খনিজ ঔষধ দ্রব্য।

`এণ্টি-রিয়র (Anterior) সম্মুখবর্ত্তী।

`এণ্টি-লিথিক-স (Antilithics) অশ্মরিহর; পাথরি নাশক ঔষধ।

`এণ্টি-লোবিয়ঃম (Antelobium) কাণেরলতির সম্মুখাংশ।

`এণ্টি-সেপ্টিক (Antiseptic) পচন নিবারক।

`এণ্টি-সোরিক (Antipsoric) কচ্ছুনিবারক।

`এণ্টি-স্প্যাজ-মোডিক (Antispasmodic) আক্ষেপনিবারক।

`এণ্ড্রো-ফো-মেনিয়া (Andropho-mania) নর হত্যোন্মাদ।

`এণ্ট্রঃম (Antrum) অস্থিময় গহ্বর।

`এ-নপ-সিয়া (Anopsia) দৃষ্টিহীনতা।

`এ-নঃস (Anus) গুহ্যদ্বার, মলদ্বার।

`এ-নস্‌মিয়া (Anosmia) ঘ্রাণশক্তির অভাব। [হ্রস্বতা।

`এন-হিলেশন (Anhelation) শ্বাস

`এনাই-প্রল্যাপ-সঃস (Ani-prolapsus) গুদভ্রংশ; অর্শাদি রোগজন্য সরলান্ত্রের ঝিল্লী বাহির হইয়া পড়া, হালিশ বাহির হওয়া।

`এনাকার্ডি-য়ম (Anacardium) ভেলা, ভল্লাতক।

`এনা-টমি (Anatomy) শারীর স্থান; শরীরের অস্থি, মাংস, শিরাদি সমস্ত বিধানের নির্ম্মাণ ও গুণ জ্ঞাপক শাস্ত্র।

`এন-য়্যাফ্রো-ডিসিয়া (Anaphrodisia) প্রজনন শক্তির অভাব।

`এনয়্যাফ্রোডিসি-য়্যাক (Anaphrodisiac) কামনাশক।

`এ-ন্যাল-ই-সিস (Analysis) মিশ্র পদার্থ রূঢ় পদার্থে পৃথক করণ।

`এন-য়্যাষ্টোমোসিস (Anastomosis) এক রক্তবহা নাড়ীর অন্য নাড়ীতে প্রবেশ।

`এনাসার্কা (Anasarca) সর্ব্বাঙ্গীন শোথ; চর্ম্মের নীচে রক্তাম্বু সঞ্চয়।

`এনিপিথিমিয়া (Anepithymia) সাধারণ আহারে অরুচি।

`এনিমিয়া (Anæmia) রক্তহীনতা; রক্তের লোহিত কণার ন্যূনতা।

`এনিম্যাল (Animal) জান্তব; আমিষ।

`এনিম্যাল-কিউলি (Animalcule) কীটাণু, যে সকল সূক্ষ্ম সূক্ষ্ম কীট কেবল অণুবীক্ষণ যন্ত্র দ্বারা দৃষ্টি গোচর হইয়া থাকে।

`এনিম্যাল-হিট (Animal heat) প্রাণী শরীরের স্বাভাবিক তাপ। মনুষ্য দেহের স্বাভাবিক তাপ ৯৪ ডিগ্রী ও তদূর্দ্ধ।

`এনি-সি, এনি-সীড (Anise, Aniseed) মৌরি, সপ।

`এনি-স্থিসিস (Anesthesis) স্পর্শজ্ঞানহীনতা।

`এনি-স্থিশিয়া (Anæsthesia) বেদনানুভব-হীনতা; ক্লোরোফরম, ইথার, অতি শীত প্রভৃতি দ্বারা স্পর্শানুভবের বিলোপ।

`এনিস্থেটিক্স (Anæsthetics) স্পর্শানুভব বিলোপ কর ঔষধ।

`এনু-রিজম্ (Aneurism) ধমনীর দুর্ব্বলতা বশতঃ রক্ত রুদ্ধ ও ধমনী প্রসারিত হইয়া যে কোমল রক্তবর্ণ অর্ব্বুদ উৎপন্ন হয়; ধমন্যর্ব্বুদ

`এনুরিয়া (Anuria) মূত্রনাশ, মূত্রের অনুৎপত্তি। [বিশিষ্ট।

`এনুলার (Annular) অঙ্গুরীর আকার

`এনুলার কার্টিলেজ (Annular cartilage) অঙ্গুরীর আকার স্বরযন্ত্রের উপাস্থি।

`এনুলার লিগেমেণ্টস (Annuiar ligaments) মণিবন্ধ ও গুল্ফ সন্ধির কণ্ডরা আবদ্ধ কর বন্ধনী।

`এনোডাইন (Anodyne) বেদনা নিবারক। [লক্ষণাপন্ন।

`এনোমেলাস (Anomalous) বিশৃঙ্খল

`এনো-মেলিয়া (Anomalia) নাড়ীর বৈষম্য-দোষ।

`এনো-মেলি (Anomalæ) বিশৃঙ্খলা।

`এনোরেক্সিয়া (Anorexia) ক্ষুধাহী-

নকা। [বর্দ্ধিত কার্য্যকরণ।

`এন্থ্রাক্স (Anthrax) দাহিকা, পা-

`এন্থ্রো-পো-ফোবিয়া (Anthropophobia) মনুষ্য ভয় লক্ষণাপন্ন উ-
ন্মাদ।

`এ-পথি-কেরি (Apothecary) যে
চিকিৎসক অর্থ পাইয়া রোগীকে
দেখে, ঔষধ ব্যবস্থা করে ও ঔষধ
দেয়।

`এপ-নিয়া (Apnœa) শ্বাস অবরোধ
বশতঃ প্রকৃত বা দৃশ্যমান মৃত্যু,
শ্বাসরোধ। [বিরামকাল।

`এপ্যাইরেক্সিয়া (Apyrexia) জ্বর

`এ-প্যারে-টাস (Apparatus) যন্ত্র,
উপকরণ।

`এপিরিয়েন্ট (Aperient) মৃদু বিরে-
চক ঔষধ।

`এপে-লাস্ (Apellus) চর্ম্মশূন্য।

`এপেক্স (Apex) শিখর, অগ্রভাগ।

`এপো-নিউরোসিস (Aponeurosis)
কণ্ডরার সম্প্রসারণ।

`এপো-প্লেক্সি (Apoplexy) সংন্যাস
রোগ; মস্তিষ্কে রক্তক্ষরণ বা উ-
হার রক্তবহানাড়ীর রোগ জন্য
জ্ঞানশক্তি ও ইচ্ছানুযায়ী গতি শ-
ক্তির অল্পাধিক অভাববিশিষ্ট ও
অচৈতন্য সংযুক্ত একপ্রকার রোগ।

`এপো-ফাইসিস (Apophysis) অস্থি
বিবর্দ্ধন।

`এপোরি (Apory) মলমূত্রাদি স্বা-
ভাবিক নিঃসরণের অনিঃসরণ-
শতঃ অস্থিরতা। [বিচ্ছিন্নতা।

`এপোষ্টেসিস (Apostasis) ভগ্নাস্থির

`এপোসিয়া (Aposia) পিপাসাশূন্যতা।

`এপোসিটিক (Apositic) ক্ষুধাহর
ঔষধ।

`এফ-থি (Aphthæ) শিশুদিগের মুখ
প্রভৃতিতে ক্ষুদ্র ক্ষুদ্র শাদা ক্ষত,
জারিঘা, উৎসঙ্গ।

`এফ-থাস (Aphthus) `এফথিবিশিষ্ট।

`এফারেন্ট (Afferent) কেন্দ্রাভি-
মুখীন। [আকর্ষণ।

`এফি-নিটি (Affinity) রাসায়নিক

`এ-ফেক-শন (Affection) শরীরের
কোন অংশের পীড়া।

`এফোনিয়া (Aphonia) স্বরনাশ,
স্বরলোপ।

`এফোরিয়া (Aphoria) বন্ধ্যাত্ব।

`এফ্রোডিসিয়াক (Aphrodisiac)
কামোদ্দীপক।

`এব-ডাক্টর (Abductor) বহির্ণায়ক
পেশী, যে পেশীদ্বারা শরীরের এক
কাংশ হইতে অন্যাংশ বহির্দ্দিকে
আকৃষ্ট হয়। [নিম্নোদর।

`এব-ডো-মেন (Abdomen) উদর,

`এব-ডোমিন্যাল (Abdominal) নি-
ম্নোদর সম্বন্ধীয়।

`এ-বর-শন (Abortion) অকাল প্র-
সব, গর্ভপাত, ছয় মাসের পূর্ব্বে
গর্ভস্রাব।

এব-রাপ্ট (Abrupt) আকস্মিক।

এবসর্পশন (Absorption) আশোষণ বা আচুষণ ক্রিয়া।

এব-সর্বেন্ট্স (Absorbents) লসিকা প্রভৃতি যে সকল ক্ষুদ্র ক্ষুদ্র নাড়ী রসাদি শোষণ করে; শোষকনাড়ী, শোষিকা।

এব-সেস (Abscess) পূযপূর্ণ স্ফোটক।

এবারেশন (Aberration) আংশিক মানসিক উন্মাদ।

এব্রেশন (Abrasion) শরীরের বহির্ভাগের বা অভ্যন্তরের ত্বক উঠিয়া যাওয়া, অবদরণ।

এম্-নিয়ন (Amnion) জরায়ুর অভ্যন্তরে ভ্রূণদেহ আবরক পরদা।

এম্-নিসিয়া (Amnesia) স্মরণ শক্তির হ্রস্বতা।

এমর-ফাস (Amorphous) নির্দ্দিষ্ট আকারহীন। যাহারদানা বাঁধেনা।

এম্যাল-গ্যাম (Amalgam) পারদের সহিত অন্য কোন ধাতু মিশ্রিত মিশ্র পদার্থ। [রবৎ।

এমি-লয়েড (Amyloid) শ্বেতসা-

এমিলিও-রেশন (Amelioration) রোগের উপশম।

এমি-লেশিয়াস (Amylaceous) শ্বেতসারময়। [জড়তা।

এমেন-শিয়া (Amentia) উন্মত্ততা,

এম্পুটেশন(Amputation) অঙ্গচ্ছেদ; অস্থিবিশিষ্ট শরীরাংশ ছেদন।

এম্ফোরিক (Amphoric) শূন্য বোতলে বক্রভাবে ফুৎকারপ্রদান শব্দবৎ।

এম্বার-গ্রিস (Ambergris) তিমিমৎস্যের অন্ত্রে মোমের ন্যায় গাঢ় যে শাদা, কাল, ধূসর বা বিচিত্রবর্ণ বিশিষ্ট সুগন্ধিদ্রব্য উৎপন্ন হয়।

এম্ব্লি-ওপিয়া (Ambliopia) এমোরোসিস রোগের পূর্ব্বরূপ, দৃষ্টির অপরিচ্ছন্নতা।

এমেনোরিয়া (Amenorrhœa) রজলোপ বা রজরোধ।

এমো-নিয়া (Ammonia) এক প্রকার উদ্বায়ী, উত্তেজক ও অম্লঘ্ন ক্ষারপদার্থ।

এমোরোসিস (Amaurosis) দর্শনস্নায়ুর এক প্রকার পক্ষাঘাত, এইরোগে কোন বস্তু চিনিতে পারাযায়না; আংশিক বা সম্যক অন্ধতা; তমসী।

এরাম (Arum) ওল, শূরণ।

এর‍্যাক-নয়েড (Arachnoid) লূতাতন্তুবৎ মস্তিষ্কের আবরণ-ঝিল্লী বিশেষ, মধ্যমাস্তিকা।

এর‍্যাক-নাইটিস (Arachnitis) মধ্যমাস্তিকাপ্রদাহ।

এরিওটিক (Areotic) লোমকূপপ্রসারক অর্থাৎ ঘর্ম্মকর ঔষধ।

এরোম্যাটিক্স (Aromatics) গন্ধদ্রব্য।

ˊএল-কোহল (Alcohol) সুরার সার বা বীর্য্য ; অত্যন্ত পরিশোধিত ও পরিস্রাবিত সুরা।

ˊএল-কো-হলিজ্‌ম (Alcoholism) অপরিমিত সুরাপান জনিত বিষলক্ষণ।

ˊএল-ক্যালি (Alkali) ক্ষার ; সোডা, পোটাস, এমোনিয়া প্রভৃতি ক্ষারধর্ম্ম বিশিষ্ট দ্রব্য।

ˊএল-ক্যালয়েড্‌স (Alkaloids) যে সকল দ্রব্যের এলক্যালির সহিত সাদৃশ্য আছে, যথা মরফাইন, ষ্ট্রীকনাইন, কুইনাইন ইত্যাদি ; উপক্ষার।

ˊএল-জাইড (Algide) শারীরিক তাপের অভাব বিশিষ্ট।

ˊএল-জিড (Algid) হিমাঙ্গ, বরফবৎ শীতল।

ˊএল-বুমেন (Albumen) অণ্ডের শুভ্রাংশ, অণ্ডলাল ; রক্তের শুক্লাংশ, ইহা জীবদেহের ও উদ্ভিজ্জের একটী প্রধান উপাদান।

ˊএল-বুমিনুরিয়া (Albuminuria) এক প্রকার মূত্ররোগ, ইহাতে মূত্রের সহিত অধিক পরিমাণে এলবুমেন ক্ষরিত হয় ; অণ্ডলালমূত্র।

ˊএল-ভাইন (Avline) অন্ত্র সম্বন্ধীয়।

ˊএল-ভিওলাই (Alveoli) দন্তগহ্বর।

ˊএ-লম (Alum) ফট্‌কিরি।

ˊএলা (Ala) মধ্যরেখা হইতে প্রবর্দ্ধিত পাখার ন্যায় অংশ ; পক্ষ।

ˊএলিট্রিস (Aletris) ওক বৃক্ষের মূল।

ˊএলি-নেজাই (Alænasi) নাসা-পক্ষ, নাসিকার পার্শ্বদ্বয়।

ˊএলিমেণ্টারি ক্যানেল (Alimentary canal) আহার বাহী নালী।

ˊএলিমেণ্টারি প্রিন্‌সিপেল (Alimentary Principle) আহারের পুষ্টিকারিতার উপাদান।

ˊএলো-পিশিয়া (Alopecia) ইন্দ্রলুপ্ত, টাক, কেশহীনতা।

ˊএলো-প্যাথি (Allopathy) বিষম মতের চিকিৎসা, প্রচলিত ডাক্তারি মতের চিকিৎসা।

ˊএলোজ (Aloes) মুসব্বর।

ˊএলোসকোট্রিনা (Aloes ocotrina) ঘৃত কুমারী ; ইহার সারককে এলো বা মুসব্বর বলে। [স্ত্রি।

ˊএষ্ট্রাগেলাস (Astragalus) গুল্‌ফা-

ˊএষ্ট্রি-জেণ্ট (Astringent) সঙ্কোচক ঔষধ, সঙ্কোচক।

এস-কেরিস (Ascaris) অন্ত্রকৃমি বিশেষ।

ˊএস-কেরাইডিস (Ascarides) কৃমিসমূহ। ˊএসকেরিস শব্দের বহুবচন।

ˊএস-থিনিয়া (Asthenia) দুর্ব্বলতা,

রোগাদি জন্য শক্তিহীনতা। অতি-বিক্ত উত্তেজনা বশতঃ কোন য-ন্ত্রের পুনরুত্তেজনশীলতা ও ক্রি-য়াকারিতার অভাব ও তজ্জন্য শক্তিহীনতা।

`এস-থেনিক (*Asthenic*) দুর্ব্বলকর; `এস-থিনিয়ার বিশেষণ।

`এস-ফিক-সিয়া (Asphyxia) জবনী শক্তির স্তম্ভিততা, ইহাতে নাড়ী পাওয়া যায়না, এবং ফুসফুসের ক্রিয়ার দৃশ্যমান বা প্রকৃত বি-লোপ জন্মে, কার্ব্বণিক এসিড গ্যাস প্রভৃতি আঘ্রাণ বশতঃ ইহা উৎপন্ন হয়। রক্ত সঞ্চালন ক্রি-য়ার অল্পকাল স্থায়ী স্তব্ধতা। শ্বাস রোধ।

`এসাই-টিস (Ascites) উদরসোথ, উদরি। [হিঙ্গু।

`এসাফিটিডা (Asafœtida) হিং,

`এসি-টে-বিউ-লম (Acetabulum) উরুর অস্থি প্রবেশার্থ বস্তাণ অস্থিস্থিত বাটীর ন্যায় গহ্বর।

`এসিডম (Acidum) অম্ল, দ্রাবক।

`এসিড্‌স (Acids) অম্ল, দ্রাবক।

`এসিডম-অক-জেলিকম (Acidum oxalicum) অকজেলিক এসিড। আমরুল, বেউচিনি প্রভৃতিতে এই অম্ল অবস্থিতি করে।

-এসেটিকম (-Aceticum) `এসে-টিক এসিড, সির্কাম্ল।

-কার্ব্বণিকম (-Carbonicum) কার্ব্বণিক এসিড, অঙ্গারাম্ল। অঙ্গার দগ্ধ করিলে এই বাষ্প নির্গত হয়।

-কার্ব্বলিকম (-Carbolicum) কা-র্ব্বলিক এসিড; পাথরিয়া কয়লা হইতে প্রস্তুত আলকাতরা চো-য়াইয়া ইহা প্রস্তুত হয়।

-গ্যালিকম (-Gallicum) মাজু ফল হইতে উৎপন্ন অম্ল।

টার্টারিকম (Tartaricum) দ্রা-ক্ষাম্ল; আঙ্গুর, তেঁতুল প্রভৃতি ফলে এই অম্ল পাওয়া যায়।

-ট্যানিকম (-Tannicum) ট্যানিক এসিড; মাজুফল প্রভৃতি সঙ্কো-চক পদার্থ হইতে ইহা উৎপন্ন হয়।

-নাইট্রিকম (-Nitricum) নাইট্রিক এসিড, যবক্ষার দ্রাবক, যবক্ষা-রাম্ল; ইহা নাইট্রোজেন ও অ-ক্সিজেন সংমিলনে উৎপন্ন হয়, এবং সোরায় পাওয়া যায়।

-ফসফরিকম (-Phosphoricum) ফসফরিক এসিড, ফসফরাস ও অক্সিজেন সংযোগে প্রস্তুত অম্ল; ইহা অস্থির প্রধান উপাদান।

-বেঞ্জোয়িকম (-Benzoicum) বে-ঞ্জোয়িক এসিড, লোবান ঊর্দ্ধ-পাতন করিলে ইহা প্রাপ্ত হওয়া যায়।

-মিউরিয়েটিকঃম (-Muriaticum) হাইড্রোক্লোরিক এসিড, লবণাম্ল, লবণদ্রাবক। ক্লোরিণ ও হাইড্রোজেন মিশ্রিত হইয়া ইহা উৎপন্ন হয়। ইহা সামান্য লবণের উপাদান।

-সলফিউরিকঃম (-Sulphuricum) সলফিউরিক এসিড, গন্ধক দ্রাবক; গন্ধক ও অক্সিজেন সংযোগে প্রস্তুত দ্রাবক বিশেষ।

-সাইট্রিকঃম (-Citricum) সাইট্রিক এসিড, জম্বিরাম্ল। নানাজাতীয় লেবুর রসে ইহা পাওয়া যায়।

-হাইড্রো-সায়েনিকঃম (-Hydrocyanicum) হাইড্রোসায়েনিক বা প্রাসিক এসিড। তিক্ত বাদাম, চেরি প্রভৃতিতে এই সাংঘাতিক বিষাক্ত পদার্থ অবস্থিতি করে।

এসিটেট (Acetate) অন্য কোন ধাতব পদার্থের সহিত এসেটিক এসিড সংযোগে সমুৎপন্ন দানাময় পদার্থ; যথা এসিটেট-অভ্-কপার।

এসিমিলে-শন (Assimilation) ভুক্ত দ্রব্যাদির রক্ত মাংস অস্থি প্রভৃতিতে পরিণতি, সমীকরণ।

এসেণ্ডিং (Ascending) উর্দ্ধগামী।

এসে-ফেলো (Acephalo) মস্তক শূন্য। বিমস্তক।

ওডার (Odour) গন্ধ।

ওজিনা (Ozena) নাসারন্ধ্র হইতে দুর্দ্দম্য দুর্গন্ধময় স্রাব নিঃসরণ, পুতিনস্যরোগ, পুরাতন পিনস।

ওজোন (Ozone) একপ্রকার রূঢ় পদার্থ, জল ও বায়ুতে আছে বলিয়া অনুমিত হয়।

ওটাইটিস (Otitis) কর্ণপ্রদাহ।

ওটোটমি (Ototomy) কর্ণচ্ছেদ।

ওটোরিয়া (Otorrhœa) কর্ণস্রাব; কাণপাকা।

ওটোরেজিয়া (Otorrhagia) কর্ণ হইতে রক্তস্রাব।

ওটোস্কোপ (Otoscope) কর্ণবীক্ষণ যন্ত্র।

ওট্যালজিয়া (Otalgia) কর্ণশূল, কাণ বেদনা।

ওডণ্টয়েড (Odontoid) দন্তবৎ।

ওডণ্ট্যালজিয়া (Odotalgia) দন্ত শূল, দাঁত বেদনা।

ওন্যানিজ্‌ম (Onanism) হস্তমৈথুন, কৃত্রিম মৈথুন।

ওপিয়ম (Opium) অহিফেণ, আফিং।

ওপিয়েট (Opiate) অহিফেণ ঘটিত ঔষধ; অহিফেণের ন্যায় ক্রিয়াকর।

ওপিস-থটো-নস (Opisthotonos) টঙ্কার রোগে পশ্চাৎদিকে বক্রতা; বহিরায়াম আক্ষেপ।

ওপেক (Opaque) যাহার অভ্যন্তর দিয়া আলোক প্রবিষ্ট হয়না; অস্বচ্ছ।

ওপ্যা-সিটি (Opacity) অস্বচ্ছতা।
ওবি-সিটি (Obesity) শরীরের অ-তিশয় স্থূলত্ব ; মেদ-রোগ।
ওভাম (Ovum) ডিম্ব, স্ত্রী-বীর্য্য। গর্ভকালীয় ভ্রূণ ও তাহার আব-রণ-ঝিল্লী।
ওভা (Ova) ডিম্বসমূহ। (বহুবচন)।
ওভার-ডোজ (Overdose) অতি মাত্রা, যে পরিমাণ ঔষধ ব্যবস্থেয় তদপেক্ষা অধিক পরিমাণ।
ওভি-ডক্ট (Oviduct) ফ্যালোপিয়ান টিউব দ্রষ্টব্য।
ওভি-পে-রাস (Oviparus) কুক্কুটী প্রভৃতি ডিম্ব প্রসবকারিণী প্রাণী।
ওভিউ-লেশন (Ovulation) ডিম্ব ক্ষরণ।
ওভি-স্যাক (Ovisac) ডিম্বাণু বা স্ত্রী-বীর্য্যধারী কোষ।
ওভে-র‍্যাল-জিয়া (Ovaralgia) ও-ভেরি বা ডিম্বাশয়ের স্নায়ুশূল।
ওভেরি (Ovary) ডিম্বাশয় দ্রষ্টব্য।
ওভেরি-ও-টমি (Ovariotomy) ডিম্বাশয়চ্ছেদ।
ওভ্যাল (Oval) ডিম্বাকার, বাদামি।
ওম-ফেলাস (Omphalus) নাভী।
ওম-ফেলিক (Omphalic) নাভী সম্বন্ধীয়।
ওমাইটিস (Omitis) স্কন্ধপ্রদাহ।
ওমেগ্রা (Omagra) স্কন্ধ-বাত।
ওমেণ্টাম (Omentum) অন্ত্রাবরক বসাময় ঝিল্লীবিশেষ ; ইহা পেরি-টোনিয়মের বিবর্দ্ধিত অংশ।
ওমো- (Omo-) স্কন্ধাস্থিসংক্রান্ত জ্ঞা-পক উপসর্গ।
ওয়াইরি (Wiry) তারবৎ।
ওয়াটার (Water) জল।
ওয়াটার-কিয়র (Water-cure) জল-চিকিৎসা, হাইড্রোপ্যাথি।
ওয়াটার ড্রেসিং (Water-dressing) জল প্রয়োগ দ্বারা ক্ষতাদির চিকিৎসা।
ওয়াটার-প্যাঙ্গ (Water-pang) মুখ-দিয়া জলউঠা ; মুখপ্রসেকরোগ।
ওয়াটার-ব্র্যাশ (Water-brash) বুক জ্বালা রোগ, মুখদিয়া জল উঠা রোগ।
ওয়াণ্ট (Want) অভাব।
ওয়ার্ট (Wart) আঁচিল, কিণ।
ওয়ারম (Warm) উষ্ণ, গরম।
ওয়ারম (Worm) কৃমি, কেঁচো।
ওয়াশ (Wash) প্রক্ষালণাদি বাহ্য প্রয়োগার্থ জলমিশ্রিত ঔষধ, ধাবন, ধৌত।
ওয়েট-নার্স (Wet-nurse) স্তন্যদাত্রী ধাত্রী।
ওয়েন (Wen) সচল স্থিতিস্থাপক কোষাবৃত অর্ব্বুদ, বসার্ব্বুদ।
ওয়েষ্টিং (Wasting) ক্ষয়, হ্রাস। ক্ষয়শীল।
ওয়্যাক্স (Wax) মোম। কাণের খৈল।
ওয়্যাক্সি (Waxy) মোমের ন্যায়।

ওয়্যাক্সি ডিজিনারেশন (Waxy Degeneration) কোন শারীরিক যন্ত্রে মোমের ন্যায় তন্তুময় পদার্থের সঞ্চয়।

ওরিস (Oris) মুখ। [ধনে।

ওলিএণ্ডার (Oleander) ধনিয়া,

ওলিও- (Oleo-) তৈলবাচক পূর্ব্ব পদ।

ওলিক্রেনন (Olecranon) অংলনার শিখরস্থ বৃহৎ ও বক্র অস্থি-প্রবর্দ্ধন

ওলিজিনাস (Olegenous) তৈলময়।

ওলিন (Olein) বসা দ্রব্যের তরলাংশ।

ওলি-য়ম (Oleum) তৈল।

ওথ (Inflamation) প্রদাহ।

ওষধিগন্ধজজ্বর (Hay Fever) তীব্র ফুল বা তৃণগন্ধ জাত সর্দ্দিজ্বরের ন্যায় একপ্রকার জ্বর।

ক

কক-সিক্স (Coccyx) কোকিলচঞ্চু অস্থি, পৃষ্ঠবংশের অধঃপ্রান্ত।

কক্ষ (Axilla) বাহুমূল।

কক্ষতল (Armpit) বগল।

কক্সা (Coxa) বঙ্ক্ষণ।

কক্সাগ্রা (Coxagra) বঙ্ক্ষণসন্ধির প্রদাহ।

কক্সিগোডিনিয়া, কক্সিওডিনিয়া (Coccygodynia, Coccyodynia) কোকিলচঞ্চু অস্থিপ্রদেশে বেদনা রোগ। [সম্বন্ধীয়।

কক্সিজিয়্যাল (Coccygeal) কক্সিস

কঙ্কশন (Concussion) বিকম্পন, সংঘাত।

কঙ্কা (Concha) কর্ণের শম্বুবৎ অংশ; কর্ণের হাঁড়ী।

কঙ্কাল (Skeleton) রক্ত মাংস চর্ম্মাদিশূন্য অস্থিময়দেহ, অস্থিপঞ্জর।

কঙ্ক্রিশন (Concretion) মূত্রযন্ত্র, যকৃৎ প্রভৃতি যন্ত্রে কোনপ্রকার নিরেট পদার্থের সঞ্চয়; শিলা।

কচ-লিয়া (Cochlea) মধ্য-কর্ণের শম্বুকাকার গহ্বর।

কচ্ছু (Scabies) পাঁচড়া।

কচ্ছুকীট (Acarus-scabii) পাঁচড়া প্রভৃতির সূক্ষ্মকীট।

কজ্জল (Collyrium) অঞ্জন, কাজল।

কাটিং (Cutting) কর্ত্তন। কর্ত্তনবৎ।

কটি (Waist, loins) কোমর, মাজা।

কটিগ্রহ (Pain in the waist) কোমর বেদনা।

কটিবন্ধবৎ দদ্রু (H. zona) এই দদ্রু স্তূপে স্তূপে উৎপন্ন হয় ও কোমর বন্ধের আকারে শরীরের অর্দ্ধাংশে ব্যাপ্ত হয়।

কটি বন্ধনী (Truss) অন্ত্রবৃদ্ধি রোগে অন্ত্রবর্দ্ধন নিবারণার্থ যে বন্ধনী ব্যবহৃত হয়; ট্রস। [বাত।

কটিবাত (Lumbago) কোমরের

কটিস্নায়ু (Sciatic nerve) বক্ষণ স্নায়ু। [বন্ধীয়।
কুঃটেনিয়ঃস (Cutaneous) চর্ম্ম স-
কন্টিউ-শন (Contusion) ঘৃষ্টব্রণ, নিষ্পেষণ। [ছিন্নতা।
কন্টিহুয়িটি (Continuity) অবি-
কন্টি-নেন্স (Continence) মূত্রাদির অবরোধ।
কন্টেজি-য়ন (Contagion) স্পর্শসংক্রমণ, ছুঁইত।
কন্টেজিয়ঃস ডিজিজ (Contagious disease) স্পর্শসংক্রামক রোগ, ছোঁয়াচে রোগ।
কন্ট্রাক-শন (Contraction) সংকোচন, আকুঞ্চন।
কড়া-ইকুইনা (Cauda Equina) মেরুদণ্ডের অধঃপ্রান্ত।
কডেট (Caudate) লাঙ্গুল বা লাঙ্গুলবৎ উপযোগবিশিষ্ট।
কণ্ডঃক্টর (Conductor) তাপ বা তাড়িৎ পরিচালক।
কণ্ডঃকশন (Conduction) তাপ বা তাড়িৎ পরিচালন। অপরিচালক দ্রষ্টব্য।
কণ্ডরা (Tendon) পেশীর প্রান্ত সংলগ্ন রজ্জুবৎ পদার্থ।
কণ্ডু (Eruptions) চুলকনা, পীড়কা।
কণ্ডুয়ন (Tickling) চুলকনা, সড়্ সড়্ করা।
কণ্ডেন্স (Condense) ঘনীভূত।
কণ্ড্রস (Chondros) উপাস্থি।
কণ্ড্রয়েড (Chondroid) উপাস্থিবৎ।
কণ্ড্রাইটিস (Chondritis) উপাস্থিপ্রদাহ।
কণ্ড্রিণ (Chondrine) উপাস্থির মূল উপাদান বিশেষ।
কণ্ড্রোমা (Chondroma) উপাস্থিময় অর্ব্বুদ।
কণ্ড্র্যাল-জিয়া (Chondralgia) উপাস্থি বেদনা।
কর্দব (Corn) কড়া, কিণ।
কন-কেভ (Concave) কুব্জ।
কন-জেনিট্যাল (Congenital) আজন্ম, কৌলিক।
কন-জেস-শন (Congestion) কোন যন্ত্রে অস্বাভাবিক রক্তসঞ্চয়।
কন-জেস্টিভ (Congestive) রক্তসঞ্চয়জনিত।
কন-জংটাইভা (Conjunctiva) যোজকত্বক, চক্ষুর শুক্লমণ্ডল বা শুভ্র আবরণ।
কন-জং-টাইভাইটিস (Conjunctivitis) যোজকত্বগোষ, শুক্লমণ্ডল প্রদাহ।
কন-ডিল (Condyle) একদিকে হ্রস্ব অন্যদিকে চেপ্টা অস্থিসন্ধির প্রবর্দ্ধন।
কন-ডি-লয়েড (Condyloid) কনডিল সদৃশ বা সম্পর্কীয়।
কন-ডিলোমা (Condyloma) ভগ

বা গুহ্যদ্বারে আঁচিলবৎ উপমাংস, শ্লেষ্মাগুটি।

কন-ডিলোমেটা (Condylomata) কন-ডিলোমা শব্দের বহুবচন।

কন-ফেক-শিয়ো (Confectio) খণ্ড; চিনি সহকারে প্রস্তুত ঔষধ।

কন-ফ্লুয়েন্ট (Confluent) সংশ্লিষ্ট, সংযুক্ত, লেপা; যথা, বসন্তাদি।

কন-ভেক্স (Convex) গোলবস্তুর বহির্ভাগ; ন্যুব্জ।

কন-ভেলে-সেণ্ট (Convalescent) রোগান্তে দুর্ব্বলাবস্থা।

কন-ভেলে-সেন্স (Convalescence) রোগান্তে দুর্ব্বলতা।

কন-ভোলিউশনস (Convolutions) কুণ্ডলী দ্রষ্টব্য। [জ্ঞান।

কন-শ:স (Conscious) চেতন; স-

কন-শ:স-নেস (Consciousness) চৈতন্য।

কন-ষ্টি-টিউ-শন (Constitution) শারীরিক প্রকৃতি, দেহস্বভাব, ধাতু।

কন-ষ্টি-টিউ-শন্যাল (Constitutional) সর্ব্বাঙ্গীন, ধাতুগত, কৌলিক।

কন-ষ্টিপে-শন (Constipation) কোষ্ঠবদ্ধ, কোষ্ঠ কাঠিন্য।

কন-সিস-টেন্সি (Consistency) ঘনত্ব।

কন-সেন-ট্রেটেড (Concentrated) সমুপচিত; চূড়ান্ত দ্রব দ্রষ্টব্য।

কন-সেপ-শন (Conception) গর্ভধারণ।

কন্যাই-ভেণ্ট (Connivent) অন্তর্মুখী।

কনিক্যাল (Conical) শিখরাকার, শিখাকার।

কনীনিকা (Cornea) চক্ষুরতারা। কর্ণিয়া দ্রষ্টব্য।

কনেক্টিভ (Connective) যোজক। (উ) যে মাংসল অংশদ্বারা পরাগ কোষের অংশদ্বয় সংযুক্ত থাকে।

কন্দ (Prolapsus uteri) জরায়ু ভ্রংশ, পোঁদ। মূল।

কন্দরিণী (Vena cava) অবরোহিণী দ্রষ্টব্য।

কপাট (Valve) ঝিল্লীময় আবরণ বিশেষ, শরীরের তরল পদার্থ প্রবাহিত হইবার সময় ইহা উন্মুক্ত ও পুনরাগতি নিবারণার্থ প্রতিরুদ্ধ হয়।

কপার (Copper) তাম্র, তাঁবা।

কপালিকা (Tartar of the teeth) দন্ত বল্কল। [বর্ণ, কটা।

কপিশ (Brown) নীলপীত মিশ্রিত

কপোতবক্ষ (Pigeon-breast) রিকেটস্ রোগে বক্ষঃস্থলের পারাবত বক্ষের ন্যায় বিকৃতি।

কবল (Gargle) কুলকুচ, কুল্লী।

কম-পাউণ্ড (Compound) দুই বা ততোধিক পদার্থের একত্র মিশ্রণ, বিমিশ্র।

কম-পাউণ্ড-লিফ (Compound leaf) অনেক গ্রন্থিতপত্র।

কম-পাউণ্ডার (Compounder) ঔষধসম্মিশ্রণকারী।

কম-পোজি-শন (Composition) সমাস, ভিন্ন ভিন্ন বস্তুর একত্র মিলন।

কম-পোজিটাস (Compositus) বিমিশ্র; মিশ্র, কম্পাউণ্ড।

কম-প্রেস (Compress) গদি, পটী; ক্ষতাদি বন্ধনার্থ জড়ান লিণ্ট বা নেকড়া।

কম-প্রে-শন (Compression) সঙ্কোচন, সম্পীড়ন।

কম-প্রেষ্ট (Compressed) প্রচাপিত।

কম-প্রেসিবেল (Compressible) চাপ্য; চাপ দিলে যাহা নত হয়।

কম-প্লীট (Complete) সম্পূর্ণ, সম্যক।

কম-প্লিকে-শন (Complication) উপসর্গ, এক রোগের সহিত অন্য রোগের বিদ্যমানতা।

কম-প্লিকেটেড (Complicated) একত্র ভাঁজ করা; জটিল।

কম-প্লেক্স (Complex) মিশ্র, সঙ্কর।

কম বাস-শন (Combustion) জ্বলন, দহন।

কম-বাষ্টিবেল (Combustible) দাহ্য, যাহা সহজে জ্বলে।

কমিনিউটেড (Comminuted) অস্থিভগ্ন হইয়া অনেক খণ্ড হইলে তাহাকে "কমিনিউটেড ফ্রাকচার" বলে।

কমিসার (Commissure) বিদারণ, ফাটা।

কমেন্স-মেণ্ট (Commencement) প্রারম্ভ।

কম্বলাবরণ (Wetpack) ওয়েট-প্যাক। জ্বরাদি রোগে আর্দ্র কম্বল দ্বারা গাত্রাবরণ।

কয়েল (Coil) ব্যাবর্ত্তন, পেঁচ।

কবণ (Corn) কড়া, কদর।

করভ (Metacarpus) মণিবন্ধ ও অঙ্গুলীর মধ্যবর্ত্তি হস্তের বহির্ভাগ।

কর-সাধ্য (Manual) হস্ত দ্বারা যাহা করা যায়।

কবিম্ব (Corymb) কিরীটের ন্যায় পুষ্পবিন্যাস।

করোটি (Cranium) মাথার খুলি; মস্তকাস্থি।

করোণয়েড (Coronoid) কাকচঞ্চুবৎ; অংসনা নামক অস্থির কাকচঞ্চুবৎ প্রবর্দ্ধন।

করোণা (Corona) নরকপালের শিখরদেশ। মকুটাকার।

করোণা গ্ল্যাণ্ডিস (Corona glandis) লিঙ্গমুণ্ড।

করোণরি (Coronary) মুকুট ধমনি, কিরীট ধমনি, হৃৎপিণ্ডের ধমনিও শিরা। মকুটবৎ বেষ্টনকারী।

করোণ্যাল (Coronal) নরকপালের শিখরসংক্রান্ত।

করোণ্যাল-সুচার (Coronal suture) নরকপালের সেবনী-সন্ধি।

করোলা (Corolla) পুষ্পের অন্তরস্থ আবরণ ; দলক।

করোসিভ (Corrosive) ক্ষয়কর, ক্ষতকর, দাহক।

করোসিভ সব্লিমেট (Corrosive sublimate) পারদ বিশেষ ; রস কর্পূর।

কর্কটরোগ (Cancer) এক প্রকার দূষিত অর্ব্বুদ, ইহা ক্রমশঃ বর্দ্ধিত হয়, এবং প্রথম আক্রমণ স্থান হইতে দূরবর্ত্তী স্থানেও জন্মিয়া থাকে।

কর্কটিকা (Cancer) কর্কট রোগ।

কর্টিক্যাল (Cortical) বল্কল বা বাহ্যাবরণ সম্বন্ধীয়।

কর্ডা (Chorda) তন্তুগুচ্ছ ; রজ্জু।

কর্ডি (Chordæ) রজ্জু ; স্নায়ু প্রভৃতির রজ্জুবৎ গুচ্ছ।

কর্ডী (Chordee) প্রমেহাদি রোগে যন্ত্রণাপ্রদ বক্র লিঙ্গোচ্ছাস।

কর্ণ-অলিন্দ (Vestibule) কর্ণের গহ্বর সমূহের মধ্যবর্ত্তী প্রকোষ্ঠ, কর্ণ গর্ত্তের চাতাল।

কর্ণকুহর (Meatus of the ear) কর্ণের ছিদ্র ; কর্ণ-পথ।

কর্ণনল (Eustachiantube) গলমধ্য হইতে মধ্যকর্ণ পর্য্যন্ত বিস্তৃত নল।

কর্ণনাদ (Tinnitus Aurium) কর্ণে ঘণ্টাধ্বনি প্রভৃতি অস্বাভাবিক শব্দ।

কর্ণপটহ (Membrana Tympani) টিম্পেনম্ দ্রষ্টব্য।

কর্ণপ্রদাহ (Otitis) কর্ণের আরক্ততা, বেদনা ও স্ফীততা।

কর্ণমল (Ear-wax) কাণের খোল।

কর্ণমূল (Parotid gland) কর্ণের নিম্নস্থ বৃহত্তম গ্রন্থি, ইহা হইতে লালা স্রাবিত হয়। [ফুলা।

কর্ণমূলপ্রদাহ (Parotitis) কর্ণমূল

কর্ণশষ্কুলী (The Auricle of the ear) মস্তকপার্শ্ব হইতে বাহ্যকর্ণের যে অংশ প্রবর্দ্ধিত।

কর্ণশম্বুক (Concha) কাণের হাঁড়ি।

কর্ণশূল (Otalgia) কাণবেদনা।

কর্ণস্রাব (Ottorrhœa) কর্ণ হইতে পূয রক্তাদি স্রাব নিঃসরণ, কাণপাকা।

কর্ণিউ (Cornu) শৃঙ্গ।

কর্ণিউয়া (Cornua) শৃঙ্গ সমূহ।

কর্ণিয়া (Cornea) চক্ষুর সম্মুখভাগে অবস্থিত স্বচ্ছাবরণ ; শার্ঙ্গক ; কণীনিকা। [প্রদাহ।

কর্ণিয়াইটিস (Corneitis) কণীনিকা-

কর্ণিকিউলম (Corniculum) ক্ষুদ্র-শৃঙ্গ। [উলম শব্দের বহুবচন।

কর্ণিকিউলা (Cornicula) কর্ণিকি-

কর্ণিকিউলেটেড (Corniculated) ক্ষুদ্র শৃঙ্গের ন্যায় প্রবর্দ্ধন বিশিষ্ট।

কর্ণিফরম (Corniform) শৃঙ্গাকার।

কর্পস (Corpus) গাত্র ; শরীর।

কর্পস্ ক্যালোসম (Corpus callosum) বৃহৎ মস্তিষ্কের মূলস্থিত শুভ্রবর্ণ সুদৃঢ় পদার্থ, এতদ্বারা মস্তিষ্কের অর্দ্ধমণ্ডলদ্বয় সংযুক্ত রহিয়াছে।

কর্পস ক্যাভার্‌-নোসম (Corpus cavernosum) লিঙ্গগাত্রস্থ অংশ বিশেষ।

কর্পস মিউকোসম (Corpus mucosum) চর্ম্মের বর্ণপ্রদ গভীর কোমল অস্বচ্ছ অংশ।

কর্পস লিউটিয়ম (Corpus luteum) ডিম্ব অর্থাৎ স্ত্রীবীর্য্য নির্গত হইলে ডিম্বাশয়ে যে ক্ষত-চিহ্ন থাকে।

কর্পসেল, কর্পস-কেল (Corpuscle) অণুকোষ; কণিকা; বিন্দু; রক্তাণু।

কর্পস-কিউলার (Corpuscular) কর্পসকেল বিশিষ্ট বা সম্বন্ধীয়।

কর্পোরা (Corpora) কর্পস শব্দের বহুবচন।

কর্পোরা কোয়াড্রিজেমিনা (Corpora quadrigemina) মস্তিষ্কের যোজকের উপবিভাগে স্থিত অর্দ্ধাকার চারিটী উন্নতাংশ।

কর্পোরা জেনি-কিউ-লেটা (Corpora geniculata) দর্শন-স্নায়ুপথ মস্তিষ্কাংশ।

কর্পোরা ষ্ট্রায়েটা (Corpora striata) পেশীর ন্যায় কলের আকার মস্তিষ্কের অংশ বিশেষ।

কর্ভ (Curve) কোণ, বক্র, বক্রাংশ।

কলম (Column) স্তম্ভ।

কলমনার (Columnar) স্তম্ভাকার।

কলমনি (Columnæ) স্তম্ভ।

ক-লয়েড (Colloid) শিরীষ বা আঠাবৎ।

[ওলাউঠা।

কলারা (Cholera) বিসূচিকা,

কলারিং ম্যাটার (Colouring matter) বর্ণকপদার্থ।

কলারিণ (Cholerine) ওলাউঠার পূর্ব্ববর্ত্তী উদরাময়, উপবিসূচিকা, সরল ওলাউঠা।

কলিক (Colic) শূলবেদনা, উদর বেদনা।

কলিকা পিক্টোনম (Colica Pictonum) চিত্রকরের শূলবেদনা; সীস-শূল।

কলিকোয়েটিভ (Colliquative) ক্ষয়কর; বিদ্রাবক; যে সকল স্রাবনিঃসরণে শীঘ্র শরীর ক্ষয় হয় তাহাদের প্রতি প্রয়োগ হইয়া থাকে।

কলিফ্লাওয়ার এক্স্রিক্রিসেন্স (Cauliflower Excresence) ফুল কপির ফুল বা কুক্কুটশিখাবৎ উপমাংশ।

[মরিচা।

কলঙ্ক (Spot ; Rust) কালচিহ্ন;

কলঙ্কদর্শন (Muscæ Volitantes) চক্ষুর সম্মুখে মাছির ন্যায় কৃষ্ণবর্ণ চিহ্ন সমস্ত ভাসিয়া বেড়ান দেখা।

কর্ডি-ডি-আকব (Caul-de-sac) অন্ধ কোষাবরণ কোষ।
কলতানি (Ichor) ক্ষতাদি হইতে দুর্গন্ধি পাতলা জলবৎস্রাব, রসানি।
কল্ক (Paste) কাঁচা অথবা শুষ্কদ্রব্য শিলায় পেষণ করিয়া লইলে তাহাকে কল্ক বলা যায়।
কল্মষ (Miasma) মলিন জলাদি হইতে উদ্ভূত দূষিত বাষ্প।
কল্যাপ্স (Collapse) জীবনীশক্তির সম্পূর্ণ অবসাদন; পতনাবস্থা।
কশেরুকা (Vertebra) পৃষ্ঠবংশের এক একখানা অস্থি।
কশেরুকরজ্জু (Spinal chord) পৃষ্ঠদণ্ডের মধ্যস্থিত রজ্জুবৎ স্নায়ুগুচ্ছ; পৃষ্ঠবংশীয় মজ্জা।
কশেরুক মাজ্জেয়ক্ষয় (Locomotor-ataxy) একপ্রকার পক্ষাঘাত, পৃষ্ঠবংশের স্নায়ুগুচ্ছের পীড়াবশতঃ এই পক্ষাঘাত জন্মে।
কষ্টরজ (Dysmenorrhœa) যন্ত্রণাযুক্ত রজঃস্রাব; রজ-শূল।
কষ্টা (Costa) পর্শুকা, পঞ্জরাস্থি।
কষ্টাল (Costal) পঞ্জরাস্থি বা পার্শ্বসম্বন্ধীয়। [পদ।
কষ্টো (Costo-) পর্শুকাবাচক পূর্ব্ব-
কস্‌প (Cusp) দন্ত-মকুটের সূক্ষ্ম বা প্রবর্দ্ধিত অংশ।
কস্‌পিড (Cuspid) সূক্ষ্মাগ্রবিশিষ্ট; বর্ষাকার।
কাই-ন্যান্‌কি, সাই-ন্যান্‌কি (Cy-nanche) শ্বাসরোধ; যে রোগে বায়ুপথ ও গলনালী প্রদাহিত হওয়ায় শ্বাসক্রিয়া ও বাক্যকথনে ব্যাঘাত হয় তাহার প্রদাহ।
কাইম (Chyme) আমাশয়ের ক্রিয়ায় পরিপাচিত অর্দ্ধজীর্ণ খেতাকার ভুক্তদ্রব্য; আমরস।
কাইমি-ফিকে-শন (Chymification) কাইম বা আমরস প্রস্তুত-প্রক্রিয়া।
কাইল (Chyle) কাইম বা অন্নমণ্ড পরিপাচিত ভুক্তদ্রব্য ক্ষুদ্রান্ত্রে যে দুগ্ধবৎ শুভ্র পদার্থে পরিণত হয় তাহাকে 'কাইল' বা পক্করস কহে।
কাই-লাস. কাইলেশাস (Chylous, chylaceous) কাইল বিশিষ্ট বা সম্বন্ধীয়।
কাইলিফিকে-শন (Chylification) পক্করস প্রস্তুত-প্রক্রিয়া।
কাইলি-ফেরাস (Chyliferous) পক্করসবাহী।
কাইলুরিয়া (Chyluria) দুগ্ধমূত্ররোগ এই রোগে 'কাইল' মূত্ররূপে নির্গত হয়।
কাইলোপৈইসিস (Chylopoesis) পক্করস প্রস্তুত-প্রক্রিয়া।
কাইষ্টীণ (Kiosteine) গর্ভিণীর মূত্রোপরি পণিরের গন্ধবিশিষ্ট সরপ।
কাউণ্টার (Counter) প্রতিদ্বন্দ্বী।
কাউণ্টার-ইরিটেশন (Counter-

irritation) প্রত্যুত্তেজনা, অ-ন্যূপদাহ। ঔষধদ্বারা শরীরের একস্থানে উপদাহ জন্মাইয়া অন্য স্থানের উপদাহ দূর করা।

কাউণ্টার ইরিট্যাণ্ট (Counter irritant) প্রত্যুগ্রতাসাধক ঔষধাদি।

কাউ-পক্স (Cow-pox) গো-বসন্ত।

কাউপার্স-গ্ল্যাণ্ডস (Cowper's-glands) পুরুষের মূত্রমার্গের কন্দদেশের পশ্চাৎভাগে এবং স্ত্রীদিগের যোনির উভয় পার্শ্বে অবস্থিত ক্ষুদ্রগ্রন্থিদ্বয়।

কাকচঞ্চুবৎ (Coracoid) স্ক্যাপুলা নামক অস্থির কাকচঞ্চুর ন্যায় প্রবর্দ্ধন

কানলনল (Fallopian Tubes) স্ত্রীদিগের গর্ভাশয় হইতে ডিম্বাশয় পর্য্যন্ত বিস্তৃত প্রায় তিন ইঞ্চি লম্বা স্ত্রীবির্য্যবাহী নলদ্বয়। ফ্যালোপিয়াস নামক ইটালী দেশীয় চিকিৎসক ইহা আবিষ্কার করিয়াছিলেন বলিয়া তাঁহার নামানুসারে ইহাকে "ফ্যালোপিয়ান টিউব" বলে।

কান্দরিক শব্দ (Cavernous Rale) ঝর্ঝর শব্দ; শূন্য-গর্ত উচ্চশব্দ, ফুসফুসে গহ্বর জন্মিলে আকর্ণন কালে ইহা শুনা যায়।

কামলা (Jaundice) পাণ্ডুরোগ, ন্যাবা

কামাদ্রি (Mons Veneris) মন্স-ভেনেরিস দ্রষ্টব্য।

কামোন্মাদ (Nymphomania) স্ত্রীলোকের অত্যধিক কামপ্রবৃত্তি ও লজ্জাশূন্যতা বিশিষ্ট উন্মাদরোগ

কারণ (Cause) রোগের নিদান; যাহা হইতে রোগ জন্মে।

কারণতত্ত্ব (Etiology) রোগের কারণের বৃত্তান্ত।

কার্টি-লেজ (Cartilage) উপাস্থি, দেহের অভ্যন্তরস্থ মসৃণ, নিরেট, স্থিতিস্থাপক, অস্থি অপেক্ষা কোমল পদার্থবিশেষ।

কার্ডাইটিস (Carditis) হৃদ্প্রদাহ, হৃৎপিণ্ডের প্রদাহ।

কার্ডিও (Cardio-) সমস্ত (সমাসিত) শব্দে হৃৎপিণ্ড বা হৃৎপিণ্ডের বাচক পূর্ব্বপদ।

কার্ডিয়্যাক (Cardiac) হৃৎপিণ্ড সম্বন্ধীয়; হৃৎপিণ্ডের ক্রিয়া উত্তেজক।

কার্ডিয়্যাক-প্লেক্সস (Cardiac Plexus) হৃৎপিণ্ডের স্নায়ুগুচ্ছ।

কার্ডিয়্যাল-জিয়া (Cardialgia) বুক-জ্বালা, হৃদ্দাহ।

কার্ডিও পেরিকার্ডাইটিস (Cardio-pericarditis) হৃৎপিণ্ড ও উহার আবরণের যুগপৎ প্রদাহ।

কার্ডিয়া (Cardia) হৃৎপিণ্ডের নিকটবর্ত্তী আমাশয়ের উপরের মুখ। হৃদ্দ্বার।

কার্ডেমম (Cardamom) এলাচি।

কার্নি-কলামনি (Carnæ Columnæ)

জনুবর্দ্ধনের গোলাকার পেশীর প্রবর্দ্ধন।

কার্নিফর্ম (Carniform) মাংসের আকার বা গুণবিশিষ্ট।

কার্নি-ফাইড (Carnified) মাংসীভূত।

কার্নি-ফিকেশন (Carnification) মাংসাকার প্রাপ্তি।

কার্পাস (Carpus) মণিবন্ধ, কব্জা।

কার্পাল (Carpal) মণিবন্ধ সম্বন্ধীয়।

কার্পেল (Carpel) ফলাণু; সূক্ষ্মফল।

কার্পো (Carpo-) সমস্ত পদে মণিবন্ধ জ্ঞাপক পূর্ব্বপদ।

কার্পোফোর (Carpophore) দীর্ঘীভূত ফলাণু; ফলবৃন্ত।

কার্ব্বাংকল (Carbuncle) পৃষ্ঠাঘাত প্রভৃতি প্রদাহিত ও দূষিত ব্রণ; দাহিকা। এই ফোড়ার বর্ণ কৃষ্ণ মিশ্রিত লোহিত। ইহা সাধারণতঃ পৃষ্ঠে ও ঘাড়ে উৎপন্ন হয়। পৃষ্ঠে হইলে পৃষ্ঠাঘাত বলে।

কার্ব্বণ (Carbon) বিশুদ্ধ অঙ্গার, কেবল হীরকে ইহা বিশুদ্ধ আকারে পাওয়া যায়।

কার্ব্বণিক-এসিড (Carbonic Aid) অঙ্গারাম্ল; দুইভাগ অক্সিজেন ও একভাগ কার্ব্বণ সংযোগে এই বিষাক্ত বাষ্প উৎপন্ন হয়। ইহা ফুসফুসে প্রবেশ করিলে প্রাণনষ্ট করে, কিন্তু আমাশয়ে উত্তেজক স্বরূপ হইয়া বিশেষ উপকার করে। জলমিশ্রিত অবস্থায় ... মাদক মদিরার ফেণ ও ... সুরায় ইহা আছে। ... প্রভৃতি অঙ্গারবিশিষ্ট বস্তু ... বিপাচিত হইলে ইহা জন্মে।

কার্ব্বনেট-অভ-লেড (Carbonate of lead) সফেদা।

কার্ব্বো-এনিম্যালিস (Carbo animalis) অস্থি প্রভৃতি দগ্ধ দ্বারা সম্পন্ন অঙ্গার, জান্তব অঙ্গার; ইহা ঔষধরূপে ব্যবহৃত হয়।

কার্ব্বো-ভেজিটেবিলিস (Carbo Vegetabilis) উদ্ভিজ্জ অঙ্গার; উদ্ভিদ পদার্থ স্বল্প বায়ু সংযোগে দগ্ধ করিয়া ইহা উৎপন্ন হয়।

কার্মিনেটিভ (Carminative) উদরের আক্ষেপিক বেদনানিবারক ও বায়ুনাশক ঔষধ।

কার্সিনোমা (Carcinoma) কর্কট রোগ; ক্যান-সার।

কালশিরা (Ecchymosis) কালিম নীলা। একিমোসিস দ্রষ্টব্য।

কাষ্ট (Cast) আকার বা ছাঁচ।

কি (Key) দন্ত উৎপাটনার্থ যন্ত্র বিশেষ। ... চাবিক।

কিউটিস-ভিরা (Cutis vera) প্রকৃত

কিউটিকেল (Cuticle) বাহ্যত্বক; উপত্বক। ... ছাল।

কিউ-বয়েড (Cuboid) ষট্‌চতুর্ভুজাকার।

কিউবেব (Cubeb) কবাবচিনি।

কিউরেটিভ (Curative) আরোগ্য করণ। [নানা রোগ।
কিন্স্-ইভিল (King's evil) গণ্ড-
কিউ-নিফরম (Cuneiform) বাণের মস্তকের ন্যায় ক্রমশঃ সূক্ষ্মাগ্র।
কিউ-মিউলেটিভ (Cumulative) অল্পমাত্রায় সেবন করিতে করিতে সংগৃহীত হইয়া হঠাৎ অধিক মাত্রার ফল প্রকাশক; সংগ্রাহক।
কিড্নি (Kidney) নিম্ন উদরে অবস্থিত শিমের বীজের আকার মূত্র উৎপাদক যন্ত্রদ্বয়; বৃক্ক, মূত্রপিণ্ড।
কিণ (Corn) কড়া।
কিমোসিস (Chemosis) একপ্রকার চক্ষু প্রদাহ, ইহাতে কনীনিকার চারিদিকে অঙ্কুরাকার উন্নত পরদা জন্মে।
কিলোগ্রাম (Killogramme) একপ্রকার ফ্রেঞ্চ পরিমাণ ইংরেজী (এভর্ডিপয়েস) সোওয়া দুই পাউণ্ড, বাঙ্গলা প্রায় উনিশ ছটাক।
কিলোটমি (Kelotomy) অর্ব্বুদচ্ছেদ।
কিলোলিটার (Kilo-litre) ইংরেজী ২২০ গ্যালনের সমতুল্য ফ্রেঞ্চ পরিমাণ বিশেষ।
কীটাণু (Cnimalculæ) অণুবীক্ষণ যন্ত্রদ্বারা প্রত্যক্ষ সূক্ষ্ম সূক্ষ্ম কীট।
কীরেটাইটিস (Keratitis) কনীনিকাপ্রদাহ, শাল্ক্ব দোষ।
কীলক (Knob) গ্রন্থি, গাঁইট।
কীলযুক্ত (Hob-nailed) গ্রন্থিল।
কীলয়েড (Keloid) কুষ্ঠরোগজনিত চর্ম্মার্ব্বুদ বিশেষ।
কুইক-নিং (Quickening) গর্ভিণীর ভ্রূণবিবর্ত্তন প্রথম অনুভব।
কুইক-সিল-ভার (Quick-silver) পারদ, পারা।
কুইন্সি (Quinsy) তালুমূল বা গলার প্রদাহ।
কুইন্ট্যান (Quintan) প্রতিপঞ্চম দিবসে যে জ্বর উপস্থিত হয়।
কুইনি-নিজ-ম (Quininism) অতিমাত্রায় কুইনাইন সেবনজনিত বিষ-লক্ষণ।
কুটিলগতি (Malposition) গর্ভস্থ ভ্রূণের অস্বাভাবিক গতি বা অবস্থান।
কুণ্ডলী (Convolutions) বলয়ের ন্যায় বেষ্টন; অন্ত্রাদির পেঁচ, মস্তিষ্কের ভাঁজ।
কুব্জ (Concave) গম্বুজাকারের অভ্যন্তর দিকের ন্যায়।
কুমারী ঝিল্লী (Hymen) কুমারীদিগের যোনি-মুখ আবরক অর্দ্ধচন্দ্রাকার পরদা, সতীচ্ছদ, সতীচ্ছদ।
কুঞ্জিকা (Hordeolum) অঞ্জনি, আঁজনাই।
কুষ্ঠ (Leprosy) মহাব্যাধি।

কুইং (Cooing) কবুতর বা ঘুঘুর ন্যায় কুকুশব্দ।
কুরুন (Rumbling) ডাকা, যথা কণ্ঠকুরন-গলা ডাকা; অন্ত্রকুরন-পেটডাকা।
কুজিত কাশ (Tracheitis) কণ্ঠনালীর শ্লৈষ্মিক ঝিল্লীর প্রদাহ; কুপ রোগ।
কৃচ্ছ্রসাধ্য (Difficult to cure) সহজে যাহা আরোগ্য হয়না।
কৃত্রিম ঝিল্লী (False Membrane) ডিপথিরিয়াআদি রোগে গলমধ্যে উৎপন্ন সরের ন্যায় পদার্থ।
কৃমিদন্ত (Caries of Tooth) দাঁতে পোকা লাগা।
কৃষ্ণ মণ্ডল (Cornea) চক্ষুর শুক্লাংশের মধ্যস্থিত গোলাকার স্বচ্ছ অংশ।
কেজিন (Casein) দুগ্ধের যবক্ষারজানবিশিষ্ট সারভাগ।
কেটেল-বয়েলিং-সাউণ্ড (Kettle boiling sound) যক্ষ্মা রোগের প্রারম্ভাবস্থায় বক্ষঃ স্থলের এক প্রকার সপ্ সপ্ শব্দ।
কেমিক্যাল (Chemical) রাসায়নিক।
কেমিষ্ট (Chemist) রসায়ন শাস্ত্রবিদ।
কেমিষ্টি (Chemistry) রসায়নবিদ্যা।
কেরিণা (Carina) (উ) পুষ্পের ক্ষুদ্রাকার দলদ্বয় মিলিত হইয়া নৌকার ন্যায় প্রস্তুত অংশ।
কেরিস (Caries) অস্থিক্ষত।
কেল্প (Kelp) সামুদ্রিক উদ্ভিদ বিশেষের ভস্ম হইতে উৎপন্ন এক প্রকার অপরিষ্কার ক্ষার।
কেশমর্মরধ্বনি (Crepitation) ক্রেপিটেশন দ্রষ্টব্য।
কেশ্য কেশবর্দ্ধক।
কৈশিকা (Capillary) কেশের ন্যায় সূক্ষ্ম সূক্ষ্ম নাড়ী, এই নাড়ীদ্বারা ধমনি ও শিরাদিতে রক্ত আদি সঞ্চালিত হয়।
কৈশিকবায়ুনলীভুজপ্রদাহ (Capillary Bronchitis) বায়ুনলী ভুজের সূক্ষ্ম সূক্ষ্ম প্রশাখার প্রদাহ।
কোই-টস (Coitus) মৈথুন, সঙ্গম।
কোকিলচঞ্চু-অস্থি (Coccyx) পৃষ্ঠবংশের নিম্নে ত্রিকাস্থির শেষ প্রান্তস্থিত কোকিলের চঞ্চুর আকৃতি ক্ষুদ্র অস্থি।
কোট (Coat) আবরণ, আচ্ছাদন।
কোটি-লয়েড (Coty loid) বাটির ন্যায় (গহ্বর)।
কোটি-লি-ডন (Catyledon) বীজদল; প্রথমপত্র। বাটির ন্যায় আকার বিশিষ্ট নাড়ীময় অংশ।
কোঠ (Urticaria Evanida) মণ্ডলাকার কণ্ডুযুক্ত আরক্ত চর্ম্মরোগ বিশেষ, ইহা একটু পরেই মিলিয়া যায় কিন্তু পুনরায় প্রকাশ পায়।

কোথ (Gangrene) জীবিত দেহের মাংস পচিয়া যাওয়া।

কোণ-য়েড (Conoid) শুণ্ডাকার।

কোফোসিস (Cophosis) পক্ষাঘাত বশতঃ শ্রবণ শক্তির অভাব ; বধিরতা।

কোমলতালু (Soft palate) অস্থিময় তালুকার পশ্চাৎ ভাগে অলম্বিত কোমলাংশ।

কোমা (Coma) তন্দ্রাদোষ, অচৈতন্য। কেশগুচ্ছ।

কোমাভিজিল (Coma vigil) জ্বরাদি রোগে উন্মীলিত নেত্রে অচৈতন্য বা উদাসীন অবস্থা। এই অবস্থা প্রায়ই মৃত্যুতে পরিণত হয়।

কোমেটোস (Comatose) কোমাযুক্ত বা কোমা সম্বন্ধীয়। অচেতন

কোটিডিয়ান (Quotidian) ঐকাহিক জ্বর। [জ্বরাদি।

কোয়াগিউলা (Coagula) সংযত রক্ত।

কোয়াগিউলেবল্-লিম্ফ (Coagulable Lymph) ক্ষতাদিতে যে লাসিকা সঞ্চিত ও সংযত হইয়া পরে চিপিটিকারূপে পরিণত হয়।

কোয়ান্টাম-সফিসিট (Quantum Sufficit) প্রচুর পরিমাণ, ইহার সাঙ্কেতিক চিহ্ন Q. S

কোয়াণ্টিটেটিভ (Quantitative) মিশ্রপদার্থের উপাদানের পরিমাণ সম্বন্ধীয়।

কোয়াড্রি-(Quadri-) চারি বা চতুর্জ্ঞাপক পূর্ব্বপদ।

কোয়াড্রি-ল্যাটার্যাল (Quadrilateral) চতুর্ভুজ।

কোয়াম (Qualm) বিবমিষা, গা বমি বমি করা।

কোয়ালিটেটিভ (Qualitative) মিশ্র পদার্থের উপাদানের গুণ সম্বন্ধীয়। [বৈদ্য।

কোয়্যাক (Quack) মূর্খ বৈদ্য, হাতুড়ে

কো-রয়েড (Choroid) কোরিয়নের ন্যায় বহুল রক্তবহানাড়ীময়। চক্ষুর দ্বিতীয় পটল বা পরদা।

কোরাইজা (Coryza) মস্তকের প্রতিশ্যায়, মাথার শর্দ্দি।

কোরাইঅম (Corium) প্রকৃত চর্ম্ম ; উপত্বক দূরীভূত হইলে শ্লৈষ্মিক ঝিল্লীর যে অংশ অবশিষ্ট থাকে।

কোরাকয়েড (Coracoid) স্কন্ধাস্থির কাকচঞ্চুবৎ প্রবর্দ্ধন। কাকচঞ্চুবৎ।

কোরিম্বোসা (Corymbosa) দলবদ্ধ।

কোরিয়ন (Chorion) গর্ভস্থ ভ্রূণের বাহ্যাবরণ ঝিল্লী। বীজাবরণ।

কোল (Coal) পাথরিয়া কয়লা, কয়লা।

কোলন (Colon) অন্ধান্ত্র হইতে সরলান্ত্র পর্য্যন্ত বৃহদন্ত্রের অংশ ; স্থূলান্ত্র।

কোলাইটিস (Colitis) কোলন বা স্থূলান্ত্রের প্রদাহ।

কোলি (Chole) পিত্ত।

কোলি-ইক (Choleic) পিত্তসংক্রান্ত।

কোলিমিয়া (Cholæmia) রক্তে পিত্তাধিক্য।

কোলিরিয়ম (Collyrium) অঞ্জন, কজ্জল, চক্ষুতে প্রয়োগার্থ ধৌত অর্থাৎ দ্রব ঔষধ।

কোলে-গগ, কলেগগ (Cholagogue) পিত্তনিঃসারক ঔষধ।

কোলেষ্টিরিণ (Cholesterine) রক্ত, পিত্ত, মস্তিষ্কাদিতে স্থিত এক প্রকার শুভ্র, চিক্কণ, স্বাদ গন্ধহীন বস্তু।

কোলষ্ট্রম (Colostrum) প্রসবের পর প্রথমোৎপন্ন স্তন্য।

কো-ল্যাটার্যাল (Colatteral) আনুষঙ্গিক ; সহবর্ত্তী।

কোষ (Cell) অণুবীক্ষণ যন্ত্রপ্রত্যক্ষ অবরুদ্ধ মুখ এক প্রকার ক্ষুদ্র থলি।

কোষার্ব্বুদ (Encysted Tumour) থলের ভিতর স্থিত আব।

কোষ্ঠক (Tub) স্নানার্থ কাষ্ঠাদি নির্ম্মিত পদার্থ বিশেষ, টব।

কোর্স (Course) রোগের গতি। (ব, ব,) স্ত্রীলোকের ঋতু।

কোহি-শন (Cohesion) যোগাকর্ষণ।

কৌলিক (Hereditary) বংশ পরম্পরা আগত, পৈতৃক।

কৌষিক (Cellular) কোষময়।

কৌষিক ঝিল্লী (Cellular Tissue) ক্ষুদ্র ক্ষুদ্র কোষময় জালাকার ঝিল্লী।

ক্যাক-হেক-শিয়া (Cachexia) রক্ত দুষ্ট হইয়া সর্ব্বাঙ্গীন বিকৃত অবস্থা ; শারীরবিকার ; ধাতু বিকৃতি।

ক্যাকোট্রফি (Cacotrophy) অসম্যক পরিপোষণ।

ক্যাঙ্ক্রম-ওরিস (Cancrum-oris) মুখের পচা ক্ষত।

ক্যাঙ্ক্রয়েড (Cancroid) কর্কটাকার।

ক্যাটাপ্লাজ্মা (Cataplasma) পুলটিস্।

ক্যাটা-মেনিয়া (Catamenia) স্ত্রীরজঃ

ক্যাটার Catarrh) প্রতিশ্যায়, শর্দ্দী।

ক্যাটার্যাক্ট (Cataract) চক্ষের ছানি বা ফুলি রোগ ; মস্থ, বিদগ্ধ-দৃষ্টি।

ক্যাটালিটিক (Catalytic) অস্তক্রৎ সেচন বৎ।

ক্যাটালেপ্সি Catalepsy) নিষ্পন্দবায়ু রোগ। ইহাতে কিয়ৎক্ষণ শারীরিক ও মানসিক ক্রিয়া স্তব্ধীভূত থাকে।

ক্যাটি-কিউ (Catecue) খদির, খয়ের।

ক্যাড-মিয়ম (Cadmium) দস্তার ন্যায় এক প্রকার ধাতু।

ক্যাডু-কাস (Caducous) মুকুল বাহির হইলেই যাহাদের পাতা পড়িয়া যায়।

ক্যাডেভার (Cadaver) মৃতদেহ।

ক্যাডেভারঃস (Cadaverous) মৃত দেহের ন্যায় বর্ণ।

ক্যাথার্-টিক (Cathartic) বিরেচক, ভেদক।

ক্যাথিটার (Catheter) মূত্রনিঃসারণার্থ সছিদ্র শলাকা।

ক্যান-সার (Cancer) এক প্রকার দূষিত অর্ব্বুদ, কর্কট রোগ।

ক্যান-সেলাই (Cancelli) অস্থির মধ্যভাগের বহুসংখ্যক ছিদ্র।

ক্যান-সেলঃস, ক্যান-সেলেটেড (Cancellous, Cancellated) ক্যান সেলাই বিশিষ্ট।

ক্যানাইন-টীথ (Canine Teeth) মাংসাশী পশুর সূক্ষ্ম-মুখ ছেদক দন্ত; শৌবদন্ত।

ক্যানাল (Canal) দ্রব পদার্থবাহী শরীরস্থ নালী।

ক্যানুলা (Canula) ক্ষত হইতে পূয রসাদি দূরীকরণার্থ নল।

ক্যানেবিস (Cannabis) সিদ্ধি, গাঁজা।

ক্যান্থঃস (Canthus) চক্ষুর পাতার প্রান্তদেশ স্থিত গহ্বর; চক্ষুর কোণ।

ক্যান্থেরিস (Cantharis) স্পেইন দেশজাত এক প্রকার মক্ষিকা, সচারচর ফোস্কা উৎপাদনার্থ ব্যবহৃত হয়। তেলেনী মক্ষিকা।

ক্যাপঃট (Caput) মস্তক।

ক্যা-পঃট-কোলাই (Caput-coli) স্থূলান্ত্রের মাথা। [মরিচ।

ক্যাপসি-কঃম (Capsicum) লঙ্কা-

ক্যাপ-সিউল (Capsule) থলীর ন্যায় ঝিল্লী; কোষ। বীজকোষ।

ক্যাপ-সিউলার (Capsular) কোষবিশিষ্ট।

ক্যাপাসিটি (Capacity) ধারণাশক্তি।

ক্যাপিটিউলঃম (Capitulum) শিরোনিভ। অস্থির মস্তকাকারপ্রবর্দ্ধন।

ক্যাপিটেলঃম (Capitellum) ক্ষুদ্র মস্তকাকারঅংশ।

ক্যাপিলারি (Capillary) কেশের ন্যায়। ক্যাপিলারি ভেসেল-স (Capillary Vessels) শরীরের অভ্যন্তরে কেশের ন্যায় সূক্ষ্ম সূক্ষ্ম নাড়ী; কৈশিকা। [ন্যার বীর্য্য।

ক্যাফিন (Caffein) কাফি বা কাও-

ক্যাভার-নঃস রাল (Cavernous rale) কান্দরিক শব্দ। ফুসফুসের গহ্বরজ শব্দ।

ক্যাভিটি (Cavity) গহ্বর। শরীরের কোন স্থানে স্বাভাবিক বা রোগজগর্ত্ত।

ক্যাম্ফোরা (Camphora) কর্পূর।

ক্যারঃঙ্কল (Caruncle) মাংসময় ক্ষুদ্র সহজ বা রোগজ উদ্ভেদ।

ক্যারঃঙ্কিউলি (Carunculæ) ক্যারঃঙ্কলশব্দের বহুবচন।

ক্যারঃঙ্কিউলি মার্টি-ফর-মিস (Carun-

culæ Myrtiformes) যোনির মুখে ক্ষুদ্র ক্ষুদ্র আরক্ত অর্ব্বুদ, বিচ্ছিন্ন সতীচ্ছদের অবশেষ।

ক্যারাক্টার-ষ্টিক্স (Characterstics) প্রকৃতিগত বা প্রভিন্নকর লক্ষণ।

ক্যারে-ওয়ে (Caraway) ক্যারম ক্যারুইর বীজ, এক প্রকার সুগন্ধি মসল্লা।

ক্যারো-টিড-স (Carotids) মস্তকে রক্ত বহনকারী গ্রীবার বৃহৎ ধমনীদ্বয়; নীলা।

ক্যাল-কিউ-লাস (Calculus) শিলা, অশ্মরি, মূত্রাশয়, বৃক্ক প্রভৃতিতে যে পাতর বা ঝিল উৎপন্ন হয়।

ক্যাল-কিউলাই (Calculi) ক্যালকিউলাস শব্দের বহুবচন।

ক্যাল-কেরিয়া (Calcaria) চুণ।

ক্যাল-কেনিয়াম (Calcaneum) পায়ের গোড়ালির হাড়, গুল্‌ফাস্থি।

ক্যাল-সিফিকে-শন (Calcification) চূণেপরিণতি; চূর্ণত্বপ্রাপ্তি।

ক্যাল-সিয়াম (Calsium) চূণের ধাতবমূল।

ক্যালিক্স (Calyx) কুণ্ড; পুষ্পের বহিঃস্থ আবরণ।

ক্যালিপার্স (Callipers) বস্তিগহ্বরের বহির্দেশ পরিমাণার্থ যন্ত্রবিশেষ।

ক্যালেণ্ডুলা (Calendula) গাঁদাফুল।

ক্যালমেল (Calomel) সব-ক্লোরাইড-অভ-মার্কুরি, পারাবিশেষ।

ক্যালরিক (Caloric) উত্তাপ।

ক্যালোসাম-কর্পাস (Callosum Corpus) যে মেদময় উন্নত অংশ দ্বারা মস্তিকের অর্দ্ধমণ্ডল দ্বয় সংলগ্ন রহিয়াছে।

ক্যালোসিটি (Callosity) কড়া।

ক্রণিক (Chronic) পুরাতন, প্রাচীন।

ক্রম (Attenuation) মূল অরিষ্ট বা তৃতীয়শক্তির বিচূর্ণ হইতে যে ঔষধ প্রস্তুত হয় তাহাকে "ক্রম" বলে। ক্রম দ্বিবিধ, যথা, দ্রবক্রম বা লিকুইড এটিমুয়েশন এবং শুষ্কক্রম বা ড্রাই এটিনুয়েশন। ক্রমকে পোটেন্সি ও ডাইলিউশনও বলে। মূল ঔষধ হইতে ষষ্ঠ পর্য্যন্ত নিম্নক্রম, ষষ্ঠ হইতে ত্রিংশ পর্য্যন্ত মধ্যক্রম, ত্রিংশ হইতে দ্বিশততম পর্য্যন্ত উচ্চক্রম, দ্বিশততম হইতে উর্দ্ধসংখ্যা পর্য্যন্ত উচ্চতম ক্রম কথিত হইয়া থাকে। [শব্দ।

ক্রাম্প-লিং (Crumpling) কুঞ্চন

ক্রাচেস (Crutches) খোঁড়ার লাঠি।

ক্রাস (Crus) জঙ্ঘা।

ক্রাষ্ট (Crust) মামড়ি, চমটি, চিপিটিকা।

ক্রষ্টা-ল্যাক্টিয়া (Crusta Lactea) দুগ্ধপীড়কা; শিশুদিগের মস্তকে একপ্রকার পামারোগ।

ক্রাই-কয়েড (Cri-coid) অঙ্গুরীয়ের আকার।

ক্রাই-সিস (Crisis) রোগের সীমা বা চরম অর্থাৎ আরোগ্য বা মৃত্যু-সূচক পরিবর্ত্তন।

ক্রিকিং (Creaking) কড় কড়শব্দ; কপাট উদ্ঘাটনের ন্যায় কর্কশশব্দ।

ক্রিটিক্যাল-এজ (Critical age) জীবনের সন্ধিসময়, রজোনিবৃত্তিকাল।

ক্রিটিক্যাল-ডিস চার্জ (Critical discharge) রোগের ক্রাইসিস (ভাবান্তর) সময়ে যে মল মূত্র ঘর্ম্মাদি স্রাবিত হয়।

ক্রিটি-নিজ-ম (Cretinism) গলগণ্ড সহ জড়বুদ্ধি ও শরীর বিকৃতি।

ক্রিপ্ট্‌স (Crypts) ম্যাল-ফিগিয়ান-বাডি।

ক্রিপ্টোগেমিক প্ল্যাণ্ট (Cryptogamic plant) অপুষ্পক উদ্ভিদ।

ক্রিব-রি-ফরম (Cribriform) ঝাঁজরা বা চালুনীবৎ।

ক্রিম (Cream) সর।

ক্রিমিন্যাল-য্যাবর-শন (Criminal abortion) ভ্রূণহত্যা।

ক্রি-ম্যাষ্টার (Cremaster) অণ্ডোত্তোলক পেশী। [দর্শান।

ক্রিয়া (Action) কার্য্য, গুণাগুণ

ক্রিয়া-বিকার (Functional disorder) শারীরিক যন্ত্রাদির ক্রিয়ার বৈলক্ষণ্য।

ক্রিয়াশক্তিবাহিনীস্নায়ু (Mototary nerves) যে সকল স্নায়ুদ্বারা শরীরের ক্রিয়া বা গতি জন্মে।

ক্রিয়েটীন (Creatine) পেশীসূত্র, মূত্র ও রক্তে অবস্থিত সমক্ষারাম্ল যবক্ষারজানবিশিষ্ট পদার্থবিশেষ।

ক্রিষ্টেলাইন-লেন্স (Crystaline lens) অক্ষি মুকুর দ্রষ্টব্য।

ক্রিষ্টা (Crista) শিখা।

ক্রিষ্টেলি-জে-শন (Crystalization) যোগাকর্ষণ বশতঃ দানা উৎপাদন; ভাস্বরতাপাদন দ্রষ্টব্য।

ক্রিষ্টাল (Crystal) স্ফটিক, স্ফাটিক

ক্রুপ (Croup) স্বরঘ্ন দ্রষ্টব্য।

ক্রুরা (Crura) জঙ্ঘাকার অঙ্গ; জঙ্ঘা।

ক্রুর্যাল (Crural) উরু বা জঙ্ঘা সম্বন্ধীয়।

ক্রুসিবল (Crucible) মূষা; ধাতু প্রভৃতি বিগলনপাত্র।

ক্রুশ্যাল (Crucial) ঢেঁড়ার আকার।

ক্রেণিয়ম (Cranium) করোটি।

ক্রেণিয়্যাল (Cranial) করোটি সম্বন্ধীয়।

ক্রেপি-টাস (Crepitus) কর্কশ প্রতিঘর্ষশব্দ।

ক্রেপি-টেশন (Crepitation) কেশ ঘর্ষণধ্বনি; ফুসফুস প্রদাহ প্রভৃতি রোগে ফুসফুসে কেশে কেশে ঘর্ষণের ন্যায় কড়কড় শব্দ।

ক্রেপিট্যান্ট-র‍্যাল (Crepitant-Rale) কেশঘর্ষণ শব্দ।

ক্রেষ্ট (Crest) শীর্ষ, শিখর; শরীরের অস্থি প্রভৃতির উন্নত অংশ।

ক্রোইং (Crowing) কাকধ্বনীবৎ শব্দ।

ক্রোটন-অয়েল (Croton oil) জয়পালের তৈল। [খেঁচ।

ক্র্যাম্প (Cramp) খল্লী, খিললাগা,

ক্র্যাসেমেণ্টম (Crassamentum) রক্তের গাঢ় লোহিতাংশ; ক্লট। তরল পদার্থের তলানি।

ক্লট (Clot) সংযত অর্থাৎ জমাটরক্ত।

ক্লনিক-স্প্যাজ্‌ম (Clonic spasm) পর্য্যায় ক্রমে শিথিলতা ও সঙ্কোচন বিশিষ্ট আক্ষেপ; ঘন ঘন পেশীর আকুঞ্চন ও প্রসারণ।

ক্লাব-ফুট (Club-Foot) প্রগতপদ, জন্ম হইতে পদের বক্রতা।

ক্লাব-হ্যাণ্ড (Club Hand) বক্রহস্ত।

ক্লাইটোরাইটিস (Clitoritis) ভগাঙ্কুর প্রদাহ।

ক্লাইটোরিস (Clitoris) ভগাঙ্কুর, ভগলিঙ্গ।

ক্লাইটোরিজ-ম (Clitorism) ভগাঙ্কুরের অস্বাভাবিক বৃদ্ধি।

ক্লাইটোরিস-মস (Clitorismus) ভগাঙ্কুর বৃদ্ধি।

ক্লাইটোরোটমি (Clitorotomy) ভগাঙ্কুর ছেদ।

ক্লাই-নয়েড (Clinoid) শয্যা বা খট্টাবৎ। ক্লি-নয়েড অস্থির প্রবর্দ্ধন।

ক্লাইম্যাক্স (Climax) রোগের বৃদ্ধির চরম বা উর্দ্ধতমসীমা।

ক্লাইম্যাক-টেরিক (Climacteric) মানবজীবনের সন্ধি সময়। রজো নিবৃত্তিকাল। [হাওয়া।

ক্লাইমেট (Climate) জলবায়ু; আব

ক্লিকিং (Clicking) স্ফোটনশব্দ।

ক্লিনিক (Clinic) রোগীর শয্যার নিকটে রোগের শিক্ষাদান।

ক্লিনিক্যাল (Clinical) রোগ-শয্যার নিকটে রোগাদির বা ঔষধাদির বিষয় উপদিষ্ট; রোগাদি দর্শাইয়া কৃত।

ক্লিষ্টার (Clyster) মলদ্বারে পিচকারী।

ক্লেপ্টো-মেনিয়া (Kleptomania) চৌর্য্য প্রবৃত্তি বিশিষ্ট উন্মাদ।

ক্লেভস হিষ্টিরি-কস (Clavus Hystericus) কপালে প্রেকবিদ্ধবৎ তীব্র বেদনা।

ক্লেভিকেল (Clavicle) জত্রু, জত্রুস্থি, কণ্ঠাস্থি।

ক্লেভিকিউলার (Clavicular) কণ্ঠাস্থি সম্বন্ধীয়।

ক্লোম (Pancreas) পাকাশয়ের নিম্নস্থিত গ্রন্থির আকার যন্ত্রবিশেষ, ইহাহইতে রস ক্ষরিত হইয়া পরিপাক ক্রিয়ার সাহায্য করে।

ক্লোরোফিল (Chlorophyl) যে

বর্দ্ধক পদার্থদ্বারা পত্র হরিদ্বর্ণ হয়।

ক্লোরো-সিস (Chlorosis) হরিৎ পীড়া ; মৃৎপাণ্ডু।

ক্লোস (Close) অবরুদ্ধ।

ক্ল্যাসি-ফিকে-শন (Classification) শ্রেণীবিভাগ।

ক্বাথ (Decoction) জলে ফেলিয়া জ্বালদিয়া বস্তুর যে সার নির্গত করা যায়।

ক্ষ

ক্ষতব্রণ (Lacerated wound) অস্ত্রাদিকৃত ক্ষতের প্রান্ত যখন অসমান থাকে। [শনদ্রষ্টব্য।

ক্ষতাঙ্কুর (Granulation) গ্র্যাণুলে-

ক্ষয় (Consumption) যে সকল রোগে শরীর ক্ষয় হইয়া যায় ; শোষ, যক্ষ্মা প্রভৃতি।

ক্ষয়কাশ (Pthisis) যক্ষ্মাকাশ।

ক্ষরণ (Effusion) দ্রবদ্রব্যের পতন।

ক্ষারকর্ম্ম (Cauterization) অগ্নি, তপ্ত যন্ত্র বা কষ্টিকাদিদ্বারা দাহন।

ক্ষীণরক্ত (Scanty Menstruation) স্বল্পরজঃ।

ক্ষুদ্র মস্তিষ্ক (Cerebellum) সেরিবেলাম্ দ্রষ্টব্য।

ক্ষৌরকণ্ডূ (Sycosis) দাড়ি ও গোঁপের মূলদেশের প্রদাহবিশেষ। ক্ষুর সংযোগে এই রোগ সংক্রামিত হয় বলিয়া ইহাকে 'ক্ষৌরকণ্ডূ' বলে।

খ

খটিকা (Chalk) চাখড়ি।

খণ্ড (Confection) ঔষধ দ্রব্য শর্করার রস বা মধুর সহিত মর্দ্দন করিয়া কর্দ্দমাকার করিলে খণ্ড প্রস্তুত হয়।

খরস্পর্শ (Rough) খরে খরে, কর্কশ।

খল্লী (Cramps) খালধরা, খিচলাগা।

খস-খসিয়া (Rough) খরস্পর্শ, বন্ধুর।

খুসখুসী (Dry Cough) অল্প অল্প শুষ্ককাশ।

গ

গঃটা (Gutta) বিন্দু, ফোটা।

গঃটা-ওপেকা (Gutta opaca) ছানি, ফুল।

গঃটাটিম (Guttatim) ফোটা ফোটা।

গঃটা-রোজেশিয়া (Gutta Rosacia) লাল ও বেগুনি মুখদূষিকা।

গঃটা সিরিণা (Gutta Serena) অ্যামোরোসিস বা তমস্বীরোগ।

গঃটি (Guttæ) বিন্দু সমূহ। 'গটা' শব্দের বহুবচন।

গঃটিফেরি (Guttiferæ) এক জাতীয় বৃক্ষ, কর্ত্তনে উহা হইতে আঠা নির্গত হয়।

গণ্ড (Cheek) গাল।

গণ্ডমালা (Scrofula) ধাতুগত এক প্রকার রোগ, ইহাতে গণ্ড অর্থাৎ গ্রন্থি, গুটিকা, বা বিশেষ প্রকৃতি বিশিষ্ট প্রদাহ ও ক্ষত উৎপন্ন হয়।

গণ্ডস্থল (Cheek) গাল।

গণ্ডাস্থির যুগপ্রবর্দ্ধন (Zygoma) হনু ও শঙ্খাস্থি সংযোজক যুগাকার অস্থি।

গতি (Motion) সঞ্চলন ক্রিয়া।

গদ গদ ভাষণ (Stammering) অব্যক্ত বাক্য, কথা জড়িয়া যাওয়া।

গদি (pad) ক্ষতাদির উপর দিবার জন্য কাপড়ের ভাঁজ করা ক্ষুদ্র খণ্ড।

গনোরিয়া (Gonorrhœa) অপবিত্র সংসর্গবশতঃ পুং বা স্ত্রী সঙ্গমেন্দ্রিয় হইতে স্রাব নিঃসরণ, প্রমেহরোগ।

গনোরিয়াল (Gonorrhœal) প্রমেহ সম্বন্ধীয়।

গনোরো (Gonorrho-) সমস্ত শব্দে প্রমেহ সংক্রান্তবাচক পূর্ব্বপদ।

গ্যম (Gum) মাড়ী, দন্তমূল। গঁদ।

গম-ফোসিস (Gomphosis) অচল সন্ধি ; যথা, দন্ত-সন্ধি।

গম্‌-বয়েল (Gumboil) মাঢ়ীর স্ফীততা, দন্ত পুপ্পুট। [ফোড়া।

গ্যমি-গাটি (Gummi guttæ) গ্যাম্বোজ।

গ্যমেটা (Gummata) অস্থিবেষ্টার্ব্বুদ।

গয়-টার (Goitre) গলগণ্ড, গড়্গল।

গয়ার (Expectoration) কাশ, শ্লেষ্মা, উত্তাপ।

গরমী (Syphilis) উপদংশ রোগ।

গর্জ্জ (Gorge) গলা।

গর্জ্জড (Gorged) পরিপূর্ণ।

গর্ভ (Pregnancy) অন্তঃস্বত্ত্বা।

গর্ভকেশর (Pistil) ফুলের কেশরের মধ্যে যে সূত্রগাছি সর্ব্বাপেক্ষা স্থূল এবং যাহার শিরোভাগে আঠার ন্যায় একপ্রকার দ্রব পদার্থ থাকে।

গর্ভপাত (Abortion) পঞ্চম ও ষষ্ঠ মাস মধ্যে ভ্রূণ নষ্ট হওয়া।

গর্ভসাতন (Criminal Abortion) ইচ্ছা গর্ভনষ্ট করা, ভ্রূণহত্যা করা।

গর্ভস্রাব (Miscarriage) চতুর্থ মাসের মধ্যে গর্ভনষ্ট হওয়া।

গর্ভাশয় (Uterus) জরায়ু।

গল (Gall) পিত্ত, যকৃৎ হইতে নিঃসৃত পীতমিশ্রিত হরিদ্বর্ণ তরল পদার্থ।

গল-কোষ (Pharynx) জিহ্বার পশ্চাতে স্থিত মাংসময় ধুতুরা ফুলের আকার গহ্বর।

গল-ডাক্ট-স (Gall-Ducts) পিত্তবাহীনালী।

গল-নাটস (Gall-Nuts) মাজুফল ; ওকজাতীয় কোন২ প্রকার বৃক্ষে কীটের দংশন বশতঃ যে একরূপ গোলাকার উন্নত পদার্থ জন্মে।

গলনলী (Œsophagus) গলকোষ হইতে আমাশয়ের ঊর্দ্ধমুখ পর্য্যন্ত প্রসারিত নলী।

গল-ব্ল্যাডার (Gall-bladder) দক্ষিণ যকৃৎ-খণ্ডের নিম্নভাগে ঝিল্লী নির্ম্মিত পিত্তাধার থলি; পিত্ত-কোষ।

গল-ষ্টোণ (Gall stone) পিত্তশিলা, পিত্তাশ্মরি, পিত্তকোষে যে পাতরের ন্যায় পদার্থ সঞ্চিত হয়।

গষ্টেটরি (Gustatory) স্বাদ বা স্বাদযন্ত্র সংক্রান্ত।

গসিপিয়ম (Gossypium) কার্পাস জাতীয় বৃক্ষ।

গাউট (Gout) ক্ষুদ্র ক্ষুদ্র সন্ধির বেদনাবিশিষ্ট একপ্রকার প্রদাহিক পীড়া; পাদগণ্ডির; বাতরক্ত (?)।

গামি (Nausea) বমনেচ্ছা, বিবমিষা।

গার্গল (Gargle) কবল, কুলি।

গিংগ্লি-মস (Ginglymus) কেবল অবনমন ও প্রসারণ গতি বিশিষ্ট সন্ধি; কব্জা-সন্ধি যথা, কণুই, হাঁটু ইত্যাদি।

গিংগ্লি-ময়েড (Ginglymoid) গিংগ্লিমস বা কব্জার ন্যায়।

গিংগ্লিমাই (Ginglymi) গিংগ্লি-মস শব্দের বহুবচন।

গিনি-ওয়ারম (Guinea-worm) আফ্রিকা, ইণ্ডিয়া প্রভৃতি উষ্ণ প্রধানদেশে মনুষ্যের চর্ম্মের নীচে জড় হইয়া সূক্ষ্ম সূত্রের ন্যায় যে কৃমি জন্মে।

গুটিকা (Tubercle) ক্ষুদ্র ক্ষুদ্র গোলাকার পীড়কা; অর্ব্বুদ।

গুদদারী (Fissure of Anus) মলদ্বার বিদারণ।

গুদভ্রংশ (Prolapsus Ani) (গুবিষ্ঠা, গুদ-যদ্দ্বারা বিষ্ঠা নির্গত হয়) হালিশ বাহির হওয়া, সরলান্ত্র নির্গম।

গুদাঙ্কুর (Piles) অর্শবলী।

গুরুত্ব (Heaviness) ভারীত্ব।

গুল্ফ (Ankle) পাদমূল, গোড়ালি।

গুল্ফ-সন্ধি (Ankle-joint) জঙ্ঘার সহিত পদের সংযোজন সন্ধি।

গুল্ফাস্থি (Tarsus) টার্সস দ্রষ্টব্য।

গুল্ম (Tumour) জরায়ু প্রভৃতিতে উৎপন্ন অর্ব্বুদ। ক্ষুদ্রবৃক্ষ।

গুল্মবর্ত্তুল (Globus Hystericus) গলমধ্যে গোলার ন্যায় কিছু উঠা।

গুল্মবায়ু (Hysteria) মূর্চ্ছারোগ বিশেষ, এই রোগ স্ত্রীলোকদিগেরই অধিকাংশ হইয়া থাকে। গুল্ম অর্থাৎ গলাদিয়া গোলার ন্যায় কিছু উঠিতেছে রোগীর এইরূপ অনুভব হয় বলিয়া ইহাকে গুল্মবায়ু বলে।

গুহ্যসংকোচক পেশী (Sphincter Ani) মলদ্বার সংকোচক পেশী বিশেষ।

গুস-স্কীন (Goose-skin) রোমাঞ্চ।
গুন্নন (Bunion) বৃদ্ধাঙ্গুলীর সন্ধির বিবর্দ্ধন ও স্ফীততা।
গৃধ্রসী (Sciatica) ঊরুসন্ধির বাত; বঙ্ক্ষণ স্নায়ুর শূল।
গোনু (Gonu) জানু, হাঁটু।
গোনাইটিস (Gonitis) জানুপ্রদাহ।
গোনেগ্রা (Gonagra) জানুর বাতরক্ত বা গাউট। [দনা।
গোন্যাল-জিয়া (Gonalgia) জানুবে-
গো-মসূর্য্যাধান (Vaccination) গো-বীজে টীকাদান।
গোয়্যাকম (Goacum) একপ্রকার বৃক্ষের ধুনা।
গোল্ড (Gold) স্বর্ণ।
গোল্ডবিটার্সস্কিন (Gold-Beater s-skin) বৃষের অন্ত্রবচর্ম্ম, ব্রণ আবরণার্থ ব্যবহৃত হয়।
গোলার্ড ওয়াটার (Golard-water) এসেটেট অভ লেড দ্রব, শৈত্যগুণেরজন্য বাহ্যপ্রয়োগার্থ ব্যবহৃত হয়।
গোর্ড (Gourd) কলোসিন্থ প্রভৃতি কর্ক্কর-বিটেসী জাতীয় উদ্ভিদ; তুম্বি।
গৌণ (Romote) অপ্রধান, দূরস্থ।
গৌণউপদংশ (Secondary Syphilis) উপদংশ-বিষ সংক্রমণ বশতঃ প্রথমে যে স্থানে ক্ষত হয় তথা হইতে দূরবর্ত্তীস্থানে রক্ত দূষিত হইয়া ক্ষত জন্মিলে, তাহাকে গৌণ উপদংশ বলে।
গৌণ-ক্রিয়া (Secondaryacation) অপ্রধান ক্রিয়া, ব্যবহিত বা দূরবর্ত্তীকার্য।
গৌরব (Heaviness) ভার।
গ্যাংগ্রীণ (Gangrene) জীবিতশরীর পচনের প্রথমাবস্থা,বিগলন,কোথ।
গ্যাং-গ্লি-য়ন (Ganglion) স্নায়ুর বিবর্দ্ধন বশতঃ গ্রন্থির ন্যায় উৎপত্তি; অর্ব্বুদ। প্রসারণী কণ্ডরাস্থিত কোষাবৃত শক্ত অর্ব্বুদ। গ্রন্থিল স্নায়ু, সাধারণতঃ ইতর জাতীয় প্রাণীদিগের মধ্যে ইহা বিশিষ্টরূপে দৃষ্ট হয়। গ্রান্থ।
গ্যাংগ্লিয়া (Ganglia) গ্যাংগ্লিয়ন শব্দের বহুবচন।
গ্যাম্বোজ (Gamboge) গাটিফেরি জাতীয় বৃক্ষ বিশেষের ধুনা, ইহা অতিশয় বিরেচক।
গ্যালন (Gallon) আট পাইন্ট; দ্রব দ্রব্যের পাঁচসের।
গ্যাল-বেনম (Galbanum) একপ্রকার ধুনা, বাতরোগে ঔষধার্থ ব্যবহৃত হয়।
গ্যাল-ভেনিজ ম (Galvanism) দস্তা তাম্র প্রভৃতি ধাতু হইতে ভিন্নভিন্ন প্রকার তরল পদার্থের সংযোগে রাসায়নিক ক্রিয়া বশতঃ সমুৎপন্ন তাড়িৎ। ভোলটেয়িক ই-

লেকট্রিসিটি, প্রথম আবিষ্কারক গ্যালভেনির নামানুসারে এরূপ নাম।

গ্যালভেনিক ব্যাটারী (Galvanic Battery) তাড়িতযন্ত্র। এতদ্দারা রুগ্ন শরীরে তাড়িত প্রবাহ সঞ্চারিত হয়।

গ্যালেক-টরিয়া (Galactorrhœa) অতিরিক্ত স্তন্যস্রাব; দুধবাড়া।

গ্যালেক-টেগগ (Galactagogue) দুগ্ধ নিঃসারক ঔষধ।

গ্যালেক-শিয়া (Galactia) দুধবাড়া।

গ্যাষ্টার, গ্যাষ্ট্রা, গ্যাষ্ট্রো (Gaster, Gastra, Gastro) আমাশয় বা আমাশয়িকবাচক পূর্ব্বপদ; যথা, গ্যাষ্ট্রো-হিপ্যাটিক আমাশয় ও যকৃৎসংক্রান্ত।

গ্যাষ্ট্র্যাল-জিয়া (Gastralgia) আমাশয়ে বেদনা; আমাশয়শূল।

গ্যাষ্ট্রাইটিস (Gastritis) আমাশয় অর্থাৎ পাকস্থলীর প্রদাহ।

গ্যাষ্ট্রিক (Gastric) পাকস্থলী সম্বন্ধীয়, আমাশয়িক।

গ্যাষ্ট্রিক-যুস (Gastric Juice) আমাশয় হইতে উৎপন্ন একপ্রকার অম্লরস, এই রসে ভুক্তদ্রব্য জীর্ণ হয়; পাচকরস; আমাশয়িকরস।

গ্যাষ্ট্রো-এণ্টিরাইটিস (Gastro-Enteritis) আমাশয় ও অন্ত্রের প্রদাহ।

গ্যাষ্ট্রোডিনিয়া (Gastrodynia) পাকস্থলীর আক্ষেপিক বা স্নায়বীয় বেদনা; জঠর-শূল।

গ্যাষ্ট্রোম্যালেক-সিয়া (Gastro-Malaxia) আমাশয়ের কোমলতা।

গ্যাষ্ট্রো-সিস (Gastrosis) পাকস্থলীর রোগের সাধারণ নাম।

গ্যাস (Gas) স্থিতিস্থাপক বাষ্প; যথা, অক্সিজেন, হাইড্রোজেন, নাইট্রোজেন, কার্ব্বণিক এসিড ইত্যাদি।

গ্যাস্প (Gasp) শ্বাসগ্রহণার্থ বিস্তীর্ণভাবে মুখবিকাশ; খাবি খাওয়া।

গ্রাণ্টিং (Grunting) গভীর কণ্ঠস্বর।

গ্রন্থি (Gland) ভিন্ন ভিন্ন প্রকার রসস্রাবী বর্ত্তুলের ন্যায় আকৃতিবিশিষ্ট শরীরের বিধান বিশেষ, যথা মূত্র-গ্রন্থি (বৃক্ক), শুক্র-গ্রন্থি (অণ্ড), বঙ্ক্ষণগ্রন্থি, লালা-গ্রন্থি ইত্যাদি।

গ্রন্থিল স্নায়ুমণ্ডল (Ganglionic Nerves) গ্রন্থিবিশিষ্ট স্নায়ুসমূহ।

গ্রয়েন (Groin) কুচকি।

গ্রাইণ্ডিং পেইন্স (Grinding pains) প্রসবের প্রথম অবস্থায় পেষণবৎ বেদনা।

গ্রাইপ (Gripe) পেট কামড়ানি।

গ্রাইপিং (Griping) কামড়ানবৎ বেদনা।

গ্র্যাণিউল (Granule) নির্দ্দিষ্ট আকার শূন্য অণু; পরমাণু; কণা।

গ্র্যানিউলেশন (Granulation) ক্ষত আরোগ্যকালে তাহাতে যে ক্ষুদ্র ক্ষুদ্র মাংসের অঙ্কুর জন্মে ; ক্ষতাঙ্কুর ; উৎসাদন ; দানা উৎপাদন।

গ্র্যানিউলার (Granular) দানাময়।

গ্র্যাফাইটিস (Graphitis) কৃষ্ণবর্ণ সীস

গ্র্যাফিয়ান-ভেসি-কেল-স (Graafian Vesicles) ডিম্বকোষের উপরিভাগস্থ ডিম্বাণুধারী ক্ষুদ্র ক্ষুদ্র গোলাকার কোষ।

গ্র্যাসি-লিস (Gracilis) উরুদেশের অভ্যন্তর পার্শ্বস্থিত চেপ্টা, পাতলা, দীর্ঘ পেশী বিশেষ।

গ্র্যাভিটি-স্পেসিফিক (Gravity specific) সকল দ্রব্যের পরিমাণ ও আয়তনের অনুপাত ; জল অতরল ও তরল পদার্থের এবং বায়ু বাষ্পবৎ পদার্থের পরিমাণের আদর্শ ; আপেক্ষিক গুরুত্ব।

গ্র্যাভিটেশন (Gravitation) মাধ্যাকর্ষণ ; জড় পদার্থের যে শক্তি প্রভাবে বস্তু সকল পরমাণুর পরিমাণানুসারে কেন্দ্রাভিমুখে আকৃষ্ট হয়।

গ্র্যাভেল (Gravel) অশ্মরি, পাতরি।

গ্র্যাম (Gramme) একপ্রকার ফ্রেঞ্চ পরিমাণ, ১৫·৪৩২ ট্রয় গ্রেণের সমান।

গ্রিসেল (Gristle) অস্থি সংলগ্ন উপাস্থিময় পদার্থ ; কোমলাস্থি।

গ্রীণ-ভিট্রিওল (Green-Vitriol) হিরাকস।

গ্রীণ-সিক-নেস (Green-sickness) হরিৎপীড়া, বৃৎপাণ্ডু।

গ্রীবা (Neck) ঘাড়।

গ্রীবা-স্তম্ভ (Stiff-neck) ঘাড়ের পেশীর বাত রোগ বিশেষ, ইহাতে ঘাড় নাড়া যায় না।

গ্রুমস (Grumous) গাঢ়, সংঘত।

গ্রেজিং (Grazing) মৃদু সংঘর্ষণ বা সংস্পর্শ শব্দ।

গ্রেটার (Greater) বৃহত্তর। [শব্দ।

গ্রেটিং (Grating) কর্কশ প্রতিঘর্ষ

গ্রেণ (Grain) ট্রয় পরিমাণের এক আউন্সের ৪৮০ ভাগের একভাগ। এভরডিপয় পরিমাণের এক আউন্সের ৪৩৭॥ ভাগের একভাগ। এক তোলার ১৮০ ভাগের একভাগ। প্রায় অর্দ্ধরতি। ধান্যাদি শস্য। [ফলজাত চিনি।

গ্রেপ-সুগার (Grape-sugar) দ্রাক্ষা

গ্রে-ম্যাটার (Grey matter) মস্তিষ্কের ধূসরবর্ণ পদার্থ।

গ্লকোমা, গ্লকোসিস (Glaucoma, Glaucosis) একপ্রকার অন্ধতা। ইহাতে চক্ষুর অভ্যন্তরে অতিশয় চাপ অনুভূত হয়, অক্ষিগোলক কঠিন ও চিত্রপত্র পক্ষাঘাত গ্রস্ত, এবং কখন কখন মুকুরের হরিৎবর্ণ জন্মে, দর্শন-স্নায়ুর শীর্ণতা দশ-

তঃই এই রোগ উৎপন্ন হইয়া থাকে। ধূসরময়।

গ্লটাইটিস (Glottitis) গ্লটিসের প্রদাহ।

গ্লটিস (Glottis) স্বরযন্ত্রের উপরিভাগের অপ্রশস্ত রন্ধ্র; স্বরযন্ত্র-মুখ।

গ্লনয়েন (Glonoin) নাইট্রোগ্লিসারিণ।

গ্লবঃস (Globous) গোলাকার।

গ্লবিউল (Globule) দুগ্ধ শর্করার সর্ষপাকার ক্ষুদ্র ক্ষুদ্র বটিকা, হোমিওপ্যাথিক ঔষধে সিক্ত করিয়া ইহা বিস্তর ব্যবহৃত হয়; অণুবটিকা। জড়পদার্থের অণুবীক্ষণ-দৃষ্ট গোলাকার ক্ষুদ্রাংশ।

গ্লবিউলার (Globular) গোলাকার।

গ্লবিউলিন (Globulin) রক্তাণুর অণ্ডলালময় প্রধান অংশ। কাইলের শ্বেতাণু।

গ্লসা (Glossa) জিহ্বা।

গ্লসো-(Glosso-) সমস্ত শব্দে জিহ্বা সংলগ্ন বা সংক্রান্তবাচক পূর্ব্বপদ।

গ্লসো-প্লিজিয়া (Glosso-plegia) জিহ্বার পক্ষাঘাত; জিহ্বা বাহির করিতে অক্ষমতা।

গ্লসো-ফ্যারিঞ্জিয়্যাল (Glosso-pharyngial) জিহ্বা ও গলকোষ সংক্রান্ত।

গ্লসাইটিস (Glossitis) জিহ্বা-প্রদাহ।

গ্লস্যাল (Glossal) জিহ্বা সম্বন্ধীয়।

গ্লাইসারাইনঃম (Glyserinum) গ্লিসরীণ।

গ্ল্যাণ্ড (Gland) নিঃস্রব নিঃসরণশীলগ্রন্থি; যথা, অ্যাক্সিলারি গ্ল্যাণ্ড বা কক্ষগ্রন্থি, সার্বিক্যাল গ্ল্যাণ্ড বা গ্রীবাগ্রন্থি, স্যালিবারি গ্ল্যাণ্ড বা লালা-গ্রন্থি ইত্যাদি।

গ্ল্যাণ্ডার্স (Glanders) নাসাদূষিকা। অশ্ব হইতে সংক্রামিত ব্রণবিশিষ্ট একপ্রকার উৎকট রোগ।

গ্ল্যাণ্ডিউল (Glandule) ক্ষুদ্রগ্রন্থি।

গ্ল্যাণ্ডিউলার (Glandular) গ্রন্থিল বা গ্রন্থি সংক্রান্ত। [গ্ল্যাণ্ড সমূহ।

গ্ল্যাণ্ডিউলি (Glandulæ) ক্ষুদ্র ক্ষুদ্র

গ্ল্যান্স (Glans) লিঙ্গমণি, লিঙ্গমুণ্ড, পুরুষাঙ্গের সুপারির ন্যায় অংশ। ভগাঙ্কুরের মস্তক।

গ্ল্যাবেলা (Glabella) ভ্রূদ্বয়ের মধ্যবর্ত্তী লোমশূন্য স্থান।

গ্লিনয়েড (Glenoid) যে অস্থি-গহ্বরে অন্য অস্থির মস্তক প্রবিষ্ট থাকে। এই প্রকার অস্থি-গহ্বর সংক্রান্ত।

গ্লিসন-স-ক্যাপ-সিউল (Glisson's capsule) যকৃৎ পদার্থের অভ্যন্তরস্থ নাড়ী বেষ্টনকারী কোষবিশেষ।

গ্লিসারোল (Glycerole) বাহ্য প্রয়োগার্থ গ্লিসিরিণের সহিত মিশ্রিত ঔষধ।

গ্লিসিরিণ (Glycerin) সুমিষ্ট স্বাদবিশিষ্ট এক প্রকার তরল পদার্থ, ইহা বসা হইতে উৎপন্ন ও ঔষধার্থে ব্যবহৃত হয়।

গ্লীট (Gleet) প্রমেহের পুরাতন অবস্থায় জ্বালাযন্ত্রণা ব্যতীত অল্প অল্প স্রাব নিঃসরণ; লালামেহ, শুক্রমেহ।

গ্লু (Glue) শিরিশ; অপরিষ্কার জিলেটিন।

গ্লুকোজ (Glucose) সলফিউরিক এসিডের ক্রিয়া বশতঃ শ্বেতসার হইতে নিঃসারিত চিনি।

গ্লুটাইটিস (Glutitis) নিতম্ব প্রদাহ। [আঠাল।

গ্লুটিনঃস (Glutinous) অতিশয়

গ্লুটিয়ঃস (Glutæus) নিতম্ব-পেশী; বস্তি গহ্বরের পৃষ্ঠস্থিত পেশীত্রয়ের এক একটী।

গ্লুটিয়্যাল (Gluteal) নিতম্ব সংক্রান্ত।

গ্লুটেন (Gluten) গোধূম প্রভৃতির যবক্ষারজানবিশিষ্ট অংশ, ইহা অতিশয় পুষ্টিকর ও আমিষাদির তন্তুবৎ পদার্থের সমকক্ষ।

গ্লুটেনয়েড (Glutenoid) গ্লুটেন সদৃশ।

গ্লুসিনা (Glucina) একপ্রকার ক্ষার মিশ্রিত মৃত্তিকা।

গ্লেডাইও-লঃস (Gladiolus) ক্ষুদ্রতর-বারিবৎ অংশ।

গ্লোবঃস (Globus) গোলা।

গ্লো-বঃস-হিষ্টিরি-কঃস (Globus-Hystericus) গলার অভ্যন্তরে গোলা উঠার ন্যায় অনুভব, আক্ষেপক ক্রিয়াবশতঃ বায়ু প্রতিরুদ্ধ হইয়া হিষ্টিরিয়া প্রভৃতি রোগে এই লক্ষণ প্রকাশ পায়; গুল্মবায়ু-গোলক।

ঘ

ঘড় ঘড় শব্দ (Rhonchus) শ্বাসের কর্কশ শব্দ।

ঘন উপদেহ (Opodeldoc) অপডেলডক দ্রষ্টব্য। [শব্দ।

ঘনগর্ভশব্দ (Dull sound) ঢপ ঢপ

ঘনবটী (Papulæ) প্রদাহিত ও আরক্ত নিরেট কণ্ডু বা পীড়কা।

ঘর্ম্মকর ঔষধ (Diaphoretics) যে ঔষধে ঘর্ম্ম উৎপন্ন হয়।

ঘর্ষণ (Friction) মর্দ্দন।

ঘর্ষণধ্বনি (To and fro sound) ফুসফুস-বেষ্ট বা হৃদ্বেষ্ট প্রদাহ বশতঃ কর্কশ হইলে অথবা উহাতে রসসঞ্চয় হইলে আকর্ণনে যে ঘর্ষণের ন্যায় শব্দ শুনা যায়।

ঘুংরিকাশী (Croup) স্বরঘ্ন রোগ।

ঘৃষ্টব্রণ (Contused wound) ঘর্ষণ বা অভিঘাত দ্বারা কোন অঙ্গের উপত্বক উঠিয়া গেলে অথবা চর্ম্ম ছিন্ন না হইয়া কেবল উপঘাত জন্মিলে তাহাকে ঘৃষ্টব্রণ কহে।

চকিততা (Starting) চমকিয়া উঠা।
চক্ষু-পল্লব (Eye-lid) চক্ষুর পাতা।
চক্ষুষ্য চক্ষুর হিতকর।
চর্ব্বণ-দন্ত (Molars) যে দাঁতদ্বারা চিবান যায়। [পেশী বিশেষ।
চর্ব্বণ-পেশী (Masseter) নিম্নহনুর
চর্ম্মদল (Impetigo) অর্দ্ধচন্দ্রাকার, চেপ্টা, পূযপূর্ণ পীডকা বিশিষ্ট চর্ম্মরোগ বিশেষ। ইহা শিশুদিগেরই অধিক হয়। এই রোগে পীড়কা সকল স্তূপে স্তূপে থাকে, এবং মিলিত হইয়া উপরে হরিদ্রাবর্ণ আর্দ্র মামড়ী উৎপন্ন হয়।
চর্ম্মদূষিকা (Farcy) ক্ষুদ্র ক্ষুদ্র অর্ব্বুদ ও তাহাতে ক্ষত বিশিষ্ট একপ্রকার রোগ। এই রোগগ্রস্ত অশ্ব সংস্পর্শে ইহা উৎপন্ন হয়।
চর্ম্মরোগ (Skin Disease) চর্ম্মেরপীড়া।
চাইল্ড বেড-ফিভার (Child-bed-fever) সূতিকাজ্বর। [ঔষধ।
চায়-না (China) সিঙ্কোনা নামক
চার্টা (Charta) কাগজ।
চিকিৎসাতত্ত্ব (Practice of Medicine) রোগের চিকিৎসা বিষয়ক গ্রন্থ; চিকিৎসাপ্রকরণ।
চিকেণ-পক্স (Chicken Pox) জলবসন্ত, পানবসন্ত।
চিক্কণ (Smooth) চকচকে, মসৃণ।
চিত্রপত্র (Retina) চক্ষুর অভ্যন্তরস্থিত অর্দ্ধস্বচ্ছ জালবৎ আবরণ, ইহাতে প্রতিবিম্ব গৃহিত হইয়া দৃষ্টিজ্ঞান জন্মে।
চিপিটিকা (Crust) মামড়ি, চমটি।
চিপ্প (Onychia) নখ উৎপাদক পদার্থের প্রদাহ।
চিল-ব্লেন (Chilblain) শীতস্ফোট, নীহারস্ফোট, অতি শীতজনিত অঙ্গুলী প্রভৃতির একপ্রকার প্রদাহ।
চীক (Cheek) গাল, গণ্ডস্থল।
চীজ (Cheese) পনির।
চীজি (Cheesy) পনিরবৎ।
চুচুক (Nipple) স্তনের বোঁট, স্তনবৃন্ত
চুচুকার কোষ (Mastoid cells) শঙ্খাস্থির রন্ধ্রাবলী।
চুয়াল (Jaw) হনু, যে অস্থিতে দন্ত সকল সন্নিবিষ্ট।
চূড়ান্তদ্রব (Saturated spirit) সুরাদির সহিত অন্য কোন দ্রব্যের একরূপভাবে মিশ্রণ যে রাসায়নিক আকর্ষণানুসারে আর তদপেক্ষা অধিক গৃহীত ও সম্মিলিত হইতে পারে না।
চেতনা (Sensation) জ্ঞান, চৈতন্য।
চেষ্ট (Chest) বক্ষঃস্থল, বুক।
চৈতন্যাধিক্য (Sensitiveness) বাহ্য বা আভ্যন্তরিক বিষয়ে অনুভবাধিক্য।
চ্যাপ্ট (Chapped) বিদারিত, ফাটা।

[illegible] ছু [illegible]

ছু (Saw) করাত।

ছত্রক (Mushroom) বেঙেরছাতা।

ছাগশব্দ, ছাগনিনাদ (Ægophony) ছাগের ন্যায় শব্দ।

ছিন্নকর (Tearing) ছিঁড়ে যাওয়ার ন্যায়। [উণ্ড দ্রষ্টব্য।

ছিন্নব্রণ (Incised Wound) কাটাঘা।

জ

জ (Jaw) হনু, চুয়াল।

জঘন (Loins) কটি, মাজা।

জঙ্গল-ফিভার (Jungle Fever) বনভূমি জাত এক প্রকার স্বল্প বিরাম জ্বর। [যাস্ত, ঠ্যাং।

জঙ্ঘা (Leg) গুল্ফ অবধি জানু প-

জঙ্ঘাস্থি (Tibia) টিবিয়া।

জঙ্ঘা-শিরা (Saphena) জঙ্ঘার বৃহৎ শিরাদ্বয়।

জটুল (Nævus) রক্ত বা কৃষ্ণবর্ণ জন্মচিহ্ন, জট, জতুমণি।

জঠর (Uterus) গর্ভ, জরায়ু। উদর।

জড় (Idiot) আজন্ম বুদ্ধির বিকলতা বিশিষ্ট ব্যক্তি।

জড়িতান্ত্র (Ileum) ক্ষুদ্রান্ত্রের তৃতীয় বা শেষাংশ। [কামলা।

জণ্ডিস (Jaundice) পাণ্ডুরোগ,

জতুক (Nævus) জট, জতুমণি।

জত্রু (Collar-bone) কণ্ঠার হাড়।

জত্রস্থি (Clavicle) কণ্ঠাস্থি।

জনন-যন্ত্র (Generative organs) অপত্যোৎ-পাদক শারীরিক যন্ত্র।

জননেন্দ্রিয়(Organs of Generation) সন্তান-উৎপাদন-যন্ত্র।

জয়েণ্ট (Joint) দুই বা ততোধিক অস্থির মিলন স্থল, সন্ধি।

জরায়ু (Uterus) গর্ভাশয়।

জরায়ু কুসুম (Placenta) গর্ভের ফুল।

জরায়ু-মুখ (Os uteri) জরায়ুর প্রবেশ দ্বার বা রন্ধ্র।

জল-চিকিৎসা (Hydropathy) শীতল জল আভ্যন্তরিক ও বাহ্য প্রয়োগ করিয়া রোগ-চিকিৎসা-পদ্ধতি। [স্ফীত।

জলজমে (Œdematous) জলপূর্ণ

জলবটী (Vesicula) জলপূর্ণ পীড়কা।

জলাতঙ্ক (Hydrophobia) মত্ত শৃগাল কুকুরাদি দষ্ট ব্যক্তির জলভয় রোগ।

জলৌকা (Leech) জোঁক।

জষ্টার (Zoster) সিঙ্গেলস্ দ্রষ্টব্য।

জাইগোমা (Zygoma) গণ্ডাস্থির যুগবৎ প্রবর্দ্ধন। এতদ্দ্বারা শঙ্খাস্থি ও গণ্ডাস্থি সংযুক্ত আছে।

জাই-মটিক (Zymotic) অন্তরুৎসেক্য; শরীর যন্ত্রে অন্তরুৎসেচন-জনক।

জাই-মটিক ডিজিজ(Zymotic disease) বিষ বিশেষ দ্বারা অন্তরুৎসিক্ত

হইয়া যে ব্যাপক, অব্যাপক বা সংক্রামক রোগ উৎপন্ন হয়।
জাইরাই (Gyri) কুণ্ডলী।
জার্কিং (Jerking) আকস্মিক স্পন্দনশীল। আকস্মিক উৎক্ষেপ।
জানু (Knee) হাঁটু।
জানু-কপ (Knee pan) জানুসন্ধির সম্মুখস্থ চেপ্টা গোল অস্থি, হাঁটুর চাকি। [হাড়ের জোড়া।
জানু-সন্ধি (Knee-joint) জানুর
জারম (Germ) জীবাঙ্কুর বা উদ্ভিদাঙ্কুর, বীজ।
জার-মিনেশন (Germination) অঙ্কুরোৎপত্তি। [ভূবিদ্যা।
জি-অলজি (Geology) ভূতত্ত্ব,
জিঙ্কাম (Zincum) দস্তা।
জিগোম্যাটিক (Zygomatic) জাইগোমাংসক্রান্ত।
জিজুনাম (Jejunum) শূন্যান্ত্র, মৃত্যুর পরে শূন্য দেখা যায় বলিয়া এরূপ নাম, ক্ষুদ্রান্ত্রের দ্বিতীয়াংশ।
জিঞ্জার (Zinger) শুঁট, আদা।
জিনিও (Genio) সমস্ত শব্দে হনু বাচক পূর্ব্বপদ।
জিনিও-গ্লসাই (Genio glossi) যে পেশী-দ্বয় দ্বারা জিহ্বা বাহির করা যায়।
জিনিও-হাই-অয়েড (Genio-Hyoid) নিম্নহনুর উপাস্থি-সন্ধি ও হাইঅয়েড অস্থিসংলগ্ন পেশী বিশেষ।
জিনিও-হাইও-গ্লসাস (Genio Hyoglossus) নিম্ন হনুর উপাস্থিসন্ধি, জিহ্বা ও হাইঅয়েড অস্থি সংলগ্ন ত্রিকোণ পেশী বিশেষ।
জিরণ-টক্সন (Gerontoxon) বৃদ্ধদিগের কনিনীকায় ক্ষত।
জিহ্বাকণ্টক (Papillæ) জিহ্বার ক্ষুদ্র ক্ষুদ্র উদ্ভেদ।
জিহ্বাস্তম্ভ (Paralysis of the tongue) জিহ্বাবপক্ষাঘাত।
জীবিতের দেহতত্ত্ব (Physiology) ফিজিওলজি দ্রষ্টব্য।
জীবনীশক্তি (Vital power) যে শক্তিবশতঃ জীবন থাকে।
জীবনীপ্রক্রিয়া (Vital functions) রক্তসঞ্চালন, নিশ্বাস প্রশ্বাস, পরিপাক প্রভৃতি যে সকলক্রিয়ার উপর জীবন নির্ভর করে। [জ্বর।
জীর্ণজ্বর (Chronic fever) পুরাতন
জীলেটিনাস (Gelatinous) জীলেটিন বা জেলি সংক্রান্ত বা সদৃশ।
জীলেটিন (Gelatin) জান্তব পদার্থজাত এক প্রকার দ্রব্য, যথা আইসিংগ্লাস।
জু-অলজি (Zoology) জীবতত্ত্ব।
জুগিউলার (Jugular) গ্রীবাদেশীয়।
জুগিউলারভেন (Jugular Vein) মাতৃকা-শিরা, গ্রীবাদেশীয় বৃহৎ শিরা।
জুগুলাম (Jugulum) কণ্ঠ, গলা।

জুগ্যাল বোন Jugal bone গাল বা জোর হাড়।

জুম্ (Yawn) হাই।

জে-কব-স মেম্ব্রেণ (Jacob's Membrane) রেটিনা বা চিত্রপত্রের বহির্দ্দিকের ঝিল্লী।

জেকব সন্স-নার্ভ (Jacobson's nerve) গ্লসোফ্যারিঞ্জিয়্যাল স্নায়ুর কর্ণপটহে প্রসারিতশাখা।

জেক্টিটে-শন (Jactitation) অত্যন্ত অস্থিরতা। [ক্ষীণ।

জেনার‍্যাল (General) ব্যাপ্ত; সর্ব্ব-

জেনিকিউলেটেড (Geniculated) জানুরন্যায় বক্র। সন্ধি বা গ্রন্থিবিশিষ্ট। [চক পূর্ব্বপদ।

জেনিটো (Genito) সঙ্গমেন্দ্রিয়বা-

জেনিট্যাল (Genital) প্রজনন সংক্রান্ত। [ন্দ্রিয়।

জেনিট্যাল-স (Genitals) সঙ্গমে-

জেমে-লাস (Gemellus) শ্রোণীদেশীয় পেশীযুগল। যুগল।

জেলসি-মাম (Gelsimum) পীতবর্ণ যূথী, এক প্রকার মার্কিণ দেশীয় ঔষধ।

জেলাপ (Jalap) এক প্রকার বিরেচক ঔষধ, জুলাফা।

জেলি (Jelly) মণ্ড, লেই; মেদবৎপদার্থ।

জেস্যুট-স-বার্ক (Jesuit's bork) সিঙ্কোনা বৃক্ষের বল্কল।

জোন (Zone) কোন বস্তুর চতুর্দ্দিকে কটিবন্ধবৎ রেখা।

জোনা (Zona) কটিবন্ধবৎ বস্ত্র।

জোনিউল (Zonule) ক্ষুদ্র কটিবন্ধ বা অঙ্গুরীয়।

জোনিউলা (Zonula) জোনিউল শব্দের বহুবচন।

ঝ

ঝিল্লী (Membrane) সূক্ষ্ম কোমল জালবৎ স্বচ্ছ আবরণ।

ঝিল্লকপ্রদাহ (Diphtheria) বিষদুষ্ট রক্তজনিত এক প্রকার সংক্রামক গল-রোগ, ইহাতে গলমধ্যে কৃত্রিম ঝিল্লী উৎপন্ন হয়।

ট

টংকার (Tetanus) ধনুষ্টঙ্কার রোগ।

ট-ক-লজি (Tocology) ধাত্রীবিদ্যা, প্রসবতত্ত্ব।

টক্সি ক-লজি (Toxicology) বিষতত্ত্ব; বিষের শ্রেণী-বিভাগ ও ক্রিয়াদি জ্ঞাপক শাস্ত্র।

টক্সিমিয়া (Toxæmia) রক্তের বিষদুষ্টতা।

টাংগ (Tongue) জিহ্বা।

টাচ (Touch) স্পর্শজ্ঞান।

টচার (Toucher) অঙ্গুলী প্রবিষ্ট

করিয়া অন্তাবুদ্বুদ ও জরায়ু-গ্রীবার পরীক্ষা।

টনসিল (Tonsil) তালু পার্শ্বস্থিত বাদামের ন্যায় গ্রন্থি, তালুমূল, তালুপার্শ্ব গ্রন্থি।

টন-সিলাইটিস (Tonsilitis) তালুপার্শ্ব গ্রন্থির প্রদাহ, তালুমূলপ্রদাহ।

টনিক (Tonic) বলকর ঔষধ, বল্য।

টনিক-স্প্যাজ্‌ম (Tonic Spasm) অনেকক্ষণ থাকে ও সত্বর শিথিলতা জন্মেনা এরূপ আক্ষেপ।

টনিসিটি (Tonicity) পেশীতন্তুর স্থিতিস্থাপকতা।

টপিক (Topic) স্থানিক, বাহ্যিক (ঔষধ প্রয়োগ)।

টপিক্যাল (Topical) স্থানিক, বাহ্যিক

টমি (-Tomy) ছেদনবাচক বিভক্তি ; যথা ট্রেকিও-টমি-কণ্ঠচ্ছেদ।

টরিফ্যাক-শন (Torrefaction) অগ্নির উত্তাপে ঔষধ শুষ্ক করণ।

টরিড-জোন (Torrid Zone) উষ্ণমণ্ডল ; গ্রীষ্ম প্রধান দেশ।

টরিণ (Taurine) পিত্তের উপাদান বিশেষ।

টর্কিউলার-হিরোফিলাই (Torcular Herophili) করোটির প্রধান প্রধান শিরা-পথ সমবেত অসম গহ্বর বিশেষ।

টর্টি-কলিস (Torticollis) ঘাড়ের পেশীর খাল্‌ধরা বিশেষ, ইহাতে ঘার নাড়া যায়না ; গ্রীবাস্তম্ভ।

টর্পর (Torpor) স্পর্শ জ্ঞান ও গতিশক্তি পরিশূন্যতা।

টঃর্বিনেট, টঃর্বিনেটেড (Turbinate, turbinated) লাটুঃমর আকার।

টর্মিণা (Tormina) উদরের অল্পক্ষণ স্থায়ী মোচড়ান বেদনা, পেটকামড়ান।

টলারান্স (Tolerance) বৃহৎ মাত্রায় ঔষধ সহ্য করিবার ক্ষমতা।

টঃসিস (Tussis) কাশ।

টাইয়্যালিজ্‌ম্ (Ptyalism) অতিশয় লালাস্রাব।

টাইয়্যালে-গগ (Ptyalagogue) লালা নিঃসারক ঔষধ।

টাইনস্পোরা (Tinospora) গুলঞ্চ।

টাইপ (Type) রোগের প্রকার-ভেদ রোগের প্রকৃতি।

টাইফয়েড-ফিভার (Typhoid Fever) অন্ত্র লক্ষণ বিশিষ্ট ২৮ দিন ব্যাপী এক প্রকার সন্নিপাত জ্বর।

টাইফয়েড সিম-টম-স (Typhoid symptoms) অতিশয় অবসন্নতা ও মস্তিষ্কের উপদ্রবাদি সন্নিপাত লক্ষণ ; বিকার-লক্ষণ।

টাইফঃস (Typhus) স্পর্শসংক্রামক এক প্রকার উৎকট অবিরাম অজ্ঞান মোহক সন্নিপাত জ্বর।

টিফ্লাইটিস (Typhlitis) সিকম অর্থাৎ অন্ত্রান্তের প্রদাহ।

টাইলোসিস (Ptylosis) চক্ষুর পক্ষ পতন।

টার (Ter) রসায়নশাস্ত্রে অন্যের তিনপরমাণু অন্য ধাতুর এক পরমাণুর সহিত সংযোগজ্ঞাপক পূর্ব্বপদ।

টার (Tar) আলকাতরা।

টার্-ম্স (Terms) ঋতু, স্ত্রীধর্ম্ম।

টার্জিড (Turgid) স্ফীত।

টার্টার-অভ্-দি টীথ (Tartar of the Teeth) লালা হইতে সঞ্চিত হইয়া দাঁতের উপর যে মাটির ন্যায় আবরণ জন্মে।

টার্টার এমেটিক (Tartar Emetic) টারট্রেট অভ এন্টিমনি নামক ঔষধ।

টার্ণ-অভ-লাইফ (Turn of life) যে সময়ে স্বভাবতঃ স্ত্রীলোকের ঋতু বন্ধ হয়; রজোনিবৃত্তিকাল।

টার্ণিং (Turning) হস্তদ্বারা ঘুরাইয়া গর্ভস্থ সন্তানের কুটিল-গতি সংশোধন; আবর্ত্তন।

টার্ণিকোয়েট (Tourniquet) কোন প্রধান ধমনির গাত্র দৃঢ়রূপে সংকোচন করিয়া রক্তের প্রবাহ বা গতি ন্যূন বা স্থগিত করিবার নিমিত্ত যন্ত্র বিশেষ।

টার্বিড (Turbid) ঘোলা, আবিল।

টার্মেরিক (Turmeric) হরিদ্রা।

টার্মি-নে-শন (Termination) পরিণাম।

টার্শিয়ান (Tertian) যে সবিরাম জ্বর প্রতি তৃতীয় দিবসে উপস্থিত হয়, তৃতীয়কজ্বর।

টার্শিয়ারি (Tertiary) তৃতীয়; তৃতীয় অবস্থা-প্রাপ্ত।

টার্সাস (Tursus) গুল্ফাস্থি। অক্ষিপুটের উপাস্থি।

টার্সো (Tarso) সমস্ত শব্দে অক্ষিপুটের প্রান্ত, বা পদতল জ্ঞাপক পূর্ব্বপদ।

টার্স্যাল (Tarsal) চক্ষুর পাতাস্থিত উপাস্থি সম্বন্ধীয়।

টিউনিক, টিউনিকা (Tunic, Tunica) আবরণ-ঝিল্লী; পরিশক।

টিউনিকা ভেজাইনেলিস (Tunica Vaginalis) মুষ্কান্তরবেষ্ট ঝিল্লী।

টিউনিকা ভ্যাসকিউলোসা (Tunica Vasculosa) অণ্ডাবরক শিরাময় ঝিল্লী।

টিউনিকা য়্যাল্বুজিনিয়া (Tunica Albuginea) অণ্ডাবরক শ্বেতঝিল্লী

টিউব (Tube) নল।

টিউব-কাষ্ট (Tube-cast) বৃক্করোগে মূত্রে অণুবীক্ষণদৃষ্ট ক্ষুদ্র ক্ষুদ্র মূত্রোৎপাদন নলের ছাঁচ।

টিউবারকেল (Tubercle) জীবনীশক্তির ক্ষীণতাবশতঃ গণ্ডমালাদি কোন কোন ধাতু দোষ জন্য ক্ষুদ-

ফুসফুসের অভ্যন্তরে উপদাহ নিবন্ধন উৎপন্ন ধূসর বা পীতবর্ণ একপ্রকার অর্বুদ; গুটিকা।

টিউবার-কিউলার (Tubercular) গুটিকা সম্বন্ধীয়; গুটিল।

টিউবার্ক্কিউলোসিস (Tuberculosis) যে পৈতৃক ধাতুদোষ বশতঃ গুটিকারোগ উৎপন্ন হয়।

টিউবারোসিটি (Tuberosity) অস্থির অসম বন্ধুর প্রবর্দ্ধন বা উন্নতাংশ।

টিউবিউল (Tubule) ক্ষুদ্রনল।

টিউবিউলাই (Tubuli) টিউবিউল শব্দের বহুবচন।

টিউবিউলাই ইউরিণিফিরাই (Tubuli uriniferi) বৃক্কস্থিত মূত্রবাহী ক্ষুদ্র ক্ষুদ্র নল।

-সিমিনীফিরাই (-Seminiferi) শুক্রবাহী অণ্ডস্থ ক্ষুদ্র ক্ষুদ্র নল।

টিউবিউলার (Tubular) নলাকার।

টিউবাল (Tubal) নলীয়।

টিউমার (Tumour) অর্ব্বুদ, আব।

টিউমিড (Tumid) বিবর্দ্ধিত, স্ফীত।

টিউমিফ্যাক-শন (Tumefaction) অর্ব্বুদাকার স্ফীততা।

টিংলিং (*Tingling*) শিহরণ; স্ফুরণ।

টিংচুরা (Tinctura) অরিষ্ট।

টিংচার (Tincture) অরিষ্ট।

টিংচার-ট্রিটুরেশন (Tincture-trituration) দুগ্ধশর্করায় ঔষধের টিংচার মিশ্রিত ও মর্দ্দিত করিয়া প্রস্তুত একপ্রকার বিচূর্ণ।

টিক-ডলুরু (Tic-Doulotireu) মুখমণ্ডলের স্নায়ুশূল, পঞ্চম স্নায়ুযুগ্মের শাখার স্নায়ুশূল।

টিটিলেশন (Titillation) সুড়সুড়ি, কণ্ডূয়ন।

টিটুবে-শন (Titubation) অস্থিরতা, অবিরত অবস্থান-পরিবর্তন-প্রবৃত্তি।

টিট্রা (Tetra) চারিবাচক পূর্ব্বপদ।

টিনাইটাস অরিয়াম (Tinnitus Aurium) কর্ণনাদ, কাণেশব্দ।

টিনিয়া (Tinea) পামা ও কণ্ডূ প্রভৃতি চর্ম্মরোগের সাধারণ নাম; কীট, কৃমি।

টিবিয়া (Tibia) জঙ্ঘার অস্থিদ্বয়ের বৃহত্তর অস্থিখণ্ড; দীর্ঘাস্থি।

টিবিয়াল (Tibial) টিবিয়াসংক্রান্ত।

টিবিয়্যালিস (Tibialis) টিবিয়াসংলগ্ন পেশীবিশেষ।

টিম্পেনাইটিস (Tympanitis) অন্ত্রে বায়ু বা বাষ্প সঞ্চয় বশতঃ উদরের ঢাকের ন্যায় স্ফীততা; উদরাধ্মান; পেটফাঁপা।

টিম্পেনাইটিক (Tympanitic) আধ্মানিক। বায়ুগর্ভ।

টিম্পে-নাম (Tympanum) মধ্যকর্ণের ঢাকের ন্যায় গহ্বর; কর্ণপটহ।

টিম্পেনাই (Tympani) কর্ণপটহ।

টিম্প্যানাল, টিম্প্যানিক (Tympanal, Tympanic) কর্ণপটহ সম্বন্ধীয়।

টিয়ার্স (Tears) চক্ষুর জল; অশ্রু।

টিল্‌-মাস (Tilmus) শয্যাহাতড়ান, শয্যাবস্ত্র খুঁটন, ইহা বিকারের লক্ষণ বিশেষ।

টিস্যু (Tissue) যে সকল সূত্রবৎ উপাদানদ্বারা শরীরের ভিন্ন ভিন্ন অংশ নির্ম্মিত; বিধানতন্ত্ব।

টী (Tea) চা।

টীট (Teat) স্তনবৃন্ত।

টুইঞ্জ (Twinge) ফিক ব্যথা।

টুইন্স (Twins) যমজ।

টুইষ্টিং (Twisting) মোচড়ান।

টুথ (Tooth) দন্ত।

টুথেক (Toothache) দন্তশূল, দাঁত বেদনা।

টুব্যাকো (Tobacco) তামাক।

টু-য়্যাণ্ড-ফ্রো-সাউণ্ড (To and Fro Sound) দুইখণ্ড বস্ত্রের বস্ত্র সম্মুখে ও পশ্চাতে ঘর্ষণের ন্যায় শব্দ; এই শব্দ হৃৎবেষ্ট প্রদাহরোগে আকর্ণন-যন্ত্রদ্বারা শুনা যায়; ঘর্ষণ-ধ্বনি।

টেইল (Tail) লেজ; পুচ্ছ।

টেটার (Tetter) চর্ম্মরোগের সাধারণ নাম; দদ্রু।

টেটেনাস (Tetanus) ধনুষ্টঙ্কার, ধনুস্তম্ভ।

টেন্ট (Tent) নেকড়া বা লিণ্টের প্রস্তুত গোলী বর্ত্তি বা পলিতা, নালী ঘা বা শরীরের স্বাভাবিক রন্ধ্রাদি প্রসারণার্থ ব্যবহৃত হয়।

টেন্টোরিয়াম (Tentorium) বৃহৎ মস্তিষ্ক ও ক্ষুদ্র মস্তিষ্ক মধ্যবর্ত্তী দৃঢ়মাতৃকা ঝিল্লীর প্রবর্দ্ধন।

টেণ্ডন (Tendon) কণ্ডরা দ্রষ্টব্য।

টেণ্ডো (Tendo-) কণ্ডরা বাচক পূর্ব্বপদ।

টেণ্ডো-একিলিস (Tendo Achillis) গুল্‌ফ দেশীয় সুদৃঢ় কণ্ডরা।

টেনাকিউ-লাম (Tenaculum) বড়িশের ন্যায় প্রান্ত ও সূক্ষ্ম তীক্ষ্ণাগ্রবিশিষ্ট একপ্রকার অস্ত্র, রক্তস্রাবী নাড়ী বন্ধনার্থ ইহা ব্যবহৃত হয়।

টেনাসিটি (Tenacity) জড়পদার্থের যে গুণবশতঃ উহা টানিয়া বিচ্ছিন্ন করিবার চেষ্টার প্রতিবন্ধকতা জন্মায়; দুশ্ছেদ্যতা।

টেনেজ-মাস (Tenesmus) কুন্থন, কোঁথ, বেগ, শূল।

টেন্স (Tense) অনম্য; কঠিন।

টেন-শন (Tension) শরীরের কোন স্থানের প্রসারিত অবস্থা; বিতান, আততি।

টেন্সার (Tensor) প্রসারক-পেশী; যে পেশী দ্বারা পেশীসংলগ্ন অংশ প্রসারিত হয়।

টেপ-ওয়ার্ম (Tape-worm) এব

প্রকার চেষ্টা; দীর্ঘ ক্রিয়ার জন্য সূত্রকৃমি; পটকৃমি।

টেপিড (Tepid) ঈষদুষ্ণ।

টেম্পার (Temper) মতি, মেজাজ।

টেম্পারেচার (Temperature) গাত্রতাপ, শরীরের শীতোষ্ণতা। বায়ুর শীতোষ্ণতা।

টেম্পারেট-জোন (Temperate Zone) সমমণ্ডল; নাতিশীতোষ্ণদেশ।

টেম্পারেমেণ্ট (Temperament) ধাতু, দেহপ্রকৃতি। যথা, ফ্লেগমেটিক টেম্পারেমেণ্ট, শ্লেষ্মা প্রধানধাতু; বিলিয়স টেম্পারেমেণ্ট, পিত্তপ্রধানধাতু; নার্ভাস টেম্পারেমেণ্ট, বায়ুপ্রধান ধাতু।

টেম্পেল (Temple) চক্ষু ও কর্ণের মধ্যভাগে মস্তকের উভয় পার্শ্বে অবনত স্থান; শঙ্খদেশ।

টেম্পোরাল (Temporal) শঙ্খদেশীয়।

টেম্পোরো (Temporo) সমস্ত শব্দে শঙ্খদেশ বাচক পূর্ব্বপদ।

টেরিগয়েড (Pterygoid) পাখার আকার। স্ফিনয়েড অস্থির বিবর্দ্ধিত অংশদ্বয়।

টেরিজিয়ম (Pterygium) অক্ষিগোলকের অভ্যন্তরদিকে ত্রিভুজাকার বিবৃদ্ধি বা উপমাংস।

টেরিস (Teres) লম্বা ও গোল।

টেরিট (Teret) স্তম্ভাকার।

টেলুরিয়ম (Tellurium) এক প্রকার ধাতু। গন্ধে বিকৃত।

টেবিউলার (Tabular) সমচতুর্ভুজ।

টেবিস (Tabes) ক্ষয় বা শীর্ণতা প্রাপ্তি।

টেবিস-ডর-সেলিস (Tabes Dorsalis) অতিরিক্ত ইন্দ্রিয়-সেবা জনিত, পৃষ্ঠ বা কটিবেদনাসংযুক্ত শরীর ক্ষয় রোগ; কশেরুকমজ্জার ক্ষয় রোগ।

টেবিস-মেসেণ্টেরিকা (Tabes Mesenterica) মেসেণ্টেরি গ্ল্যাণ্ডস্ বা মধ্যান্ত্রগ্রন্থির গুটিকারোগ বশতঃ শরীরক্ষয়; মাধ্যান্ত্রিক ক্ষয়রোগ।

টেষ্ট (Test) যে পদার্থ অন্য কোন বস্তুতে সংযোগ করিলে শেষোক্ত বস্তুর আকৃতিগত ও গুণগত পরিবর্তন জন্মিয়া উহার রাসায়নিক প্রকৃতি নিরূপিত হয়। পরীক্ষা।

টেষ্ট-পেপার (Test-paper) তরল পদার্থের অম্লত্ব বা ক্ষারত্ব পরীক্ষার্থ নীল বা পীতবর্ণ কাগজ বিশেষ। [মুষ্ক।

টেষ্টিকেল (Testicle) অণ্ডকোষ,

টেষ্টিস (Testis) অণ্ড, মুষ্ক।

টো (Toe) পদের বৃদ্ধাঙ্গুলী, বৃদ্ধাঙ্গুষ্ঠ।

টোন (Tone) শরীরের যে অবস্থায় শারীরিক ক্রিয়া সকল সুস্থভাবে ও যথাযোগ্য বলে সম্পন্ন হয়।

টো-ফাস (Tophus) অস্থিতে কোমল অর্ব্বুদ।

টোফাই (Tophi) খটিকাপ্রস্তর।

টোষ্ট (Toast) অগ্নিতে ঝলসান রুটি।

টোসিস (Ptosis) উপরের অক্ষিপুটের পতন বা পক্ষাঘাত।

ট্যাক্সিস (Taxis) নিয়মিতরূপে হস্তের চাপ দিয়া হার্নিয়া বা অন্ত্রবৃদ্ধি পুনরায় স্বস্থানে প্রতিষ্ঠিত করিবার প্রক্রিয়া।

ট্যানিন (Tannin) মাজুফল প্রভৃতির সঙ্কোচক উপাদান বা বীর্য্য।

ট্যাপিং (Tapping) উদর বা অণ্ডকোষাদির মস্তস্রাবী গহ্বরে অধিক পরিমাণ তরল পদার্থ সঞ্চিত হইলে ছিদ্র করিয়া ও চুঙ্গি বসাইয়া উহা বাহির করিবার প্রক্রিয়া।

ট্যাপ রুট (Tap-root) প্রধান মূল।

ট্যাবেকঃম (Tabacum) তামাক।

ট্যারেক্সে-কঃম (Taraxacum) কম্পোজিটি জাতীয় ড্যাণ্ডিলিয়ন নামক বৃক্ষ, ইউরোপ ও হিমালয় প্রদেশে জন্মে।

ট্যারেণ্টুলা (Tarantula) একপ্রকার মাকড়সা, ইহার দংশনে যে স্নায়ুবিকার জন্মে তাহা গীতবাদ্য শ্রবণে উপশমিত হয়।

ট্যাল্ক (Talc) অভ্র, আভ্র।

ট্রক-লিয়া (Trochlea) কপিকলের ন্যায় উপাস্থি, বা অস্থির উপরিভাগ।

ট্রক-লিয়ার (Trochlear) কপিকলের ন্যায়।

ট্রক-লিয়ারি (Trochleary) ট্রকলিয়াসংক্রান্ত। যথা, ট্রকলিয়ারি মসেল-চক্ষের ঊর্দ্ধস্থ তির্য্যকপেশী; ট্রকলিয়ারি নার্ভ-অক্ষিপেশীগত স্নায়ু।

ট্রকলিয়ারিস (Trochlearis) ট্রকলিয়ারি মসেল; অক্ষিপেশী।

ট্রাঙ্ক (Trunk) অঙ্গপ্রত্যঙ্গ ব্যতীত কেবল দেহ; কাণ্ড। নাড়ীর প্রধান অংশ।

ট্রাঙ্ক-কেটেড (Truncated) ছিন্নাগ্র এবং স্থূলমুখ।

ট্রপিক্যাল (Tropical) উষ্ণদেশীয়।

ট্রফিক (Trophic) পরিপোষণকারী; বিধানোপাদানের পরিপোষণ সম্পাদক।

ট্রমেটিক (Traumatic) আঘাতজনিত, আভিঘাতিক।

ট্রমেটিজম্ (Traumatism) প্রবল আঘাতাদিজনিত শারীরিক অবস্থা।

ট্রাস (Truss) অন্ত্রবৃদ্ধিবিশিষ্ট রোগীর অন্ত্র স্বস্থানে রাখিবার জন্য কটিবন্ধন বিশেষ।

ট্রাই-কঃস-পিড (Tri-cuspid) তি-

নটী শৃঙ্গ্রবিশিষ্ট ; ত্রিদন্তী ত্রি-কণ্টকীয়।

ট্রাই-গন (Trigone) মূত্রাশয়ের মূল দেশের সম্মুখ ভাগে স্থিত ক্ষুদ্র মসৃণ ত্রিভুজাকার স্থান।

ট্রাই-সেপ্স (Triceps) তিনমস্তক-বিশিষ্ট পেশী, ত্রিশীর্ষ পেশী।

ট্রাইজেমি-নাস (Trigeminus) পঞ্চম স্নায়ুযুগ্মের শাখাত্রয়।

ট্রাইজেমিনাই (Trigemini) পঞ্চম স্নায়ু-যুগ্ম।

ট্রাইফেশিয়্যাল (Trifacial) পঞ্চম স্নায়ু যুগ্ম ; ইহার প্রত্যেকটী তিন তিনটী বৃহৎ শাখায় বিভক্ত ও মুখমণ্ডলে প্রসারিত।

ট্রায়েঙ্গুলারিস (Triangularis) ত্রিকোণ পেশী।

ট্রি (Tri) তিন বা তৃতীয় বাচক পূর্ব্বপদ ; ত্রি।

ট্রিকাইয়্যাসিস (Trichiasis) চক্ষুর পক্ষ্ম ভিতরের দিকে বৃদ্ধি পাইয়া অক্ষিগোলকের উপরে পতিত হওয়া।

ট্রিকোসিস (Trichosis) কেশরোগের সাধারণ নাম।

ট্রিকো-নোসিস (Trichonosis) কেশরোগ।

ট্রিট-মেণ্ট (Treatment) চিকিৎসা

ট্রিটুরে-শন, ট্রাইটুরে-শন (Trituration) অতিসূক্ষ্ম চূর্ণ; বিচূর্ণ।

ট্রিপ্যান (Trepan) একপ্রকার গোলাকার করাত, পূর্ব্বে করোটি রন্ধ্র করণার্থ ব্যবহৃত হইত। (ক্রিয়া) করোটি রন্ধ্র করা ও তথা হইতে অস্থির অংশ উত্তোলিত করা।

ট্রিফাইন (Trephine) করোটী রন্ধ্র করণার্থ অধুনা ব্যবহৃত করাত। (ক্রিঃ) ট্রিফাইন দ্বারা ছিদ্র করণ।

ট্রিমর (Tremor) একাঙ্গ বা সর্ব্বাঙ্গের অনৈচ্ছিক কম্পন।

ট্রিস-মাস (Trismus) হনুস্তম্ভ, ধনুষ্টঙ্কার।

ট্রেকাইটিস (Trachitis) কণ্ঠনালী প্রদাহ।

ট্রেকিও (Tracheo-) সমস্ত শব্দে কণ্ঠনালীবাচক পূর্ব্বপদ।

ট্রেকিওটমি (Tracheotomy) কণ্ঠনালীচ্ছেদ।

ট্রেকিওসিল (Trachcocele) গলগণ্ড

ট্রেকিয়া (Trachea) কণ্ঠনালী।

ট্রেকিয়াইটিস (Tracheitis) কণ্ঠনালী প্রদাহ।

ট্রেকিয়্যাল (Trachial) কণ্ঠনালী সংক্রান্ত।

ট্রেকিলো—(Trachelo-) গ্রীবা সংক্রান্ত বাচক উপসর্গ।

ট্রে-গাস (Tragus) কর্ণগহ্বরের প্রান্তস্থিত ক্ষুদ্র ত্রিভুজাকার প্রবর্দ্ধন।

ট্রেজাইকাস (Tragicus) ট্রেগাস-

...কের বহির্ভাগ আবরক ক্ষুদ্র ক্ষুদ্র পীতবর্ণ গুচ্ছ।

ট্রোকার (Trocar) উদরী ও কুর-ণ্ডাদি হইতে ছিদ্রকরিয়া জল নিঃসারণার্থ অস্ত্রবিশেষ।

ট্রোক্যাণ্টার (Trochanter) উরুর অস্থির উপরের প্রান্তস্থিত প্রবর্দ্ধিত অংশদ্বয়।

ট্রোচিসাই (Trochisci) চাক্তি ; লোজেঞ্জেস। শর্করা ও গঁদের সহিত ঔষধদ্রব্যমিশ্রিত ক্ষুদ্র চাক্তি

ট্র্যাক্ট (Tract) শরীরের কোন প্রদেশ বা স্থান।

ট্র্যান্সপেরেণ্ট (Transparent) স্বচ্ছ।

ট্র্যান্সপ্লাণ্টে-শন (Transplantation) শারীরিক যন্ত্রের অস্বাভাবিক অবস্থান ; শরীরের একাংশ স্থানান্তরে স্থাপন।

ট্র্যান্স-পোজি-শন (Transposition) স্থানবিপর্য্যয়।

ট্র্যান্স-ফিউ-জন (Transfusion) এক-প্রাণীর রক্ত অন্য প্রাণির শিরায় পিচকারীদ্বারা প্রবিষ্টকরা।

ট্র্যান্স-ভার্স (Transverse) অপ-রাংশের আড়াআড়িভাবে অবস্থিত ; অনুপ্রস্থ।

ট্র্যান্স-ভার্সেলিস (Transversalis) অনুপ্রস্থ পেশী।

ট্র্যান্সুডে-শন (Transudation) সচ্ছিদ্রবিধান তন্তু বা পদার্থের অভ্যন্তর দিয়া তরল পদার্থের নিঃসরণক্রিয়া।

ট্র্যাপি-জয়েড (Trapezoid) বিষমবাহু চতুর্ভুজেরআকার।

ট্র্যাপিজিয়ম (Trapezium) মণিবন্ধের অস্থির দ্বিতীয় সারির প্রথম অস্থি। বিষমবাহু চতুর্ভুজ।

ট্র্যাপিজিয়স (Trapezius) গ্রীবা ও পৃষ্ঠের পশ্চাৎভাগস্থিত বৃহৎ পেশী বিশেষ ; স্কন্ধাস্থি-পেশী।

ট্র্যাবিকিউলা (Trabecula) সংযোজন বা বন্ধনোপকরণ তন্তু।

ট্র্যাভেইল (Travail) প্রসব বেদনা।

ড

ডক্ট (Duct) শরীরস্থ তরলপদার্থবাহীনালী।

ডক্টস (Ductus) ডক্ট। প্রণালী।

ডক্টস আর্টিরিও-সস (Ductus Arteriosus) ভ্রূণশরীরস্থ উপধমনী। ফুসফুসীয় ধমনীর সহিত এওর্টা সংযোজক ভ্রূণদেহের রক্তবহা নাড়ীবিশেষ।

ডক্টস ভিনো-সস (Ductus Venosus) ভ্রূণদেহস্থ উপশীরা। নিম্ন মহাশিরা ও নাভীশিরা সংযোজক প্রণালী বিশেষ।

ডবল (Double) দ্বিগুণিত।

ডবল-কোয়ার্টান (Double Quartan)

দ্বিচাতুর্থকজ্বর। প্রতি চতুর্থ দিবসে আগত যৌকালীন জ্বর।

ডবল-টার্শিয়ান (Double Tertian) দ্বিতৃতীয়কজ্বর।

ডবল-টাচ (Double Touch) যুগপৎ মল-দ্বারে ও যোনীদ্বারে অঙ্গুলী-দ্বারা পরীক্ষা।

ডবল-হিয়ারিং (Double Hearing) উভয় কর্ণের শ্রবণের অসাম্যতা।

ডাম (Dumb) মূক, বোবা।

ডর-সাম (Dorsum) পৃষ্ঠ।

ডর-সাই (Dorsi) পৃষ্ঠ।

ডর-স্যাল রিজন (Dorsal Region) পৃষ্ঠদেশ।

ডাল (Dull) ঘনগর্ভ, অতীব্র।

ডাইক্রোটিক (Dicrotic) দুই দুই বার প্রতিঘাতবিশিষ্ট, দ্বিগুণিত স্পন্দনবিশিষ্ট।

ডাইগ্যাস্ট্রিক (Digastric) দ্বিউদর বিশিষ্ট। নিম্ন হনুর পেশী, বংশের ন্যায় মাংসল প্রান্তদ্বয়বিশিষ্ট।

ডাইভার্টিকিউলাম (Diverticulum) রক্তের গতি রোধ হইলে অতিরিক্ত রক্ত ধারণক্ষম যন্ত্র, গুপ্ত-পথ; বৃহৎ নল হইতে উৎপন্ন মুখ-শূন্য ক্ষুদ্রনল।

ডাইমেন-শন (Dimension) আয়তন; পরিসর, দৈর্ঘ্য-প্রস্থ-বেধ।

ডাইলিউ-শন (Dilution) ক্রম দ্রবীভূত্য। তরল করণ।

ডাইলিউয়েন্ট (Diluent) যে ঔষধ বা পদার্থে শরীরের রক্তরসাদি তরলতর হয়।

ডাইলেটে-শন (Dilatation) প্রসারণ। দ্বার বা প্রণালী প্রভৃতির বিবর্দ্ধন।

ডাইলেটর, ডাইলেটেটর (Dilator Dilatator) প্রসারক পেশী। শরীরের স্বাভাবিক দ্বার বা ক্ষতাদির মুখ প্রসারক অস্ত্রবিশেষ।

ডায়ার্থ্রোসিস (Diarthrosis) সচলঅস্থি-সন্ধি।

ডায়ুরেসিস (Diuresis) মূত্রাধিক্য।

ডায়ুরেটিক (Diuretic) মূত্রকর ঔষধ।

ডায়েট (Diet) পথ্য।

ডায়েটেটিক (Dietatic) পথ্যসম্বন্ধীয়।

ডায়েফোরেটিক-স (Diaphoretics) ঘর্ম্মকর বা স্বেদজনন ঔষধ।

ডায়েফোরেসিস (Diaphoresis) ঘর্ম্ম, স্বেদ।

ডায়েফ্রাম (Diaphragm) বক্ষোদর ব্যবধায়ক পেশী।

ডায়েফ্র্যামাইটিস (Diaphragmitis) বক্ষোদর ব্যবধায়ক পেশীর প্রদাহ।

ডায়েফ্র্যামাইটিক (Diaphragmitic) ডায়েফ্র্যামসংক্রান্ত।

ডায়েবিটিস (Diabetes) মধুমেহ; বহুমূত্র রোগ; সশর্কর মূত্র।

ডায়েবেটিক (Diabettic) বহুমূত্র সংক্রান্ত; বহুমূত্রগ্রস্ত।

ডায়ারিয়া, ডায়েরিয়া (Diarrhoea) অতিসার ; উদরাময়।

ডায়ারিটিক (Darrhœtic) অতিসার উৎপাদক।

ডায়াগ্নোসিস (Diagnosis) রোগনির্ণয়।

ডায়্যাথিসিস (Diathesis) বিশেষ শারীরিক প্রকৃতি ; ধাতুদোষ।

ডায়্যামিটার (Diameter) ব্যাস।

ডায়্যাষ্টেসিস (Diastasis) ভগ্নব্যতীত অস্থির সন্ধি-বিচ্যুতি ; বিসন্ধান।

ডায়্যাষ্টোল (Diastole) রক্ত প্রবেশ বশতঃ হৃৎপিণ্ডের গহ্বর, ও ধমনীর প্রসারণ।

ডার্টস (Dartos) মুষ্কতলস্থ শিথিল আরক্ত কোষময় বিধান।

ডার্টয়েড (Dartoid) ডার্টস সদৃশ।

ডার্ব্বিশায়ার-নেক (Derbyshire Neck) গলগণ্ড। ডার্ব্বিশায়ার নামক ইংলণ্ডের প্রদেশ বিশেষে এই রোগের প্রাবল্য বশতঃ এরূপ নাম।

ডার্ম্ময়েড (Dermoid) চর্ম্মসদৃশ।

ডার্মিস (Dermis) প্রকৃত চর্ম্ম।

ডি (De-) বিহীনতা, বিচ্ছিন্নতা বা প্রতিকূলতা বাচক পূর্ব্বপদ।

ডিঅক্সিডেশন (Deoxidation) মিশ্র পদার্থ হইতে অম্লজান নিঃসারণ।

ডি-অব-ষ্ট্রুয়েণ্ট (De-obstruent) শরীরের আভ্যন্তরিক দ্বারাদির অবরোধক পদার্থ দূরকারক ঔষধ। শোধক।

ডিউপ্লিকেটেড (Duplicated) দ্বিভাজিত ; দ্বিগুণিত।

ডিউরামেটার (Dura Mater) মস্তিষ্কের বাহিরের দিকের প্রথম পর্দা ; দৃঢ় মাতৃকা।

ডিউরেশন (Duration) রোগের স্থায়িত্ব বা ভোগকাল ; স্থিতিকাল।

ডিওডিনঃম (Duodenum) দ্বাদশাঙ্গুলান্ত্র ; ক্ষুদ্রান্ত্রের প্রথম অংশ।

ডিওডোর্যাণ্ট (Deodorant) দুর্গন্ধহারক।

ডিকক্টঃম (Decoctum) ক্বাথ।

ডিকক-শন (Decoction) ক্বাথ।

ডিকম্পোজিশন (Decomposition) রাসায়নিক গুণে সংযুক্ত বস্তুর উপাদান বিভিন্ন করণ ; বিশ্লেষ। বিসমাসিত বা বিগলিত হওয়া।

ডিকঃসেট (Decussate) ইংরেজী (x) এক্স বর্ণের ন্যায় খণ্ডিত পেশী বা স্নায়ুতন্তু।

ডিকার্ব্বণাইজ (Decarbonize) রাসায়নিক ক্রিয়া দ্বারা কোন বস্তু হইতে কার্ব্বণ অন্তরিত করা।

ডিকিউবিটঃস (Decubitus) শয্যাক্ষত।

ডিকে (Decay) ক্রমে ক্রমে স্বাস্থ্য নাশ ; ক্রমশঃ ক্ষয় প্রাপ্তি।

ডিক্রেপিটেশন (Decrepitation) উত্তাপ সংযোগে লবণাদির যেরূপ শব্দ হয় তদ্রূপ কড় কড় শব্দ।

ডিক্লাইন (Decline) রোগ লক্ষণের হ্রাস প্রাপ্ত অবস্থা। হ্রাস। ক্ষয়।

ডিগ্রী (Degree) তাপমান যন্ত্রে চিহ্নিত এক এক ভাগ; অংশ। বিশ্ববিদ্যালয়াদির প্রদত্ত উপাধি।

ডিগ্লুটিশন (Deglutition) গলাধঃকরণ, গিলন।

ডিজ-অর্ডার (Disorder) সামান্য পীড়া, ক্রিয়াবৈষম্য।

ডিজিজ (Disease) রোগ, অসুস্থতা।

ডিজি-টঃস (Digitus) অঙ্গুলী।

ডিজিটাই (Digiti) অঙ্গুলী সমূহ।

ডিজিটেট (Digitate) অঙ্গুলীর ন্যায় ভিন্ন ভিন্ন শাখায় বিভক্ত।

ডিজিটেশন (Digitation) অঙ্গুলীর আকার অস্থি-বিবর্দ্ধন।

ডিজিট্যাল (Digital) অঙ্গুলী সম্বন্ধীয়।

ডিজিনেস (Dizziness) শিরোঘূর্ণন।

ডিজেক-শন (Dejection) মলত্যাগ ক্রিয়া।

ডিজেনারেশন (Degeneration) কোন শারীরিক যন্ত্রের বিকৃতি প্রাপ্তি; অপকর্ষ; অপকৃষ্টতা; যথা, ফ্যাটিডিজেনারেশন,-মেদাপকর্ষ অর্থাৎ শরীরের মেদের বিকৃতি বা অপকৃষ্টতা প্রাপ্তি।

ডিজেস্-শন (Digestion) পরিপাক ক্রিয়া।

ডিজেস-টিভ (Digestive) পরিপাক ক্রিয়াসম্বন্ধীয়।

ডিটার-জেণ্টস (Detergents) বিরেচক বা বিশোধক ঔষধ।

ডিটার-মিনেশন (Determination) শরীরের কোন স্থানে প্রবল, প্রচুর অথবা দ্রুতবেগে রক্তাদিতরল পদার্থ প্রবাহিত হওয়া।

ডিটার-মিনেশন-অভ-ব্লড (Determination of blood) রক্ত সঞ্চয়।

ডিটেক-শন (Detection) রাসায়নিক পরীক্ষার কল।

ডিট্রুসর (Detrusor) যে পেশীদ্বারা (মূত্রাদি) বাহিষ্কৃত হয়; সবলে বহিষ্কর পেশী। [পেশী।

ডিট্র্যাক্টর (Detractor) আকর্ষক

ডিনুডেশন (Denudation) নগ্নতা; শরীরের কোন স্থানের প্রকৃত আবরণহীনতা।

ডিনোমিক (Dynamic) প্রাকৃতিক শক্তির কার্য্য সম্বন্ধীয়। শরীরযন্ত্রে কোন পদার্থের প্রভাবের ভৌতিক বা রাসায়নিক কারণ দৃষ্ট না হইলেই এই শব্দের প্রয়োগ হয়।

ডিনেমিক-ফোর্স (Dynamic Force) প্রাকৃতিক বল।

ডিনেমিজেশন (Dynamization) ঔষধের প্রাকৃতিক শক্তি বিকাশ

রিণী বিমর্দ্দনাদি হোমিও প্যা-থিক প্রক্রিয়া বিশেষ।

ডিপজিট (Deposit) তরল পদার্থ হইতে যে অতরল পদার্থ ক্ষরিত হইয়া নীচে পড়ে; তলানি; স্তস্তি।

ডিপিলেটরি (Depilatory) কেশ উন্মোচক ঔষধ, লোমশাতন।

ডিপ্রেভড (Depraved) বিকৃত, অসুস্থ বা মন্দাবস্থা প্রাপ্ত।

ডিপ্রে-শন (Depression) দুর্ব্বলতা; শরীর বা মনের অবসন্নতা। বক্ষঃ-স্থলাদির ন্যায় নিম্ন স্থান বা গহ্বর। ভগ্ন মস্তকাস্থির অভ্য-ন্তরদিকে অবনতি।

ডিপ্রে-সর (Depressor) অবনতকর পেশী, যে পেশীর আকর্ষণে শরী-রের কোন অংশ নীচের দিকে অবনত হয়। জিহ্বা অবনতকর যন্ত্র বিশেষ।

ডিপ্লি-শন (Depletion) রক্ত মোক্ষ-ণাদি দ্বারা রক্তাদি কমান।

ডিপ্লোপিয়া (Diplopia) দ্বিত্ব দৃষ্টি রোগ; যে দৃষ্টিরোগবশতঃ একটী বস্তু দুইটী দেখায়।

ডিপ্সোমেনিয়া (Dipsomania) মদিরাদি মাদক দ্রব্য পানের অনিবার্য্য ইচ্ছা।

ডিপ্সোসিস (Dipsosis) তৃষ্ণাধিক্য।

ডিফ-থিরিয়া (Diphtheria) ঝিল্লিক-প্রদাহ; অচ্ছাদন।

ডিফ-থিরিটিক (Diphtheritic) ঝিল্লিক প্রদাহ সম্বন্ধীয়।

ডিফর-মিটি (Deformity) বৈরূপ্য; অস্বাভাবিক আকৃতি।

ডিফার-ভেসেন্স (Defervescence) ক্রাইসিস।

ডিফারেণ্ট (Deferent) যে নল দিয়া অণ্ড হইতে শুক্র বাহির হয়।

ডিফিউজ (Diffuse) প্রসারিত; নির্দ্দিষ্ট সীমাবর্জ্জিত।

ডিফিকেশন (Defecation) মল-ত্যাগ ক্রিয়া। কোন তরল পদার্থ হইতে তলানি বাহির করিয়া ফেলা।

ডিফিউজিব-ল (Diffusible) অস্থায়ী।

ডিফেক্ট (Defect) বিকলতা।

ডিফ্লুক-শন (Defluxion) অতিশয় নিঃসব স্রাবী প্রদাহ।

ডিবিলিটি (Debility) দুর্ব্বলতা, শ-রীরের পেশীতন্তুর শিথিলতা।

ডিবিলিটেটিং (Debilitating) দুর্ব্ব-লকর।

ডিভি-এশন (Deviation) শরীরের তরল বা নিরেট পদার্থের বিপথে গতি।

ডিভেলপ-মেণ্ট (Development) বিকাশ।

ডিমন-ষ্ট্রেটর (Demonstrator) ব্যব-চ্ছিন্ন শরীরাংশ প্রদর্শক; দৃষ্টতঃ শরীরস্থান শিক্ষাদাতা।

ডি-মনোমেনিয়া (Demonomania) যে প্রকার উন্মাদরোগে রোগী আপনাকে ভূত প্রেতাদি আশ্রিত মনে করে।

ডিমাল-সেণ্ট (Demulcent) স্নিগ্ধকারক বা উপদাহ প্রশান্তকর ঔষধ।

ডিমেন-শিয়া (Dementia) রোগ বা উপঘাতবশতঃ মানসিক শক্তির খর্ব্বতা ; বুদ্ধি-বৈকল্য।

ডিম্বাশয় (Ovary) এক ইঞ্চি দীর্ঘ বাদামের আকৃতি গর্ভাশয়ের পশ্চাৎভাগে স্থিত ক্ষুদ্র ক্ষুদ্র ডিম্ব বা স্ত্রীবীর্য্যধারী চেপ্টা কোষ বিশেষ। রতিকালে এই ডিম্ব বা স্ত্রীবীর্য্য পুরুষের শুক্রের সহিত সম্মিলিত হইলে গর্ভসঞ্চার হয়।

ডিরেক্টর (Director) প্রদর্শকযন্ত্র ; অস্ত্র চিকিৎসায় ছুরিকা প্রবেশার্থ এক প্রকার সীতাবিশিষ্ট অপ্রশস্ত যন্ত্র।

ডিলিউ-সন (Delusion) অবাস্তব বস্তু বা বিষয় বাস্তবিক বলিয়া জ্ঞান।

ডিলিভারি (Delivery) প্রসব, খালাস।

ডিলিরিয়াম (Delirium) কোন কোন রোগে মস্তিষ্কের ক্রিয়াবিকৃত হইয়া যে মনের বিশৃঙ্খলা ও বাক্যের অসংলগ্নতাদি জন্মে ; প্রলাপ।

ডিলিরিয়াস (Delirius) প্রলাপী।

ডিলিরিয়াম-ট্রিমেন্স (Delirium Tremens) অতিরিক্ত মাদক দ্রব্য সেবন অথবা উহার বিরতিবশতঃ অনিদ্রা ও কম্পসংযুক্ত প্রলাপ রোগ ; মদাত্যয় ; পানাত্যয়।

ডিষ্টর-শন (Distortion) বৈরূপ্য, অঙ্গ-বিকৃতি।

ডিষ্টিংট (Distinct) অসংশ্লিষ্ট, ছাড়া ছাড়া।

ডিষ্টিকিয়্যাসিস (Distichiasis) দ্বি-পক্ষ্মরোগ। এই রোগে দুই সারি পক্ষ্ম জন্মিয়া একসারি চক্ষের অভ্যন্তরদিকে যায়।

ডিষ্টিল্ড (Distilled) পরিস্রুত, চোয়ান।

ডিষ্টোমা (Distoma) দ্বিমুখক্রিমিসমূহ।

ডিস- (Dys-) মন্দতা বা সকষ্টতা জ্ঞাপক পূর্ব্বপদ।

ডিস-অরগেনিজেশন (Disorganization) রোগবশতঃ কোন যন্ত্রের সম্যক পরিবর্ত্তন বা বিনাশ ; বিকলতা।

ডিস-ইউরিয়া (Dysuria) মূত্রত্যাগে কষ্ট ও যাতনা ; মূত্রকৃচ্ছ্র।

ডিস-ইন-ফেক-ট্যাণ্ট-স (Disinfectants) রোগসংক্রমবিনাশক দ্রব্যাদি।

ডিস-কিউশিয়েণ্ট (Discutient) অর্ব্বুদাদি বিকীর্ণকর ঔষধ।

ডিস-ক্রীট (Discrete) বিশ্লিষ্ট ; ছাড়া ছাড়া।

ডিস-ক্রেশিয়া (Dyscrasia) রক্ত দু-

ষ্টতা ; রক্তে উপদাহকর পদার্থের অবস্থান। ধাতুদোষ।

ডিস্-গ্যালেক্-টিয়া (Dysgalactia) স্তন্যবিকার।

ডিস-চার্জ (Discharge) স্রাব ; পূয রক্তাদি নিঃসরণ। [কর।

ডিস-ট্র্যাক্টিং (Distracting) ক্ষিপ্ত-

ডিস-পেপ-শিয়া (Dyspepsia) অগ্নি-মান্দ্য বা অজীর্ণ রোগ।

ডিস-প্লেস-মেণ্ট (Displacement) শরীরস্থ যন্ত্রাদির স্থানভ্রংশ।

ডিস-ফেজিয়া (Dysphagia) গিলিতে কষ্ট, নিগীরণ কৃচ্ছ্র। [কৃচ্ছ্র।

ডিস-ফোনিয়া (Dysphoma) বাক্-

ডিস-মেনোরিয়া (Dysmenorrhœa) রজঃকৃচ্ছ্র ; বাধক বেদনা।

ডিস লোকেশন (Dislocation) অস্থি সন্ধির স্থানবিচ্যুতি।

ডিসিডিউয়াস (Deciduous) পতন শীল ; অস্থায়ী , যথা শৃঙ্গ, দন্ত ইত্যাদি।

ডিসিডিউয়ামেম্ব্রেণা (DeciduaMembrana) প্রসবের পর পতন শীল গর্ভস্থ ভ্রূণের আবরণ ঝিল্লী।

ডিসেক-শন (Dissection) মৃতদেহ ব্যবচ্ছেদ।

ডিসেণ্ট্রি, ডিসেন-টেরি (Dysentery) আমরক্ত ; রক্তাতিসার।

ডিসেণ্ডিং (Descending) নিম্নগামী; প্রপত।

ডিসোপিয়া (Dysopia) দৃষ্টিকৃচ্ছ্র ; ঝাপসা দৃষ্টি। [মান্দ্য।

ডিসোরেক্-শিয়া (Dysorexia) ক্ষুধা-

ডিসোস-মিয়া (Dysosmia) আঘ্রাণ শক্তির খর্ব্বতা।

ডিস্প্নিয়া (Dyspnœa) শ্বাসকৃচ্ছ্র।

ডুশ (Douche) জলধারা, ঊর্দ্ধ হইতে জলধারা পাতন।

ডেঙ্গু (Dengue) আমবাতিক বেদনা ও পীড়কাবিশিষ্ট একপ্রকার বিশেষ ব্যাপক প্রবল জ্বর।

ডেড্লি-নাইট-শেড (Deadly night shade) বেলেডোনা নামক বৃক্ষ।

ডেণ্টয়ড (Dentoid) দন্তাকার; দাঁতের ন্যায়।

ডেণ্টিকেল (Denticle) ক্ষুদ্র দন্ত।

ডেণ্টিফর্ম (Dentiform) দন্তাকার।

ডেণ্টিফ্রিস (Dentifrice) দন্তধাবন চূর্ণ, মাঁজন।

ডেণ্টিশন (Dentition) প্রথম দাঁত উঠিবার সময়, বা তৎকালীয় লক্ষণ। [রোগ।

ডেণ্টিশিও (Dentitio) দন্তোদ্গম

ডেণ্টিষ্ট (Dentist) দন্ত চিকিৎসক, ও কৃত্রিম দন্তনির্ম্মাতা।

ডেণ্টিষ্ট্রি (Dentistry) দন্ত চিকিৎসা বিদ্যা।

ডেণ্টেট, ডেণ্টেটেড, ডেণ্টিলেটেড (Dentate, dentated, dentelated) দন্তুর ; দাঁতাল।

ডেণ্টেটা (Dentata) দন্তের ন্যায় সূক্ষ্মাগ্র গ্রীবার দ্বিতীয় কশেরুকা।

ডেণ্টাল (Dental) দন্ত সম্বন্ধীয়।

ডেড (Dead) মৃত। ডেড বডি-মৃত দেহ।

ডেথ (Death) মৃত্যু।

ডেথ-র‍্যাট-ল (Death-rattle) মৃত্যু-কালে গলার ঘড ঘড শব্দ।

ডেন্স (Dens) দন্ত।

ডেন্সিটি (*Density*) নির্দ্দিষ্ট আয়তন বিশিষ্ট কোন বস্তুতে যে পরিমাণ অণু বিদ্যমান থাকে ; ঘনত্ব।

ডেফ-ডাম-নেস (*Deaf-Dumbness*) আজন্ম বধিরতাবশতঃ মূকত্ব।

ডেফিনিশন (*Definition*) নির্ব্বাচন, সংজ্ঞা।

ডে-ব্লাইণ্ড-নেস (*Day-blindness*) [দিবান্ধতা।

ডেলিটেসেন্স (*Deliteseence*) প্রদাহাদির সহসা বিলীন হইয়া যাওয়া।

ডেল্টয়েড (*Deltoid*) স্কন্ধের ত্রিকোণ পেশী। (বিং) ডেল্টা বা গ্রীক 'ব' কারের আকার ত্রিকোণ।

ডেস-কোয়ামেশন (*Desquamation*) উপত্বক পতন।

ডেস-কোয়েমেটিভ (*Desquamative*) উপত্বক পতনশীল।

ডোজ (*Dose*) মাত্রা,ঔষধের পরিমাণ।

ড্যাক্রু (*Dacru*) অশ্রুজল।

ড্যাক্রি, ড্যাক্রিও (*Dacry, Dacryo*) অশ্রুজল বা অশ্রুস্রাবী যন্ত্র জ্ঞাপক পূর্ব্বপদ।

ড্যাক্রি-য়্যাডেন-য়্যাল-জিয়া (*Dacry adenalgia*) অশ্রুস্রাবী গ্রন্থির বেদনা বা পীড়া।

ড্যাক্রিয়্যাডেণ্টাইটিস (*Dacry adenititis*) অশ্রুস্রাবী গ্রন্থির প্রদাহ।

ড্যাক্রিওমা (*Dacryoma*) যে রোগে নাসা পথে অশ্রু ক্ষরিত না হইয়া মুখমণ্ডলে পড়ে।

ড্যাক্রিজিলোসিস (*Dacrygelosis*) যুগপৎ হাস্যক্রন্দনবিশিষ্ট উন্মাদ।

ড্যাক্টিল (From *Dactulus*) অঙ্গুলীবাচক পূর্ব্বপদ।

ড্যাক্টিলয়েড (*Dactiloid*) অঙ্গুলীর আকার।

ড্যাক্টিলাইটিস (*Dactilitis*) অঙ্গুলীর গভীরাংশের প্রদাহ।

ড্যাণ্ডিফিভার (*Dandy Fever*) ডেঙ্গু জ্বর।

ড্যাণ্ড্রফ (*Dandruff*) ক্ষুদ্র ক্ষুদ্র সাদা আঁইশ বা ভূষির ন্যায় উপত্বক উঠিয়া যাওয়া ও পুনরায় উৎপন্ন হওয়া লক্ষণাপন্ন মস্তকাদির এক প্রকার চর্ম্মরোগ, খুসকি, রুখি।

ড্রাগ (*Drug*) ঔষধ দ্রব্য। (ড্রিং) অতিরিক্ত ঔষধ সেবন।

ড্রাগিষ্ট (*Druggist*) ঔষধ বিক্রেতা।

ড্রপ (*Drop*) বিন্দু, ফোটা ; এক ড্রামের ৬০ ভাগের একভাগ।

ড্রপ-সিরিণ (Dropserene) তিমির রোগ।

ড্রপ-সি (Dropsy) শোথ।

ড্রাইকংপিং (Dry cupping) পূর্ব্বে চর্ম্মচ্ছেদ না করিয়া রক্ত-মোক্ষণ-বাটী বা কংপিংগ্লাস প্রয়োগ।

ড্রাউনিং (Drowning) জলমগ্ন।

ড্রাফ্ট (Draught) একবারে যে পরিমাণ তরল ঔষধ সেবন করা যায়। [যাইটগ্রেণ।

ড্রাম (Drachm) এক ঔন্সের অষ্টাংশ,

ড্রাষ্টিক (Drastic) অতিবিরেচক।

ড্রিভেলিং (Drivelling) লালাস্রাব।

ড্রেইনেজ (Drainage) বিস্তীর্ণ ও গভীরমূল ক্ষতাদিতে পূয নিঃসারণার্থ রবারের সচ্ছিদ্র সূক্ষ্ম নল-প্রবিষ্ট করিয়া চিকিৎসা।

ড্রেঞ্চ (Drench) বলপূর্ব্বক তরল ঔষধ প্রয়োগ।

ড্রেসার (Dresser) ক্ষতাদি পরিষ্কার ও বন্ধন কারক।

ড্রেসিং (Dressing) ক্ষতাদিতে যাহা লাগান যায়। ড্রেসারের কার্য্য।

ঢ

ঢপঢপশব্দ (Hollow sound) শূন্যগর্ভশব্দ।

ঢক্কাচ্ছদ (Trympanum) কর্ণ-পটহ।

ত

তড়কা (Convulsion) আক্ষেপ রোগ, দড়কা।

তণ্ডুলাম্বু (Rice-water) চেলেনি জল ; মাড়।

তন্দ্রা (Nap) ঈষৎ নিদ্রা ; আবল্য।

তন্দ্রাদোষ (Coma) রোগে নিদ্রালস্য বা অচৈতন্য।

তন্তু (Fibrin) আঁশ ; রক্তাদির তন্তুবৎ অংশ।

তমস্বি (Amaurosis) তিমিরদৃষ্টি রোগ

তমোদৃষ্টি (Dim sight) ঘোরদৃষ্টি ঝাপসাদৃষ্টি।

তরুণ (Acute) নবীন বা প্রবল।

তর্পণ (Pleasing) তৃপ্তিজনক; সুখকর। [সচ্ছিদ্র।

তলতলে (Spongy) স্পঞ্জের ন্যায়

তলানি (Sediment) অধঃপতিত পদার্থ।

তাড়িতযন্ত্র (Galvanic Battery) অবশাঙ্গ প্রভৃতিতে তাড়িৎ প্রয়োগার্থে যন্ত্র বিশেষ।

তাণ্ডবরোগ (Chorea) এক প্রকার স্নায়বীয় রোগ। এই রোগে মুখমণ্ডল ও অঙ্গের পেশী সকল হাস্যজনক ভাবে কম্পিত ও সঞ্চালিত হয় বলিয়া ইহাকে তাণ্ডব (উদ্ধত নৃত্য) বলে। গতিবিধায়িনী স্নায়ুর ক্রিয়া-বিকার বশতঃ এই আক্ষেপিক রোগ জন্মে।

তান্তব (Fibrinous) তন্তুময়, আঁশাল।

তান্ত্র (Fibrin) জন্তু ও উদ্ভিদ পদার্থের আঁশাল অংশ।

তাপ (Caloric) উত্তাপ।

তাপমানযন্ত্র (Thermometer) যে যন্ত্র দ্বারা তাপের পরিমাণ নিরূপণ করা যায়।

তাপাংশ (Degree of heat) তাপের পরিমাণ।

তাপোৎভাবন (Generation of heat) তাপের উৎপত্তি করা।

তাপ-বিকীরণ (Radiation of heat) তাপপ্রসারণ। র‍্যাডিয়েশন দ্রষ্টব্য

তামসীনিদ্রা (Coma) অচৈতন্যবৎ প্রগাঢ়নিদ্রা।

তারকামণ্ডল (Iris) যে মণ্ডলের অভ্যন্তরে চক্ষুর তারা অবস্থিত, ও যাহার বর্ণানুসারে চক্ষু কাল, কটা বা নীলবর্ণ দেখায়; উপতারা।

তারা (Pupil) চক্ষুর মণি।

তালু (Palate) টাকরা।

তালুপার্শ্বগ্রন্থি (Tonsils) তালুমূল।

তালুমূল (Tonsil) তালুর দুই পার্শ্বে বাদামের ন্যায় গ্রন্থিদ্বয়।

তালুমূলপ্রদাহ (Tonsilitis) তালুপার্শ্বগ্রন্থির প্রদাহ।

তিমিররোগ (Amaurosis) অ্যামোরোসিস; অন্ধতা। [দৃষ্টি।

তিমিরদৃষ্টি (Dim sight) ঝাপসা-

তির্য্যক (Crooked) বক্র, টেরা।

তির্য্যকদৃষ্টি (Strabismus) বক্রদৃষ্টি টেরা।

তিল (Mole) গাত্রচিহ্ন বিশেষ।

তূরীধ্বনীপেশী (Buccinator) গালেরপেশী বিশেষ। তূরী বাদ্যে ইহার বিশেষ ব্যবহার হয় বলিয়া এরূপ নাম।

তৃতীয়ক জ্বর (Tertian Fever) যে জ্বর প্রতি তৃতীয় দিবসে উপস্থিত হয়।

ত্রিক (Sacrum) পৃষ্ঠবংশের নিম্নপ্রান্তস্থ অস্থি।

ত্রিকাস্থি (Sacrum) বস্তিকোটরের পশ্চাৎ ভাগস্থ অস্থি।

ত্রিকোণপেশী (Deltoid Muscle) ডেল্টয়েড দ্রষ্টব্য।

ত্বক (Skin) চর্ম্ম।

ত্বক-চ্ছেদ (Circumcision) শিশ্নের মুণ্ডাবরক চর্ম্ম ছেদন; ছুন্নত-করা।

ত্বাচ্ (Cutaneous) চর্ম্ম সম্বন্ধীয়।

থ

থরণ-অ্যাপেল (Thorn-apple) ধুতুরা।

থাই (Thigh) উরুদেশ।

থাই-মাস (Thymus) বুকাস্থির নিকটস্থ গ্রন্থিবিশেষ; ইহা শিশু-

কালে বড় থাকে, কিন্তু যৌবন-কালে থাকেনা ; উণ্ডুকগ্রন্থি।

থাইমিক (Thymic) থাইমঃসসং-ক্রান্ত।

থাই-রয়েড (Thyroid) ফলক অ-র্থাৎ ঢালের আকার।

থাইরিও-, থাইরো- (Thyreo,-Thyro-,) সমস্ত শব্দে ফলকগ্রন্থি সংলগ্ন বা সংক্রান্ত জ্ঞাপক পূর্ব্বপদ যথা, থাইরোটমি-ফলকোপান্থি ছেদ।

থাইরয়েড গ্ল্যাণ্ড (Thyroid gland) গলগ্রন্থি, ফলক-গ্রন্থি ; এই গ্রন্থি বর্দ্ধিত হইলেই গলগণ্ড জন্মে।

থাইসিস (Pthisis) ক্ষয়রোগ ; যক্ষ্মা।

থার্ম্যাল (Thermal) উত্তাপসম্বন্ধীয়।

থার্ম্মিক-ফিভার (Thermic Fever) তীব্রজ্বর বিশিষ্ট প্রকৃত শর্দ্দিগর্ম্মি রোগ। ইহাতে গাত্রতাপ ১০৮ ১০৯ ডিগ্রী, অচৈতন্য, অস্থিরতা, প্রলাপ ও পক্ষাঘাতাদি লক্ষণ জন্মে।

থার্ম্মো- (Thermo-) সংযুক্তশব্দে উত্তাপ বা উষ্ণতা সম্বন্ধীয় জ্ঞাপক পূর্ব্বপদ। যথা,—

থার্ম্মোমিটার (Thermometer) উ-ত্তাপ বা শরীরের তাপ পরিমা-পার্থ যন্ত্রবিশেষ ; তাপমানযন্ত্র।

থার্ষ্ট (Thirst) পিপাসা।

থিইন (Theine) চার বীর্য্য।

থিরাইএসিস (Phthiriasis) উৎ-কুণ প্রবণতা।

থিরাপিউটিক্স, থেরেপিউটিক্স (Therapeutics) ভেষজবিদ্যার যে অংশে রোগের চিকিৎসার বিষয় উল্লিখিত থাকে ; চিকিৎসা-বিধান ; আময়িকপ্রয়োগতত্ত্ব ; ঔ-ষধব্যবহার-বিদ্যা। [দাহ।

থিলাইটিস (Thelitis) স্তনবৃন্ত প্র-

থুমকা (Milk-Fever) দুগ্ধ-জ্বর।

থোরাকো- (Thoraco-) সমস্তশব্দে বক্ষঃস্থল জ্ঞাপক পূর্ব্বপদ।

থোরাক্স (Thorax) গ্রীবা ও উদ-রের মধ্যবর্ত্তী শরীরের গহ্বর ; বক্ষঃ। [ক্রান্ত।

থোরাসিক (Thoracic) বক্ষঃসং-

থ্যানেটয়েড (Thanatoid) মৃতবৎ।

থ্যানেটোফোবিয়া (Thanatophobia) মৃত্যুভয়।

থ্যালিয়াম (Thallium) সীসের ন্যায় একপ্রকার ধাতু।

থ্যালেমাস (Thalamus) মস্তিষ্কের যে গ্রন্থির আকার অংশ হইতে দ-র্শন-স্নায়ুর কতকগুলি তন্তু উৎ-পন্ন হইয়াছে।

থ্রবিং (Throbbing) অস্বাভাবিক-বেগে স্পন্দন ; দপদপ।

থ্রম্বয়েড (Thromboid) থ্রম্বাস সদৃশ।

থ্রম্বাস (Thrombus) থ্রম্বোসিস দ্রষ্টব্য।

থ্রম্বোলোসিস (Thrombolosis) পা-ইমিয়া রোগের ন্যায় একপ্রকার রক্তদুষ্টতা।

থ্রম্বোসিস (Thrombosis) সজীব রক্তবহনাড়ীর রক্তে থ্রম্বস অর্থাৎ বিদীর্ণ শিরা হইতে শৈরিক রক্ত সংযত হইয়া ক্ষুদ্র, নীলবর্ণ অর্ব্বুদের উৎপত্তি; অনন্তর নিরেট অংশের কোমলতাপ্রাপ্তি ও পূযবৎ পদার্থে পরিণতি।

থ্রাশ (Thrush) মুখ-মধ্যে ক্ষুদ্র ক্ষুদ্র ক্ষতবিশিষ্ট একপ্রকার রোগ, মুখোৎসঙ্গ; জারীঘা।

থ্রিল (Thrill) ঈষৎ কম্পন বা স্পন্দন।

থ্রোট (Throat) গল-মধ্য; গলদেশ।

দ

দড়কা (Convulsion) আক্ষেপ রোগ।

দণ্ড (Pestle) ঔষধাদি মর্দ্দনার্থ খলের দণ্ড।

দণ্ডচালনা (Oaring) দাঁড় বাওয়া।

দদ্রু (Herpes) দাদ রোগ।

দন্ত-কোষ (Socket of the tooth) যে অস্থিময় গহ্বরে দন্ত স্থাপিত; দন্ত-গহ্বর।

দন্ত-নাড়ী (Dental Fistula) দন্তের নালী ঘা,

দন্তপুপ্পুট (Gumboil) দাঁতের গোড়া বা মাড়ী ফুলা।

দন্ত-বেষ্ট (Enamel of the tooth) দন্তের বহিরাবরণ।

দন্ত-মজ্জা (Pulpa Dentis) দন্তের উদ্ভিদ-মজ্জাবৎ অংশ।

দন্ত-মূল (Gum) দাঁতের মাড়ী।

দন্ত-শর্করা (Sordes) দন্ত-গতমল; দাঁতের পাতরী।

দন্তোদ্ভেদ (Dentition) দাঁত উঠা।

দশমিকক্রম (Decimal Dilution) এক ভাগ ঔষধ নয় ভাগ দুগ্ধ-শর্করা বা সুরাসার সহযোগে যে ক্রম প্রস্তুত হয় তাহাকে দশমিক ক্রম বলে।

দর্শন-স্নায়ু (Optic Nerve) অপ্টিক নার্ভ দ্রষ্টব্য।

দানাময় অপকর্ষ (Granular degeneration) প্রাচীন বৃক্ক রোগে বৃক্কে দানা উৎপত্তি হওয়া।

দারুণক (Ringworm of scalp) কেশদদ্রু।

দালন (Toothache) দন্ত-শূল।

দাহাবস্থা (Hot stage) জ্বরের উত্তাপাবস্থা।

দাহিকা (Carbuncle) কার্ব্বঙ্কেল দ্রষ্টব্য।

দিবান্ধতা (Nyctalopia) যে চক্ষু-রোগ বশতঃ দিবসে দেখা যায় না

দীর্ঘাস্থি (Tibia) টিবিয়া দ্রষ্টব্য।

দীপক (Phosphorus) এক প্রকার রূঢ় পদার্থ।

দীপন যাহাতে ক্ষুধা বৃদ্ধি করে অথচ পরিপাক শক্তি বৃদ্ধি করে না।

দুগ্ধ-কণ্ডু (Milkcrust) শিশুদিগের মুখমণ্ডলে এই পীড়কা মুখসের ন্যায় উৎপন্ন হয়।

দুগ্ধ জ্বর (Milk Fever) প্রসবান্তে স্তনে দুগ্ধ জন্মিলে যে সামান্য জ্বর হয়।

দুগ্ধ-পীড়কা (Milk-crust) দুগ্ধকণ্ডু।

দুগ্ধ-শর্করা (Sugar of milk) দুগ্ধ হইতে উৎপন্ন চিনি।

দুশ্ছেদ্য (Vicid) যাহা সহজে তুলিয়া ফেলা যায় না ; আঠাবৎ।

দুষ্টক্ষুধা (Malacia) বিকৃত ক্ষুধা।

দূরদৃষ্টি (Presbyopia) যে রোগে দূরের বস্তু স্পষ্ট ও নিকটের বস্তু অস্পষ্ট দেখায়।

দূরবীক্ষণ (Telescope) যে যন্ত্র দ্বারা দূরের বস্তু দেখা যায়, দূরবীণ।

দৃঢ়মাতৃকা (Dura Mater) ডিউরা মেটার দ্রষ্টব্য।

দৃষ্টি-বিকার (Dysopia) ডিসোপিয়া দ্রষ্টব্য।

দেহকাণ্ড (Trunk of the body) হস্ত পদাদি বিহীন শরীরাংশ ; ধড়।

দেহ-প্রকৃতি, দেহ-স্বভাব (Constitution) বিশেষ বিশেষ ব্যক্তির বিশেষ বিশেষ শারীরিক প্রকৃতি ; ধাতু।

দৈশিক (Endemic) কোন এক সীমাবিশিষ্ট স্থানব্যাপী ; বহুব্যাপী নহে।

দ্রব (Liquid) তরল, গলা।

দ্রব-উপদেহ (Embrocation) এম্ব্রোকেশন দ্রষ্টব্য।

দ্রব-স্বেদ (Moist Fomentation) আর্দ্র স্বেদ।

দ্বাদশাঙ্গুলান্ত্র (Duodenum) ক্ষুদ্রান্ত্রের প্রথমাংশ, দ্বাদশ অঙ্গুলী পরিমিত বলিয়া ইহাকে দ্বাদশাঙ্গুল অন্ত্র কহে। [দেখা।

দ্বিদর্শন (Diplopia) একটী বস্তু দুইটী

দ্বিদৃষ্টি (Double Vision) দ্বিদর্শন।

দ্বিত্বদৃষ্টি (Double Vision) দ্বি-দৃষ্টি।

দ্বিপট্ট (Double Tape) বক্ষঃ পরিমাপনার্থ এক প্রকার ফিতা।

দ্বিমুণ্ড (Biceps) দুই মস্তক বিশিষ্ট ; দুইটী স্বতন্ত্র মূল বিশিষ্ট (যথা উরুর ও বাহুর পেশী)।

দ্ব্যগ্র-কশেরুকা (Spina Bifida) স্পাইনা বাই ফিডা দ্রষ্টব্য।

দ্বৈকালিন জ্বর (Double Fever) যে জ্বর দিবসে দুই বার উপস্থিত হয়।

ধ

ধনু-জঙ্ঘা (Bow leg) ধনুকের ন্যায় বক্র জঙ্ঘা।

ধনুষ্টঙ্ক (Tetanus) ধনুষ্টংকার।

ধবল (Leucoderma) শ্বেতকুষ্ঠ ; পাথর।

ধমনক্রিয়া (Peristaltic Motion) ভস্ত্রার ন্যায় ক্রমাগত সঙ্কুচিত ও প্রসারিত হওয়া। অন্ত্রাদির নিয়মিত ক্রিয়া।

ধমনি (Artery) যে সকল নাড়ী হৃৎপিণ্ড হইতে সর্ব্বশরীরে বিশুদ্ধ ও লোহিত বর্ণ রক্ত বহন করে।

ধমন্যর্ব্বুদ (Aneurism) এনিউরিজম দ্রষ্টব্য।

ধর্ম্মোন্মাদ (Theomania) ধর্ম্ম বিষয়ক উন্মত্ততা।

ধাতব (Metallic) ধাতু পদার্থের ন্যায়।

ধাতু (Constitution) শরীরের প্রকৃতি। স্বর্ণাদি।

ধাতু-বিকৃতি (Cachexia) দূষিত শারীরিক প্রকৃতি।

ধাত্রী (Mid-wife, Nurse) যে স্ত্রী প্রসব করায়।

ধাত্রীবিদ্যা (Midwifery) প্রসবতত্ত্ব।

ধাবন (Lotion) বাহ্য প্রয়োগার্থ জলীয় ঔষধ ; ধৌত। দৌড়ান।

ধামনিক (Arterial) ধমনী সম্বন্ধীয়।

ধূপন (Fumigation) ধূপের ন্যায় অগ্নিতে নিক্ষেপ করিয়া গন্ধ ও ধূম নির্গত করা।

ধূমপান (Inhalation) মুখদ্বারা কোন ঔষধির বাষ্প আকর্ষণ করা। [দ্রষ্টব্য।

ধূসরমণ্ড (Glaucoma) গ্লকোমা

ধ্বজভঙ্গ (Impotence) পুরুষের ইন্দ্রিয়শক্তিলোপ ; ক্লীবত্ব জনক রোগ।

ন

নক্টার-ন্যাল (Nocturnal) রাত্রিকালীয়, নৈশ।

নক্ট্যাম্বুলেশন (Noctambulation) স্বপ্ন সঞ্চরণ ; নিশিপাওন।

নক্সভমিকা (Nux vomica) কুচিলা।

নক্স-মশ্চেটা (Nux Moschata) জায়ফল।

নক্তান্ধতা (Hemeralopia) রাত্র্যন্ধতা বা রাতকাণা রোগ।

নখকোষপ্রদাহ (Onychia) চিপ্প দ্রষ্টব্য।

নখম্পচ (Whitlow) আঙ্গুল হাড়া।

নচ (Notch) খাঁজ ; শরীরস্থ যন্ত্রাদির প্রান্তদেশে অবনতি। বহুবচন-নচেস।

নন-(Non-) না বাচক উপসর্গ যথা,-

নন-কণ্ডঃক্টর (Nonconductor) অপরিচালক।

নন-ম্যালিগন্যাণ্ট (Non malignant) অসাংঘাতিক।

নর-ম্যাল (Normal) স্বাভাবিক।

নলকাস্থি (Fibula) জঙ্ঘার বহির্দিকস্থ দীর্ঘ অস্থি।

নলৌষ (Bronchitis) বায়ুনলীভুজ প্রদাহ। [বিবমিষা।

নশিয়া (Nausea) বমন-প্রবৃত্তি,

নষ্টরক্ত (Amenorrhœa) রজোলোপ।

নষ্ট্যাল-জিয়া (Nostalgia) স্বদেশে ফিরিয়া যাইবার নিমিত্ত প্রবল ইচ্ছা, গৃহরোগ।

নষ্ট্রাম (Nostrum) হাতুড়ে ঔষধ; গুপ্ত ঔষধ; যে ঔষধের উপাদান গুপ্ত বা অপ্রকাশিত থাকে।

নষ্ট্রিল (Nostril) নাসারন্ধ্র।

নসলজি (Nosology) রোগের জাতি ও শ্রেণী অনুসারে রোগবিভাগ।

নস্য (Medicine applied by olfaction) নাসিকা দ্বারা গ্রহণীয় ঔষধাদি। আঘ্রাণ করা।

নাইট-ওয়াকিং (Night-walking) স্বপ্নে নিদ্রা হইতে উঠিয়া বিচরণ করা; নিশিপাওয়া।

নাইট-মেয়ার (Night-mare) নিদ্রাবস্থায় বুকে বা পিঠে চাপানুভব বশতঃ সঞ্চরণে, শ্বাস গ্রহণে, বা বাক্য কথনে অসমর্থতা ও অতিশয় উৎকণ্ঠা; মুখচাপা; বোবায় ধরা। [ডোনা।

নাইট-শেড (Night shade) বেলে-

নাইটার (Nitre) সোরা।

নাইট্রিক-এসিড (Nitric Acid) যবক্ষারাম্ল দ্রাবক, পাঁচভাগ অক্সিজেন ও একভাগ নাইট্রোজেন সংযোগে ইহা প্রস্তুত হয়।

নাইট্রেট-অভ্-সিলভার (Nitrate of silver) কাঠকী।

নাইট্রোজিনাস (Nitrogenous) যবক্ষারজানবিশিষ্ট বা সংক্রান্ত।

নাইট্রোজেন (Nitrogen) যবক্ষারজান; ইহা বর্ণ ও গন্ধহীন এক প্রকার রূঢ় বায়বীয় পদার্থ। এবং সাধারণ বায়ুর পাঁচ ভাগের চারি ভাগ।

নাড়ী (Pulse) মণিবন্ধস্থ ধমনী, ও উহার স্পন্দন।

নাড়ীব্রণ (Sinus) নালী ঘা।

নাড়ীময় (Vascular) রক্তবহা নাড়ীবিশিষ্ট। [প্রবল নহে।

নাতি প্রবল (Subacute) অতিশয়

নাতিশীতোষ্ণ (Tepid) অধিক শীতল বা অধিক উষ্ণ নহে।

নাভিকুণ্ড (Navel) নাভিগহ্বর। আবর্ত্ত। [নাড়ী।

নাভিরজ্জু (Navel-string) নাভী-

নার-কটিক (Narcotic) মাদক; যে ঔষধে বেদনা নিবারিত ও নিদ্রা উৎপাদিত হয়।

নার-কটিকো-ইরিট্যাণ্ট (Narcotico-Irritant) মাদকোত্তেজক।

নার-কটিন (Narcotine) আফিঙ্গের এক প্রকার বীর্য্য।

নার-কোসিস (Narcosis) নেশা, মাদক দ্রব্যজনিত মত্ততা।

নার্ভ (Nerve) সর্ব্বশরীর ব্যাপী সূত্রবৎ সূক্ষ্ম সূক্ষ্ম শুভ্র নাড়ী; এতদ্দ্বারা পেশী সকল সঙ্কুচিত এবং শরীরের সঞ্চালন ক্রিয়া ও ইন্দ্রিয়জ্ঞান সাধিত হয়, স্নায়ু। মস্তিষ্ক ও পৃষ্ঠবংশীয় মজ্জা হইতে সমস্ত স্নায়ু উৎপন্ন হইয়াছে। মাস্তিষ্ক স্নায়ু বা সেরিব্র্যাল নার্ভস সাধারণতঃ নয় যুগ্মে বিভক্ত, পৃষ্ঠবংশীয় স্নায়ু বা স্পাইন্যাল নার্ভস ত্রিশযুগ্মে বিভক্ত।

নার্ভ-কর-পসেল-স (Nerve corpuscles) নার্ভ সেল-স।

নার্ভ-ফাইভার (Nerve fibre) স্নায়ুর সূক্ষ্ম সূক্ষ্ম নির্ম্মাণ-তন্তু।

নার্ভ-সেল-স (Nerve-cells) ধূসরবর্ণ স্নায়ু-পদার্থের মূল উপাদান।

নার্ভাইন (Nervine) স্নায়ুমণ্ডলে কার্য্যকারী।

নার্ভাস (Nervous) স্নায়বীয়; স্নায়ু সম্বন্ধীয়।

নার্ভাস-টেম্পারেমেণ্ট (Nervous Temperament) স্নায়ুপ্রধানধাতু, বায়ু-প্রধান ধাতু; মস্তিষ্ক ও সমগ্র স্নায়ুমণ্ডলের অতিশয় ক্রিয়াশীলতা এই ধাতুর প্রধান লক্ষণ।

নার্ভাস-নেস (Nervousness) স্নায়ুমণ্ডলের অস্বাভাবিক অনুভবাধিক্য; স্নায়বীয়তা।

নার্ভাস পাওয়ার (Nervous power) স্নায়ুর-শক্তি।

নার্ভাস-প্রিন্সিপেল স (Nervous Principles) নার্ভাস-ফ্লুইড।

নার্ভাস ফ্লুইড (Nervous Fluid) একপ্রকার কল্পিত তরল পদার্থ, যাহা স্নায়ুর অভ্যন্তরদিয়া চলাচল করে ও স্নায়ুর ক্রিয়া জন্মায় বলিয়া অনুমান করাযায়।

নার্ভাস সিষ্টেম (Nervous system) সমগ্র স্নায়ু ও স্নায়ু-মূলের সমষ্টি; স্নায়ুমণ্ডল।

নার্ভাস-সেণ্টার্স (Nervous Centres) যেসকল যন্ত্র হইতে স্নায়ু উৎপন্ন হইয়াছে; স্নায়ু-মূল; স্নায়ু-কেন্দ্র।

নার্ভো (Nervo) সংযুক্ত শব্দে স্নায়ুবাচক পূর্ব্বপদ।

নালী (Fistula) নাড়ীব্রণ। [দ্রষ্টব্য।

নাসাদূষকা (Glanders) গ্ল্যাণ্ডার্স দ্র-

নাসাফলকাস্থি (Vomer) নাসারন্ধ্রদ্বয় প্রভিন্নকর লাঙ্গলের ফলকের ন্যায় অস্থি বিশেষ।

নাসার্ব্বুদ (Polypus Nasi) নাসিকার অভ্যন্তরে শ্লেষ্মাসম্ভূত অর্ব্বুদ; নাসিকার বহুপাদ।

নাসারন্ধ্র (Nostrils) নাকেরছিদ্র।

নাসাস্থি (Vomer) নাসাফলকাস্থি।

নিউক্লিওলাই (Neucleoli) নিউ-ক্লিওলিউল শব্দের বহুবচন।

নিউক্লিওলিউল (Neucleolule) নিউ-ক্লিয়সের অভ্যন্তরস্থ রেণু।

নিউক্লিয়স (Neucleus) সেল অর্থাৎ জীব ও উদ্ভিদ দেহের নির্ম্মাণোপাদান ক্ষুদ্র ক্ষুদ্র কোষের কেন্দ্র-বিন্দু। অর্ব্বুদাদির কেন্দ্র-বিন্দু শাঁস।

নিউক্লি-অয়েড (Neucleoid) নিউক্লিয়সসদৃশ।

নিউক্লি-আই (Neuclei) নিক্লিয়স শব্দের বহুবচন।

নিউক্লি-এটেড (Neucleated) নিউ-ক্লিয়স বিশিষ্ট।

নিউট্রিমেণ্ট (Nutriment) পুষ্টিকর আহার।

নিউট্রিমেণ্ট্যাল (Nutrimental) পরিপোষক ; পুষ্টিকর।

নিউট্রিশন (Nutrition) পরিপোষণ ক্রিয়া দ্রষ্টব্য।

নিউট্র্যাল (Neutral) না ক্ষার না অম্ল ; সমক্ষারাম্ল।

নিউট্র্যালাইজ (Neutralize) এক বস্তু অন্য বস্তুর সহিত মিশা-ইয়া উহার গুণনষ্ট করা ; যথা অম্ল দ্বারা ক্ষার নষ্ট করা।

নিউমন (Pneumon) ফুসফুস।

নিউমা (Pneuma) বায়ু।

নিউমেটিক্স (Pneumatics) বায়ু-তত্ত্ব ; বাত-বিজ্ঞান।

নিউমো- (Pneumo) সমস্তশব্দে ফুসফুস বাচক পূর্ব্বপদ।

নিউমোগ্যাষ্ট্রিক (Pneumo-gas-tric) ফুসফুস ও পাকাশয়সম্বন্ধীয়।

নিউমোগ্যাষ্ট্রিক-নার্ভস (Pneumo-gastric nerves) ফুসফুস পা-কাশয়িকস্নায়ু ; অষ্টমস্নায়ুযুগ্ম, ফু-সফুস ও পাকাশয়ে বিশিষ্টরূপে প্রসারিত বলিয়া এরূপ নাম।

নিউমো-থোর্যাক্স (Pneumo-tho-rax) প্লুরা অর্থাৎ ফুসফুস বেষ্টগ-হ্বরে বায়ু সঞ্চয়।

নিউমোনাইটিস (Pneumonitis) ফুসফুসপ্রদাহ।

নিউমোনিয়া, নিমোনিয়া (Pneu-monia) ফুসফুস-প্রদাহ।

নিউমোনিক (Pneumonic) ফুস-ফুসীয় ; ফুসফুস সংক্রান্ত।

নিউমোনিকা (Pneumonica) ফুস-ফুসের ক্রিয়া বা গতিশক্তি আ-ক্রামক রোগ।

নিউমো-হিমরেজিয়া (Pneumo-hæ-morrhagia) ফুসফুসীয় রক্তস্রাব।

নিউরণ (Neuron) স্নায়ু।

নিউর, নিউরো (Neur, Neuro) সংযুক্ত শব্দে স্নায়ুবাচক পূর্ব্বপদ। যথা,—

নিউরটিক (Neurotic) নার্ভাইন।

নিউরয়েড (Neuroid) স্নায়ুবৎ।

নিউরাইটিস (Neuritis) স্নায়ুর প্রদাহ।

নিউরিক (Neuric) স্নায়ু সম্বন্ধীয়।

নিউরিণ (Neurin) স্নায়ুর নির্ম্মাণ উপাদান।

নিউরিমিয়া (Neuræmia) স্নায়ুর কেবল ক্রিয়া-বিকার জনিত রোগ।

নিউরিলেমা (Neurilemma) স্নায়ুর আবরণ ঝিল্লী।

নিউরিয়্যাসিস (Neuriasis) হিষ্টিরিয়া প্রভৃতি রোগের অর্দ্ধ স্নায়বীয় অর্দ্ধ মানসিক বিশৃঙ্খলা।

নিউরেশন (Neuration) স্নায়ু-বিন্যাস।

নিউরোটমি (Neurotomy) স্নায়ু-চ্ছেদ। [শ্রীয়।

নিউরোটিক (Neurotic) স্নায়ু সম্ব-

c নিউরোমা (Neuroma) স্নায়ুর অর্ব্বুদ। স্নায়ুর বিকৃত বিবর্দ্ধন। স্নায়ুবৎ অর্ব্বুদ।

নিউরোমেটা (Neuromata) নিউরোমার বহুবচন।

নিউরোলাইটিক (Neurolytic) স্নায়ুকেন্দ্রের সামান্য দুর্ব্বলতা জনিত।

নিউরোসিস (Neurosis) স্নায়ুমণ্ডল সম্ভূত রোগ।

নিউর্যাল (Neural) স্নায়ু বা স্নায়ু-কেন্দ্র সংক্রান্ত।

নিউর্যাল আর্চ্চ (Neural Arch) স্নায়ুর মধ্যদণ্ড রক্ষক কশেরুকার তোরণবৎ অংশ।

নিউর্যাল-এক্সিস (Neural Axis) মস্তিষ্ক ও পৃষ্ঠ বংশীয় স্নায়ুগুচ্ছ।

নিউর্যাল-জিয়া (Neuralgia) স্নায়ুশূল দ্রষ্টব্য।

নিউর্যাল-জিক (Neuralgic) স্নায়ুশূল সংক্রান্ত।

নিকুসিয়া (Necusia) শবচ্ছেদ জনিত সদাব্রণ; আঘাত জনিত রক্তের বিষাক্ততা। [বীর্য্য।

নিকোটিন (Nicotine) তামাকের

নিক্টিটেশিও (Nictitatio) নেত্র স্পন্দন ; চোখ নাচা।

নিক্টেলোপিয়া (Nictalopia) দিবান্ধতা।

নিক্টেশন, নিক্টিটেশন (Nictation, Nictitation) চক্ষু মিট মিট করা। [রোগাক্রান্ত।

নিক্রোষ্ট (Necrosed) অস্থিনাশ

নিক্রোসিস (Necrosis) অস্থি-নাশ ; যে রোগে অস্থির অংশ নষ্ট বা মৃত হইয়া যায়।

নিগেটিভ (Negative) স্বাভাবিক অপেক্ষা অল্প পরিমাণ তাড়িত বিশিষ্ট।

নিগেটিভ-পোল (Negative Pole) গ্যালভেনিক ব্যাটারি বা তাড়িত যন্ত্রের তাম্রময় প্রান্ত।

নিতম্ব (Nates) পাছা।

নিদান (Pathology) রোগের কারণ।

নিদ্রানাশ (Sleeplessness) নিদ্রা না হওয়া।

নিদ্রাবল্য (Dozing) নিদ্রাকর্ষণ।

নিদ্রালুতা (Sleepiness) নিদ্রাশীলতা।

নিপেল (Nipple) স্তন-বৃন্ত, চুচুক।

নিফ্রয়েড (Nephroid) বৃক্কের ন্যায় আকৃতি বিশিষ্ট।

নিফ্রাইটিকা (Nephritica) বৃক্ক রোগের ঔষধ।

নিফ্রাইটিস (Nephritis) বৃক্কের প্রদাহ।

নিফ্রো-(Nephro) সমস্ত শব্দে বৃক্ক বাচক পূর্ব্বপদ।

নিফ্রোলিথিএসিস (Nephrolithiasis) বৃক্কে অশ্মরীর উৎপত্তি।

নিফ্রোলিথোটমি, নিফ্রোটমি (Nephrolithotomy, Nephrotomy) বৃক্ক হইতে অশ্মরি বা পাতর বাহির করা। বৃক্ক-চ্ছেদ।

নিফ্রোস (Nephros) মূত্রগ্রন্থি, বৃক্ক।

নিফ্র্যাল-জিয়া (Nephralgia) বৃক্ক শূল, বৃক্কের বেদনা।

নিভাস (Nævus) শিশুর গাত্রে জন্মদাগ, যতুক।

নিমেটয়েড (Nematoid) সূত্রবৎ।

নিম্নক্রম (Lower dilution) হোমিওপ্যাথিক ঔষধের মূল হইতে ষষ্ঠক্রম পর্য্যন্ত।

নিম্নবটিকা (Impetigo) ইম্পিটাইগো।

নিম্ফি (Nymphæ) ভগাঙ্কুরের মস্তক হইতে যোনির মুখের উভয় পার্শ্বে যে শ্লৈষ্মিক ঝিল্লীর ভাঁজদ্বয় নামিয়া আসিয়াছে।

নিম্ফাইটিস (Nymphitis) ভগাঙ্কুরের প্রদাহ।

নিম্ফোম্যানিয়া (Nymphomania) স্ত্রীলোকের কামোন্মাদ।

নিয়ার-সাইটেড-নেস (Nearsightedness)নিকট-দৃষ্টি।

নির্য্যাস (Gum) আঠা।

নিরুদ্ধপ্রকাশ (Stricture) মূত্রমার্গের সঙ্কোচন। ইহাতে প্রস্রাব-পথ ক্ষুদ্র বা অবরুদ্ধ হয়।

নিরোধ (Retention) অবরোধ; নিঃসরণ না হওয়া।

নির্ম্মাণ (Structure) বিধান; শরীরের রচনা।

নির্ম্মাণ-বিকার (Disorganization) শারীরিক নির্ম্মাণের বিকৃতি; বিধান-বিকার।

নির্ব্বাচন (Definition) সংজ্ঞা; অর্থ ব্যাখ্যা।

নিশ্চেষ্টতা (Torpidity) গতি শক্তির অভাব, ক্রিয়া না করা।

নিষ্কাশন (Extirpation) ছুরিকা

বা অস্ত্র-ক্রিয়া দ্বারা কোন স্থান সম্যক বিদূরিত করা।

নিষ্ক্রামক (Excretory) এক্স-ক্রিশন সংক্রান্ত।

নিষ্ক্রিয় (Inactive) যে কার্য্য করেনা।

নিষ্ঠীবন (Expectoration) থুথু, কাশ।

নিস্পন্দ বায়ু (Catalepsy) এক প্রকার আকস্মিক মূর্চ্ছারোগ। ইহাতে অঙ্গাদি যে প্রকারে রাখা যায় সেই ভাবেই থাকে।

নিঃস্রব (Secretion) ভিন্ন ভিন্ন শারীরিক যন্ত্র হইতে স্বভাবতঃ যে রস বা পদার্থ নির্গত হয়, যথা পিত্ত, শ্লেষ্মাদি।

নিঃসঙ্গগ্রন্থি (Solitary glands) আমাশয় ও অন্ত্রের দানাকার চেপ্টা গ্রন্থি।

নীরন্ধ্র (Imperforate) গুহ্যাদি স্বাভাবিক দ্বারের রুদ্ধতা।

নীলপাণ্ডু (Chlorosis) ক্লোরোসিস দ্রষ্টব্য।

নীলরোগ (Cyanosis) ফুসফুস ও হৃৎপিণ্ডের পীড়াবশতঃ রক্ত সম্পূর্ণরূপে অম্লজান সংযোগে লোহিত না হইতেপারাতে শরীরের নীলবর্ণ।

নীলা (Ecchymosis) কালশিরা, আঘাতাদি জন্য রক্তসঞ্চিত হইয়া কালদাগ।

নীলিমা (Ecchymosis) কালশিরা।

নীহার (Snow) বরফ।

নীহার-স্ফোট (Frost-bite) বরফ বা অতিশীতে শরীরের কোন অংশের অবশতা।

নুকা (Nucha) গ্রীবা-পৃষ্ঠ।

নুফার (Nuphar) জলপদ্মবিশেষ।

নৃমসূর্য্যাধান (Inoculation) ইনঅকিউলেশন।

নেইল (Nail) নখ।

নেইল-ফালিকেল (Nail-Folicle) চর্ম্মের দ্বিভাঁজ, যাহাতে নখ-মূল নিবদ্ধথাকে।

নেক (Neck) ঘাড়, গ্রীবা-পৃষ্ঠ।

নেক্রোবিওসিস (Necrobiosis) জীবিত শরীরের অংশের বা উপাদানের স্বাভাবিক ক্ষয় ও বিনাশ।

নেচার (Nature) স্বভাব; প্রকৃতি।

নেজ্যাল (Nasal) নাসিকাসংক্রান্ত; অনুনাসিক।

নেট-স (Nates) নিতম্ব, পাছা। দর্শন স্নায়ুবমধ্যবর্ত্তী মস্তিষ্কের উন্নতস্থান দ্বয়।

নেত্রনাড়ী (Lachrymal Fistula) অশ্রুস্রাবীগ্রন্থির নালীঘা।

নেপ-অভ-দি নেক (Nape of the neck) গ্রীবার পশ্চাৎ ভাগ, গ্রীবা-পৃষ্ঠ।

নেবা (Jaundice) পাণ্ডুরোগ।

নেবিউলা (Nebula) ঈষৎশুভ্র মেঘবিন্দুসদৃশ্য কনিনিকার একপ্রকার অস্বচ্ছতা; নীহারিকা। মূত্রে মেঘবৎ সর।

নেবিউলার (Nebular) নেবিউলা-সংক্রান্ত।

নেবিউলি (Nebulæ) নেবিউলা-শব্দের বহুবচন।

নেভিকিউলার (Navicular) নৌকার আকার।

নেভেল (Navel) নাভী।

নেভেল-ষ্ট্রিং (Navel string) নাভী-নাড়ী।

নেয়ার্স (Nares) নাসারন্ধ্র।

নোড (Node) অস্থিবেষ্ট অথবা অস্থিবেষ্ট ও অস্থির মধ্যে উৎপন্ন কঠিন অণ্ডাকার অর্ব্বুদ।

নোডোসিটি (Nodosity) বাতরোগে সন্ধিস্থলে চূর্ণময় পদার্থের সঞ্চয়।

নোমা (Noma) ভগের ওষ্ঠের একপ্রকার বিগলিত ক্ষতরোগ।

নৈশ (Nocturnal) রাত্রিকালীয়।

ন্যচ্ছ (Lentigo) মেচেতা, চর্ম্মরোগ বিশেষ। [দার্থ।

ন্যস্তি (Deposit) অধঃপতিত পদার্থ।

ন্যাজা (Naja) গোখুর সাপের বিষ।

ন্যাজাই (Nasi) নাসিকা।

ন্যাজাইটিস (Nasitis) নাসিকার প্রদাহ। [আকার।

ন্যাজিফরম (Nasiform) নাসিকার আকার।

ন্যাফ-থা (Naphtha) আলকাতরা ও পাথরিয়া কয়লা চোয়ান একপ্রকার তৈল। মেটে তৈল।

ন্যুজ (Convex) কনভেক্স দ্রষ্টব্য।

ন্যূন তন্তুতা (Hypinosis) রক্তের সূত্রবৎ পদার্থ কমিয়া যাওয়া।

প

পক (Pock) বসন্তের গুটি।

পক্বাশয় (Small Intestines) ক্ষুদ্রান্ত্র।

পক্বাশয়িক রস (Chyle) কাইল দ্রব্য।

পক্ষবধ (Hemiplegia) অর্দ্ধাঙ্গের পক্ষাঘাত।

পক্ষাঘাত (Paralysis) পক্ষ-দিক, শরীরের একদিক নাশ; হস্তপদাদি অবয়ব অবশ হওয়া।

পক্ষ্ম (Eye-lashes) চক্ষুরপাতার প্রান্তস্থ রোম।

পক্ষ্মশাত (Tarsal ophthalmia) চক্ষুর পাতার অভ্যন্তর দিকে পামা রোগ।

পাংক্-চার (Puncture) সূক্ষ্ম-মুখ অস্ত্রদ্বারা কৃতক্ষত। [বস্তু।

পাংক্-টাম (Punctum) বিন্দু, ক্ষুদ্র বস্তু।

পাংক্ টা (Puncta) পাংক্টামশব্দের বহুবচন। [উৎপন্ন হয়।

পচ্যমান (Pustular) যাহাতে পুয উৎপন্ন হয়।

পজ (Pause) বিরাম।

পজিটিভ (Positive) স্বাভাবিক অপেক্ষা অধিক তাড়িত বিশিষ্ট।

পাঞ্চ (Punch) দাঁতের গোড়া তুলিবার নিমিত্ত অস্ত্রবিশেষ।

পঞ্চমস্নায়ুযুগ্ম (Fifth pair of-Nerves) মুখমণ্ডল ও মস্তকস্থিত জ্ঞানসাধন প্রধান স্নায়ুযুগল।

পাঞ্জেণ্ট (Pungent) তীব্র; যেন সূক্ষ্ম সূক্ষ্ম কাঁটা ফুটিতেছে একপ অনুভবজনক।

পটল (Coats of the eye) চক্ষুর একটী একটী স্বতন্ত্র স্বতন্ত্র পরদা বা ঝিল্লী। [রোগ।

পডেগ্রা (Podagra) পদের গাউট

পতনাবস্থা (Collapse-stage) যে অবস্থায় নাড়ীলুপ্ত ও শরীর হিম হইয়া যায়। হিমাঙ্গ।

পথ্য (Diet) রোগীর হিতকর আহারাদি।

পদাস্থি (Metatarsus) পায়ের হাড়।

পদ্মিনীকণ্টক (Lichen) লিকেন দ্রষ্টব্য। [বর্ত্তী পথ।

পন-স (Pons) অংশদ্বয়ের মধ্য-

পন-স ভেরোলাই (Pons Varoli) এক ক্রসসেরিবেলী হইতে অপর ক্রস সেরিবেলি পর্য্যন্ত প্রসারিত বক্রাকার তন্তুগুচ্ছ।

পনিশ-মেণ্ট (Punishment) দণ্ড।

পপ-লি-টিয়্যাল (Popliteal) জানুর পশ্চাদ্ভাগ সংক্রান্ত।

পপ-লি-টিয়াস (Popliteus) জানু-পশ্চাৎ পেশী।

পম-গ্র্যানেট (Pome-granate) ডাড়িম্ব, ডালিম।

পম-ফোলিক্স (Pompholix) বিম্বিকা; জলবিম্বের ন্যায় এক প্রকার চর্ম্মরোগ।

পয়-জন (Poison) শরীরে প্রবিষ্ট হইলে যে পদার্থে প্রাণ নষ্ট করে; বিষ।

পয়-জন-নাট (Poison-nut) কুচিলা।

পয়জনাস (Poisonous) বিষাক্ত।

পয়েণ্টিং (Pointing) স্ফোটকাদির সূক্ষ্মাগ্র বা মাথা হওয়া।

পয়োরস (Chyle) ভুক্তান্ন জীর্ণ হইয়া যে দুগ্ধবৎ শুভ্রবর্ণ রসবৎ পদার্থ উৎপন্ন হয়।

পরদা (Membrane) ঝিল্লী। আবরণ।

পরবর্ত্তীপীড়া (Sequelæ) তরুণ রোগের শেষ ফলস্বরূপ গৌণরোগ।

পরাঙ্গপুষ্ট (Parasites) কৃমি; উৎকুণাদি শরীরস্থ কীট।

পরাঙ্গপুষ্টীয় পীড়া (Parasitic disease) কৃমি কীটাদিজনিত রোগ।

পারিং ট্রিমর (Purring tremor) হৃদ্রোগে হৃৎপিণ্ডের উপরিভাগে বক্ষঃস্থলে হস্ত স্থাপন করিলে বিড়ালের শব্দের ন্যায় যে এক প্রকার বিশেষ কম্পন অনুভব হয়; রণৎকার।

পরিচারক (Attendant) রোগীর সেবা শুশ্রূষাকারী।

পরিচারিকা (Nurse) রোগীর সেবা শুশ্রূষাকারিণী স্ত্রীলোক।

পরিচালক (Conductor) যে সকল পদার্থ এক প্রান্তে তাড়িৎ বা তাপগ্রহণ করিয়া অন্যাংশে পরিচালিত করে।

পরিণাম (Sequel) তরুণ রোগের শেষ ফলস্বরূপ গৌণরোগ।

পরিপোষণ (Nutrition) অন্ন পানীয় রক্তমাংসাদিতে পরিণত হইয়া শরীরের পুষ্টি সাধন।

পরিবর্ত্তক (Alterative) ধাতু পরিবর্ত্তক ; যে সকল ঔষধ বিরেচন ব্যতীত শরীরের আময়িক ভাব দূর করে।

পরিবর্ত্তিকা (Phymosis) মুদা, যে রোগে লিঙ্গমুণ্ডে আবরণ-চর্ম্ম বিকসিত হয়না।

পরিষেক (To water) জল সেচন।

পরিস্রব (Placenta) গর্ভপরিস্রব ; ফুল।

পরিস্রুত (Distilled)চোয়ান ; ক্ষরিত

পর্য্যায়ক্রমে (Alternately) পালামত ; পর পর ক্রমাগত।

পর্য্যায়-জ্বর (Intermittent Fever) পালাজ্বর।

পর্য্যায়নিবারক (Antiperiodic) পালা নাশক।

পর্য্যায়শীল (Periodic) যাহা নির্দ্ধারিত বিরাম কালের পর নিয়মিত রূপে উপস্থিত হয়।

পর্য্যুৎপ্লাবন (Extravasation) এক্স-ট্রাভেসেশন দ্রষ্টব্য।

পর্শুকা (Rib) পার্শ্বাস্থি ; পাঁজরা।

পর্শুকা-মধ্য (Intercostal) পঞ্জরাস্থির মধ্যস্থিত।

পল-জি (Palsy) পক্ষাঘাত।

পাল-প (Pulp) ফলের শাঁস। ফলের শাঁসের আকার শরীরাংশ।

পাল্‌ভ (Pulv. from Pulvis) পাল-ভিস শব্দের সংক্ষিপ্ত ; চূর্ণ।

পাল-ভারিজেশন (Pulverization) চূর্ণকরণ।

পাল-ভারিস (Pulveris) চূর্ণ।

পাল-ভিস-পেট্রম (Pulvis Patrum) পেরুভিয়ান বার্ক ; ইহা হইতে কুইনাইন উৎপন্ন হয়।

পাল-মো (Pulmo) লাটীন ভাষায় ফুসফুসের নাম। সংযুক্ত শব্দে ফুসফুস বাচক পূর্ব্বপদ ; যথা, পালমো-কার্ডিয়্যাক, পালমো-হিপেটিক। [ফুসসম্বন্ধীয়।

পাল-মোনেরি (Pulmonary) ফুস-

পাল-স (Pulse) নাড়ী ; স্পর্শ দ্বারা অনুভূত ধমনীর স্পন্দন।

পাল-সেশন (Pulsation) হৃৎপিণ্ড ও ধমনীর স্পন্দন। প্রদাহিত স্থানে অনুভূত দপদপ।

পলি- (Poly) বহু বা অধিক বাচক পূর্ব্বপদ। যথা,—
পলিইউরিয়া (Poly-uria) অতিরিক্ত মূত্রস্রাব।
পলিইড্রোসিস (Polyidrosis) অতিরিক্ত ঘর্ম্মস্রাব। [ধিক্য।
পলিইমিয়া (Polyæmia) রক্তা-
পলিউশন (Pollution) স্ত্রীপুরুষে সঙ্গম ব্যতীত কৃত্রিম উপায়ে কামোদ্দীপনা ও শুক্রস্রাব।
পলিওসিস (Poliosis) কেশের অকাল পক্বতা।
পলিওরেক-শিয়া (Polyorexia) অতিরিক্ত ক্ষুধা।
পলিকাইলিয়া (Polychylia) কাইলের আধিক্য। কাইল দ্রষ্টব্য।
পলিকোপ-রিয়া (Polycopria) মলাধিক্য।
পলিক্রেষ্ট (Polychrest) বহুরোগ আরোগ্যকর ঔষধ।
পলিডিপ-সিয়া (Poly-dipsia) অতিরিক্ত পানেচ্ছা।
পলিডেক্রিয়া (Poly-dacria) অতিরিক্ত অশ্রুস্রাব। [পাকা।
পলিত (Grey hairs) অকালে চুল
পলিপটোম (Polyptome) পলিপস ছেদনার্থ শস্ত্র।
পলিপট্রাইট (Polyptrite) জরায়ুর পলিপস নিষ্পেষণার্থ শস্ত্রবিশেষ।
পলিপঃস (Polypus) জরায়ু, নাসিকা; স্বরযন্ত্রাদির শ্লৈষ্মিক ঝিল্লীতে উৎপন্ন একপ্রকার অর্ব্বুদ; বহুপাদ।
পলিপাই (Polypi) পলিপঃসশব্দের বহুবচন। [সদৃশ।
পলিপয়েড (Polypoid) পলিপঃস
পলিফার্ম্মেসি (Polypharmacy) বহুসংখ্যক ঔষধের ব্যবস্থা।
পলিসাইথিমিয়া (Poly-cythæmia) রক্তের লোহিত অণুর বর্দ্ধিত অবস্থা।
পলিসার্সিয়া (Polysarcia) মেদাধিক্য। [র্ববিশিষ্ট।
পলিহিড্র্যাল (Polyhedral) বহুপা-
পস্টিউল (Pustule) পূযপূর্ণপীড়কা; পূযবটী।
পষ্টিউলার, পস্চুলার (Pustular) পূযবিশিষ্ট; পচ্যমান।
পষ্টিরিয়র (Posterior) পশ্চাদ্বর্ত্তী।
পশ্চাৎগ্রীবা (Name of the neck) গ্রীবা-পৃষ্ঠ।
পশ্চাদাবর্ত্তন (Retroversion) পশ্চাৎদিকে ঘুরিয়া থাকা।
পসোলজি (Posology) ঔষধের মাত্রাতত্ত্ব।
পস্থুমঃস (Posthumus) পিতার মৃত্যুর পর জন্ম, অথবা মাতার মৃত্যুর পর গর্ভ হইতে নিঃসারিত।
পাইইউরিয়া (Py-uria) সপূয মূত্র; মূত্রে পূযের বিদ্যমানতা।

পাইইমিয়া (Pyæmia) রক্তে পূযের অবস্থিতি বশতঃ রক্তদুষ্টতা, পূযাত্মক রক্ত; ক্ষতোৎপন্ন বিগলিত পদার্থ রক্তের সহিত মিলিত হইয়া এই রোগ উৎপন্ন হয়।

পাই এমিসিস (Pyemisis) পূয-বমন

পাইও (Pyo) পূয সূচক পূর্ব্বপদ; যথা পাইওষ্টেটিক-পূয-রোধক।

পাইওজিনিয়া (Pyogenia) পূযোৎপাদন।

পাইওরিয়া (Pyorrhaea) পূযস্রাব।

পাইন্ট (Pint) দ্রবদ্রব্যের পরিমাণ বিশেষ; দশ ছটাক।

পাইনিয়াল, পিনিয়াল (Pineal) আনারসের আকার।

পাইনিয়াল-গ্ল্যাণ্ড (Pineal gland) ক্ষুদ্র মস্তিষ্কের সম্মুখস্থ গ্রন্থি বিশেষ

পাইপিং (Piping) বেণুরব।

পাইরিফরম (Pyriform) পেয়ারা (পিয়ার) ফলের আকার।

পাইরেটিক (Pyretic) জ্বরঘ্ন ঔষধ।

পাইরেক্সিয়া (Pyrexia) জ্বর।

পাইরো-(Pyro-) অগ্নি বা উত্তাপ প্রয়োগ দ্বারা প্রাপ্ত জ্ঞাপক পূর্ব্বপদ।

পাইরোজেনিক (Pyrogenic) অগ্নি, উত্তাপ বা জ্বর রোগের উৎপাদক। [দাহোন্মাদ।

পাইরোমেনিয়া (Pyromania) পুড়-

পাইরোসিস (Pyrosis) মুখে দিয়া জল উঠা; জলের ন্যায় পাতলা তরল পদার্থ বমন; মুখ-প্রসেক।

পাইল্‌স (Piles) অর্শ।

পাইলাইটিস (Pyelitis) বৃক্ক-বস্তি বা কিড্‌নির পেল্‌ভিসের প্রদাহ।

পাইল্যুলা (Pilula) বটিকা।

পাইলোরস (Pylorus) আমাশয়ের নিম্ন দ্বারের মুখ।

পাইলোরিক (Pyloric) পাইলোরস সম্বন্ধীয়। [আকার।

পাইসিফরম (Pisiform) মটরের

পাউচ (Pouch) থলী। নবজাত শিশুর মুখ ও মস্তকাবরক পরদা।

পাউডার (Powder) চূর্ণ; গুঁড়।

পাক (Syrup) চিনিসহ পাচিত ঔষধের কাথ। [পরিপাক যন্ত্র।

পাক-যন্ত্র (Digestive organs)

পাকাশয় (Stomach) পাকস্থলী; আমাশয়।

পাকাশয়িকরস (Gastric juice) আমাশয়িক রস, পাকস্থলি হইতে স্বভাবতঃ যে অম্লরস উৎপন্ন হইয়া আহার পরিপাক করে।

পাচন (Decoction) ক্বাথ। পরিপাককারক কিম্বা অগ্নি বৃদ্ধিকর নহে।

পাটল (Brown) পাটকিলে রং।

পাটলিকা (Roseola) রোজিওলা দ্রষ্টব্য। [বসন্ত।

পানবসন্ত (Chicken Pox) জল

পাণ্ডু (Jaundice) কামলা, কাঁওল, নেবা।

পাদ (Quarter) চারিভাগের এক-ভাগ ; সিকি। পা।

পাদগণ্ডির (Gout) গাউট দ্রষ্টব্য।

পাদদারী (Chilblains) পা ফাটা।

পাদস্বেদ (Foot-bath) ফুটবাথ্ দ্রষ্টব্য।

পানাত্যয় (Delirium Tremens) মদাত্যয়, মদ্যপানজনিত অতিমত্ততা রোগ।

পামা (Ecxema) চুলকণা বিশেষ, ইহা দেখিতে পাঁচড়ার ন্যায় বটে কিন্তু তদ্রূপ ছোঁয়াটিয়া নহে এবং বিক্ষিপ্ত ভাবে না থাকিয়া অনেক গুলি ফুস্কুরি একত্র থাকে। ইহা হইতে পুঁয বাহির হইয়া কাপড়ে লাগিয়া শুকাইলে কাপড় শক্ত হয়।

পামারিস, প্যাল-ম্যারিস (Palmaris) হাতের তালুর পেশী।

পায়ামেটার (Pia Mater) মস্তিষ্কের প্রথম আবরণ-ঝিল্লী।

পার-(Per-) অম্ল ধাতুর সহিত অক্সিজেন আদির অত্যন্ত সংযোগ জ্ঞাপক উপসর্গ।

পার-কঃশন (Percussion) শরীরের উপরে অঙ্গুলীর আঘাতের শব্দদ্বারা রোগাক্রান্ত আভ্যন্তরিক যন্ত্রাদির অবস্থা পরিজ্ঞান ; প্রতিঘাত।

পার-কোলেটর (Percolator) পারকোলেশন যন্ত্র।

পার-কোলেশন (Percolation) সচ্ছিদ্র নিরেট পদার্থের অভ্যন্তর দিয়া তরল পদার্থ চোয়ান-ক্রিয়া।

পার গেটিভ (Purgative) বিরেচক ঔষধ।

পার-টঃসিস (Pertussis) এক প্রকার আক্ষেপিক সংক্রামক কাস; হুপশব্দক কাস।

পারদ (Mercury) পারা।

পারদবেপন (Mercurial palsy) পারদজনিত সকম্প পক্ষাঘাত।

পার-পুরা (Purpura) চর্ম্মের নিম্নে রক্ত ক্ষরিত হইয়া গাত্রে বেগুণি রঙ্গের পীড়কা বিশিষ্ট এক প্রকার রোগ ; শীতাদ ; ধূম্ররোগ।

পার-ফোরেটর (Perforator) গর্ভস্থ ভ্রূণের মস্তকাদি রন্ধ্র করণার্থ অস্ত্র বিশেষ।

পার-ফোরেশন (Perforation) রন্ধ্র, ছিদ্র।

পার-ভেগস (Par-Vagum) ফুসফুস-পাকা-শয়িক স্নায়ু ; নিউমোগাষ্ট্রিক নার্ভ।

পার-সেপ-শন (Perception) ইন্দ্রিয়-জ্ঞান।

পার-স্পিরেশন (Perspiration) ঘর্ম্ম।

পার্টিকেল (Particle) পরমাণু।

পার্টুরিয়েণ্ট (Parturient) প্রসূতি। প্রসববেদনা জনক বা বর্দ্ধক।

পার্টুরিশন (Parturition) প্রসব-ক্রিয়া ; প্রসবাবস্থা।

পার্ণিও (Pernio) শীতস্ফোট ; চিল-ব্লেন।

পার্ম্মেনেণ্ট (Permanent) স্থায়ী।

পানক্রিক (Pancreas) ক্লোম। প্যান্ক্রিয়াস দ্রষ্টব্য।

পিউট্রিফ্যাকশন (Putrefaction) পচন, বিগলিত হওন।

পিউডিক (Pudic) বাহ্য জননেন্দ্রিয়সংক্রান্ত।

পিউডেণ্ডা (Pudenda) বাহ্য জননেন্দ্রিয়, বিশেষতঃ স্ত্রী-অঙ্গ।

পিউডেণ্ডাল (Pudendal) পিউডেণ্ডা সংক্রান্ত।

পিউপিল (Pupil) চক্ষুর তারা ; রেটিনায় আলোক প্রবেশার্থ আইরিসের গোলাকার ছিদ্র।

পিউবার্টি (Puberty) জীবনের যে সময়ে জননপ্রবৃত্তি বিকশিত হইতে আরম্ভ হয় ; বয়স্কতা।

পিউবিক (Pubic) পিউবিস সংক্রান্ত।

পিউবিস (Pubes) নাভীর নিম্নবর্ত্তী যে স্থান যৌবনে রোমাবৃত হইয়া থাকে ; মণিপুর।

পিউর-পারেল (Puerperal) প্রসব-সম্বন্ধীয় ; সূতিকা সম্পর্কীয়।

পিউরাইল (Peurile) শৈশব।

পেক্টিনিয়স (Pectineus) মণিপুরাস্থি হইতে উর্ব্বাস্থি পর্য্যন্ত প্রসারিত প্রায় ত্রিকোণাকার পেশী বিশেষ।

পেক্টিনিয়াল (Pectineal) পেক্টিনিয়স সংক্রান্ত।

পিক্রোমেল (Picromel) পিত্তস্থিত তিক্ত ও মিষ্টস্বাদ বর্ণশূন্য এক প্রকার কোমল পদার্থ।

পিগ-মেণ্ট (Pigment) শরীরের বর্ণক পদার্থ।

পিগ-মেণ্টারি (Pigmentary) বর্ণক পদার্থ সংক্রান্ত।

পিচকারী (Enema) বেগে জল নিঃসারক ক্ষুদ্র যন্ত্র বিশেষ ; বস্তিযন্ত্র।

পিচ্ছিতব্রণ (Contused wound) গুরুতর আঘাত বশতঃ কোন অঙ্গ দলিত হইলে তাহাকে পিচ্ছিতব্রণ বলে।

পিচ্ছিল (Slimy) পিছল ; আঠাল।

পিটিরিয়্যাসিস (Pityriasis) খুস্কী ; রুখি ; ভূঁষির ন্যায় ক্ষুদ্র ক্ষুদ্র পাতলা চর্ম্ম উত্তোলনশীল মস্তকাদির এক প্রকার চর্ম্মরোগ।

পিটিকি, পিটেক কিয়ি (Petechiæ) সন্নিপাতাদি জ্বরে উৎপন্ন রক্তপিত্তের ক্ষুদ্র ক্ষুদ্র পীড়কা।

পিটুই-টস (Pituitus) শ্লেষ্মাপূর্ণ বা শ্লেষ্মার ন্যায়।

পিটুইটারি (Pituitary) শ্লেষ্মাস্রাবী।

পিট্রস পোর্শন (Petrous portion) প্রস্তরাংশ। শঙ্খাস্থির সেই অংশ

সে অংশে আভ্যন্তরিক শ্রবণ যন্ত্র স্থিত।

পিডাঙ্কল (Peduncle) মস্তিষ্কের বিবর্দ্ধন বা উপযোগ বিশেষ। বৃন্ত; পুষ্পদণ্ড।

পিডাঙ্কিউলার (Peduncular) পিডাঙ্কলযুক্ত। [পদার্থ।

পিণ্ড (Concretion) দলা; সংহত

পিত (Drunk) যাহা পান করা হইয়াছে। [রসবিশেষ।

পিত্ত (Bile) যকৃৎ হইতে নিঃসৃত

পিত্ত-কোষ (Gall-bladder) যকৃতে অবস্থিত ঝিল্লিনির্ম্মিত পিত্তধারী থলি, পিত্তাধার।

পিত্তপ্রধানধাতু (Bilious Temperament) কৃষ্ণবর্ণ চুল ও চক্ষু, মলিনমুখমণ্ডল, পরস্পর্শ স্থূল ত্বক ও বলবতী পূর্ণনাড়ী এই ধাতুর লক্ষণ। [বাহীনালী।

পিত্ত-প্রণালী (Biliary Ducts) পিত্ত-

পিত্তল (Bilious) পিত্তবর্দ্ধক।

পিত্তশিলা (Gall stone) পিত্তকোষে উৎপন্ন পাতরী।

পিত্তাশ্মরী (Gall-stone) পিত্তশিলা।

পিনা (Pinna) মধ্য-রেখা হইতে প্রসারিত পাখার ন্যায় অংশ।

পিরামিড (Pyramid) শুণ্ডাকার শরীরাংশ। কর্ণপটহের পশ্চাদ্বর্ত্তী প্রাচীরস্থ অস্থিময় ক্ষুদ্র শুণ্ডাকার উন্নতাংশ।

পিরিঅডিক (Periodic) পর্য্যায়শীল; নির্দ্ধারিত সময়ে প্রকাশশীল।

পিরুলেণ্ট (Purulent) পূযবিশিষ্ট।

পিল (Pill) ঔষধের বটিকা; বড়ি।

পিলার (Pillar) স্তম্ভের ন্যায় অবলম্ব স্বরূপ শরীরাংশ।

পিলিউল (Pilule) ক্ষুদ্রবটিকা; হোমিওপ্যাথিক ঔষধের বটিকা।

পীড়কা (Eruptions) উদ্ভেদ; গুটিকা, ক্ষুদ্রব্রণ; ফুসকুড়ি।

পীত (Yellow) হরিদ্রাবর্ণ।

পীতজ্বর (Yellow Fever) ইয়ালোফিভারদ্রষ্টব্য।

পীতপর্ণিকা (Nettle rash) শীতপিত্তদ্রষ্টব্য।

পীনস (Catarrh) নাসারন্ধ্রের প্রাচীন প্রদাহ ও ঘ্রাণশক্তির বিলোপ।

পুনরাক্রমণ (Relapse) আরোগ্যোন্মুখ অবস্থায় রোগের পুনরায় প্রকাশ।

পুনরুৎপাদনশক্তি (Reproductive power) যাহা বিনষ্ট হইয়াছে তাহা পুনরায় উৎপন্ন করিবার শক্তি। প্রজনন-শক্তি।

পুপার্টস-লিগেমেণ্ট (Poupart's Ligament) উদরের বাহ্য তির্য্যক পেশীর নিম্নতর বন্ধনী।

পুরাতন (Chronic) প্রাচীন; বহুদিন স্থায়ী।

পুংতাড়িত (Positive Electricity)

স্বাভাবিক অপেক্ষা অধিক তা-
ড়িতবিশিষ্ট।

পূতি (Putrid) পচা ; গলিত।

পূতিকর্ণ (Otorrhœa) কাণপাকা।

পূতিনস্য (Ozæna) নাসাভ্যন্তরস্থ
দুর্গন্ধি পূযস্রাবী ক্ষত ; ইহাতে
কখন কখন নাসাস্থি বিনষ্ট হয়।

পূতিবক্ত্র (Fetor of the mouth)
মুখের দুর্গন্ধ।

পূতিবাষ্প (Malaria) উদ্ভিদাদি জলে
পচিয়া যে দূষিত বাষ্প উত্থিত হয়।

পূযবটি (Pustule) পূযপূর্ণ পীডকা।

পূযাত্মকরক্ত (Pyemia) পায়িমিয়া-
দ্রষ্টব্য।

পূর্ব্ববর্ত্তীকারণ (Predisposing ca-
use) গৌণকারণ।

পূর্ব্বরূপ (Incipient stage) রোগের
পূর্ব্বলক্ষণ ; প্রচ্ছন্ন অবস্থা।

পৃ- (Pro-) পূর্ব্ব বাচক উপসর্গ।

পৃষ্ঠবংশ (Spine) মেরুদণ্ড, পিঠের
দাঁড়া।

পৃষ্ঠবংশীয়মজ্জা (Spinal marrow)
মেরুদণ্ডের অভ্যন্তরস্থ কোমল
মেদাকার পদার্থ।

পৃষ্ঠব্রণ (Carbuncle) পৃষ্ঠে দূষিত
ব্রণ ; পৃষ্ঠক।

পৃষ্ঠাঘাত (Carbuncle) পৃষ্ঠব্রণ।

পেইণ্টার্স কলিক (Painter's colic)
সীসের বিষ-দোষ জনিত উদর
বেদনারোগ ; সীস-শূল।

পেইন (Pain) কোন স্নায়ুর উপ-
ঘাতজনিত অস্বচ্ছন্দতা অনুভব ;
বেদনা।

পেক্টোরিলোকুয়ি (Pectoriloquy)
আকর্ণন কালে বক্ষঃস্থলে কর্ণ-
প্রয়োগ করিয়া রোগীর বাক্যের
যে স্পষ্টধ্বনি শুনাযায়; বক্ষ বাক-
ধ্বনি। [ক্ষীয়।

পেক্টোর‍্যাল (Pectoral) বক্ষঃসম্ব-

পেক্টোর‍্যাল্স (Pectorals) বক্ষঃ-
রোগের ঔষধ।

পেটিম্যাল (Petit mal) সামান্য বা
মৃদু অপস্মার।

পেট্রোসম (Petrosum) শিলাস্থি ;
শঙ্খাস্থির প্রস্তরবৎ অংশ।

পেট্রোস্যাল (Petrosal) প্রস্তরবৎ
কঠিন।

পেডিকেল্স (Pedicles) ফুসফুসস্থ
একপ্রকার ঝিল্লীময়নল।

পেডিকিউলঃস (Pediculous) উ-
কুণসম্বন্ধীয়।

পেডিকিউলেটেড (Pediculated)
বিবর্দ্ধন বা উপযোগবিশিষ্ট। বৃ-
ন্তোপরি আলম্বিত।

পেডিকিউলেরিয়া (Pedicularia)
উকুনজনিত চর্ম্মরোগ।

পেনিস (Penis) পুরুষাঙ্গ ; উপস্থ।

পেপ-টিক (Peptic) পরিপাকশক্তি-
বর্দ্ধক ; আগ্নেয়।

পেপ-সিন (Pepsine) প্রাণীর আ-

মাশয় হইতে নিঃসৃত একপ্রকার পদার্থ, আমাশয়িক রসে ইহা বিদ্যমান থাকে এবং এতদ্দ্বারা আমাশয়িক রসের ভুক্তায় জীর্ণ করিবার শক্তি বর্দ্ধিত হয়।

পেপিউলার (Papular) অপচ্যমান পীড়কাপূর্ণ।

পেপিউলি (Papulæ) যেসকল পীড়কায় রস বা পূয জন্মেনা; অপচ্যমান পীড়কা।

পেপিলা (Papilla) শরীরের নানাস্থানে অল্প উন্নত উদ্ভেদ; যথা পেপিলিঅভ্‌দি টংগ্‌—জিহ্বা কণ্টক।

পেপিলারি (Papillary) পীড়কা বা চুচুকসংক্রান্ত।

পেপিলি (Papilæ) পেপিলা শব্দের বহুবচন। [ঢেড়ী।

পেপেভার (Papaver) পোস্ত; পেপেভার সোম্নিফেরম হইতে অহিফেণ জন্মে।

পেভিলিয়ন (Pavillion) বাহ্যকর্ণের বিস্তীর্ণপ্রান্ত।

পেম্ফি-গাস (Pemphigus) জলবিম্বেরন্যায় ফোস্কাবিশিষ্ট একপ্রকার চর্ম্মরোগ; বিম্বিকা রোগ।

পেয়ারাখ্যগ্রন্থি (Peyer's glands) পেয়ার্স গ্ল্যাণ্ডস্ দ্রষ্টব্য।

পেয়ার্স গ্ল্যাণ্ড্‌স (Peyer's glands) ক্ষুদ্রান্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লীর নিম্নে অবস্থিত, ক্ষুদ্র ক্ষুদ্র গোল ও চেপ্টা গ্রন্থি বা কোষের স্তবক।

পেরি-অষ্টাইটিস (Periostitis) অস্থিবেষ্ট প্রদাহ।

পেরি-অষ্টিয়ম (Periosteum) অস্থির উপরি ভাগের তন্তু ও পেশীময় আবরণ; অস্থি-বেষ্ট।

পেরি-অষ্টোসিস (Periostosis) অস্থিবেষ্টের অর্ব্বুদ।

পেরি-কণ্ড্রিয়ম (Perichondrium) উপাস্থির শুভ্র তন্তুময় আবরণ।

পেরিকার্ডাইটিস (Pericarditis) হৃদ্বেষ্টের প্রদাহ।

পেরিকার্ডিয়ম (Pericrdium) হৃৎপিণ্ডআবরকঝিল্লীময়থলী; হৃদ্বেষ্ট।

পেরিক্রেণিয়ম (Pericranium) মস্তকের অস্থির আবরণ ঝিল্লী।

পেরিগোরিক (Paregoric) বেদনা উপশমকর।

পেরিটোনাইটিস (Peritonitis) অন্ত্রবেষ্টের প্রদাহ; অন্ত্রাবরণ প্রদাহ।

পেরিটোনিয়ম (Peritonium) যে মাস্তক ঝিল্লী দ্বারা উদরাদি বেষ্টিত আছে; অন্ত্র-বেষ্ট; অন্ত্রাবরণ

পেরিনিউমোনিয়া(Peripneumonia) নিউমোনিয়া; ফুসফুস-প্রদাহ।

পেরিনিয়ম (Perineum) মলদ্বার ও অণ্ডকোষের মধ্যবর্ত্তীস্থান; মূলাধার, বিটপ; যোনি। [ন্ধীয়।

পেরিনিয়্যাল (Perineal) বিটপসম্ব-

পেরিফারি (Periphery) বৃত্তাদির পরিধি।

পেরিফিরয়াল (Peripherial) পরিধি সংক্রান্ত।

পেরিসিস (Paresis আংশিক পক্ষাঘাত ; দুর্ব্বলাবস্থা। উন্মত্তের ক্রমশঃ বর্দ্ধনশীল পক্ষাঘাত।

পেরেনিয়্যাল (Perennial) অবিরাম গতি। দুই বৎসরের অধিক কাল স্থায়ী উদ্ভিদ।

পেরিষ্টল-টিক (Peristaltic) তরঙ্গবৎ বা কৃমির ন্যায় গতিতে অভ্যন্তরস্থ বস্তু সঙ্কোচন ও প্রক্ষেপণকর; স্বভাবতঃ অন্ত্রাদির এই প্রকার ক্রিয়ায় ভুক্তদ্রব্য পরিপাচিত ও ও মলাদি রূপে নিঃসারিত হয়। ধমন-ক্রিয়া-জনক।

পেরিষ্টোল (Peristole) অন্ত্রের পূর্ব্বোক্ত ক্রিয়া।

পেরোনিও (Peroneo-) সংযুক্ত শব্দে ফিবিউলা অস্থি বাচক পূর্ব্বপদ।

পেরোনিয়্যাল (Peroneal) ফিউলা সংলগ্ন বা সংক্রান্ত।

পেলভিক (Pelvic) পেলভিস্‌শব্দের বিশেষণ . বস্তিকোটর সম্বন্ধীয়।

পেল-ভিস (Pelvis) অস্‌ পিউবিস, অস্‌ স্যাক্রম, ও অস্‌ কক্‌সিজিস নামক অস্থি-ত্রয় দ্বারা সীমাবদ্ধ, উদরের নিম্নস্থিত, ঊর্দ্ধ ও নিম্নমুখ গহ্বর ; বস্তিকোটর ; বস্তিগহ্বর। বৃক্ক প্রভৃতি অপর কোন কোন যন্ত্রের ঝিল্লীময় সুষ্য-গর্ভ কোষ।

পেলিকেল (Pellicle) দ্রব পদার্থ দানা বাঁধিবার সময় উপরে যে সরপড়ে ; সর। সূক্ষ্মত্বক্‌।

পেলেগ্রা (Pellagra) ইটালী দেশীয় এক প্রকার কুষ্ঠরোগ ; রৌদ্রত্বক।

পেশী (Muscle) মাংসপিণ্ড।

পেশী তন্তু (Muscular fibre) মাংসসূত্র। [মুদগ পেশী।

পেশীমণ্ডল (Muscular system) স-

পেষ্টিলেন্স (Pestilence) সংক্রামক ব্যাপক রোগ ; মড়ক।

পেস-য়্যাক-সেসরিয়ঃস (Pes Accessorius) বৃহত্তর ও ক্ষুদ্রতর হিপোক্যাম্পাঃসের মধ্যবর্ত্তী শুভ্রবর্ণ উন্নতাংশ।

পেস-য়্যান-সারিনঃস(Pes Anserinus) মুখমণ্ডলের স্নায়ুর শঙ্খদেশীয় ও গ্রীবা দেশীয় অংশ।

পেসারি (Pessary) জরায়ু ভ্রংশ ও যোনিভ্রংশ আদি রোগে যোনিতে প্রবেশার্থ যন্ত্র বা বস্তু বিশেষ।

পেসেল (Pestle) খলের দণ্ড।

পৈশিক (Muscular) পৈশীসম্বন্ধীয়

পোটাস (Potash) ক্ষার। ক্যালি দ্রষ্টব্য।

পোটেন্সি (Potency.) শক্তি, শক্তির পরিমাণ ; ঔষধের ক্রম।

পোটেন্-শ্যাল-কটারি (Potential Cautery) ক্ষার কর্ম সাধনার্থ পোটাশ বা লুনার কষ্টিক।

পোমাম্ অ্যাডেমাই (Pomum Adami) কণ্ঠক গ্রন্থি।

পোমেড (Pomade) চুলে লাগাইবার মলম ; পোমেটম।

পোর (Pore) লোমকূপ।

পোরাস (Porous) সছিদ্র ; সান্তর।

পোরিগো (Porrigo) খড়ের ন্যায় বর্ণ সপূয পীড়কা বিশিষ্ট চর্ম্মরোগ বিশেষ। ইহাকে স্কল্ড-হেড, হনি-কোম-স্ক্যাব, ও রিংওয়ার্ম অভ্ দি স্ক্যাল্প ও বলে। অরুংষিকা।

পোরোসিটি (Porosity) সছিদ্র ; সান্তর।

পোর্ট্যাল (Portal) যকৃৎ হইতে আবদ্ধ শৈরিক রক্ত-সঞ্চলন সম্বন্ধীয়।

পোর্ট্যাল-ভেন (Portal Vein) যকৃতে প্রবিষ্ট ও ধমনীর ন্যায় বিকীর্ণবৃহৎ শিরাবিশেষ; যকৃৎ-শিরা।

পোল্টিশ (Poultice) ময়দা, তিশি প্রভৃতি বস্তু জলাদি তরল পদার্থের সহিত মিশ্রিত করিয়া বাহ্য-প্রয়োগ ; প্রলেপ।

পোর্শিও ডিউরা (Portio Dura) সপ্তম স্নায়ুযুগ্ম।

পোষণ-ক্রিয়া (Nuitrition) যে ক্রিয়া দ্বারা জীবিতি প্রাণীর ক্ষয়প্রাপ্ত বিধানউপাদানেরপরিপোষণ সংঘিত হয়। [পুষ্ট।

পোষ্ট-মর্টেম (Post-Mortem) মৃত্যুর

পোষ্ট-মর্টেম-এক-জামিনেশন (Post-mortem Examination) মৃতদেহের পরীক্ষা।

প্যাচ (Patch) তালি।

প্যাটেলা (Patella) ফলকাস্থি।

প্যান্ডেমিক (Pandemic) বিশ্বব্যাপী।

প্যাথজিনি (Pathogeny) প্যাথলজি বা নিদান শাস্ত্রের যে অংশে রোগের উৎপত্তি ও বিকাশের বিষয় উল্লিখিত থাকে।

প্যাথলজি (Pathology) চিকিৎসা শাস্ত্রের যে অংশে রোগের প্রকৃতি, কারণ ও লক্ষণ ব্যাখ্যাত হয় ; সম্প্রাপ্তিতত্ত্ব ; নিদানতত্ত্ব।

প্যাথলজিক, প্যাথলজিক্যাল (Pathologic, Pathological) নিদানতত্ত্ব সংক্রান্ত।

প্যাথলজিষ্ট (Pathologist) নিদানতত্ত্ববিৎ।

প্যান-ক্রিয়াস (Pancreas) ক্লোমদ্রষ্টব্য।

প্যান-ক্রিয়াইটিস (Pancreatis) ক্লোমের প্রদাহ।

প্যান-ক্রিয়েটিক যুস (Pancreatic juice) তৈলাদি জীর্ণকর ক্লোম হইতে নিঃসাবিত রস; ক্লোম-রস।

প্যান-ক্রিয়েটিন (Pancreatine)

অতিস্রাবৎ শ্লেষ্মরস বিশেষ। এতদ্দ্বারা শ্বেতসার ও তৈলাক্ত পদার্থ জীর্ণ হয়।

প্যানস (Pannus) কনীনিকার এক-প্রকার রোগ, ইহাতে কনীনিকা আরক্ত ও মাংসময় হইয়া উঠে।

প্যানেশিয়া (Panacea) সর্ব্বরোগ আরোগ্যকর ঔষধ।

প্যাবিউলম (Pabulum) রক্তের সারভাগ; এতদ্দ্বারা সমস্ত শারীরিক বিধানোপাদানের পরিপোষণ জন্মে।

প্যাপিউলা (Papula) প্যাপিউলি শব্দের একবচন।

প্যাপিউলার (Papular) অপচ্যমান পীড়কাপূর্ণ।

প্যাপিউলি (Papulæ) যে সকল পীড়কায় রস বা পূয় জন্মে না, অপচ্যমান পীড়কা; ঘনবটী।

পেপিলা (Papilla) শরীরের নানা স্থানে অল্প উন্নত উদ্ভেদ; যথা,—প্যাপিলি-সর্কামভ্যালেটি-জিহ্বা-কণ্টক।

প্যাপিলারি (Papillary) পীড়কা বা চুচুক সংক্রান্ত।

পেপিলি (Papillæ) পেপিলা শব্দের বহুবচন।

প্যাম্পিনিফরম (Pampiniform) লতার আঁকড়ির আকার।

প্যারক-সিজ্‌ম (Paroxysm) নির্দ্ধারিত বা অনির্দ্ধারিত বিশ্রামকালের পর রোগ-লক্ষণের পুনরায় প্রকাশ; আবেশ।

প্যারনিকিয়া (Paronychia) প্রথম অঙ্গুলীসন্ধির প্রদাহ বা আঙ্গুলহারা রোগ। [দুষ্টি।

প্যারপ-সিস (Paropsis) বিকৃত-

প্যারা-(Para-) অপরপার্শ্বে, পাশাপাশি, নিকট প্রভৃতি বাচক উপসর্গ।

প্যারাইটিস (Parietis) শরীরস্থ কোন যন্ত্র বা গহ্বরের সীমা বা-প্রাচীর।

প্যারাইট্যাল (Parietal) প্যারাইটিস সম্বন্ধীয়।

প্যারাইট্যাল-বোন্স (Parietal bones) করোটীর ঊর্দ্ধভাগস্থ অস্থি; করোটী-প্রাচীর।

প্যারাকোপ (Paracope) স্বল্পপ্রলাপ।

প্যারাপ্লিজিয়া (Paraplegia) শরীরের নিম্নার্দ্ধের পক্ষাঘাত; উরুস্তম্ভ।

প্যারাফাইমোসিস (Paraphymosis) অবপাটিকা দ্রষ্টব্য।

প্যারাফ্রিণাইটিস (Paraphrenitis) ডায়াফ্রামের প্রদাহ।

প্যারালিসিস (Paralysis) গতিশক্তি ও স্পর্শ-শক্তির বিলোপ; পক্ষাঘাত।

প্যারালিসিস এজিট্যান্স (Paralysis Agitans) অবিরত হস্ত, বাহু,

মস্তক বা সমগ্র শরীর কম্প ; স-
কম্প পক্ষাঘাত ; বেপথু ।

প্যারাসাইট (Parasite) জীবিত প্রাণী শরীরে যে কৃমি কীটাদি জন্মে ; পরাঙ্গ-পুষ্ট । বৃক্ষরুহ ।

প্যারাসেন্টিসিস (Paracentesis) শরীরের কোন গহ্বরে ছিদ্র করিয়া ক্ষরিত পদার্থ নিঃসারণ ।

প্যারেক্‌টেমা (Parectama) শরীরের কোন অংশের অত্যন্ত প্রসারণ।

প্যারেঙ্কাইমা (Parenchyma) গ্রন্থির ও অন্যান্য যন্ত্রের জালবৎ নির্ম্মাণ-উপাদান ; সান্ত্ববিধান ।

প্যারেঙ্কাইমেটাইটিস (Parenchymatitis) কোন যন্ত্রের প্যারেঙ্কাইমার প্রদাহ।

প্যারেঙ্কাইমেটয়েড (Parenchymatoid) প্যারেঙ্কাইমার ন্যায় আকৃতি বিশিষ্ট।

প্যারেঙ্কাইমেটাস (Parenchymatous) প্যারেঙ্কাইমা বিশিষ্ট।

প্যারোটাইটিস (Parotitis) কর্ণমূল প্রদাহ।

প্যারোটিড (Parotid) কর্ণের নিম্নে যে তিনটী লালাস্রাবী গ্রন্থি আছে তাহার বৃহত্তমটি ; কর্ণমূল ।

প্যারোডিনিয়া (Parodinia) অস্বাভাবিক প্রসববেদনা ।

প্যালিউডাল (Paludal) অনূপভূমিসংক্রান্ত ।

প্যালিয়েটিভ (Palliative) উপশমকর কিন্তু সম্যক আরোগ্যকর নহে ; যাপ্যকর।

প্যালিয়েশন (Palliation) উপশম।

প্যালেট (Palate) মুখ-মধ্যের উপরাংশ বা ছাদ ; তালু ।

প্যালেটাই অসা (Palati ossa) যে দুইখানি অস্থিদ্বারা মুখের উপরিভাগ বা তালু প্রস্তুত হইয়াছে।

প্যালেটো-(Palato-) তালু সংসৃষ্ট বাচক উপসর্গ।

প্যালেডিয়ম (Palladium) প্লাটিনম মিশ্রিত এক প্রকার ধাতু।

প্যাল্পিটেশন (Palpitation) হৃৎপিণ্ডের অতিরিক্ত স্পন্দন। হৃৎকম্প।

প্যাল্পিব্রা (Palpibra) অক্ষিপুট।

প্যাল্পিব্রাল (Palpibral) অক্ষিপুট সংক্রান্ত।

প্যাল্পেশন (Palpation) সংস্পর্শন ; রুগ্নস্থান স্পর্শ করিয়া রোগ নিরূপণ।

প্যাসিভ (Passive) সুস্পষ্ট প্রতিক্রিয়া পরিশূন্য, দুর্ব্বলতা বা রক্তাল্পতার সহবর্ত্তী বা পরবর্ত্তী।

প্যাসেজ (Passage) পথ।

প্রক-টাইটিস (Proctitis) সরলান্ত্রের বা মলদ্বারের শ্লৈষ্মিক ঝিল্লীর প্রদাহ।

প্রক-ট্যাল-জিয়া (Proctalgia) গুহ্যদ্বারের স্নায়বীয় বেদনা।

প্রক-সিমেট (Proximate) চরম-নয় কিন্তু নিকটতর।

প্রক-সিমেট-কজ (Proximate cause) রোগাদির অব্যবহিত কারণ।

প্রকৃতি (Habit) স্বভাব; ধাতু।

প্রকোপ (Aggravation) প্রাবল্য; বৃদ্ধি।

প্রকোষ্ঠ (Fore-Arm) অগ্রবাহু; কনুই হইতে মণিবন্ধ পর্য্যন্ত।

প্রকোষ্ঠাস্থি (Radius and Ulna) অগ্রবাহুর হাড়।

প্রগণ্ড (Arm) কণুই অবধি স্কন্ধ পর্য্যন্ত বাহুভাগ।

প্রগণ্ডাস্থি (Humerus) স্কন্ধাস্থি; হিউমারাস দ্রষ্টব্য।

প্রগত-পদ (Club-foot) ক্লাব ফুট [দ্রষ্টব্য।

প্রগ-নোসিস (Prognosis) বিশেষ বিশেষ লক্ষণ দৃষ্টে রোগের গতি ও ফলাফল নিরূপণ; সাধ্যাসাধ্য নির্দ্দেশ; ভাবীফলতত্ত্ব।

প্রচাপন (Pressure) চাপ-প্রদান।

প্রটুবারেন্স (Protuberance) কোন যন্ত্রের উপরিভাগে অসম ও বন্ধুর উন্নত অংশ।

প্রতনু (Conical) মঠাকার; ক্রমশঃ সূক্ষ্মাগ্র। [কর।

প্রতিকারক (Curative) আরোগ্য

প্রতিকূল (Unfavourable) অনুপকারক; বিরোধী।

প্রতি-ক্রিয়া (Reaction) কোন ক্রিয়া বাধাপ্রাপ্ত হওয়াতে যে অন্য ক্রিয়া জন্মে, যথা অতিরিক্ত উত্তেজনার পর অবসাদন।

প্রতিক্ষিপ্ত (Reflex) প্রতিঘাত প্রাপ্ত।

প্রতিক্ষিপ্ত-উপদাহ (Reflex Irritation) প্রতিঘাত বশতঃ উৎপন্ন উপদাহ।

প্রতিঘর্ষণ শব্দ (Cepitation) ক্রিকশন সাউণ্ড দ্রষ্টব্য।

প্রতিঘাত (Reaction) প্রতিক্রিয়া।

প্রতিধ্বনিশব্দ (Resonant sound) রেজোন্যান্ট সাউণ্ড দ্রষ্টব্য।

প্রতিবিম্ব (Image) ছায়া।

প্রতিবিষ (Antidote) বিষঘ্ন ঔষধ।

প্রতিশ্যায় (Cattarrh) সৈ-কোঁটা কোঁটা পড়া—শর্দ্দী; ঠাণ্ডী।

প্রতিষেধক (Prophylactic) পূর্ব্বে যে ঔষধ সেবন করিলে রোগ জন্মে না; বাধক।

প্রতিহারক (Antidote) কোন ঔষধ বা দ্রব্যের বিষাক্ততা বা অতিক্রিয়া নিবারক ঔষধি।

প্রত্যুগ্রতাসাধক (Counter-irritant) কাউণ্টার ইরিট্যাণ্ট দ্রষ্টব্য।

প্রপদাস্থি (Metatarsus) মেটাটার্সস দ্রষ্টব্য।

প্রদর (Leucorrhœa) স্ত্রী জননে-

ছিদ্র হইতে অস্বাভাবিক আবাদি করণ [শন দ্রষ্টব্য।

প্রদাহ (Inflamation) ইন-ফ্লেমে-

প্রদাহঘ্ন (Antiphlogistic) প্রদাহ নাশক (ঔষধাদি)।

প্রদেশ (Region) রিজন দ্রষ্টব্য।

প্রলেহ (Poultice) ঈষদুষ্ণ প্রলেপ ; পোল্টিশ।

প্রফাইল্যাক-টিক (Prophylactic) রোগ প্রতিষেধক।

প্রফাইল্যাক-সিস (Pophylacsis) প্রতিষেধক অর্থাৎ রোগের উৎপত্তি নিবারক চিকিৎসা।

প্রবণতা (Tendency) উন্মুখতা ; অভিমুখগতি।

প্রবর্দ্ধন (Process) প্রসেস দ্রষ্টব্য।

প্রবেণিকা (Cirrhosis) যকৃতের সিরোসিস রোগ। ইহাতে যকৃত, কুঞ্চিত, ঘন ও লৌহের মরিচার ন্যায় কপিশবর্ণ হয়। [পথ।

প্রবেশদ্বার (Inlet) মধ্যে প্রবেশের

প্রভূত (Copious) অধিক পরিমাণ।

প্রমন-টরি (Promontory) অন্তরী-পাকার প্রবর্দ্ধন।

প্রমেহ (Gonorrhœa) মূত্রমার্গ হইতে সংক্রামক স্রাব নিঃসরণ ; ধাতের ব্যারাম।

প্ররোহ (Vegetation) মাংসাঙ্কুর।

প্ররোহিকা (Eczema) পামা বা একজিমা দ্রষ্টব্য।

প্রলিফারেশন (Proliferation) প্রজনন-ক্রিয়া।

প্রষ্টাইটিস (Prostitis) প্রষ্টেট গ্রন্থির প্রদাহ।

প্রষ্টেট (Prostate) পুরুষের মূত্রাশয়ের মুখশায়ী দৃঢ় গ্রন্থিবিশেষ।

প্রষ্টেটিক রস (Prostatic Juice) প্রষ্টেট গ্রন্থি হইতে ক্ষরিত রস।

প্রষ্ট্রেশন (Prostration) অতিশয় দুর্ব্বলতা ; অবসন্নতা ; শারীরিক ও মানসিক শ্রমে অসমর্থতা।

প্রসব-তত্ত্ব (Midwifery) ধাত্রীবিদ্যা।

প্রসববেদনা (Labour pain) সন্তান প্রসবের ব্যথা।

প্রসবান্তিক (Post-partum) প্রসবের পরবর্ত্তী।

প্রসারকপেশী (Extensor Muscle) যে সকল পেশীর ক্রিয়াবশতঃ শরীর প্রসারিত হয়।

প্রসারণশীল ক্ষত (Corroding ulcer) যে ক্ষত খাইয়া যায়।

প্রস্রংশিনী (Prolapsus of the Vagina) যোনি বাহির হইয়া পড়া; যোনিভ্রংশ।

প্রসেস (Process) অস্থির উন্নত বা বিবর্দ্ধিত অংশ। প্রক্রিয়া।

প্রসোপ্যাল-জিয়া (Prosopalgia) মুখমণ্ডলের স্নায়ু-শূল।

প্রাইভেট-পার্টস (Private Parts) জননেন্দ্রিয়।

প্রাইভেশন (Privation) অনশন।
প্রাইমারি (Primary) প্রাথমিক, আদিম। রোগের প্রাথমিক কারণ ও লক্ষণাদি।
প্রাউড-ফ্লেশ (Proud flesh) ক্ষতাঙ্কুরের অতিরিক্ত বৃদ্ধি; মাংসাঙ্কুর।
প্রাদাহিক (Inflamatory) প্রদাহ সম্বন্ধীয়।
প্রায়েপিজ্‌ম (Priapism) কামপ্রবৃত্তি ব্যতীত কষ্টকর লিঙ্গোদ্রেক।
প্রি-কর্ডিয়া (Præcordia) হৃৎপিণ্ডের অগ্রবর্ত্তী বক্ষঃস্থলের সম্মুখ প্রদেশ; হৃদগ্র। [সংক্রান্ত।
প্রি-কর্ডিয়াল (Precordial) হৃদগ্র
প্রিক-লিহিট (Prickly Heat) ঘর্ম্ম চর্চ্চিকা; ঘামাচি।
প্রিকর্সারি (Precursory) পূর্ব্ববর্ত্তী।
প্রিকিং (Pricking) কণ্টকাদিবেধবৎ যাতনা।
প্রিকোসিটি (Precosity) উপযুক্ত সময়ের পূর্ব্বে বিকাস; অকালপক্বতা।
প্রিটার-নৈচার্যাল (Preternatural) অস্বাভাবিক।
প্রিডিস-পোজিশন (Predisposition) শরীরে রোগ উৎপন্ন হইবার উপযুক্ত অবস্থা; রোগ-প্রবণতা।
প্রিডিস-পোজিংকজ (Predisposing cause) রোগের পূর্ব্ববর্ত্তী কারণ; গৌণ কারণ।
প্রিন-সিপেল-অভ্‌ মেডিসিন (Principleof Medicine) চিকিৎসার মূলতত্ত্ব।
প্রিপিউস (Prepuce) লিঙ্গমুণ্ডের আবরক চর্ম্ম; মেঢ্রত্বক্‌।
প্রিপিউশ্যাল (Preputial) মেঢ্রত্বক সংক্রান্ত।
প্রিমেচুয়র-লেবার (Premature labour) অকাল-প্রসব।
প্রিমোনিটরি (Premonitory) পূর্ব্ববর্ত্তী; পূর্ব্ব-সূচনা জ্ঞাপক।
প্রিয়ঙ্গুবীজ (Milliary seeds) পিপ্পলির বীজ।
প্রিসিপিটেট (Precipitate) ঊর্দ্ধপাতিত পদার্থ। ঊর্দ্ধপাতন দ্রষ্টব্য।
প্রিসিপিটেশন (Precipitation) তরল পদার্থের সহিত মিশ্রিত অতরল পদার্থ নিম্নে পাতিত করা; ঊর্দ্ধপাতন ক্রিয়া। [বৃক্ষ।
প্রু-নঃস (Prunus) বদরী জাতীয়
প্রুফ (Proof) স্পিরিট বা সুরা সারের শক্তির পরিমাণ।
প্রুরাইগো (Prurigo) অতিশয় কণ্ডূয়নশীল অপচ্যমান পীড়কাবিশিষ্ট চর্ম্মরোগ; গাত্রকণ্ডূ; চুলকণা।
প্রুরাই-টঃস (Pruritus) কণ্ডূয়ন, চুলকাণ।
প্রুরাইটঃস পিউডেণ্ডাই (Pruritus Pudendi) ভগ-কণ্ডূয়ন।

অব্যবহিত নিম্নবর্ত্তী মাংসতন্তুময় সূক্ষ্ম ঝিল্লী।

প্ল্যাটিনা (Platina) এক প্রকার ধাতু।

প্ল্যাণ্টার (Plantar) পদতল সংক্রান্ত

প্ল্যাণ্টেগো মেজর (Plantago Major) বৃহৎ কদলী।

প্ল্যাষ্টার (Plaster) পলস্ত্রা। এম-প্ল্যাষ্ট্রম দ্রষ্টব্য।

প্ল্যাষ্টার-অভ-প্যারিস (Plaster of Paris) প্যারিস নগরের সন্নিকটে সমুৎপন্ন শুভ্রবর্ণ সঙ্কোচক চূর্ণ বিশেষ।

প্ল্যাষ্টিক (Plastic) নির্ম্মাণ বা প্রস্তুত শক্তি; আকার প্রদায়িনী শক্তি।

প্ল্যাসেণ্টা (Placenta) রক্তবহা নাড়ীময় স্পঞ্জের ন্যায় আকৃতিবিশিষ্ট যে পদার্থ দ্বারা গর্ভস্থ ভ্রূণ মাতার রক্তবহা নাড়ীর সহিত সংযোজিত থাকে; গর্ভের ফুল।

ফ

ফাঙ্ক-শন (Function) শারীরিক যন্ত্রাদির ক্রিয়া; যথা নিশ্বাসপ্রশ্বাস ফুসফুসের ফাঙ্ক-শন বা ক্রিয়া

ফাঙ্ক-শন্যাল (Functional) ক্রিয়া-বিকারজনিত।

ফাঙ্গাস (Fungus) স্পঞ্জের ন্যায় সছিদ্রতা বিশিষ্ট ক্যানসার প্রভৃতি উন্নত মাংস বা অর্ব্বুদ। ছত্রক। বহুবচন ফাঞ্জি।

ফঞ্জিফরম, ফাঙ্গয়েড (Fungiform, fungoid) ছত্রকাকার।

ফটোপ-সিয়া (Photopsia) চক্ষু রোগ বশতঃ অস্বাভাবিক আলোক দর্শন।

ফটোফোবিয়া (Photophobia) আলোকাতঙ্ক; আলোক দর্শনে বিদ্বেষ।

ফণ্টেনেল (Fontanel) শিশুর মস্তকের অস্থিশূন্য স্থান; ব্রহ্মরন্ধ্র।

ফাণ্ডাস (Fundus) জরায়ু প্রভৃতি গ্রীবাবিশিষ্ট যন্ত্রের মূলদেশ।

ফাণ্ডেমেণ্ট (Fundament) মলদ্বার।

ফনোমেনিয়া (Phonomania) নরহত্যার প্রবৃত্তি বিশিষ্ট উন্মাদ।

ফর-নিক্স (Fornix) তোরণের আকৃতির ন্যায় মস্তিষ্কের অংশ বিশেষ।

ফারফার (Furfur) খুখসি; রুখি।

ফরমিক এসিড (Formic Acid) টার্টারিক এসিড প্রভৃতি যে সকল এসিড জলাদির সহিত মিশ্রিত না করিয়া শুষ্করূপে চোয়াইয়া উদ্ভিজ্জ হইতে উৎপন্ন হয়। ফরমিকা অর্থাৎ পিপীলিকা দ্বারা নিঃসৃত হয় বলিয়া এ প্রকার নাম।

ফরমি-কেশন (Formication) শরীরে

পিপীলিকাদি সঞ্চরণের ন্যায় অনুভব; ভিড়বিড়; সুড়সুড়ি।

ফর-মেশন (Formation) নির্ম্মাণ।

ফর-সেপ্স (Forceps) টানিয়া তুলিয়া ফেলিবার জন্য কাঁচির ন্যায় অস্ত্র বিশেষ; সোন্না; চিমটা।

ফরেণ-বডি (Foreign body) বাহ্য-বস্তু; শল্য দ্রষ্টব্য।

ফরেণ-সিক-মেডিসিন (Forensic Medicine) অপরাধের বিচার বিষয়ে ভৈষজ্য বিদ্যার প্রয়োগ।

ফলকগ্রন্থি (Thyroid gland) গলগ্রন্থি; যাহা বর্দ্ধিত হইলে গলগণ্ড হয়।

ফলকাস্থি (Patella) জানুসন্ধির সম্মুখভাগে স্থিত ক্ষুদ্র ও চেপ্টা অস্থিবিশেষ।

ফলবর্ত্তি (Suppository) মলদ্বারে প্রবেশার্থ ঔষধ বা ঔষধমিশ্রিত বাতি।

ফাল-মিনেশন (Fulmination) উত্তাপ বা ঘর্ষণে কোন রাসায়নিক প্রস্তুত পদার্থের উচ্চশব্দে বিদারণ।

ফলিকিউলার (Follicular) ফলিকেল সংক্রান্ত।

ফলিকেল (Follicle) গ্রন্থি বা গহ্বর; ক্ষুদ্রকোষ।

ফলিং সিক-নেস (Falling-sickness) মৃগিরোগ।

ফল্‌স (False) কৃত্রিম।

ফল্‌স-প্যাসেজ (False Passage) মূত্রমার্গে বলপূর্ব্বক শলাকাদি প্রবেশ করাতে শ্লৈষ্মিক ঝিল্লী ছিন্ন হইয়া স্বাভাবিক মূত্রপথ ব্যতীত স্বতন্ত্র কৃত্রিম পথ।

ফল্‌স-মেম্ব্রেণ (False Membrane) কৃত্রিম ঝিল্লী দ্রষ্টব্য। [শুকা।

ফল্‌স রিব-স (False Ribs) উপপ:

ফস-ফেট (Phosphate) লাইম, সোডা প্রভৃতির সহিত ফসফরিক এসিডের সংযোগে সমুৎপন্ন মিশ্র-পদার্থ।

ফসিস (Fauces) মুখ-মধ্য ও গলমধ্যের অভ্যন্তরস্থ গহ্বর। জিহ্বা, উপজিহ্বা, তালুপার্শ্বগ্রন্থি ও স্বরযন্ত্রদ্বারা এই গহ্বর সীমাবদ্ধ।

ফাইব্রিণ (Fibrin) প্রাণী ও উদ্ভিদ দেহের তন্তুময় উপাদান। রক্তে এই পদার্থ বিশিষ্টরূপে পাওয়া যায়। তন্তু।

ফাইব্রিণো-(Fibrino) ফাইব্রিণ জ্ঞাপক পূর্ব্বপদ।

ফাইব্রো-(Fibro) সূত্র বা তন্তু জ্ঞাপক পূর্ব্বপদ।

ফাইবার (Fibre) সূত্র; আঁশ।

ফাইব্রয়েড (Fibroid) সূত্রবৎ।

ফাইব্রাস (Fibrous) সূত্রময়।

ফাইব্রো-(Fibro) সৌত্রিক।

ফাইমা (Phyma) অর্ব্বুদ; ক্ষুদ্র স্ফোটক।

ফাইমোসিস (Phimosis) পুরুষাঙ্গের মুণ্ডাবরক ত্বকের এরূপ পীড়া যাহাতে উহা সঙ্কুচিত করিয়া লিঙ্গমুণ্ড অনাবৃত করিতে পারা যায় না। মুদা।

ফাইসোমিট্রা (Physometra) বায়ু বা বাষ্প জন্য জরায়ুর স্ফীততা।

ফাণ্ট (Infusion) কুট্টিত উদ্ভিদ পদার্থ উষ্ণ জলে কিয়ৎক্ষণ রাখিয়া ছাঁকিয়া লইলে তাহাকে ফাণ্ট বলে।

ফার (Fur) রোগকালে জিহ্বাদি কোন কোন যন্ত্রের উপবিভাগে সরের ন্যায় একপ্রকার বিকৃত পদার্থ সঞ্চয় ; লেপ।

ফার্ড (Furred) অস্বাভাবিক বস্তুতে আবৃত ; যথা জরাদিতে লেপাবৃত জিহ্বা।

ফার্মেকিউটিক্স (Pharmaceutics) ঔষধ-প্রস্তুত-তত্ত্ব।

ফার্মেকিউটিষ্ট (Pharmceutist) যে ব্যক্তি ঔষধ প্রস্তুত করে।

ফার্মেকোডিনেমিক্স (Pharmacodynamics) ঔষধের ফল ও ব্যবহার বিষয়ক বিদ্যা।

ফার্মেকোপিয়া (Pharmacopœia) ঔষধ-প্রস্তুত-তত্ত্ব ; ঔষধ প্রস্তুতের বিধিবিশিষ্ট গ্রন্থ।

ফার্মেণ্ট (Ferment) অভিষবাদি অন্তরুৎসেচনজনক পদার্থ।

ফার্মেণ্টেশন (Fermentation) এলকোহল বা এসেটিক এসিড প্রস্তুতে কার্ব্বণিক এসিড বায়ু বাহির হইয়া যে বিসমাস-ক্রিয়া জন্মে। জন্তু বা উদ্ভিদ পচিবার সময়ও এইরূপ হয়। অন্তরুৎসেচন

ফার্মেসি (Pharmacy) ঔষধ সংগ্রহ, প্রস্তুত, রক্ষা, সংমিশ্রণ ও ব্যবহার বিষয়ক বিদ্যা।

ফার্ষ্ট ইন্টেন-শন (First Intention) পূযোৎপত্তি ব্যতীত ক্ষত সংযোজন।

ফার্সি (Farcey) কেবল শরীরের উপবিভাগ আক্রমণকারী গ্লাণ্ডার্স রোগ।

ফিউজন (Fusion) কঠিন পদার্থ উত্তাপদ্বারা তরলকরণ।

ফিউজিফরম (Fusiform) তকুর (টেকো) আকার।

ফিউনিস, ফিউনিকিউলাস (Funis) নাভী-নাড়ী। ভ্রূণ-দেহ ও ফুল সংযোজক নাড়ী।

ফিউরর (Furor) উন্মত্ততা ; যথা ফিউরর ইউটিরেনস—জরায়ু-বিকারজনিত উন্মাদ।

ফিউরংকল (Furuncle) ফোড়া, স্ফোটক।

ফিউরংকিউলার (Furuncular) স্ফোটকবিশিষ্ট।

ফিকণ্ডেশন (Fecundation) গর্ভ [ধারণ।

ফিক্যাল (Fæcal) বিষ্ঠাসম্বন্ধীয়।
ফিজিঅগ্নমি (Physiognomy) মুখশ্রী।
ফিজিঅলজি (Physiology) জীবিত প্রাণীদিগের শারীরিক ক্রিয়া বিবরিণী বিদ্যা; দেহতত্ত্ব; শারীরতত্ত্ব; শারীরবিধান।
ফিজিক (Physic) চিকিৎসাবিদ্যা। ঔষধ। বিরেচক ঔষধ।
ফিজিক্যাল (Physical) ভৌতিক। শারীরিক।
ফিজিক্স (Physics) পদার্থবিদ্যা।
ফিজিশিয়্যান (Physician) যে চিকিৎসক কেবল ঔষধ ব্যবস্থা করেন কিন্তু অস্ত্রচিকিৎসা করেন না।
ফিস্কোনিয়া (Physconia) শোথ ব্যতীত উদরের স্ফীততা।
ফি-টাস (Fœtus) গর্ভস্থ সন্তান, ভ্রূণ।
ফিটিসাইড (Fœticide) ভ্রূণহত্যা।
ফিট্যাল (Fœtal) ভ্রূণসংক্রান্ত।
ফিটেশন (Fœtation) গর্ভ।
ফিটিড (Fetid) দুর্গন্ধময়।
ফিনেষ্ট্রা (Fenestra) গবাক্ষ। কর্ণপটহের গহ্বরের বন্ধ দ্বয়।
ফিবিউলা (Fibula) জঙ্ঘার দীর্ঘাস্থির সম্মুখস্থিত সরু অস্থি; নলকাস্থি। ক্ষতের মুখ সেলাই করিবার সূচী। [জ্বর।
ফিব্রিকিউলা (Febricula) সামান্য
ফিব্রিনাস (Fibrinous) তন্তুময় উপাদানবিশিষ্ট।
ফিব্রিল, ফেব্রিল (Febrile) জ্বরসংক্রান্ত বা জ্বরজ।
ফিভার (Fever) জ্বর।
ফিভারিশ (Feverish) অল্পজ্বরযুক্ত।
ফিমার (Femur) বস্তি-কোটর হইতে জঙ্ঘার দীর্ঘাস্থি পর্য্যন্ত প্রসারিত হাড়; উর্ব্বস্থি।
ফিমর্যাল (Femoral) উর্ব্বস্থি সম্বন্ধীয়।
ফিরাম (Ferrum) লৌহ।
ফিল-টার (Filter) জলাদি পরিষ্কারের যন্ত্র; ছাঁকনি।
ফিল-ট্রেশন (Filtration) ছাঁকন।
ফিলিফরম (Filiform) সূত্রাকার।
ফিলেমেণ্ট (Filament) প্রাণী ও উদ্ভিদদেহের সূক্ষ্ম সূত্রবৎ পদার্থ; স্পন্দ-জননসূত্র।
ফিলেরিয়া (Filaria) এক প্রকার অন্ত্র-কৃমি। শরীরস্থ জালবৎ বিধানস্থিত কীট বিশেষ।
ফিলেশাস (Filaceus) সূত্রময়।
ফিষ্টুলা (Fistula) নালী ঘা; নাড়ীব্রণ।
ফিষ্টুলা-ইন-য্যানো (Fistula-in-Ano) ভগন্দর; মলদ্বারে নালীক্ষত।
ফিষ্টুলা ল্যাক্রিমেলিস (Fistula Lachrymalis) অশ্রুস্রাবী গ্রন্থির নালীক্ষত; নেত্র-নালী, নেত্রনাড়ী।
ফিষ্টুলাস, ফিষ্টুলার (Fistulous, fistular) নালীনালী সংক্রান্ত।

ফিসার (Fissure) বিদারণ, ফাটা; চির; সীতা। ফিশুরা-ম্যাগ্না-সিল্‌ভাই-মস্তিষ্কের সম্মুখ ও মধ্যভাগ প্রভেদকর সীতা। ফিশুরা অম্বিলিকেলিস-নাভী-শিরার সীতা।

ফিসিজ (Fæces) মল; বিষ্ঠা।

ফিশুরা (Fissura) বিদার; ফাটা। ফিসার দ্রষ্টব্য।

ফুমিগেশন (Fumigation) ধূপন দ্রষ্টব্য। [ক্ষীর।

ফুসফুস-পাকাশয়িক (Pneumogastric.) ফুসফুস ও পাকাশয় সম্ব-

ফুসফুসপাকাশয়িক স্নায়ু (Pneumogastric Nerve) পার ভেগাস দ্রষ্টব্য।

ফুসফুসপ্রদাহ (Pneumonia) নিউমোনিয়া দ্রষ্টব্য। পার্শ্ববেদনা, নির্য্যাসবৎ বা লৌহের মরিচার ন্যায় বর্ণবিশিষ্ট শ্লেষ্মাস্রাব ও প্রবল জ্বর ইহার প্রধান লক্ষণ।

ফুসফুসবেষ্ট (Pleura) প্লুরা দ্রষ্টব্য।

ফুসফুসবেষ্টপ্রদাহ (Pleuritis) ফুসফুসের আবরণ ঝিল্লীর প্রদাহ।

ফুট-বাথ (Foot bath) জানু অবধি পা পর্য্যন্ত ডিঙ্গস্নান।

ফুট-সোর (Foot-sore) পদক্ষত।

ফুলার্স আর্থ (Fuller's Earth) সাজিমাটী।

ফেকিউলেণ্ট (Feculent) তলানি বা মল পূর্ণ।

ফেব্রিফিউজ (Febrifuge) জ্বরঘ্ন জ্বর নাশক ঔষধ।

ফেভাস (Favus) মধুচক্রাকার অরুংষিকা। [কার।

ফেভিফরম (Faviform) মধুচক্রা-

ফেরিণা (Farina) শ্বেতসার।

ফেরিণেশাস (Farinaceous) শ্বেতসারময়।

ফেশিয়া, ফ্যাশিয়া (Fascia) পেশী বেষ্টনকারী পাতলা তন্তুময় আবরণ; কলবেষ্টনী। বহুবচন-ফ্যাশিয়ি।

ফেশিয়্যাল (Facial) মুখমণ্ডলীয়।

ফেশিয়ালিস (Fascialis) জঙ্ঘার গতির সাহায্যকর পেশী বিশেষ।

ফেস (Face) মুখমণ্ডল।

ফেসেট (Facet) অস্থি সন্ধির সীমাবদ্ধ ক্ষুদ্র উপরিভাগ।

ফোকাস (Focus) রশ্মি-কেন্দ্র; অধিশ্রয়ণ।

ফোভিয়া (Fovea) স্বল্প অবনতি।

ফোমেণ্টেশন (Fomentation) বেদনা নিবারণ অথবা রোগাক্রান্ত স্থানের উত্তেজনার্থ তপ্ত ও আর্দ্র ফ্লানেল বাহ্যপ্রয়োগ; ফ্লানেলের দ্রবস্বেদ। উষ্ণস্বেদ।

ফোর-আরম (Fore-Arm) কনুই ও কব্জার মধ্যবর্ত্তী স্থান; প্রকোষ্ঠ।

ফোর-শেট (Four-chette) যোনি

ও বিটপের সন্নিস্থান। ত্রিশিখা-কৃতি ত্বক।

ফোর-স্কিন (Foreskin) প্রিপিউস।

ফোরেমিনা (Foramina) ফোরেমেন শব্দের বহুবচন।

ফোরেমেন (Foramen) শরীরের কোন যন্ত্রে বা অংশে ছিদ্র ; রন্ধ্র

ফোরমেন ওভেলি (Foramen ovale) অণ্ডাকার ছিদ্র।

ফোল্ড (Fold) ভাঁজ।

ফোর্স (Force) শক্তি ; ক্ষমতা।

ফোসা (Fossa) ভূমি অপেক্ষা প্রান্ত দেশ প্রশস্ত অস্থি-গহ্বর ; যথা, ফোসা ল্যাক্রিমেলিস।

ফোসি (Fossæ) ফোসা শব্দের বহুবচন। [মণ্ডলী।

ফ্যাকাল-টি (Faculty) চিকিৎসক

ফ্যাজিডিনা (Phagedæna) শীঘ্র শীঘ্র বাড়ে ও মাংস খাইয়া যায় এরূপ ক্ষত ; গলিত ক্ষত।

ফ্যাজিডেনিক (Phagedenic) ফ্যাজিডিনা সংক্রান্ত।

ফ্যাটি (Fatty) বসাময় ; বসাসংক্রান্ত।

ফ্যামিন-ফিভার (Famine fever) রিল্যাপ্‌সিং ফিভার ; দুর্ভিক্ষ জ্বর

ফ্যারিংস (Pharynx) মুখগহ্বরের পশ্চাৎভাগে স্থিত আহার গ্রাহী ও বাহী পেশীময় থলী ; গলকোষ।

ফ্যারিঞ্জাইটিস (Pharyngitis) গলকোষ-প্রদাহ।

ফ্যারিঙ্গোটমি (Pharyngotomy) গল-কোষ-ছেদ।

ফ্যাল-কেট (Falcate) ফ্যালসিফরম।

ফ্যাল-সি-ফরম (Falciform) কাস্তিয়ার আকার। (ঝিল্লী)

ফ্যাল-ক্স (Falx) কাস্তিয়ার আকার

ফ্যালেঞ্জেস (Phalanges) হস্তের ও পদের অঙ্গুলীর ক্ষুদ্র ক্ষুদ্র অস্থি।

ফ্যালোপিয়ান-টিউব-স (Fallopian Tubes) স্ত্রীদিগের গর্ভাশয় হইতে ডিম্বাশয় পর্য্যন্ত বিস্তৃত, প্রায় তিন ইঞ্চি লম্বা, স্ত্রী-বীর্য্য-বাহীনল। ফ্যালোপিয়স নামক ইটালী দেশীয় চিকিৎসক ইহা আবিষ্কার করিয়াছিলেন বলিয়া তাঁহার নামানুসারে এ প্রকার নাম হইয়াছে।

ফ্যাসিকিউলাস (Fasciculus) তন্তুর ক্ষুদ্র গুচ্ছ।

ফ্যাসিকিউলাই (Fasciculi) ফ্যাসিকিউলাস শব্দের বহুবচন।

ফ্যাসিকিউলেটেড (Fasciculated) গুচ্ছ বা স্তবকাকারে সমুৎপন্ন।

ফ্রণ্ট (Front) সম্মুখ ভাগ ; কপাল।

ফ্রণ্ট্যাল (Frontal) সম্মুখ কপাল সম্বন্ধীয়।

ফ্রষ্ট-বাইট (Frost-bite) বরফে অবশতা ; হিমোপঘাত।

ফ্রিক-শন (Friction) রক্ত সঞ্চলন বর্দ্ধনার্থ হাত বা ফ্লানেলাদি দ্বারা গাত্রত্বক ঘর্ষণ।

ফ্রিক-শন-সাউণ্ড (Friction sound) ফুসফুসবেষ্ট ও হৃদ্বেষ্ট প্রদাহিত ও রসক্ষরিত হইয়া বন্ধুর হইলে আকর্ণনে যে শব্দ শুনাযায়। ঘর্ষণ শব্দ।

ফ্রিকোয়েণ্ট (Frequent) দ্রুতগামী।

ফ্রিজিংপয়েণ্ট (Freezing point) তাপমান যন্ত্রের যে তাপাংশে জল জমে; যথা ফারেণহিটের ৩২ তাপাংশ; রিউমারের ০ তাপাংশ।

ফ্রিনঃম (Fræнum) কোন যন্ত্র স্বস্থানে রক্ষার্থ ঝিল্লিময় ক্ষুদ্র বল্‌গাবৎ পদার্থ।

ফ্রিনাইটিস (Phrenitis) মস্তিষ্কের প্রদাহ।

ফ্রিনিউলঃম (Frænulum) জিহ্বা, শিশ্নত্বক প্রভৃতি যে ঝিল্লীর ভাঁজ-দ্বারা শরীরের সহিত সংযুক্ত থাকে; বল্‌গা; ক্ষুদ্র ফ্রিনঃম।

ফ্রিমাইটঃস (Fremitus) বুকের উপর হস্ত প্রদানে অনুভূত পৈশিক শব্দ বা বক্ষঃকম্প।

ফ্রেণিক (Phrenic) ডায়েফ্রাম সম্বন্ধীয়।

ফ্র্যাক-চার (Fracture) ভগ্ন; অস্থি ভগ্ন। অস্থি-ভগ্ন দুই প্রকার যথা, সামান্য বা সিম্পেল-কেবল অস্থি বিভক্ত হওয়া; মিশ্রিত বা কম্পাউণ্ড—অস্থি বিচূর্ণিত হওয়া।

ফ্র্যাম-বিসিয়া (Framboesia) কণ্টক গুটি।

ফ্লাক-চুএশন (Fluctuation) শরীরস্থ তরল পদার্থের সঞ্চালন।

ফ্লক-সিটেশিও (Floccitatio) শয্যা হাতড়ান।

ফ্লক-সিলেশন (Floccilation) মৃত্যুর আসন্নকালে বা সন্নিপাতাবস্থায় শয্যাবস্ত্র খুঁটন; শয্যাহাতড়ান।

ফ্লকিউলঃস (Flocculus) ক্রঃস সেরিবেলাইয়ের পশ্চাতে ও নিম্নে প্রবর্দ্ধিত দীর্ঘ ও সূক্ষ্ম খণ্ড।

ফ্লডিং (Flooding) প্রসবের পর জরায়ু হইতে অতিশয় রক্তস্রাব।

ফ্লাইসিস (Phlysis) আঙ্গুলহাড়া রোগ।

ফ্লাওয়ার্স (Flowers) কোন কোন পদার্থের চূর্ণাবস্থা, যথা ফ্লাওয়ার্স অভ-সলফার।

ফ্ল্যাটুলেন্স (Flatulence) অগ্নিমান্দ্যাদি কারণে আমাশয়ে বায়ুর উৎপত্তি; আধ্মান; পেটফাঁপা।

ফ্লিক-টিনা (Phlyctœna) স্বচ্ছ-গর্ভ ক্ষুদ্রপারিসব ফোস্কা।

ফ্লিবাইটিস (Phlebitis) শিরা-প্রদাহ

ফ্লিবোটমি (Phlebotomy) শিরাচ্ছেদ, রক্তমোক্ষণ; ফস্তখোলা।

ফ্লু-অর-এল্‌-বস (Fluor Albus) স্ত্রী-অঙ্গ হইতে রোগজন্য শ্বেতবর্ণ স্রাবনিঃসরণ; শ্বেত-প্রদর।

ফ্লেক-সর (Flexor) শরীরের কোন অংশ নোয়াইতে যে সকল পেশীর ক্রিয়া আবশ্যক করে।

ফ্লেগ-মন (Phlegmon) নির্দ্ধারিত সীমাবিশিষ্ট অর্দ্ধমণ্ডলাকার প্রাদাহিক স্ফীততা।

ফ্লেগ-মনাস (Phlegmonous) ফ্লেগমন প্রকৃতিবিশিষ্ট।

ফ্লেগ-মেটিক (Phlegmatic) শীতল, অলস ও অপ্রফুল্ল; শ্লেষ্মাপ্রধান।

ফ্লেগ-মেটিক-কনষ্টি-টিউশন (Phlegmatic Constitution) শ্লেষ্মাপ্রধান ধাতু।

ফ্লেগ-মেসিয়া এল্বা-অর-ডোলেন্স (Phlegmasia Alba or Dolens) প্রসবান্তে জঙ্ঘার শ্বেতবর্ণস্ফীততা বিশিষ্ট এক প্রকার রোগ; সূতিকা-স্তম্ভ।

ফ্লেটাস (Flatus) উদরস্থ বায়ু।

ফ্লেম (Phlegm) শ্লেষ্মা।

ফ্লোগোটিকা (Phlogotica) স্থানিক প্রদাহ।

ফ্লোগোসিস (Phlogosis) প্রদাহ।

ফ্লোজিষ্টিক (Phlogistic) প্রাদাহিক।

ফ্লোরিণ (Fluorine) ফ্লোরিণ নামক রূঢ় পদার্থ।

ব

বক-সিনেটর (Buccinator) তূরীধ্বনি-পেশী। গালের এই পেশী তূরীবাদনে ব্যবহৃত হয়।

বক্কা (Bucca) গণ্ডস্থল।

বক্কাল (Buccal) গণ্ডস্থলস্থ।

বক্রান্ত্র (Illeum) ইলিয়ম।

বঙ্ক্ষণগ্রন্থি (Groin) কুচকী।

বটেনি (Botany) উদ্ভিদ বিদ্যা।

বাড (Bud) কোরক; ফুলের কুঁড়ি।

বর্ত্মস্তম্ভ (Ptosis) টোসিস।

বদন (Face) মুখমণ্ডল।

বন্ধন (Bandage) পটী।

বাফিকোট (Buffy coat) প্রাদাহিক রোগে নিঃসারিত রক্তের উপর যে ধূসরাভ সর দৃষ্ট হয়।

বাব-লিং (Bubbling) জলবিম্বের ন্যায় পুটপাট শব্দ; বিস্ফোটন শব্দ।

বয়ঃসন্ধি (Climacteric period) যে বয়সে স্ত্রীলোকের ঋতু প্রকাশ, বা একেবারে বন্ধ হয়।

বয়েল (Boil) ফোড়া। (ক্রি) জ্বাল দেওয়া।

বয়েলিংপয়েণ্ট (Boiling point) তাপমানের যে তাপাংশে তরল পদার্থ ফুটিত হয়।

বয়োব্রণ (Acne) বয়সফোড়া।

বর-বরিগমাস (Borborygmus) অন্ত্রে বায়ুজন্য শব্দ, পেটডাকা।

বর্ণকপদার্থ (Pigment) পিগমেণ্ট-
দ্রষ্টব্য।

বন্ধা (Frœnum) ফ্রিনম।

বাল-জিং (Bulging) কোন অংশ
উন্নত হইয়া উঠা।

বলি (Folds) গুহ্যদ্বারের অভ্যন্ত-
রস্থ মাংসপিণ্ড।

বল্য (Tonic) বলকর ঔষধ।

বল্ড-নেস (Baldness) টাকরোগ।

বাল্ব (Bulb) কন্দ; আলুমূলা প্রভৃ-
তির ভূগর্ভস্থ অংশ। মূল।

বাল্বাস (Bulbous) গোলাকার।
গাঁইটবিশিষ্ট।

বাল্বো ক্যাভার-নোসি (Bulbo Cav-
ernosi) ইউরিথ্রা অর্থাৎ মূত্র-
মার্গের নিম্নস্থিত পেশীদ্বয়। এই
পেশীর ক্রিয়া বশতঃ মূত্রাশয় হ-
ইতে মূত্র নিঃসারণে সুবিধা হয়।

বসা (Fat) চর্ব্বি।

বসার্ব্বুদ (Wen) ওয়েন দ্রষ্টব্য।

বস্তি (Abdomen) তলপেট। ভি-
স্তির মসক। নাভীর অধঃভাগ।

বস্তি-কোটর (Pelvis) নিম্ন উদরের
নিম্নস্থিত অস্থিনির্ম্মিত কোটর।

বস্তিকর্ম্ম, বস্তি-প্রয়োগ (Injection)
পিচকারি দেওয়া।

বস্তিযন্ত্র (Syringe) পিচকারী।

বহির্ব্বলী অর্শ (External Piles)
অর্শদ্রষ্টব্য।

বহুপাদ (Polypus) পলিপাস দ্রষ্টব্য।

বহুব্যাপক প্রতিশ্যায় (Influenza)
ইনফ্লুয়েঞ্জা দ্রষ্টব্য।

বহুব্যাপী (Epidemic) যে রোগ
অনেক লোককে এক সময় আ-
ক্রমণ করে। [ইবা।

বহুমূত্র (Diabetes) ডায়েবিটিস দ্র-

বাজিং (Buzzing) গুঞ্জন, গুণগুণ শব্দ।

বার্ণ (Burn) অগ্নিদগ্ধ।

বার্ণিং (Burning) জ্বালা। জ্বালাকর।

বালা (Bulla) বৃহৎ ফোস্কা।

বালাস (Bullous) ফোস্কাপূর্ণ।

বালী (Bulli) বৃহৎ বৃহৎ ফোস্কা।

বাই- (Bi-Bis) দ্বি বা দ্বিগুণবাচক
পূর্ব্বপদ।

বাই-অলজি (Biology) জীবন-তত্ত্ব।

বাই-এনিয়্যাল (Biennial) দ্বিবর্ষ-
জীবী (উদ্ভিদ)।

বাই-কন-কেভ (Biconcave) দ্বিকুব্জ।

বাইকাস-পিড (Bicuspid) দ্বিমুখদন্ত;
দ্বিমূলী।

বাইণ্ডার (Binder) প্রসবের পর
উদরে বন্ধনার্থ বন্ধনী বিশেষ।

বাইফার-কেশন (Bifurcation) দ্বি-
শাখা; স্নায়ু, রক্তবহানাড়ী প্রভৃ-
তির দ্বি-ভাগ।

বাইফিড (Bifid) দুইভাগে বিভক্ত;
দ্বিকর্ত্তিত।

বাইলিন (Bilin) পিক্রোমেল দ্রষ্টব্য।

বাইসিপিট্যাল (Bicipital) দ্বিমুণ্ড
বা দ্বিমূল।

বাইসেপ্‌স্‌ (Biceps) দ্বিমূল পেশী ; দ্বিমুণ্ড।

বাইল (Bile) পিত্ত।

বাইল্যাটারাল (Bilateral) দ্বিপার্শ্ব।

বাড় (Splint) স্প্লিণ্ট।

বাতকণ্টক (Sprain) ঈষৎভগ্ন ; মচকান।

বাতব্যাধি (Nervous disease) পক্ষাঘাত প্রভৃতি স্নায়বীয় রোগ।

বাতরক্ত (Gout) চর্ম্ম পীড়াযুক্ত বাতরোগ।

বাথ (Bath) শুদ্ধ জল বা ঔষধ মিশ্রিত জলদ্বারা সমগ্র শরীর বা শরীরাংশ আর্দ্রকরণ, স্নান।

বাধক, বাধকবেদনা (Dysmenorrhœa) রজশূল।

বাবদূকতা (Talkativeness) অত্যন্ত কথা বলা।

বায়ুকোষ (Air-cells) বায়ুধারণার্থ ফুসফুসের ক্ষুদ্র ক্ষুদ্র গহ্বর।

বায়ুনলী (Bronchi) ফুসফুসের বায়ুবাহীনল।

বায়ুনলীভুজপ্রদাহ (Bronchitis) ফুসফুসের বায়ুবাহীনল ও তাহার শাখার শ্লৈষ্মিক ঝিল্লির প্রদাহ।

বায়ু-পথ (Air-passages) যে পথ দিয়া শরীরে বায়ু গতায়াত করে।

বার্গণ্ডিপিচ (Burgundy Pitch) নরওয়ে দেশের দেবদারু হইতে সমুৎপন্ন একপ্রকার ধূনাময় পদার্থ। ইহা উষ্ণ প্লাষ্টার প্রস্তুতে ব্যবহৃত হয়।

বার্গেমট (Bergamot) এক প্রকার [নেবু।]

বার্থ (Birth) জন্ম।

বার্বেডোস-লেগ (Barbadoes leg) [শ্লীপদ।]

বার্সা (Bursa) [illegible]।

বার্সাইটিস (Bursitis) [illegible]।

বার্সি (Bursœ) বার্সা শব্দের বহুবচন।

বার্সিমিউকোসি (Bursœ Mucosæ) সন্ধির চতুর্দ্দিকে স্থিত স্নেহ-স্রাবী কোষ। ইহা হইতে স্রাব নিঃসৃত হইয়া সন্ধি আর্দ্র থাকে।

বার্সেলিস-মঃস-কিউলঃস (Bursalis Musculus) উরুর পেশী বিশেষ।

বালাক্ষেপ (Infantile convulsions) শিশুদিগের আক্ষেপ রোগ; দড়কা।

বাষ্পস্বেদ (Vapour bath) ভাপরা।

বাষ্পাভিষেক (Vapour bath) ভাপরা।

বাহ্য-প্রয়োগ (External Application) ঔষধাদি বাহিরে লাগান।

বাহ্যবস্তু (Foreign body) শল্যদ্রব্য।

বাহ্যাবর্ত্তন (Extroversion) এক্‌ষ্ট্রোভার্সন।

বিউনিয়ন (Bunion) গৃঞ্জন ; বৃদ্ধাঙ্গুলীর সন্ধির বিবর্দ্ধন ও স্ফীততা।

বিউবো (Bubo) বৃধ্ন ; বিদারিকা ; বাঘীরোগ।

বিউবোন্যাল-জিয়া (Bubonalgia) কুচকীতে বেদনা।

বিউলিমিয়া (Bulimia) বিকৃত ক্ষুধা ; অতি ক্ষুধা।

বিকম্পন (Concussion) কন্কাশন।

বিকার-লক্ষণ (Typhoid spmptoms) সন্নিপাতিক লক্ষণ।

বিকা[illegible] রোগের মূলস্থান।

বিকী[illegible]perse) কোন স্থান হইতে প্রদাহ দূর করা।

বিকীর্ণ প্রদাহ (Diffuse Inflamation) নির্দ্ধারিত সীমাশূন্য প্রসারিত প্রদাহ।

বিগলন (Gangrene) জীবিত মাংস পচনোক্রম।

বিঘাত (Retention of urine) মূত্রাবরোধ। [দ্রষ্টব্য।

বিঘাতন (Percussion) পার্কাশন

বিচর্চ্চিকা (Psoriasis) ঈষৎ শুভ্র বা শ্যামবর্ণ শল্কবিশিষ্ট এবং শুষ্ক বা স্রাবযুক্ত একপ্রকার চর্ম্মরোগ। ইহা হাতে ও পায় হয়। ইহাতে প্রায়ই পূয জন্মে না কিন্তু চর্ম্ম ফাটে।

বিচূর্ণ (Trituration) অতিসূক্ষ্ম চূর্ণ।

বিটপ (Perinæum) পেরিনিয়ম দ্রষ্টব্য। [মূলাধারের ব্রণ।

বিটপ-ব্রণ (Perineal Abscess)

বিটার (Bitter) তিক্ত।

বিটারগোর্ড (Bitter gourd) কলোসিন্থ ; ইন্দ্রবারুণী নামক উদ্ভিদ ঔষধ।

বিদগ্ধ-দৃষ্টি (Cataract) ছানি; ঘুলিন

বিদারিকা (Bubo) বাঘী।

বিদ্রধী—রাজপোঁড়; বৃহদাকার ফোড়া।

বিধান (Structuro) শরীর-যন্ত্রের নির্ম্মাণ।

বিধান-তন্তু (Tissne) যে সকল সূক্ষ্ম দ্রব্য উপাদানদ্বারা শরীরের ভিন্ন ভিন্ন অংশ নির্ম্মিত হইয়াছে ; নির্ম্মাণোপাদান।

বিধান-বিকার (Organic derangement) শরীর-যন্ত্রের নির্ম্মাণ-বিকৃতি।

বিদ্ধব্রণ (Punctured wound) পংক্চার্ড উণ্ড।

বিনাইন (Benign) মৃদু প্রকৃতির রোগ ও ঔষধ।

বিনিগ-না (Benigna) শুভকর।

বিনিগ-ন্যাণ্ট (Benignant) যে সকল অর্ব্বুদাদি একবার শস্ত্রক্রিয়া দ্বারা দূরীকৃত হইলে আর পুনর্বার উত্থিত হয় না।

বিবমিষা (Nausea) বমনেচ্ছা; গুলান।

বিবর্ত্তন (Quickening) কুইকনিং দ্রষ্টব্য।

বিম্বিকা (Pemphigus) পেম্ফিগাস।

বিবিবিবি (Beriberi) একপ্রকার শোথ রোগ।

বিলিফুল-ভিন (Bilifulvine) গো-পিত্তের বর্ণক পদার্থ।

বিলিভার্ডিন (Biliverdin) পিত্তের

অর্বক দ্রব্যে কোন অম্ল সংযোগে যে উর্দ্ধপাতিত পদার্থ জন্মে।

বিলিয়ঃস টেম্পারেমেণ্ট (Bilious Temperament) পিত্ত-প্রধান ধাতু।

বিলিয়ঃস (Bilious) পিত্তপ্রধান।

বিলিয়ারি (Biliary) পৈত্তিক ; পিত্তসম্বন্ধীয়।

বিলীন (Retrocession) পীড়কাদি বসিয়া বা মিশিয়া যাওয়া।

বিলেপী জ্বর (Hectic Fever) ক্ষয়কর রোগের শেষাবস্থায় উপদাহ ও দৌর্ব্বল্যজনিত জ্বর; ক্ষয়-জ্বর।

বিলোম (Inversion) বিপর্য্যয়।

বিশ্লিষ্ট (Distinct) স্থান-চ্যুত। স্বতন্ত্র।

বিশ্বচী বাহু-পৃষ্ঠাদির পেশীর বাতবেদনা।

বিষমাত্রা (Poisonous dose) যে প্রকার মাত্রায় ঔষধ প্রয়োগ করিলে বিষ-ক্রিয়া করে।

বিষ-বিজ্ঞান, বিষতত্ব (Toxicology) টক্সিকলোজি দ্রষ্টব্য।

বিষয়-নিষ্ঠ (Objective) অবজেকটিভ দ্রষ্টব্য।

বিষাদ-বায়ু (Melancholia) নিমর্ষতা ও আত্মহত্যার প্রবৃত্তিবিশিষ্ট একপ্রকার বায়ু-রোগ।

বিষ্টম্ভী যাহাতে পেটভার করে।

বিষ্টোরি (Bistoury) ক্ষুদ্র, অপ্রশস্ত ছুরিকা বিশেষ ; নালী ক্ষতাদি কাটিতে ব্যবহৃত হয়।

বিস-মাথ (Bismuth) একপ্রকার ধাতু ; ঔষধে ইহা বিস্তর ব্যবহৃত হয়।

বিসর্প (Erysipelas) চর্ম্ম ও কখন কখন তাহার নিম্ন[illegible] বিধানতন্তুর প্রসারণশী[illegible]দাহ।

বিসন্ধান (Disloc[illegible]লো-কেশন।

বিসূচিকা (Cholera) ওলাউঠা।

বীজাণু (Sporules) অপুষ্পক বৃক্ষে বীজের পরিবর্ত্তে রেণুর ন্যায় পদার্থ।

বীফ (Beef) গো-মাংস।

বীফ-টী (Beef-tea) গো-মাংসের যুষ বিশেষ।

বীর্য্য (Active principle) সারাংশ।

বুক্কাস্থি (Sternum) ষ্টারণঃম।

বুজি (Bougie) মূত্রপথের সংবৃতি দূরীকরণার্থ নমনীয় শলাকা বিশেষ।

বৃংহণ শুক্রবর্দ্ধক।

বৃক (Lupus) নাসিকা ও মুখমণ্ডলের রক্তবর্ণ ও প্রসারণশীল পীড়কাবিশিষ্ট রোগ।

বৃক্কক (Kidney) মূত্র উৎপাদক গ্রন্থি।

বৃক্কক-প্রদাহ (Nephritis) মূত্রগ্রন্থি অর্থাৎ মূত্রোৎপাদন যন্ত্রের প্রদাহ।

বৃক্কক-বস্তি-প্রদাহ (Pyelitis) পাইলাইটিস।

[র্দ্দন, জল-দোষ।

বৃদ্ধি (Hydrocele) অণ্ডকোষ বির্-

বৃষ্য শুক্রবর্দ্ধক; বলকর।

বেড-সোর (Bedsore) শয্যাক্ষত দ্রষ্টব্য।

বেপথু (Paralysis Agitans) যে পক্ষাঘাতে রোগীর অঙ্গ সর্ব্বদা [redacted]

বেপন [redacted] কম্পন।

বেলকার (Lancet) ল্যান-সেট।

বেলোস-সাউণ্ড (Bellow's sound) ভস্ত্রাবৎশব্দ। হৃৎপিণ্ডের রোগে বা উহাতে অতিশয় রক্তাবেগে এই শব্দ শুনা যায়।

বেস (Base) অক্সিজেন, ক্লোরিণ আদি; অথবা কোন এসিডের সহিত যাহা সম্মিলিত হয়। মিশ্র পদার্থের মূল উপাদান। মূলদেশ।

বেস-মেণ্ট-মেম্ব্রণ (Basement Membrane) উপত্বকের নিম্নস্থ এক প্রকার সূক্ষ্ম ত্বক।

বোধ-জনন-স্নায়ু (Sensatory Nerves) ইন্দ্রিয় জ্ঞান-সাধন স্নায়ু।

বোন (Bone) অস্থি।

বোনি (Bony) অস্থিময়।

বোরাক্স (Borax) সোহাগা।

ব্যবচ্ছেদ (Dissection) ডিসেকশন।

ব্যাক্টিরিয়ম (Bacterium) দূষিত জলে ভাসমান আণুবীক্ষণিক জীবাণুবিশেষ। বহুবচন ব্যাক্টিরিয়া।

ব্যাগ (Bag) কোষ; থলী।

ব্যাটারি (Battery) তাড়িৎ-যন্ত্র। সীসাস্তাকারের বক্সে এক এক খানি তাঁবার ও দস্তার পাত এবং গন্ধকদ্রাবক ও জলমিশ্রিত এক প্রকার দ্রবপদার্থ থাকে। এই পাতের সংমিলনে তাড়িৎ উৎপন্ন হয়।

ব্যাটেল (Battle) যুদ্ধ।

ব্যাণ্ডেজ (Bandage) বন্ধন; পটী।

ব্যারোমিটার (Barometer) বায়ুর গুরুত্ব পরিমাপক যন্ত্র, বায়ুমান।

ব্যালেনাইটিস (Balanitis) লিঙ্গমুণ্ডের শ্লৈষ্মিক ঝিল্লীর প্রদাহ; মণ্যোষ।

ব্যালেনোরিয়া (Balanorrhœa) লিঙ্গমুণ্ডের প্রদাহ; উপপ্রমেহ।

ব্যালোট-মেণ্ট (Ballottement) প্রসবদ্বারে অঙ্গুলী প্রবিষ্ট করিয়া ভ্রূণ ঈষৎ উৎক্ষিপ্ত করত তাহার নিম্নপতন অনুভব পূর্ব্বক গর্ভ-পরীক্ষা।

ব্যাস-ফণ্ড (Bas found) মূত্রাশয়ের নিম্ন দেশের নিম্নতমঅংশ।

ব্যাসিলার (Basilar) মূলদেশসংক্রান্ত বা স্থিত।

ব্যূহতন্তু (Tissue) টিসু দ্রষ্টব্য।

ব্রঙ্কাস (Bronchus) ব্রঙ্কাইশব্দের একবচন।

ব্রঙ্কাই, ব্রঙ্কিয়া (Bronchi, Bronchia) কণ্ঠনালী হইতে যে সকল নল ফুসফুসে প্রসারিত হইয়াছে।

ব্রঙ্কাইটিস (Bronchitis) ব্রঙ্কিয়ার প্রদাহ ; বায়ুনলীভুক্ত প্রদাহ।

ব্রঙ্কিওল (Bronchiole) ক্ষুদ্র বায়ুনলী ভুক্ত। [ক্রান্ত।

ব্রঙ্কিয়াল (Bronchial) ব্রঙ্কিয়াসং-

ব্রঙ্কো- (Broncho) বায়ুবাহী নলের সম্বন্ধ বা সংস্পৃষ্টতাজ্ঞাপক পূর্ব্বপদ।

ব্রঙ্কো-নিউমোনিয়া (Broncho-Pneumonia) যুগপৎ শ্বাসনলী ও ফুসফুসের প্রদাহ।

ব্রঙ্কোফনি (Bronchophony) রোগীর বক্ষঃস্থল কর্ণ বা আকর্ণন-যন্ত্র-দ্বারা পরীক্ষা করিলে রোগী যেন নলের ভিতর দিয়া কথা বলিতেছে তাহার শব্দের এরূপ অনুভব।

ব্রঙ্কোরিয়া (Bronchorrhœa) বায়ুনলী হইতে অতিশয় শ্লেষ্মা নিঃসরণ।

ব্রঙ্কোসিল (Bronchocele) গলগণ্ড।

ব্রণ (Boil) ক্ষুদ্রস্ফোটক।

ব্রণ-শোথ (Abscess) প্রদাহিত ও ব্যথিত স্ফীততা ; ফোড়া।

ব্রধ্ন (Bubo) বাঘী ; কুচকী ফুলা।

ব্রাইট-স-ডিজিজ (Bright's disease) মূত্রের অণ্ডলালময়ত্ব, শোথ ও অন্যান্য লক্ষণবিশিষ্ট বৃক্ক রোগ-বিশেষ। আবিষ্কারক ডাঃব্রাইটের নামানুসারে এরূপ নাম। ব্রাইটাখ্যপীড়া। এল্বুমিনুরিয়া দ্রষ্টব্য।

ব্রাউ এগিউ (Brow-Ague) অর্দ্ধ কপালবেদনা।

ব্রিম-ষ্টোণ (Brimstone) গন্ধক।

ব্রুজ (Bruise) ঘৃষ্টব্রণ।

ব্রুট (Bruit) বক্ষঃ[illegible]ক্ষঃস্থলস্থ যন্ত্র পীড়াক্রান্ত [illegible]কর্ণণ দ্বারা যে ভিন্ন [illegible] শব্দ শুনাযায়।

ব্রুট-ডি-ডায়েবেল (Bruit de Diable) রক্তের পাতলত্ব ও হীনত্ব বশতঃ গ্রীবা দেশের বৃহৎ বৃহৎ শিরায় যে গুণ্‌গুণ্ বা ফিস্‌ফিস্ শব্দ শুনাযায়।

ব্রুট-ডি-ফ্রট-মেণ্ট (Bruit de Frottment) প্রদাহিত ফুসফুসবেষ্টের কর্কশ ও শুষ্ক উপরিভাগ পরস্পর ঘর্ষিত হইয়া যে শব্দ উৎপন্ন করে।

ব্রুট-ডি রেপ (Bruit de Rape) কাষ্ঠখণ্ড উখাদ্বারা ঘর্ষণের ন্যায় উচ্চ ও কর্কশ, ভস্ত্রাবৎশব্দ।

ব্রুট-ডি-সাই (Bruit de scie) করাতের শব্দের ন্যায় কর্কশ, ভস্ত্রাবৎ শব্দ।

ব্রুট-ডি-সুফ-লেট (Bruit de soufflet) কোন প্রতিবন্ধক বশতঃ হৃৎপিণ্ডে রক্তের গতি বাধাপ্রাপ্ত হওয়াতে যে ভস্ত্রার ন্যায় শব্দ উৎপন্ন হয়। [ক্ষার বিশেষ।

ব্রুসিন (Brucine) কুচিলার উপ-

ব্রেইন (Brain) মস্তিষ্ক, মগজ।

ব্রেক-বোন-ফিভার (Break-bone-fever) ডেঙ্গুজ্বর।

ব্রেকিও (Brachio-) সংযুক্ত শব্দে বাহু[illegible]তাজ্ঞাপক পূর্ব্বপদ।

[illegible] [ছেদ।

ব্রেকি[illegible]chiotomy) বাহু-

ব্রেকিয়ন (Brachion) বাহু।

ব্রেকিয়া (Brachia) ব্রেকিয়ন শব্দের বহুবচন। করপোরা কোয়াড্রি-জেমিনার উভয় পার্শ্ব হইতে অ-প্টিক্ থ্যালেমস পর্য্যন্ত প্রসারিত শুভ্রবর্ণ পথ দ্বয়।

ব্রেকিয়াল (Brachial) বাহু সংক্রান্ত

ব্রেকিয়াল-জিয়া (Brachialgia) বাহুর স্নায়ু-শূল বা বেদনা।

ব্রেকিয়ালিস (Brachialis) বাহু-পেশী। [বিভাগ।

ব্রেগ-মা (Bregma) মস্তকের উপ-

ব্রেষ্ট (Breast) স্তন। বক্ষঃস্থল।

ব্রেষ্ট-গ্লাস (Breast glass) অতি-স্রাবিত স্তনদুগ্ধ গ্রহণার্থে স্তন-বৃন্তে প্রয়োগোপযোগী এক প্র-কার গ্লাস।

ব্রড (Broad) প্রশস্ত।

ব্রাউন (Brown) কপিশ, কটাবং।

ব্রোমিণ(Bromine) এক প্রকার রূঢ় পদার্থ, সমুদ্রজল জালদিয়া তাহার অবশেষ হইতে ইহা প্র-স্তুত হয়।

ব্র্যাঞ্চ (Branch) ধমনী বা স্নায়ুর শাখা। শাখা।

ব্লাড (Blood) রক্ত। ভিনাস ব্লাড (Venous blood) শৈরিক রক্ত; শিরায় প্রবাহিত কার্ব্বণপূর্ণ কৃষ্ণবর্ণ রক্ত। আর্টিরিয়েল ব্লাড (Arterial blood) ধামনিক রক্ত; ধমনীতে প্রবাহিত ফুস্-ফুসে অক্সিজেন প্রাপ্ত লোহিত বর্ণ রক্ত।

ব্লাড-কর-পসেল-স (Blood-Corpuscles) রক্তের কণা; ইহা দুই প্রকার শ্বেত ও লোহিত; রক্ত-বর্ণ কণায় অকসাইড অভ আয়রণ আছে এবং এতদ্দ্বারা রক্তের লোহিতবর্ণ জন্মে।

ব্লাড-ভেসেল (Blood Vessel) শিরা বা ধমনী; রক্ত-বহানাড়ী।

ব্লাড-লেটিং (Blood-letting) রক্ত-মোক্ষণ।

ব্লাড-হিট (Blood-heat) রক্তের স্বাভাবিক তাপ; ফরেণহিট তা-পমাণের ৯৮ ডিগ্রী।

ব্লাডিফ্লক্স (Bloody Flux) রক্তা-মাশয়।

ব্লারিং (Blurring) ধূমবৎ দর্শন।

ব্লিষ্টার (Blister) ফোস্কা। ফোস্কা উৎপাদক ঔষধের পটী।

ব্লীডিং (Bleeding) রক্তস্রাব।

ব্লু (Blue) নীলবর্ণ।

ব্লু-ডিজিজ (Blue Disease) নীল পাণ্ডু ; নীলরোগ। ক্রোয়োসিস দ্রষ্টব্য।

ব্লেনোরেজিয়া (Blennorhagia) মূত্রমার্গ বা যোনি হইতে সঙ্গম-দোষ জনিত প্রদাহ বশতঃ শ্লেষ্মা স্রাব। পুরাতন প্রমেহ।

ব্লেনোরিয়া (Blennorrhœa) শ্লৈষ্মিক ঝিল্লী হইতে অধিক পরিমাণ স্রাব নিঃসরণ। প্রমেহ।

ব্লেফেরণ (Blepharon) অক্ষিপুট।

ব্লেফেরাইটিস (Blepharitis) চক্ষুর পাতার প্রদাহ।

ব্লেফেরাল (Blepharal) অক্ষিপুট সংক্রান্ত।

ব্লোইং (Blowing) ফুৎকারবৎ।

ব্ল্যাডার (Bladder) মূত্রাশয়। তরল পদার্থের আধার ঝিল্লীনির্ম্মিত কোষ, যথা,—গল-ব্লাডার-পিত্ত-কোষ।

ভ *

ভগ (Vulva) বাহ্য ও দৃশ্যমান স্ত্রী-অঙ্গ ; যোনি-কপাট।

ভগাঙ্কুর (Clitoris) পুরুষের লিঙ্গের সদৃশ ভগাধরে আবরিত বাহ্য স্ত্রী-অঙ্গের অংশ বিশেষ ; ভগ-লিঙ্গ।

ভগাধর (Labia) বাহ্য স্ত্রী-চিহ্ন যে দুই ভাগে বিভক্ত [illegible] এক ভাগ বা ভাঁজকে [illegible] কহে। লেবিয়া দ্রষ্টব্য।

ভগ্ন (Fracture) আঘাত প্রভৃতিতে অস্থি ভাঙ্গিলে তাহাকে ভগ্ন কহে। চর্ম্ম বিক্ষত না হইয়া অস্থিভগ্ন হইলে তাহাকে সিম্পেল ফ্র্যাকচার বা সামান্য ভগ্ন, এবং বিক্ষত হইয়া ভগ্ন হইলে কম্পাউণ্ড ফ্র্যাকচার বা বিমিশ্র ভগ্ন বলা যায়।

ভঙ্গুরতা (Brittleness) সহজে ভাঙ্গিয়া যাওয়ার প্রকৃতি।

ভমিকা (Vomica) ফুসফুসের ফোটক, ফুসফুসে পূয়-সঞ্চয়।

ভমিটিং (Vomiting) বমন।

ভমিটো (Vomito) কৃষ্ণবর্ণ বমন বিশিষ্ট পীতজ্বর।

ভল্ট (Vault) শরীরের তোরণাকার অংশ, ঊর্দ্ধদিকে ন্যুব্জ ও নিম্নদিকে কুব্জ।

ভলণ্টারি (Voluntary) ঐচ্ছিক ; যথা, যে সকল পেশী ইচ্ছানুসারে চালনা করা যায় তাহাদিগকে 'ঐচ্ছিক' পেশী বলে।

ভঃল-নারেরি (Vulnerary) ঘাই

---

* এখানে ভ য়ের উচ্চারণ ইংরেজী V বা সংস্কৃত দন্তোষ্ঠ বয়ের ন্যায় বাঙ্গলা ভ য়ের ন্যায় নহে।

উপঘাতাদি আরোগ্যের উপযোগী। [ক্লীব।

ভল-পাইন (Vulpine) শৃগাল সম্ব-

ভলভা (Vulva) ভগ।

ভল-ভাইটিস (Vulvitis) ভগ-প্রদা[illegible]

ভল-[illegible]lwar) ভগসম্বন্ধীয়।

ভলিউম (Volume) কোন বস্তু যে দৃশ্যমান স্থান লইয়া থাকে।

ভল্ল (Lance) বর্শা।

ভাইকেরিয়াস (Vicarious) আস্থানিক ; অনুকল্প ; যথা বজবোধ বশতঃ নাকদিয়া রক্তস্রাব।

ভাইট্যাল (Vital) জীবন ধারণোপযোগী। [জীবন-যন্ত্র।

ভাইট্যাল-অর্গ্যান (Vital organ)

ভাইট্যাল-এয়ার (Vital Air) অম্লজানবায়ু।

ভাইট্যাল-প্রিন্সিপ্‌ল (Vital Principle) শারীরিক যন্ত্রাদি নিরপেক্ষ জীবনের অপরিজ্ঞাত কারণ; জীবনীশক্তি।

ভাইট্যাল-ফ্লুইড (Vital fluid) উদ্ভিদের দুগ্ধবৎ রস। [শক্তি।

ভাইট্যালিটি (Vitality) জীবনী-

ভাইনম (Vinum) আসব ; অনুগ্র মদিরা।

ভাইব্রেশন (Vibration) পরিদোলন ; উৎকম্পন।

ভাবীফলতত্ত্ব (Prognosis) পূর্ব্বে রোগের ফলাফল বা সাধ্যাসাধ্য নির্দ্দেশ।

ভায়-ওলেট (Violet) লাল ও নীল মিশ্রিত একপ্রকার নীলাভ বেগুনি রং।

ভায়-ওলেণ্ট (Violent) প্রবল।

ভায়াল (Vial) শিশি।

ভার্টিক্যাল (Vertical) দুটী অপেক্ষা অধিকপত্র সম্মুখীনভাবে অবস্থিত।

ভার্টিগো (Vertigo) যে রোগে আশপাশের সকল বস্তু ঘুরিতেছে এরূপ বোধ হয় এবং রোগী সোজা হইয়া দাঁড়াইয়া থাকিতে পারে না, শিরোঘূর্ণন ; ভ্রমি।

ভার্টিব্রা (Vertebra) কশেরুকা ; মেরুদণ্ডের অস্থি। [বহুবচন।

ভার্টিব্রি (Vertebrœ) ভার্টিব্রা শব্দের

ভার্টিব্রেট (Vertebrate) কশেরুকার ন্যায় সঙ্কুচিত ও সংযুক্ত।

ভার্টিব্র্যাল (Vertebral) কশেরুকা সম্বন্ধীয় ; কাশেরুক।

ভার্টেক্স (Vertex) মস্তকের শিখর বা সর্ব্বোচ্চ অংশ।

ভার্মিনাস (Verminous) কৃমিজনিত।

ভার্মিফর্ম (Vermiform) কৃমিসদৃশ।

ভার্মিফিউজ (Vermifuse) কৃমিঘ্ন ; কৃমিনাশক ঔষধ।

ভার্মিস (Vermes) কৃমি।

ভার্মিসাইড (Vermicide) কৃমিঘ্ন ঔষধ।

ভার্সন (Version) ঘুরাইয়া দেওয়া; আবর্ত্তন।

ভিটিরিনেরি (Veterinary) গৃহপালিত পশুসম্বন্ধীয়, পাশব।

ভিটিলিগো (Vitiligo) শ্বেতকুষ্ঠ; ধবল; পাথর।

ভিটিলিগয-ডিয়া (Vitiligoidea) কখনও অর্ব্বুদ, কখনও পীতবর্ণচিহ্ন বিশিষ্ট একপ্রকার চর্ম্মরোগ। চর্ম্মের নিম্নস্থ মেদাপকৃষ্টতা ও যকৃদ্দোষের সহিত এই রোগ সংসৃষ্ট থাকে।

ভিট্রিয়াস (Vitreous) স্বচ্ছ।

ভিট্রিয়াস-হিউমার (Vitreus humor) অক্ষিগোলকের স্বচ্ছ পরদা।

ভিডিয়ান-নার্ভ (Vidian Nerve) স্ফিনো-প্যালেটাইন স্নায়ুর পশ্চাৎ ভাগের এক শাখা।

ভিনাস (Venous) শৈরিক; শিরাসংক্রান্ত।

ভিনাস-পল্‌স (Venous pulse) শিরাস্পন্দ।

ভিনাস-সিষ্টেম (Venous system) সমস্তশিরা; শিরামণ্ডল।

ভিনিগার (Vinegar, শির্কা।

ভিভিসেক-শন (Vivisection) জীবিত জন্তু ব্যবচ্ছেদ।

ভিরাস (Virus) সংক্রামকবিষ; বসন্তাদিরপূয বা বীজ।

ভিরুকা (Verruca) আঁচিল।

ভিরুমণ্টেনাম (Veru Montanum) মূত্রমার্গের প্রারম্ভস্থলে ক্ষুদ্র উন্নতস্থান বিশেষ।

ভিরুলেণ্ট (Virulent) অতিশয় বিষাক্ত, সংঘাতিক।

ভিরুসি (Verrucæ) ভিরুকা শব্দের বহুবচন।

ভিলাম (Velum) অবগুণ্ঠন বা আবরণাকার শরীরাংশ।

ভিলাস (Villous) দীর্ঘ, সরল ও কোমল কেশাবৃত।

ভিলাই (Villi) লোমবৎ ক্ষুদ্র ক্ষুদ্র উন্নত পদার্থ। ইহা দ্বারা কোন কোন শৈষ্মিক ঝিল্লী আবৃত থাকে।

ভিস-ভাইটী (Vis Vitæ) জীবনীশক্তি।

ভিস-মেডিকেট্রিক্স-নেচুরি (Vis Medicatrix Naturæ) স্বাভাবিক রোগ নিবারিণীশক্তি।

ভিসিরা (Viscera) শরীরের অভ্যন্তরস্থ যন্ত্র, অন্তঃকোষ্ঠ।

ভূ-শীতাদ (Land-scurvy) রক্তের ও কৈশিকানাড়ীর পুরাতন বিকৃত অবস্থা জনিত দন্তমূলের সান্দ্রতা ও উহা হইতে রক্তস্রাব, গাত্রত্বকের নিম্নে রক্তনিঃস্রব এবং চর্ম্মের মলিন ধূম্রবর্ণ বিশিষ্ট এক প্রকার রোগ। এই রোগ জল-

বাসে না জন্মিলে ইহাকে ভূ-স্ফীতাদ বলে।

ভেক্টিস (*Vectis*) গর্ভস্থ ভ্রূণ জীবিত টানিয়া বাহির করিবার অস্ত্র বিশেষ।

[শখিক স্নায়ু।

ভেগাস (*Vagus*) ফুসফুস পাকা-

ভেজিটেটিভ (*Vegetative*) পোষণ বা বর্দ্ধন সম্বন্ধায়।

ভেজিটেবেল (*Vegetable*) উদ্ভিজ্জ।

ভেজিটেরিয়ান (*Vegetarian*) উদ্ভিজ্জভোজী, নিরামিষভোজী।

ভেণ্টিলেশন (*Ventilation*) বিশুদ্ধ বায়ু প্রদান-প্রক্রিয়া, ব্যজন ক্রিয়া।

ভেণ্ট্রিকেল (*Ventricle*) শরীরস্থ ক্ষুদ্র ক্ষুদ্র গহ্বর, কোটর।

ভেন (*Vein*) শিরা, স্পন্দনহীন কৃষ্ণবর্ণ রক্তবাহী নাড়ী।

ভেন-লেট (*Veinlet*) ক্ষুদ্রশিরা; শিরার শাখা।

ভেনা (*Vena*) শিরা।

ভেনা কেভা (*Vena cava*) মহাশিরা।

ভেনা পোর্টি (*Vena Portæ*) যকৃৎ দ্বারস্থ বৃহৎশিরা।

ভেনিরিয়েল (*Venereal*) মৈথুনসম্বন্ধীয়, রতিজ।

ভেনিরিয়েল-ডিজিজ (*Venereal Disease,*) উপদংশ, প্রমেহ প্রভৃতি রতিজ পীড়া।

ভেনিসেক-শন (Venesection) রক্তমোক্ষণার্থ শিরাচ্ছেদ।

ভেনোসিটি (Venosity) রক্তে শৈরিক রক্তের আধিক্য ও তজ্জন্য রক্তের মন্দগতি।

ভেপার (**V**apor) বাষ্প; ধূম।

ভেপার-বাথ (Vapor bath) ভাপরা, বাষ্প-স্নান।

ভেরাইটিস (Varieties) প্রকারভেদ।

[রিকা।

ভেরিওলা (Variola) বসন্ত; মসূ-

ভেরিওলয়েড (Varioloid) গোবীজে টিকা দিলে যে বসন্তউঠে; উপবসন্ত।

ভেরিক্স (Varix) শিরার স্ফীততা।

ভেরিকোজ (Varicose) শিরার স্ফীততা বিশিষ্ট।

ভেরিকোসিল (Varicocele) শুক্রবাহী শিরাগুচ্ছ অথবা অণ্ডকোষের শিরার স্ফীততা; শিরার্ব্বুদ।

ভেরিকোসিস (Varicosis) শিরার স্ফীতাবস্থা।

ভেরিসিস (Varices) শিরার স্ফীত বা প্রসারিত অবস্থা।

ভেরিসেলা (Varicella) পানবসন্ত; জলবসন্ত।

ভেরুকা (Verucca) আঁচিল।

ভেসিকা (Vesica) কোষ; আধার।

ভেসিকিউলি (Vesiculæ) জলপূর্ণ পীড়কা বিশিষ্ট চর্ম্মরোগ। কোষ।

ভেসিকিউলি সেমিন্যালিস(Vesiculæ seminalis) শুক্রকোষ ; শুক্রাধার। [কারক।

ভেসিকেটরী (Vesicatory) ফোস্কা

ভেসিক্যাণ্ট (Vesicant) ব্লিষ্টার।

ভেসিকেল (Vesicle) স্বচ্ছ জলবৎ রস পূর্ণ পীড়কা ; ফোস্কা ; ক্ষুদ্র কোষ। ঝিল্লীময় ক্ষুদ্র গহ্বর।

ভেসিকো (Vesico) সংযুক্ত শব্দে মূত্রাশয় সংক্রান্ত বা সংস্থষ্ট বাচক পূর্ব্বপদ। যথা,—

ভেসিকো-ভ্যাজাইন্যাল (Vesico-vaginal) মূত্রাশয় ও যোনি সম্বন্ধীয়।

ভেসিক্যাল (Vesical) মূত্রাশয়িক।

ভেসেল (Vessel) রক্ত রসাদি বহা নাড়ী।

ভোক্যাল (Vocal) স্বর সম্বন্ধীয়।

ভোমার (Vomer) নাসাফলকাস্থি।

ভোলিশন (Volition) ইচ্ছা।

ভোলিশন্যাল-মোটর (Volitional motor) যে সকল স্নায়ু সূত্র ইচ্ছা ও পেশীর মধ্যে প্রণালী স্বরূপ কার্য্য করে তাহাদের বিশেষণ।

ভোলেটাইল (Volatile) উদ্বায়ী, যাহা খোলা থাকিলে সুক্ষাকারে বাতাসে উড়িয়া যায়।

ভৌতিক (Physical) জড়ীয়, জড়দেহ সম্বন্ধীয়।

ভ্যাক-সাইন-লিম্ফ (Vaccine Lymph) গো-বসন্তের বীজ।

ভ্যাক-সিনেটর (Vaccinator) গোবীজে টীকা দাতা।

ভ্যাক-সিনিন (Vaccinin) গো বসন্তের বিশেষ বীজ।

ভ্যাক-সিনেশন (Vaccination) গোবীজে টিকা দান ; গোমস্থর্য্যাধান।

ভ্যাক-সিনিয়া (Vaccinia) গোবস্ত ; গোবীজে টীকাদানজনিত বসন্ত। [যোনি।

ভ্যাজাইনা (Vagina) অপত্যপথ ;

ভ্যাজাইনাইটিস (Vaginitis) যোনিপ্রদাহ।

ভ্যাজাইনিস-মাস (*Vaginismus*) যোনিমুখের অনৈচ্ছিক আক্ষেপিক অবরোধ ও তজ্জন্য সঙ্গমক্রিয়ায় অসমর্থতা।

ভ্যাজাইন্যাল(Vaginal) যোনি সম্বন্ধীয় ; যৌন।

ভ্যাল্‌ভ (Valve) তরল পদার্থের গতি সাধক ও প্রতিগতি নিবারক ঝিল্লীময় দ্বিভাজ কপাট।

ভ্যাল-ভিউল (Valvule) ক্ষুদ্র-ভ্যাল্‌ভ্‌। [ল্‌ভ্‌ বিশিষ্ট।

ভ্যাল্‌ভ-ভিউলার (Valvular) ভ্যা-

ভ্যালি (Valley) ক্ষুদ্র মস্তিষ্ক বিভেদকর গহ্বর।

ভ্যাস (Vas) রক্তাদিবহানাড়ী।

ভ্যাসা (Vasa) ভ্যাস শব্দের বহুবচন।

ভ্যাস-কিউলার (Vascular) রক্ত-বহানাড়ী পূর্ণ বা তৎসম্বন্ধীয়।

ভ্যাস-কিউলার-সিষ্টেম (Vascular system) রক্তবহানাড়ীসমুদায়।

ভ্যাস-ডেফারেন্স (Vas deferens) অণ্ডকোষের শুক্রস্রাবী নাড়ী। ইহা ১৮ ইঞ্চিদীর্ঘ।

ভ্যাসিফরম (Vasiform) রক্তবহা-নাড়ী বা নলের আকার।

ভ্যাসো-মোটার (Vasomotor) রক্তবহানাড়ীর পেশীময় আবরণের ক্রিয়াজনক স্নায়ু-সূত্র সম্বন্ধীয়।

ভ্যাসোমোটর নার্ভস ((Vaso-motor nerve) যে সকল স্নায়ু দ্বারা ধমনী ও শিরাদির সঙ্কোচন ও প্রসারণ কার্য্য সম্পন্ন হয়।

ভ্রংশ (Prolapsus) সরলান্ত্র জরায়ু প্রভৃতির স্থানভ্রষ্টতা।

ভ্রূণ (Fœtus) তৃতীয় চতুর্থ মাস হইতে প্রসব পর্য্যন্ত গর্ভস্থ সন্তান।

ভ্রূণাঙ্কুর ঝিল্লী (Germinal Membrane) অণ্ড-কুসুম আবরক পাতলা ঝিল্লীবিশেষ।

ম

মাল-বেরি ক্যাল-কিউলাস (Mulberry Calculus) তুঁতফলের ন্যায় আকৃতি বিশিষ্ট মূত্রজ অশ্মরী।

মাল্ট, মাল্টি (Mult, Multi) বহু-বাচক পূর্ব্বপদ।

মাল্টিফিডাস-স্পাইনি (Multifidus spinæ) পৃষ্ঠবংশের পেশী বিশেষ।

মাম্পস (Mumps) কর্ণমূলফুলা; পাষাণগদ্দভ।

মার-মার (Murmur) ফুসফুসাদি যন্ত্রে বায়ু যাতায়াতের শব্দ। ইউটিরাইন মার্মার-গর্ভবতী স্ত্রী-দিগের জরায়ুতে প্রায় চতুর্থ মাসের সময় যে শব্দ শুনা যায়। ভিনাস মার্মর-বায়ু-প্রধান বা রক্ত-হীন ব্যক্তিদিগের গ্রীবাদেশে ষ্টেথস্কোপ দ্বারা যে শব্দ শুনা যায়।

মার, মারেণ (Mur, Murrain) মেষাদি পশুর বসন্তের ন্যায় এক প্রকার সংক্রামক রোগ।

মাস্ক, মাস্কাস (Musk, Moschus) মৃগনাভী; কস্তুরি।

মাস্কিউলার সিষ্টেম (Muscular system) শরীরের সমগ্র পেশী; পেশীসমূহ।

ম (Maw) পশ্বাদির পাকস্থলী।

মকুট-ধমনী (Coronary Artery) করোণারি আর্টারি।

মকুল (Bud) প্রকাশোন্মুখ কলিকা।

মধ্যাবস্থা (Remission) স্বল্প বিরাম।

মজ্জা (Marrow) ম্যারো, মেডুলা।

মজ্জাধমনী (Medullary Arteries)

যে সকল ধমনী অস্থির মজ্জায় প্রবিষ্ট হয়। [সংলগ্ন।
মঃটারিং (Muttering) অস্পষ্ট ও অ-
মডিওলঃস (Modiolus) কর্ণের শম্বুকাকার গহ্বরের মধ্য-দণ্ড। চক্রের নাভীদেশ।
মণি (Glans) পুরুষাঙ্গের মস্তক।
মণ্যাগ্রহ (Stiff neck) গ্রীবাস্তম্ভ।
মণ্যোষ (Balanitis) লিঙ্গ মণির প্রদাহ। [জাড্য।
মতি (Temper) মনোভাব, মে-
মথিতদুগ্ধ (Skimmed milk) যে দুগ্ধ হইতে মন্থন করিয়া নবনীত উঠান হইয়াছে।
মদকর (Narcotic) মাদক।
মদাত্যয় (Delirium Tremens) মদোন্মত্ততা।
মধুমেহ (Diabetes) বহুমূত্র; সশর্কর মূত্র।
মধ্যক্রম (Middle Dilutions) ষষ্ঠ হইতে ত্রিংশ পর্য্যন্ত হোমিওপ্যাথিক ঔষধের ক্রম।
মধ্যদণ্ড (Axis) গ্রীবার দ্বিতীয় কশেরুকা। [ইণ্টা।
মধ্যদ্রোহী (Intertrigo) ইণ্টারট্রা-
মধ্যমাত্রিকা (Arachnoid) য়্যারাকনয়েড।
মধ্যান্ত্র (Mesentery) মেসেণ্টারি। অন্ত্রবেষ্ট বা পেরিটোনিয়মের যে দ্বিভাজ দ্বারা ক্ষুদ্রান্ত্র, যথাস্থানে অবস্থিত থাকে। ইহা কটির কশেরুকায় নিবদ্ধ।
মনষ্টার (Monster) অস্বাভাবিক আকৃতি বা বিজাতীয় অবয়ব বিশিষ্ট প্রাণীদেহ, যথা তিন হাত বা দুই মাথা প্রভৃতি বিশিষ্ট মনুষ্যশিশু।
মনো- (Mono-from monos) এক বাচক পূর্ব্বপদ।
মনোকিউলার (Monocular) একনেত্র, একচক্ষু বিশিষ্ট।
মনোমেনিয়া (Monomania) একাশ্রয়োন্মাদ; এক বিষয়ে চিত্তবিপ্লব।
মন্থ (Cataract) ক্যাটার‍্যাক্ট; ফুলি।
মন্থলি কোর্সেস (Monthly courses) স্ত্রীলোকের মাসিক ঋতু।
মন্দ-বেগ (Slow) ধীরগতি।
মন্স-ভেনারিস (Mons veneris) স্ত্রী-অঙ্গের উদ্ধদেশস্থ রোমাবৃত উন্নত স্থান।
ময়েষ্ট (Moist) আর্দ্র।
মর (Myrrh) এক প্রকার ধূপ-পদার্থ, দন্ত রোগাদিতে ঔষধ স্বরূপ ব্যবহৃত হয়; গন্ধবোল।
মরমরশব্দ (Murmur) মঃর্মঃর দ্রষ্টব্য।
মরিবণ্ড (Moribund) মৃতকল্প।
মর্টার (Mortar) ঔষধাদি মর্দ্দনার্থ খল; উদখল।

মর্টিফিকেশন (Mortification) জী-বিত প্রাণীশরীরের কোন অংশের জীবনী শক্তির বিনাশ ; পচা।

মর্ট্যালিটি (Mortality) মৃত্যু সংখ্যা।

মডিফাইড (Modified) রূপান্তরিত।

মর্ফিয়া, মর্ফাইন (Morphia, Morphine) অহিফেণের বীর্য্য বা সার বিশেষ।

মর্বঃস (Morbus) পীড়া, রোগ।

মর্বঃস কক্সি (Morbus coxy) উরু সন্ধির স্নৈহিক ঝিল্লীর বন্ধনীর বা অস্থির উপরিভাগের প্রাচীন কিংবা গণ্ডমালাজনিত প্রদাহ, বঙ্ক্ষণ-ব্যাধি।

মর্বিড (Morbid) রুগ্ন ; বিকৃত।

মর্বিড এনাটমি (Morbid Anatomy) শরীরস্থ রুগ্ন যন্ত্রাদির প্রকৃতি ; রুগ্নদেহব্যবচ্ছেদবিদ্যা।

মর্বিলাই (Morbili) হাম।

মঃস-কিউলো (Musculo) পেশি-সংক্রান্ত বাচক পূর্ব্বপদ।

মঃস-কিউলার (Muscular) পেশি-সংক্রান্ত।

মলাঃস-কঃম (Moluscum) নানাকারের বহুসংখ্যক অর্ব্বুদবিশিষ্ট এক প্রকার চর্ম্মরোগ।

মলস্তম্ভ (Constipation) কোষ্ঠবদ্ধ।

মস্তকাগ্র (Vertex) মস্তকের শিখর।

মস্তিষ্ক (Brain) মগজ ; মস্তকের মধ্যস্থ মজ্জা।

মস্তিষ্কঝিল্লীপ্রদাহ (Meningitis) মস্তিষ্কের আবরণের প্রদাহ।

মস্তিষ্ক-প্রচাপন (Compression of the brain) আঘাতাদি জন্য মস্তিষ্কে চাপ লাগা।

মস্তিষ্ক-বিকম্পন (Concussion of the brain) আঘাতবশতঃ মস্তিষ্কের ক্রিয়ার বিরতি। মস্তিষ্কের কঙ্কশন ও কম্প্রেশনে প্রভেদ এই যে,—কঙ্কশনে রোগীকে জাগরিত করিতে পারা যায় ; তাহার চক্ষুর তারা সঙ্কালিত হয় ; শ্বাসে কচিৎ শব্দ হয় ; মূত্রস্তম্ভিত বা অবারিত থাকে না। কম্প্রেশনে সম্পূর্ণ অচৈতন্য ; চক্ষুর তারার নিশ্চলতা ; শ্বাসের সশব্দতা; এবং মূত্রের অবরুদ্ধতা বা অবারিততা থাকে।

মস্তিষ্কাবরণ-প্রদাহ (Meningitis) মস্তিষ্কঝিল্লী প্রদাহ।

মস্তিষ্কোদক (Hydrocephalus) মস্তিষ্কে জলসঞ্চয় রোগ।

মস্তু (Serum) রক্তের জলীয়াংশ। মাত।

মস্তুক্ষরণ (Effusion of serum) এফিউজন দ্রষ্টব্য।

মঃসেল (Muscle) মাংস, পেশী ; শরীরের যে মাংসল অংশদ্বারা গতি, আকুঞ্চন ও প্রসারণাদি জন্মে। এই সকল পেশীর যে গুলি ইচ্ছানুসারে চালনা করা যায় যেমন

মুখমণ্ডল, বাহু ও জঙ্ঘা প্রভৃতির পেশী, তাহাদিগকে ঐচ্ছিকপেশী বা ভলণ্টারি মসেল বলে। যে সকল পেশীর ক্রিয়া অবিরাম ও ইচ্ছাধীন নহে যেমন হৃৎপিণ্ড, পাকাশয়াদির পেশী তাহাদিগকে ইন ভলণ্টারি মসেল কহে।

মহাব্যাধি (Leprosy) কুষ্ঠ।

মহামারী (Plague) প্লেগ।

মহাশিরা (Vena cava) ভেনাকেভা।

মহীলতা (Earth-worm) কেঁচো।

মাইএস্থিনিয়া (Myasthenia) পেশীর দুর্ব্বলতা।

মাইওটিক (Myotic) চক্ষুর তারার আকুঞ্চক ঔষধ। [রোগ।

মাইওপিয়া (Myopia) নিকট দৃষ্টি-

মাইওমা (Myoma) পেশীর ন্যায় পদার্থাবশিষ্ট অর্ব্বুদ।

মাইওলিন (Myoline) পেশীর নির্ম্মাণ-বিধান।

মাইওসিস (Myosis) চক্ষুর তারার অতিশয় সঙ্কুচিত ও অচল অবস্থা।

মাইওসেস (Myoses) পেশীর রোগ।

মাইক্রস (Mycros) অণু, ক্ষুদ্র।

মাইক্রস্কোপ (Microscope) অণুবীক্ষণ যন্ত্র।

মাইক্রস-পোর, মাইক্রস-পোরণ (Microspore, Microsporon) বিবিধ চর্ম্মরোগে দৃষ্ট উদ্ভিজ্জ পরাঙ্গপুষ্টের সাধারণ নাম।

মাইক্রোফ্‌-থ্যাল-মিয়া (Microphthalmia) চক্ষুর অস্বাভাবিক ক্ষুদ্রত্ব। [দাহ।

মাইআইটিস (Myitis) পেশীর প্র-

মাইট্র্যাল (Mitral) দ্বিকপাটীয়।

মাইড্রিএসিস (Mydriasis) চক্ষুর তারার অস্বাভাবিক প্রসারণ।

মাইণ্ড (Mind) মন; মনুষ্যের বৃহৎমস্তিষ্কজনিত সমস্ত ক্রিয়া সম্পাদন-শক্তি।

মাইনরা, মাইনর (Minora, Minor) ক্ষুদ্রতর। [কারীর।

মাইনার্স (Miner's) খনিতে কার্য্য-

মাইবো মিয়ান-গ্ল্যাণ্ড্‌স্ (Meibomian glands) চক্ষুর পাতার প্রান্তস্থিত মোমের ন্যায় পদার্থস্রাবী ক্ষুদ্র ক্ষুদ্র গ্রন্থি।

মাইয়্যাল-জিয়া (Myalgia) পেশী-শূল, পেশীবেদনা।

মাইরিঞ্জাইটিস (Myringitis) কর্ণপটহের ঝিল্লীর বা কর্ণপটহের প্রদাহ।

মাইলয়েড (Myeloid) মজ্জা সদৃশ।

মাইলাইটিস (Myelitis) মস্তিষ্ক ও পৃষ্ঠবংশের মজ্জার প্রদাহ।

মাইলোমা (Myeloma) মজ্জার ন্যায় অর্ব্বুদ।

মাইসিটোমা (Mycetoma) মাদুরা প্রদেশের পাদ-রোগ। ভারতবর্ষের অন্যত্রও এই রোগ জন্মে,

ইহাতে পা বা হাত স্ফীত হয় ও উহার উপর মৎস্যের অণ্ডের ন্যায় ক্ষুদ্র ক্ষুদ্র থোপা থোপা গুটিকা জন্মে এবং বহুসংখ্যক মুখ হইয়া পাতলা স্রাব নিঃসৃত হয়।

মাউথ (Mouth) মুখ-মধ্য, মুখগহ্বর।

মার-কিউরি (Marcury) পারদ; পারা।

মার্টিফরম (Myrtiform) মৈথির পাতা বা ফলের ন্যায়।

মাংসকন্দ (Proud flesh) ক্ষতাদিতে উত্থিত উচ্চ মাংস।

মাংসক্ষয় (Marasmus) শীর্ণতা।

মাংসাঙ্কুর (Granulation) গ্র্যাণুলেশন

মাত্রা (Dose) ঔষধের পরিমাণ।

মাত্রিকা (Meninges) মস্তিষ্কাবরণ ঝিল্লী।

মাদক (Narcotic) মত্ততাজনক।

মাদার-টিংচার (Mother Tincture) মূল অরিষ্ট; আদত আরক।

মাদার্স মার্ক (Mother's mark) জড়ুল; জন্মদাগ; মাতৃ-চিহ্ন।

মাধুর্য্য (Mildness) অনুগ্রতা; মৃদুতা।

মাধ্যাকর্ষণ (Gravitation) গ্র্যাভিটেশন দ্রষ্টব্য। [সম্বন্ধীয়।

মাধ্যান্ত্রিক (Mesenteric) মধ্যান্ত্র

মাধ্যান্ত্রিক ক্ষয় (Tabes Mesenterica) মধ্যান্ত্রে গুটিকা উৎপন্ন হইয়া শরীর ক্ষয়-রোগ।

মামড়ি (Crust) চমটী; চিপিটিকা।

মার্কিউরি (Mercury) পারদ।

মার্কিউরিয়্যাল (Mercurial) পারদীয়।

মাইয়্যাজ্‌ম, মাইয়্যাজ্‌মা (Miasm, Miasma) দূষিত বাষ্প।

মাইয়্যাজ-মেটা (Miasmata) মাইয়্যাজ্‌মা শব্দের বহুবচন।

মাইয়্যাজ্‌মেটিক (Miasmatic) পূতিবাষ্প সংক্রান্ত।

মার্শ (Marsh) ম্যালেরিয়া।

মাষক (Wart) আঁচিল।

মাষঘ্ন (Antisycotic) যদ্দ্বারা আঁচিল নষ্ট হয়।

মাস্তিষ্ক-কশেরুক (Cerebro-spinal) পৃষ্ঠবংশ ও মস্তিষ্ক সম্বন্ধীয়।

মাস্তিষ্ক-কশেরুক-কেন্দ্র (Cerebro-spinal-centre) মস্তিষ্ক ও পৃষ্ঠবংশীয় স্নায়ুর মূল।

মাস্তক (Serous) রক্তাম্বু সম্বন্ধীয়।

মাস্তক ঝিল্লী (Serous membranes) রক্তাম্বু-স্রাবী-ঝিল্লী।

মিউকাস (Mucus) শ্লেষ্মা।

মিউকাস (Mucous) শ্লৈষ্মিক।

মিউকাস মেম্ব্রেণ (Mucous Membrane) শরীরের অভ্যন্তর ভাগের আবরণ বা শ্লেষ্মাস্রাবী ঝিল্লী; শ্লৈষ্মিক ঝিল্লী।

মিউকো (Muco-) সংযুক্ত শব্দে মিউকাস বাচক পূর্ব্বপদ।

মিউকো-এণ্টিরাইটিস (Muco-enteritis) অন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লীর প্রদাহ।

মিউকো-কটেনিয়স (Muco-cutaneus) চর্ম্ম ও শ্লেষ্মাস্রাবী ঝিল্লী উভয়-হইতে উৎপন্ন।

মিউকো-পিউরুলেণ্ট (Muco-purulent) শ্লেষ্মা ও পূয উভয়ের প্রকৃতি বা আকৃতি বিশিষ্ট।

মিউকোসিল (Mucocele) অশ্রুকোষের বিবর্দ্ধন বা শোথ।

মিউটিটাস (Mutitas) মূকতা।

মিউলাইব্রিটি (Muliebrity) স্ত্রীলোকের বয়ঃপ্রাপ্তি।

মিউসিন (Mucin) অণ্ডের শ্বেতাংশের ন্যায় শ্লেষ্মার উপাদান।

মিউসি ভলিটান্টিস (Muscæ Volitantes) চক্ষুর সম্মুখে কৃষ্ণবর্ণ বিন্দু, মক্ষিকার পাখার ন্যায় ধূসর বর্ণ পদার্থ, অথবা মাকড়সার জালের ন্যায় অর্দ্ধস্বচ্ছ সূত্রবৎ পদার্থ দর্শন; জাল-দৃষ্টি; মক্ষি-দৃষ্টি।

মিউসিলেগো (Mucilago) মিউসিলেজ।

মিউসিলেজ (Mucilage) আঠাবৎ পদার্থের জলীয় দ্রব, মণ্ড। শরক্তের বা স্নেহের জলীয় উপাদান।

মিএটাস, মিটাস (Meatus) গহ্বর বা নালীর দ্বার।

মিকোমিটার (Mecometer) শরীরের দীর্ঘতা পরিমাপণ-যন্ত্র।

মিক্চারিশন (Micturition) মূত্রত্যাগক্রিয়া।

মিক্স-চার (Mixture) মিশ্রিত তরল ঔষধ; মিশ্র।

মিগ্রিম (Megrim) আধকপালে মাথাব্যথা; অর্দ্ধশিরঃশূল।

মিজেল্‌স (Measles) হাম।

মিজ্যাল্‌লাইন (Mesial line) মধ্য-রেখা।

মিটামর-ফোসিস (Metamorphosis) স্বাভাবিক বিকাশ প্রক্রিয়া বশতঃ জীবিত দেহের আকার ও ক্রিয়াগত পরিবর্ত্তন। আকার পরিবর্ত্তন।

মিটিঅরিজম (Meteorigm) আধ্মান; উদরে বায়ুর উৎপত্তি।

মিট্রা (Metra) জরায়ু।

মিট্রাইটিস (Metritis) জরায়ু প্রদাহ।

মিট্র্যাল-জিয়া (Metralgia) জরায়ু বেদনা।

মিট্র্যাল (Mitral) খৃষ্টান ধর্ম্মাচার্য্য অর্থাৎ বিশপের মকুটের আকার।

মিট্রোটমি (Metrotomy) জরায়ুচ্ছেদ।

মিট্রোডিনিয়া (Metro-dynia) জ- [রায়ুশূল।

মিট্রোপেরিটোনাইটিস (Metro peritonitis) জরায়ু-বেষ্টন আবরণের প্রদাহ।

মিট্রোপ্যাথি (Metro pathy) জরায়ুবসর্ব্বপ্রকার রোগ।

মিট্রোফ্লিবাইটিস (Metro phlebitis) জরায়ুর শিরার প্রদাহ।

মিট্রোমেনিয়া (Metro mania) কামোন্মাদ।

মিট্রোরিয়া (Metrorrhœa) জরায়ু হইতে তরল স্রাব নিঃসরণ।

মিট্রোরেজিয়া (Metrorrhagia) জরায়ু হইতে অতিরিক্ত রক্তস্রাব।

মিট্রোস্কোপ (Metroscope) গর্ভাবস্থায় জরায়ু গ্রীবার গাত্রে সংলগ্ন করিয়া ভ্রূণের হৃৎপিণ্ডের শব্দ শুনিবার একপ্রকার যন্ত্র, জরায়ু গহ্বরে আলোক প্রবিষ্ট করিবার যন্ত্রবিশেষ।

মিড-ওয়াইফ (Mid wife) ধাত্রী, প্রসবকার্য্যে নিপুণা স্ত্রীলোক।

মিড-ওয়াইফারি (Mid-wifery) ধাত্রীবিদ্যা।

মিডিয়াস (Medius) মধ্য।

মিডিয়েট (Mediate) ব্যবহিত।

মিডিয়ান (Median) মধ্যস্থ।

মিডিয়ান লাইন (Median Line) কল্পিত মধ্যরেখা।

মিডিয়াষ্টাইনাম (Media stinum) ফুসফুসবেষ্টদ্বয়ের মধ্যবর্ত্তী বক্ষঃস্থলের মধ্যস্থান।

মিড্রিফ (Midriff) ডায়াফ্রাম।

মিনিন-জিজ (Meninges) মস্তিষ্কের আবরণ ঝিল্লীত্রয়; মাত্রিকা।

মিনিন-জিয়্যাল (Meningeal) মাত্রিকাসংক্রান্ত।

মিনিম (Minim) তরলপদার্থের এক ড্রামের ষাইটভাগের একভাগ, এক বিন্দু।

মিনিম-গ্লাস (Minim glass) এক ড্রামের অংশ বা ফোটা মাপিবার গ্লাস।

মিনিমাস (Minimus) ক্ষুদ্রতম।

মিনিমিটার (Minimeter) মিনিম পরিমাপক পিচকারীসদৃশ যন্ত্রবিশেষ।

মিলাইটিস (Melitis) গালের প্রদাহ।

মিল্যান-কোলি, মিল্যান-কোলিয়া (Melancholy, Melancholia) সাধারণতঃ একবিষয়ে নিবদ্ধ ও মানসিক অবসাদবিশিষ্ট মানসিক রোগ বিশেষ। বিষাদ বায়ু।

মিলাস (Melas) কৃষ্ণবর্ণ। আরবদেশের একপ্রকার কৃষ্ণবর্ণ চিহ্নবিশিষ্ট রোগ, কৃষ্ণকুষ্ঠ।

মিলি-এরিয়া (Miliaria) ক্ষুদ্র ক্ষুদ্র পীড়কা বিশিষ্ট একপ্রকার চর্ম্মরোগ; প্রিয়ঙ্গু। ঘামাচি।

মিলিনা (Melæna) আলকাতরার ন্যায় কৃষ্ণবর্ণ মল বা বমন, কৃষ্ণবর্ণরক্তবিরেচন।

মিলিয়ারি গ্ল্যাণ্ডস (Miliary glands) চর্ম্মের বসাস্রাবীগ্রন্থি।

মিলিয়ারি য়্যাজ্‌মা (Miliary asthma) শিশুদিগের আক্ষেপিক বা তরুণ শ্বাসকাস।

মিল্যানয়েড (Melanoid) মেলেনো-সিসসদৃশ।

মিল্যানোটিক, মেলেনোটিক (Melanotic) কৃষ্ণবর্ণ।

মিল্যানোমা, মেলেনোমা (Melanoma) কৃষ্ণার্ব্বুদ।

মিল্যানোসিস, মেলেনোসিস (Melanosis) শরীরের নানা স্থানে কৃষ্ণবর্ণ পদার্থের সঞ্চয় বিশিষ্ট এক প্রকার রোগ, কৃষ্ণচর্ম্মরোগ।

মিল্ক (Milk) স্তন্য ; দুগ্ধ।

মিল্ক-গ্লবিউল্‌স (Milk-globules) দুগ্ধস্থ গোলাকার তৈলময় পদার্থ।

মিল্ক-নট (Milk-knot) প্রদাহ বা দুগ্ধলোপ বশতঃ স্তনে যে গাঁইট গাঁইট জন্মে।

মিল্ক-ফিভার (Milk fever) প্রসূতি-দিগের দুগ্ধস্রাবের পরবর্ত্তী বা সহবর্ত্তীজ্বর ; দুগ্ধজ্বর।

মিল্ক য়্যাব-সেস (Milk abscess) প্রসূতিদিগের স্তন-ব্রণ।

মিল্ক-লেগ (Milk-leg) প্রসবের পর জঙ্ঘার স্ফীততারোগ, ফ্লেগমেসিয়া ডোলেন্স।

মিল্ক-শুগার (Milk-sugar) দুগ্ধ হইতে উৎপন্ন চিনি।

মিল্ক-স্ক্যাব-বা স্কল (Milk-scab or scoll) দুগ্ধ-কণ্ডু ; পোরাইগো লার্বেলিস।

মিল্ক-স্পট (Milk-spot) এক প্রকার স্ক্রফিউলাস রোগ।

মিষ্ট-লেবার (Missed labour) গর্ভে ভ্রূণের মৃত্যু এবং জরায়ুতে গর্ভকালের অতিরিক্ত সময় উহার অবস্থান।

মিশ্চুরা (Mistura) মিশ্র ; মিক্শ্চার।

মিস-ক্যারিজ (Miscarriage) গর্ভধারণের ছয় সপ্তাহের মধ্যে গর্ভস্রাব।

মীনবল্কিকা (Ichthyosis) ইকথিওসিস রোগ।

মুখদূষিকা (Acne) বয়সফোড়া।

মুখপ্রসেক (Water-brash) মুখদিয়া জলউঠা।

মুখ-ভাঙ্গ (Expression) মুখের ভাব।

মুখ-রাগ (Flush) মনোভাব বশতঃ মুখমণ্ডলের অস্থায়ী আরক্ততা।

মুখশায়ীগ্রন্থি (Prostate) প্রষ্টেট।

মুখ্য (Proximate) নিকটবর্ত্তী ; প্রধান।

মুখ্যউপদংশ (Primary syphilis) উপদংশের প্রথমাবস্থা। প্রাথমিকউপদংশ।

মুখ্যকারণ (Primary cause) প্রধান কারণ, নিকবর্ত্তী কারণ।

মুখ্য-ক্রিয়া (Direct Action) অব্যবহিত ক্রিয়া।

মুদা (Phymosis) ফাইমোসিস।

মুদ্গরাস্থি (Malleus) কর্ণের মুদ্গরাকার সর্ব্ববহিস্থ ক্ষুদ্র অস্থি।

মুষ্ক (Testes) অণ্ডকোষ।

মূক-বধিরতা (Deaf-dumbness) আজন্ম বধিরতাজনিত মূকতা।

মূঢ়-গর্ভ (Unnatural labour) প্রসবকালে রীতিমত প্রসব না হওয়া।

[বধ।

মূত্র-কর (Diuretic) মূত্রজনক ঔ-

মূত্রকৃচ্ছ্র (Dysuria) মূত্রত্যাগে কষ্ট

মূত্রক্ষয় (Suppression of urine) একেবারে মূত্র উৎপন্ন না হওয়া।

মূত্র-গ্রন্থি (Kidney) বৃক্ক।

মূত্রজ-বৃদ্ধি (Hydrocele) অণ্ডকোষে জলসঞ্চয়।

মূত্রনালী (Ureter) বৃক্ক হইতে মূত্রাশয়ে মূত্র স্রাবী নালী; ইউরিটার।

মূত্রনাশ (Suppression of urine) মূত্রক্ষয়।

[উরিথ্রা।

মূত্র-পথ (Urethra) মূত্রমার্গ, ই-

মূত্রপিণ্ড (Kidney) বৃক্ক।

মূত্র-বহ-প্রণালী (Ureter) মূত্রনালী।

মূত্র-মার্গ (Urethra) মূত্রাশয় হইতে যে নালী দ্বারা মূত্র পরিত্যক্ত হয়। ইউরিথ্রা।

মূত্রমানযন্ত্র (Urenometer) মূত্রের আপেক্ষিক গুরুত্ব পরিমাপক যন্ত্র বিশেষ।

মূত্র-মেহ (Diabetes Insipidus) শর্করা পরিশূন্য বহুমূত্র রোগ।

মূত্র-যন্ত্র (Urinary organs) যে সকল যন্ত্রের সাহায্যে মূত্র প্রস্তুত ও নিঃসারিত হয়।

মূত্র-রেণু (Gravel) মূত্রের সহিত বালুকা কণার ন্যায় প্রস্তর-রেণু নিঃসরণ।

মূত্রল (Diuretic) মূত্রকর; মূত্র বর্দ্ধক।

[অশ্মরী।

মূত্র-শিলা (Calculus) পাথরী;

মূত্র-স্তম্ভ (Retention of urine) মূত্র-রোধ, মূত্রাশয়ে মূত্রসঞ্চিত হয় বটে কিন্তু বহির্গত হইতে পারে না।

মূত্রস্থলী (Bladder) মূত্রাশয়।

মূত্রাঘাত (Retention of urine) মূত্রস্তম্ভ।

মূত্রাশয় (Bladder) নিম্নোদরে যে যন্ত্রে মূত্র সঞ্চিত থাকে; মূত্রাধার

মূত্রাশয় গ্রীবা (Neck of the bladder) মূত্রাধারের অগ্রভাগ।

মূত্রাশয়-প্রদাহ (Cystitis) সিষ্টাইটিস।

মূর্দ্ধা (Vertex of the head) মস্তকের মধ্যভাগ।

মূল-দেশ (Base) ভিত্তি, অবলম্বন স্থান।

মূলাধার (Perineum) পেরিনিয়ম; বিটপ।

মৃৎ-পাণ্ডু (Geen sickness) গ্রীণ-সিকনেস ; হরিৎ-পীড়া; নীল-পাণ্ডু

মৃত্যান্তিক (Post-mortem) মৃত্যুর পর সংঘটিত।

মৃদু-বিরেচক (Laxative) অল্প বিরেচক ঔষধ।

মৃদু-মাত্রিকা (Piamater) মস্তিষ্কাবরক সূক্ষ্ম ঝিল্লী বিশেষ ; পায়ামেটার।

মেকোনাইন (Meconine) আফিঙ্গের এক প্রকার বীর্য্য।

মেকোনিয়ম, মিকোনিয়ম (Meconium) জন্মমল ; শিশু জন্মিবার পরে প্রথম যে ঈষৎ হরিদ্বর্ণ আঠা আঠা মলত্যাগ করে।

মেজর (Major) বৃহত্তর।

মেজরা (Majora) বৃহত্তর।

মেজাজ (Temper) মতি।

মেটিরিয়া মেডিকা (Materia Medica) ভৈষজ্য-তত্ত্ব ; ঔষধদ্রব্যের গুণজ্ঞাপক শাস্ত্র।

মেটেকণ্ডিল (Metacondyle) নখ-ধারী অঙ্গুলীসন্ধি।

মেটেকার্পাস (Metacarpus) অঙ্গুলী ও মণিবন্ধের মধ্যবর্ত্তী হস্তের অংশ ; করভ।

মেটেটার্সাস (Metatarsus) গুল্ফ ও পদাঙ্গুলীর মধ্যবর্ত্তী স্থান, পদের মধ্যভাগ।

মেটেটার্স্যাল (Metatarsal) মেটে-টার্সস সংক্রান্ত।

মেটেটোসিস (Metaptosis) এক রোগের অন্য রোগে পরিণতি।

মেট্যালিক (Metallic) ধাতব।

মেট্যালিক-ভয়েস (Metallic voice) ধাতু বা কাচপাত্রে আলপিনের মাথা পড়িলে যে প্রকার শব্দ হয় বক্ষরোগে বক্ষবীক্ষণ যন্ত্রে সেইরূপ শব্দ ; ধাতব শব্দ।

মেটেষ্টেসিস (Metastasis) শরীরের একস্থান হইতে অন্য স্থানে রোগের গতি ; স্থান-বিকল্প।

মেডিকেমেণ্ট (Medicament) ঔষধ।

মেডিকেশন (Medication) ঔষধের ক্রিয়াদ্বারা শারীরিক পরিবর্ত্তন সাধন; ঔষধপ্রয়োগপূর্ব্বক চিকিৎসা।

মেডিক্যাল (Medical) ঔষধ সম্বন্ধীয়।

মেডিক্যাল-জুরিস-প্রূডেন্স (Medical Jurisprudence) অপরাধের বিচার বিষয়ে চিকিৎসা বিদ্যার প্রয়োগ।

মেডিসিন (Medicine) ঔষধ। চিকিৎসা-শাস্ত্র।

মেডিসিন্যাল (Medicinal) ঔষধ সম্বন্ধীয়।

মেডালা (Medulla) মজ্জা।

মেডালা অব-লঙ্গেটা, মেডুলা অব-লঙ্গেটা (Medulla oblongata) দীর্ঘীভূত মজ্জা ; গ্রীবা-পৃষ্ঠের অভ্যন্তরস্থিত মস্তিষ্কের অংশ।

মেডঃলারি (Medullary) মজ্জার ন্যায় বা মজ্জাময়। মজ্জাসংক্রান্ত।

মেঢ্র (Penis) উপস্থ ; পুরুষাঙ্গ।

মেঢ্র-ত্বক (Prepuce) লিঙ্গমুণ্ড আবরক চর্ম্ম।

মেণ্টেগ্রা (Mentagra) চিবুকের একপ্রকার কণ্ডুরোগ।

মেণ্ট্যাল (Mental) মানসিক।

মেথড (Method) মত ; পদ্ধতি।

মেদ (Fat) বসা, চর্ব্বি।

মেদ-রোগ (Obesity) অতিরিক্ত মেদ সঞ্চয় বশতঃ শরীরের অতিশয় স্থূলত্ব।

মেদাপকর্ষ (Fatty degeneration) শরীরস্থ বসা অর্থাৎ চর্ব্বির নিকৃষ্টতাপ্রাপ্তি।

মেনপজ (Menopause) স্বাভাবিক রজোনিবৃত্তিকাল।

মেনপ্লেনিয়া (Meno-plania) ঋতুকালে জরায়ু হইতে রজস্রাব না হইয়া অন্যান্য স্থানহইতে রক্তস্রাব।

মেনরেজিয়া, মিনরেজিয়া (Menorrhagia) অত্যন্ত অধিক রক্তস্রাব ; রক্তমাদ্রী, রজসাধিক্য।

মেন-ষ্ট্রুয়ম (Menstruum) যে তরল পদার্থ দ্বারা কোন কঠিন পদার্থ দ্রবীভূত হয়। [স্রাব।

মেন-ষ্ট্রুয়েশন (Menstruation) ঋতু-

মেন-ষ্ট্রুয়্যাল (Menstrual) রজঃসম্বন্ধীয়।

মেনিঞ্জাইটিস, মিনিন-জাইটিস (Meningitis) মস্তিষ্ক-ঝিল্লীরপ্রদাহ ; মাত্রিকোষ।

মেনিয়া (Mania) উন্মাদরোগ।

মেনিয়া-এ-পটু (Mania e potu) সুরাপানজনিত উন্মাদ।

মেনুব্রিয়ম (Manubrium) বুকাস্থির উপরের অংশ।

মেন্সুরেশন (Mensuration) বক্ষ বা শরীরের অন্যান্য গহ্বরের পরিমাণ। [স্বাধর্ম্ম।

মেন্সেস (Menses) মাসিক ঋতু,

মেমরি (Memory) স্মৃতিশক্তি।

মেম্ব্রেন (Membrane) সূক্ষ্ম, কোমল, জালবৎ, স্বচ্ছ আবরণ, ঝিল্লী। এতদ্দ্বারা শরীরের যন্ত্রাদি ও চক্ষু, কর্ণাদি আবৃত থাকে।

মেম্ব্রেনঃস (Membranous) ঝিল্লীবিশিষ্ট বা ঝিল্লীসম্বন্ধীয়।

মেম্ব্রেণা (Membrana) মেম্ব্রেন।

মেম্ব্রেন্স (Membranes) যে ঝিল্লীদ্বারা ভ্রূণ আবৃত থাকে ; পরো।

মেম্ব্রেণ-ফল্‌স (Membrane, False) ডিফথিরিয়া প্রভৃতি রোগে যে সরের ন্যায় একপ্রকার পদার্থ উৎপন্ন হয়, কৃত্রিম ঝিল্লী।

মেল (Mel) মধু।

মেল (Male) পুরুষ ; পুং।

মেলিটিমিয়া (Melitæmia) রক্তে চিনির ভাগের আধিক্য।

মেলিটুরিয়া, মেলিচুরিয়া (Melituria) চিনিবিশিষ্ট মূত্র; মধুমেহ রোগের মূত্র।

মেসডগাইটিস (Mesodmitis) বক্ষঃস্থলের মধ্যাংশের প্রদাহ।

মেসস,-মেসো- (Mesos Meso) মধ্যজ্ঞাপক পূর্ব্বপদ।

মেসেণ্টেরি, মেসেণ্টারি (Mesentery) মধ্যান্ত্র দ্রষ্টব্য।

মেসোকণ্ড্রিয়াক (Meso-chondriace) কণ্ঠনালীর উপাস্থিময় অঙ্গুরীর মধ্যস্থ।

মেসো-কোলন (Meso-colon) মধ্যান্ত্রের যে অংশ বৃহদন্ত্রের কোলন নামক অংশ বিশেষে নিবদ্ধ।

মেসোগ্লসাই (Mesoglossi) জিহ্বার মধ্যভাগে সংলগ্ন পেশীবিশেষ।

মেসোটিকা (Mesotica) প্যারেস্কাইমা আক্রামক রোগ।

মেসোপ্লুরম (Mesoplurum) পঞ্জরাস্থিরমধ্য।

মেসোফ্রাইরম (Mesophryum) ভ্রূমধ্য।

মেসোম্ফেলিয়ম (Mesomphalium) নাভীর মধ্যদেশ।

মেসোমিরা (Mesomera) উরুদ্বয়ের মধ্যবর্ত্তীস্থান।

মেস্মেরিজ্‌ম (Mesmerism) যে বিদ্যাদ্বারা স্নায়ুমণ্ডলের বিকার জন্মাইয়া অন্যের শারীরিক ও মানসিক ক্রিয়ার উপর আধিপত্য করিতে পারা যায়; অ্যানিম্যাল ম্যাগ্নিটিজ্‌ম; শক্তি চালনা-বিদ্যা; মৈস্মরতন্ত্র।

মোটর, মোটেটরি (Motor, Motatory) গতিজনক; গতিউৎপাদক; যথা, মোটর্‌ মসেল্‌স-গতিউৎপাদকপেশী।

মোড (Mode) প্রকার; প্রণালী।

মোনস- (Monos) একবাচকপূর্ব্বপদ।

মোনাড (Monad) পরমাণু, আদিম কোষ বা অঙ্কুর।

মোবিলিটি (Mobility) স্নায়ুরঅতিশয় অনুভবাধিক্য।

মোল (Mole) তিল বা রোম বিশিষ্ট আঁচিল। জরায়ুতে উৎপন্ন মাংসপিণ্ড বা অর্ব্বুদ বিশেষ।

মোল-কিউল (Molecule) কোন বস্তুর ক্ষুদ্রতম অংশ, যাহাতে উহার গুণ বিদ্যমান থাকে। একটী মোলকিউল দুই বা ততোধিক পরমাণুর সমষ্টি।

মোল-কিউলার (Molecular) মোলকিউলসংক্রান্ত বা বিশিষ্ট।

মোলার (Molar) চূর্ণ করিবার শক্তিবিশিষ্ট।

মোলারগ্ল্যাণ্ড্‌স (Molar glands) গালের গ্রন্থি বিশেষ।

মোলার-টীথ্‌ (Molar Teeth) পেষণদন্ত।

ম্যাক-জিলা (Maxilla) হনু বা চোয়ালের অস্থি।

ম্যাক-জিলারি (Maxillary) হনুসম্বন্ধীয়। সুপিরিয়র ম্যাক-জিলারি-ঊর্দ্ধ হনু; ইনিফিরিয়র ম্যাক-জিলারি-নিম্ন হনু।

ম্যাকিউলি (Maculæ) গাত্রে বর্ণবিশিষ্ট চিহ্ন। একবচন-ম্যাকিউলা।

ম্যাকিউলেটেড, ম্যাকিউলেট (Maculated, Maculate) চিহ্ন বিশিষ্ট।

ম্যাক্রপ্সি (Macropsy) দৃষ্টবস্তু অত্যন্ত দীর্ঘ বা প্রসস্ত দর্শন।

ম্যাক্রস- (Macros) অতিবৃহৎ জ্ঞাপক উপসর্গ।

ম্যাক্সিমঃস (Maximus) বৃহত্তম।

ম্যাগট-পিম্পেল (Maggot-pimple) বয়ঃ-ব্রণ, মাস্তিয়া।

ম্যাগ-নঃম, অস (Magnum, os) মণিবন্ধের নিম্নতর সারিব তৃতীয় অস্থি।

ম্যাগ্নেটিজ্‌ম (Magnetism) চৌম্বকাকর্ষণ।

ম্যাগ্নিশিয়া (Magnesia) এক প্রকার ক্ষার মৃত্তিকা।

ম্যাচুরেশন (Maturation) পক্কতা, স্ফোটকাদিতে পূষ উৎপন্ন হওয়া।

ম্যাটার (Matter) ব্রণাদি হইতে নিঃসৃত পূযাদি। বস্তুর নির্ম্মাণ-উপাদান।

ম্যাট্রাস (Mattras) দীর্ঘগ্রীবাবিশিষ্ট অণ্ডাকার বোতল, চোয়ান প্রভৃতি কার্য্যে ব্যবহৃত হয়।

ম্যাট্রিক্স (Matrix) জরায়ু। ছাঁচ।

ম্যাড-নেস (Madness) প্রলাপবিশিষ্ট উন্মাদ।

ম্যা-নস (Manus) হাত।

ম্যানা (Manna) শিরখস্ত।

ম্যানিপিউলেশন (Manipulation) শস্ত্রক্রিয়াদিতে কর-কৌশল। হস্ত ও যন্ত্রাদি দ্বারা ঔষধাদি প্রস্তুত করণ।

ম্যানিউয়্যাল (Manual) কর-সাধ্য; হস্তকৃত।

ম্যামা, ম্যামি (ব-বচন) (Mamma, mammæ) স্ত্রীলোকের স্তন।

ম্যামারি (Mammary) স্তনসম্বন্ধীয়।

ম্যামারি-য়্যাব-সেস (Mammary Abscess) স্তন-স্ফোটক; থুনকা।

ম্যামেলিয়া (Mamalia) স্তন্যদায়ী প্রাণী; স্তন্যজীবী।

ম্যারাস-মাস (Marasmas) নানাকারণে শরীরের ক্ষয়।

ম্যারো (Marrow) মজ্জা; অস্থি-গহ্বরের মধ্যস্থিত মেদ।

ম্যাল-পিগিয়ান (Malpighian) ম্যালপিগাই কর্ত্তৃক প্রকাশিত।

ম্যালপ্গিগিয়ান বডিস (Malpighian bodies) বৃক্কের বল্কল-পদার্থে স্থিত লোহিত বর্ণ গোলাকার ক্ষুদ্র ক্ষুদ্র পদার্থ। ইহা হইতে মূত্র

উৎপন্ন হয় বলিয়া অনুমিত হইয়া থাকে।

ম্যাল-পোজিশন (Malposition) কু-সংস্থান ; কুটিলগতি।

ম্যাল ফর্মেশন (Mal-formation) বিকৃত আকৃতি ; অঙ্গ-বিকৃতি।

ম্যালা (*Mala*) হনু , চোয়াল , গালের হাড়।

ম্যালাকষ্টিয়ন (Mala costeon) অস্থি কোমল হওয়া। [স্বন্ধীয়।

ম্যালার (Malar) হনু বা চোয়াল স-

ম্যালিওলাস (Malleolus) গুল্‌ফ।

ম্যালিওলার (Malleolar) গুল্‌ফ সংক্রান্ত।

ম্যালিক-এসিড (Malic Acid) এপেল ফল হইতে উৎপন্ন অম্ল। শৈবাম্ল।

ম্যালিগ না (Maligna) সাংঘাতিক।

ম্যালিগ-ন্যাণ্ট (Malignant) উৎকট , জীবনের বিপদ-জনক। যে সকল অর্ব্বুদাদি একবার কাটিলেও পুনরায় উৎপন্ন হয়। [রোগ।

ম্যালিন জারি (Malingery) ভাক্ত

ম্যালিয়াস (Malleous) মুদ্গরাস্থি।

ম্যালেডি (Malady) রোগ।

ম্যালেরিয়া (Malaria) সজল ভূমি হইতে উৎপন্ন এক প্রকার বিষাক্ত বাষ্প ; পূতিবাষ্প।

ম্যালেশিয়া (Malacia) বিকৃত ক্ষুধা, দুষ্টক্ষুধা।

ম্যাষ্টয়েড (Mastoid) স্তনাগ্র সদৃশ ; স্তন-বৃন্তের আকার অস্থি প্রভৃতি প্রবর্দ্ধন। যথা, টেম্পোর‍্যাল বোনের ম্যাষ্টয়েড প্রোসেস।

ম্যাষ্টাইটিস (Mastitis) স্তনের প্রদাহ

ম্যাষ্টারবেশন (Masterbation) হস্ত দ্বারা ঘর্ষণ বা কণ্ডূয়ন করিয়া সঙ্গম ইন্দ্রিয়ের উত্তেজনা ; হস্ত-মৈথুন। [শূল।

ম্যাষ্টাল-জিয়া (Mastalgia) স্তন-

ম্যাষ্টিকেশন (Masticaion) আহারাদি চর্ব্বণ।

ম্যাষ্টো- (Masto) সংযুক্ত শব্দে স্তন জ্ঞাপক পূর্ব্বপদ। [বেদনা।

ম্যাষ্টোডিনিয়া (Mastodynia) স্তন

ম্যাস (Mass) যে মিশ্র বা কর্দ্দমবৎ পদার্থ হইতে ঔষধের বটিকা প্রস্তুত হয়।

ম্যাসারেশন (Maceration) কঠিন দ্রব্য তরল দ্রব্যে ভিজাইয়া প্রায় বিগলিত করা।

ম্যাসেজ (Massage) সম্বাহন ; সন্ধি রোগাদিতে হাত দিয়া টিপিয়া দেওয়া।

য

যকৃৎ (Liver) উদরের দক্ষিণ ভাগে স্থিত পিত্তনিঃসারক যন্ত্র ; মেটে।

যকৃচ্ছিরা (Portal vein) বৃক্ক, মু-

ত্রাশয়, ও গর্ভাশয় ব্যতীত উদ-রের অন্যান্য যন্ত্র হইতে উৎপন্ন শিরা-বিশেষ। ভেনাপোর্টি।

যকৃৎ-দ্বার-শিরা (Portal vein) যকৃচ্ছিরা। [প্রদাহ।

যকৃৎ-প্রদাহ (Hepatitis) যকৃতের

যকৃৎ-প্রণালী (Hepatic duct) হিপেটিক-ডক্ট।

যকৃৎ-বিবর্দ্ধন (Enlargement of the Liver) যকৃতের বৃদ্ধি।

যকৃৎ-শূল (Hepatalgia) যকৃৎ বেদনা।

যকৃৎ সঙ্কোচ (Cirrhosis) সিরোসিস

যক্ষ্মা (Pthisis) ক্ষয়কাশ।

যতুক (Nævus) জন্মদাগ, জটুল।

যন্ত্র (Organ) শরীরীদিগের জীবন রক্ষার্থ বিশেষ বিশেষ প্রয়োজনীয় ক্রিয়াসাধক শরীরের ভিন্ন ভিন্ন অংশ, যথা, ফুসফুস, হৃৎপিণ্ড ইত্যাদি। [ট্রোজেন।

যবক্ষারজান (Nitrogen) নাই-

যবক্ষার দ্রাবক (Nitric Acid) নাইট্রিক এসিড।

যান্ত্রিক (Organic, Mechanical) শরীর যন্ত্র সম্বন্ধীয়। যন্ত্রাদি প্রয়োগসাধ্য।

যাপ্যকর (Palliative) যে সকল ঔষধে রোগ সম্পূর্ণরূপে নিঃশেষ হয়না কিন্তু উপশমিত থাকে।

যূকা (Louse) উকুণ।

যুগ (Yoke) যোয়াল।

যুগপৎ (Simultaneus) এক সময়ে।

যুগলদৃষ্টি (Diplopia) একটী বস্তু দুইটী দেখা।

যোগ (Prescription) আয়ুর্ব্বেদে দুই বা ততোধিক ঔষধদ্রব্য একত্র মিশ্রিত করিয়া ব্যবস্থা।

যোগাকর্ষণ (Cohesion) যে স্বাভাবিক আকর্ষণ শক্তি প্রভাবে ভিন্ন ভিন্ন পরমাণু একত্র সম্মিলিত হয়।

যোজকত্বক, যোজিকা (Conjunctiva) চক্ষুর তারা ও পাতার উপর যে শ্লৈষ্মিক ঝিল্লী আছে; শুক্লমণ্ডল।

যোনি (Vagina) বাহ্য স্ত্রী-অঙ্গ হইতে জরায়ু-পর্য্যন্ত বিস্তৃত নালী; সঙ্গমদ্বার।

যোনি-কন্দ (Prolapsus of Vagina) যোনি বাহির হইয়া পড়া।

যোনিকপাট (Vulva) ভগ; ভঃলভা।

যোনিবীক্ষণ যন্ত্র (Vagina-speculum) যোনির অভ্যন্তর দর্শনার্থ যন্ত্রবিশেষ। স্পেকিউলম দ্রষ্টব্য।

যৌগিক (Compound) দুই বা ততোধিক বস্তু একত্র মিলিত।

র

রক্ত (Blood) শোণিত; ব্লড।

রক্ত-কাশ (Hæmoptysis) কাশের সহিত ফুসফুস হইতে রক্তউঠা।

রক্ত-নির্ম্মাণ (Sanguification) অন্ন-বসাদির রক্তে পরিণতি।

রক্ত-প্রধান-ধাতু (SanguineTemperament) শরীরে রক্তের প্রাধান্য। দ্রুতনাড়ী, বৃহৎ শিরা, আরক্তমুখমণ্ডল, রক্তপূর্ণতা, ও কোমল ত্বক প্রভৃতি ইহার লক্ষণ।

রক্ত-বমন (Hæmatemesis) বমনের সহিত আমাশয় হইতে রক্তস্রাব।

রক্তবহানাড়ী (Blood Vessels) শরীরের যেসকল নাড়ীর অভ্যন্তর দিয়া রক্ত প্রবাহিত হয়।

রক্তমাদ্রী (Menorrhagia) রজসাধিক্য।

রক্ত-মূত্র (Hæmaturia) মূত্রদ্বারদিয়া রক্তস্রাব। [স্তখোলা।

রক্তমোক্ষণ (Blood-letting) ফ-

রক্তসঞ্চয় (Congestion) শরীরের কোন স্থানে অতিরিক্ত রক্ত একত্রিত হওয়া।

রক্তসঞ্চার (Determination of blood) শরীরের কোন অঙ্গে অধিক পরিমাণে ও দ্রুতবেগে রক্তের গতি।

রক্ত-সঞ্চালন (Circulation) রক্তের গতায়াত প্রক্রিয়া।

রক্তসঞ্চালনযন্ত্র (Circulatory system) হৃৎপিণ্ড, ধমনি, শিরা প্রভৃতি রক্তগতায়াতের যন্ত্র।*

রক্তাণু (Blood corpuscle) রক্তের ক্ষুদ্রতম অংশ ; রক্ত-কণা।

রক্তাতিসার (Dysentery) আমরক্ত।

রক্তাধিক্য (Plethora) শরীরের অধিক রক্ত পূর্ণতা। [সার।

রক্তামাশয় (Dysentery) রক্তাতি-

রক্তাম্বু (Serum) রক্তের জলীয়াংশ।

রক্তাম্বু-স্রাবী (Serous) মাস্তক ; রক্তাম্বু বা মস্ত নিঃসরণশীল।

রক্তার্ব্বুদ(Hæmatocele)হিমেটোসিল।

রক্তাশয় (Heart) হৃৎপিণ্ড। [কাশ।

রক্তোৎকাশ (Hæmoptysis) রক্ত-

রঙ্কাস (Rhonchus) বৃহৎ বৃহৎ বায়ুবাহী নলগুলির অভ্যন্তর ত্বক অতিশয় শুষ্ক ও স্ফীত হইলে আকর্ষন কালে যে নাকডাকের ন্যায় ঘড়ঘড় শব্দ শুনাযায়।

রঙ্কাই (Rhonchi) রঙ্কাস শব্দের বহুবচন। [ক্রান্ত।

রঙ্কিয়্যাল (Ronchial) রঙ্কাস সং-

রজঃ (Catamenia) ঋতু ; আর্ত্তব।

রজ-শূল (Menstrual colic) বাধকবেদনা।

*রজস্তম্ভ (Suppression of Menses) একবার রজ প্রকাশিত হইয়া উহা অবরুদ্ধ বা অনুৎপন্ন হওয়া।

রজোনাশ (Amenorrhœa) এমেনোরিয়া।

রজোনিবৃত্তি (Menopause) অধিক বয়সে একেবারে রজস্রাব বন্ধ হইয়া যাওয়া।

রজোরোধ (Retention of Menses) ঋতুকালে সহসা রজস্রাব বন্ধ হওয়া।

রঞ্জক-পদার্থ (Pigment) পিগ-মেণ্ট।

রংনিং (Running) ক্ষতাদি হইতে নিঃসৃত স্রাব। [দ্রষ্টব্য।

রতি ধার (Mons Veneris) কামাদ্রি

রংপ-চার (Rupture) অন্ত্র বৃদ্ধি। ভগ্নাবস্থা। [শব্দ।

রংবিং (Rubbing) মর্দন। ঘর্ষণ রং

রম্ব, রম্বস (Rhomb, Rhombus) সমবাহু কিন্তু অসমকোণ চতুর্ভুজ ক্ষেত্র।

রম্বয়েড, রম্বয়-ড্যাল (Rhomboid, Rhomboidal) রম্বের আকার বা প্রায় তদ্রূপ।

রম্বিক (Rhombic) রম্বের আকার।

রশ্মি-কেন্দ্র (Focus) ফোকস।

রংষ্টি (Rusty) লৌহের মরিচার বর্ণ।

রষ্ট্রম (Rostrum) পক্ষীর ঠোট।

রসস্রাব, রস-বর্ষণ(Effusion) এফিউজন।

রস (Mercury) পারদ।

রসানি (Ichor) কলতানি।

রসায়ন (Alterative Medicine) জরা ও ব্যাধি নাশক ঔষধ ; পরিবর্ত্তক ও বলকর ঔষধ।

রসায়ন শাস্ত্র (Chemistry) কেমিষ্টারি।

রাইগর (Rigor) আকস্মিক শীতানুভব ও তৎসহ অনৈচ্ছিক কম্পন।

রাইগর নার্ভোসস (Rigor Nervosus) ধনুষ্টঙ্কার।

রাইগর-মর্টিস (Rigor mortis) মৃত্যুর পর অঙ্গ প্রত্যঙ্গের দৃঢ়তা।

রাইট (Right) দক্ষিণ, ডান।

রাইটার্স ক্র্যাম্প (Writer's cramp) অতি লেখক দিগের অঙ্গুষ্ঠ ও তর্জনীর পেশীর আক্ষেপ।

রাইটিডোসিস (Rhytidosis) কনীনিকার স্তব্ধতা বশতঃ দৃষ্টিশক্তির স্বল্পতা বা বিলোপ।

রাইনাইটিস (Rhinitis) নাসিকার প্রদাহ।

রাইনো- (Rhino-from Rin) সংযুক্ত শব্দে নাসা বাচক পূর্ব্বপদ।

রাইনোপ্ল্যাষ্টি (Rhino plasty) নিকটস্থ স্থান হইতে চর্ম্ম আরোপণ করিয়া নূতন নাসিকা প্রস্তুত-ক্রিয়া।

রাইনোফোনিয়া (Rhinophonia) অনুনাসিক স্বর ; খোনা শব্দ।

রাইনোরিয়া (Rhinorrhoea) নাসিকা হইতে শ্লেষ্মাস্রাব। নাসারন্ধ্রের প্রাচীন প্রদাহ। [লিথ।

রাইনোলিথিস (Rhinolithis) নাশা-

রাইণ্যাল (Rhinal) নাসাসংক্রান্ত।
রাইণ্যাল-জিয়া (Rhinalgia) নাসা-বেদনা।
রাইমা (Rhima) বিদারণ; চির।
রাইমা ম্যাগ্না (Rima Magna) ভগ।
রাইস (Rice) চাউল। [লুনি জল।
রাইস-ওয়াটার (Rice-water) চে-
রাইসাস সার্ডনিকাস (Risus sardonicus) ধনুষ্টংকার ও ডায়াফ্রামের প্রদাহ রোগে একপ্রকার আক্ষেপিক হাস্যবৎ মুখ-বিকৃতি।
রাউণ্ড (Round) গোলাকার; গোল। [স্পর্শ।
রাফ (Rough) রুক্ষ, কর্কশ, খর-
রাল (Rale) নিশ্বাসকালে বায়ুবাহী নল বা ফুসফুসের তরল পদার্থের অভ্যন্তর দিয়া বায়ু গতায়াতের ঘড়ঘড় শব্দ।
রাসায়নিকক্রিয়া (Chemical Action) দুই বা ততোধিক বস্তু একত্র হইলে গুণান্তর উৎপত্তি।
রাসায়নিক পরীক্ষা (Chemical Examination) মিশ্র পদার্থ বিশ্লেষণ পূর্ব্বক বিশ্লিষ্ট পদার্থের প্রকৃতি ও গুণ নিরূপণ।
রাসায়নিক আকর্ষণ (Chemical-Affinity) জড় পদার্থের যে বিশেষ গুণ বশতঃ উহারা একত্র মিলিত হইয়া গুণান্তর প্রাপ্ত হয়।
রি (Re) পুনঃ জ্ঞাপক উপসর্গ।
রি-ইউনিয়ন (Re-union) আঘাত বা ক্ষতাদি দ্বারা বিচ্ছিন্ন অংশ-দ্বয়ের পুনঃ সংযোগ।
রিউম (Rheum) রেউচিনি; রুবার্ব। শ্লৈষ্মিক ঝিল্লী বা গ্রন্থি-নিঃসৃত বিবর্দ্ধিত জলবৎ স্রাব।
রিউমেটিজ্‌ম, রুমেটিজ্‌ম (Rheumatism) আমবাত; বাতরোগ।
রিউমেটিক, রুমেটিক (Rheumatic) আমবাতিক।
রি-য়্যাক-শন (Re-action) কোন পদার্থ দ্বারা আঘাত প্রাপ্ত হইয়া আঘাতিত পদার্থের পুনরায় আ-ঘাত; প্রতিঘাত। স্নায়ুমণ্ডলে কোন কারণে অবসন্নতা জন্মিয়া তৎপরে উহার উত্তেজনা বা কা-র্য্যশীলতা, প্রতিক্রিয়া। কোন যন্ত্রে পূর্ব্বে উপদাহ জন্মিয়া সেই উপদাহের অন্য যন্ত্রে গতি; প্রতি-ক্ষিপ্ত উপদাহ।
রি-এজেণ্ট (Re agent) কোন ব-স্তুতে অন্য কোন বস্তু মিশ্রিত আছে কিনা তাহা জানিবার নি-মিত্ত প্রয়োজিত পদার্থ।
রিং (Ring) পেশী প্রভৃতিতে অঙ্গু-রীয়ের ন্যায় গোলাকার স্বাভা-বিক ছিদ্র।
রিং-ওয়ারম (Ring-worm) গোলা-কার স্তবকে স্তবকে উৎপন্ন চর্ম্ম-রোগ বিশেষ, দদ্রু।

রিকেট্‌স (Rickets) অস্থির কোমলতা, বিবর্দ্ধন, বিকৃতি, ও শীর্ণতাদি বিশিষ্ট এক প্রকার বালরোগ ; বালাস্থি-বিকৃতি রোগ।

রিকেটি (Rickety) রিকেট রোগগ্রস্ত।

রিক্রিমেণ্ট (Recrement) যে তরল পদার্থ রক্ত হইতে বিভিন্ন বা নিঃসৃত হইয়া পুনরায় রক্তে প্রত্যাবৃত্ত হয়।

রিক্রুডেসেন্স (Recrudescence) রোগের অল্পকাল বিরামের পর পুনরায় বিবর্দ্ধিত উগ্রতা। ক্ষতাদির পুনরায় কাঁচা হওয়া।

রিগার, রাইগার (Rigor) সহসা শীতানুভব ও কম্প।

রিগর্জ্জ (Regorge) বমন করা।

রিগঃর্জ্জিটেশন (Regurgitation) শরীরের কোন গহ্বর হইতে সঞ্চিত পদার্থ উৎক্ষেপ ; উদ্গীরণ। পুনরাগমন।

রিগঃর্জ্জিট্যাণ্ট (Regurgitant) প্রত্যাবর্ত্তক।

রিজিড (Rigid) অনম্য ; শক্ত।

রিজিডিটি (Rigidity) অনমনীয়তা ; দৃঢ়তা।

রিজিয়ঃন, রিজন (Region) শরীরের বিশেষ বিশেষ অংশ ; দেশ ; প্রদেশ; যথা, লম্বার রিজন-কটিদেশ; রিজ্জঃন অবদিহার্ট-হৃদপ্রদেশ।

রিটর্ট (Retort) দীর্ঘ গ্রীবাবিশিষ্ট-গোলাকার চোয়ান-পাত্র।

রিটেন-শন (Retention) মল মূত্রাদি স্বাভাবিক পরিত্যাজ্য পদার্থের অবরোধ ; স্তম্ভন।

রিট্রাক্টর (Retractor) পশ্চাৎদিকে আকর্ষক পেশী।

রিট্রাক-শন (Retraction) পশ্চাৎদিকে আকর্ষণ ; উর্দ্ধদিকে আকৃষ্ট অবস্থা।

রিট্রো-(Retro-) পশ্চাৎ বা পশ্চাদিক বাচক উপসর্গ।

রিট্রো-ইউটিরাইন (Retro uterine) জরায়ুর পশ্চাৎদিকে অবস্থিত।

রিট্রোফ্লেক-শন (Retroflexion) শারীরিক যন্ত্রের পশ্চাৎদিকে অবনতি।

রিট্রোভার্শন (Retroversion) জরায়ু প্রভৃতি কোন যন্ত্রের উর্দ্ধাংশের পশ্চাৎদিকে ও নিম্নদিকে অবনতি, এবং নিম্নাংশের উপরের দিকে ও সম্মুখদিকে উন্নতিবিশিষ্ট অবস্থান-বিচ্যুতি।

রিট্রোসিডেণ্ট (Retrocedent) স্থানান্তরগামী, স্থানবিকল্পশীল (রোগ)।

রিট্রোসেশন (Retrocession) শরীরের বহির্ভাগ হইতে অভ্যন্তরে রোগের অবস্থান পরিবর্ত্তন।

রিণ্যাল (Renal) বৃক্ক সংক্রান্ত।

রিডঃক-শন (Reduction) স্থানচ্যুত অঙ্গাদি পূর্ব্ব স্থানে সন্নিবেশিত করা ; সন্ধিচ্যুত অস্থি পুনরায় স্বস্থানে স্থাপন।

রিডুপ্লিকেশন (Reduplication) দ্বৈগুণ্যভাবাপন্ন ; দ্বৈকালীনত্ব।

রিথ্‌ম (Rhythm) শরীরস্থ যন্ত্রাদির সঞ্চলন কাল; তাল; সাময়িকতা।

রিপার-কঃশন (Repercussion) শরীরের উপরিভাগ হইতে কোন রোগের বিলয়।

রিপীট (Repeat) পুনরায় করা।

রিপীটেড (Repeated) পুনঃ পুনঃ।

রিপেলেন্ট (Repellent) যে ঔষধের বাহ্যপ্রয়োগে শরীরের উপরিভাগের রোগ সরিয়া যায়।

রিপ্রোডঃক-শন (Reproduction) পুনরুৎপাদন।

রিপ্লিশন (Repletion) রক্তপূর্ণতা, পুষ্টতা।

রিফ্রিজারান্ট (Refrigerant) শৈত্যকর; যে সকল ঔষধে শরীরের বা রক্তের উত্তাপ হ্রাস করে।

রিফ্লাক্স (Reflux) মস্তক বা শরীরের নিম্নার্দ্ধ হইতে হৃৎপিণ্ডে রক্তের পুনরাগমন।

রিফ্লেক্স (Reflex) পশ্চাৎদিকে বিচালিত ; প্রতিক্ষিপ্ত।

রিফ্লেক্স-য়্যাক-শন (Reflex Action) স্নায়ুমূলে কোন ক্রিয়ার সূচনা হইয়া সেই ক্রিয়ার অন্য কোন যন্ত্রে সঞ্চালন ; প্রতিক্ষিপ্ত ক্রিয়া।

রিব (Rib) যে বক্র ও চেপ্টা অস্থি দ্বারা বক্ষঃস্থলের প্রাচীর প্রস্তুত ; পাঁজরা ; পঞ্জরাস্থি ; পর্শুকা। পঞ্জরাস্থি এক এক পার্শ্বে বারখানা, পৃষ্ঠবংশ হইতে উৎপন্ন হইয়া বক্ষঃস্থলেরদিকে আসিয়াছে। এই বারখানার সাতখানা বক্ষঃস্থলের অস্থির সহিত সংলগ্ন তাহাদিগকে ট্রুরিব্‌স বা প্রকৃত পর্শুকা বলে, আর পাঁচখানি বুকাস্থির সহিত অসংলগ্ন তাহাদিগকে ফল্‌স রিব্‌স বা কৃত্রিম পর্শুকা বলে।

রিভঃল-শন (Revulsion) কাউণ্টার ইরিটেশন।

রিভ্যাক্সিনেশন (Re vaccination) একবার টিকা হওয়ার পর পুনরায় টিকা দেওয়া।

রিমিটেণ্ট (Remittent) স্বল্প-বিরাম ; ক্ষণকাল হ্রাসপ্রাপ্ত। যথা, রিমিটেণ্ট ফিভার—যে জ্বর একেবারে ছাড়ে না, কিন্তু মগ্নাবস্থায় থাকিয়া পুনরায় প্রকাশ পায়।

রিমিশন (Remission) রোগ লক্ষণের ক্ষণিক হ্রাস বা বিরাম।

রিল্যাপ্স (Relapse) আরোগ্যোন্মুখ অবস্থায় বা তাহার অল্প পরে রোগের পুনরাবৃত্তি।

রিল্যাপ্সিংফিভার (Relapsing fever) পুনঃ পুনঃ আক্রমণশীল একপ্রকার সংক্রামক জ্বর, দুর্ভিক্ষ-পীড়িত স্থানে ব্যাপকরূপে ইহা প্রকাশিত হইয়া থাকে; পৌনপুনিক জ্বর। [লতা।

রিল্যাক্সেশন (Relaxation) শিথিরিসাসিটেশন (Resuscitation) জলমগ্নাদিজনিত মৃতকল্প অবস্থা হইতে পুনর্জীবিত করিবার প্রক্রিয়া। প্রতিজীবন। পুনঃসঞ্জীবন

রিসিনাস (Ricinus) এড়ণ্ড বৃক্ষ, ইহার বীজ হইতে 'ক্যাষ্টর অয়েল' প্রস্তুত হয়। [প্রেস্ক্রিপ্শন।

রিসিপি (Recipe) ব্যবস্থাপত্র; প্রেরিসিভার (Receiver) যে প্রসারিত গ্রীব গোলাকার পাত্রে চোয়ান পদার্থ পতিত ও গৃহীত হয়; আধার-পাত্র।

রিসেপ্টেকল (Receptacle) স্বাভাবিক নিঃস্রবধারী ক্ষুদ্রকোষ।

রিসেপ্টেকিউলাম কাইলাই (Receptaculum chyli) থোরেসিক ডাক্টের উদরস্থ প্রসারিত অংশ।

রুক্ষস্বেদ (Dry fomentation) জলে আর্দ্র না করিয়া শুষ্ক বস্ত্রদ্বারা তাপপ্রদান।

রুগা (Ruga) কুঞ্চন।

রুজিন (Rugine) অস্থির পীড়িত অংশ দূরীকরণার্থ অস্ত্রবিশেষ।

রুবিওলা (Rubeola) হাম।

রুবিফেশেণ্ট (Rubifacient) চর্ম্মের আরক্ততাজনক বাহ্যপ্রয়োগ, চর্ম্মপ্রদাহক।

রুমিনেশন (Rumination) রোমন্থন, গিলিতচর্ব্বণ।

রুট (Root) মূলদেশ। মূল।

রূঢপদার্থ (Elements) যে সকল পদার্থ অন্য পদার্থের পরমাণুযোগে উৎপন্ন না হয়; মৌলিক পদার্থ।

রুপিয়া (Rupia) একপ্রকার চর্ম্মরোগ, ইহাতে প্রশস্ত ও চেপ্টা ফোস্কার ন্যায় পীড়কা জন্মে ও উহাতে পূয হয়, ঐ পূয, শুষ্ক হইয়া মামড়ি পড়ে, মামড়ি তুলিয়া ফেলিলে পুনর্বায় মামড়ি জন্মে; কল্কিকা।

রুফ (Roof) ছাদ; তালুকাদির উপর ভাগ।

রেকারেণ্ট (Recurrent) পুনঃ পুনঃ প্রকাশশীল। ধমনী ও স্নায়ুর যে সকল শাখা যে স্থান হইতে উৎপন্ন হইয়াছে পুনর্বার সেই স্থানাভিমুখে আসিলে তাহাদিগকেও 'রেকারেণ্ট' বলে; পুনরাগামী।

রেক্টাম (Rectum) বৃহদন্ত্রের তৃতীয় বা শেষাংশ; সরলান্ত্র।

রেক্টাস (Rectus) সরল-তন্তু পেশী।

রেক্টাইটিস (Rectitis) সরলান্ত্রপ্রদাহ।

রেক্ট্যাল (Rectal) সরলান্ত্রিক।

রেক্টিফিকেশন (Rectification) দ্বিতীয়বার বা পুনঃ পুনঃ চোয়ান।

রেক্টিফায়েড স্পিরিট (Rectified spirit) পরিশোধিত সুরা।

রেক্টো- (Recto-) সংযুক্ত শব্দে সরলান্ত্র বাচক পূর্ব্বপদ।

রেক্টো-ভ্যাজাইন্যাল (Recto-vaginal) সরলান্ত্র ও যোনি সংক্রান্ত।

রেক্টো-ভেসিক্যাল (Recto-vesical) সরলান্ত্র ও মূত্রাশয় সংক্রান্ত বা ব্যাপ্ত।

রেগ-মেটাস (Rhegmatous) ভগ্ন বা বিদারণ বিশিষ্ট।

রেচিং (Retching) বমন-চেষ্টা।

রেজিন (Resin) ধুনা ; রজন।

রেজিমেন (Regimen) পথ্যাপথ্য বিষয়ক নিয়ম।

রেজিষ্ট্যান্স (Resistance) প্রতিরোধ। ভাবাক্রান্ত স্নায়ুমণ্ডলের অতিরিক্ত শক্তিগ্রহণে অস্বীকৃতি।

রেজোন্যাণ্ট (Resonant) প্রতিধ্বনি জনক। [অনুনাদ।

রেজোন্যান্স (Resonance) প্রতিধ্বনি ;

রেজোলিউশন (Resolution) ক্রমে ক্রমে রোগ-লক্ষণের হ্রাস ও বিলোপ ; সহজারোগ্য।

রেঞ্জ (Range) যতদূর পর্য্যন্ত বা যে সকল রোগে কোন ঔষধের ক্রিয়া দর্শে ; অধিকার।

রেটি (Rete) জাল।

রেটিকিউলার, রেটিকিউলেট (Reticular, Reticulate) জালবৎ।

রেটিনা (Retina) চিত্রপত্র দ্রষ্টব্য।

রেটিনাইটিস (Retinitis) চিত্রপত্র-প্রদাহ।

রেটিফরম (Retiform) জালবৎ।

রেটিমিউকোসাম (Rete Mucosum) উপত্বকের গভীরতর, কোমলতর, ও অস্বচ্ছতর ভাগ।

রেড (Red) লোহিত, লাল।

রেড-কর-পস্ কেল (Red corpuscle) রক্তের লোহিতাণু।

রেড-গাম (Red-gum) শিশুদিগের এক প্রকার রক্তবর্ণ উদ্ভেদ।

রেডিও (Radio) সংযুক্ত শব্দে রেডিয়াস বাচক পূর্ব্বপদ।

রেডিয়াস (Radius) কণুই হইতে মণিবন্ধ পর্য্যন্ত যে দুইখানি অস্থি প্রসারিত আছে তাহার ছোট খানা, বড় খানার নাম অরত্নী।

রেনিউলা, র‍্যাণিউলা (Ranula) জিহ্বার নিম্নে এক প্রকার অর্দ্ধ স্বচ্ছ অর্ব্বুদ।

রেতঃ (Semen) শুক্র ; বীর্য্য।

রেতঃরজ্জু (Spermatic chord) যে নাড়ীগুচ্ছ দ্বারা অণ্ডদ্বয় ঝুলায়মান থাকে।

রেপ Rape) বলাৎকার। [কোষ।

রেপার-টরি (Repertory) ঔষধ-

রেমিডি (Remedy) রোগ আরোগ্য-কর ঔষধ।

রেমোলিশ-মেণ্ট (Ramollissement) মস্তিষ্কাদি শরীরস্থ কোন যন্ত্রের অস্বাভাবিক কোমলতা। রক্তবর্ণ কোমলতা।

রেয়ারিফ্যাক্‌শন (Rarifaction) উত্তাপ দ্বারা বাষ্পাদির প্রসারণ, বিকীরণ।

রেষ্ট-লেস নেস (Restlessness) অস্থিরতা, ছটফটি।

রেষ্টিফরম (Restiform) রজ্জুর ন্যায় আকৃতি।

রেষ্টোরেটিভ (Restorative) জীবনীশক্তি প্রতিষ্ঠাপক।

রেসিডিউ (Residue) অবশেষ

রেসিডিউয়্যাল-এয়ার (Residual air) বল পূর্ব্বক প্রশ্বাস ত্যাগান্তেও যে বায়ু ফুসফুসে অবশিষ্ট থাকে।

রেস্পিরেটর (Respirator) নিঃশ্বাস বায়ু উষ্ণ ও পরিষ্কার করণার্থ নাসিকা ও মুখের উপর প্রয়োজিত যন্ত্র বিশেষ।

রেস্পিরেটরি (Respiratory) শ্বাসক্রিয়া সংক্রান্ত।

রেস্পিরেটরি মর্ম্মার (Respiratory Murmur) সুস্থ ফুসফুসে বায়ু যাতায়াতের শব্দ। [ক্রিয়া।

রেস্পিরেশন (Respiration) শ্বাস-[গাদ।

র‍্যাকাইটিস (Rachitis) রিকেট্‌স রোগ; পৃষ্ঠবংশের প্রদাহ।

র‍্যাকিটী (Rachitæ) পৃষ্ঠ বংশের পেশী সকল।

র‍্যাকিয়্যাল-জিয়া (Rachialgia) পৃষ্ঠবংশে বা পৃষ্ঠের পেশীতে বেদনা।

র‍্যাগেড্‌স (Rhagades) অবদরণ।

র‍্যাডিকেল্‌স (Radicles) বৃক্ষাদির মূলের যে তন্তুময় অংশ দ্বারা মৃত্তিকা হইতে রসাদি আকৃষ্ট হয়।

র‍্যাডিক্যাল (Radical) নির্ম্মূল ক-[রিয়া বিনষ্ট।

র‍্যাডিয়েশন (Radiation) কেন্দ্র হইতে চারিদিকে প্রসারণ; বিকীরণ।

র‍্যাফি (Raphe) অণ্ডকোষাদিতে যে শেলাইয়ের ন্যায় রেখা; সীবন। [জনিত উন্মাদ।

র‍্যাবিস (Rabies) কুক্কুরাদি দংশন-

র‍্যাবিড (Rabid) কুক্কুর দংশনাদিজনিত উন্মাদগ্রস্ত।

র‍্যামাস (Ramus) শাখা।

র‍্যামাই (Rami) শাখা সমূহ।

র‍্যামিফরম (Ramiform) শাখার আকার।

র‍্যাশ (Rash) চর্ম্মের উপর উৎপন্ন উদ্ভেদ, পীড়কা।

র‍্যামিফিকেশন (Ramification) শাখার ন্যায় প্রসারণ; ধমনী, শ্বাসনলী প্রভৃতির শাখা।

র‍্যাশন্তাল (Rational) যুক্তি সঙ্গত ; যৌক্তিক।

র‍্যাস্পিং (Rasping) ঘর্ষণ শব্দ।

রোজ-মেরি (Rosemary) এক প্রকার সুগন্ধ উদ্ভিদ।

রোজিওলা (Roseola) ঈষৎ জ্বর সহ এক প্রকার ক্ষুদ্র ক্ষুদ্র রক্তবর্ণ পীডকা ; পাটলিকা।

রোটংণ্ডা (Rotunda) গোলাকার।

রোটেটর (Rotator) যে পেশীর-ক্রিয়া বশতঃ উরুর অস্থির উদ্ধ-ভাগের ন্যায় চক্রাকার গতি জন্মে। [সংক্রান্ত।

রোটিউলার (Rotular) প্যাটেলা

রোটেশন (Rotation) অস্থির ঘূর্ণায়মান গতি।

রোডিয়ম (Rhodium) প্লাটিনম সহ বিমিশ্রিত এক প্রকার ধাতু।

রোডেণ্ট (Rodent) চর্বণকর।

রোডেণ্ট-অংল-সার (Rodent-ulcer) মুখমণ্ডলের উর্দ্ধভাগে স্থিত কঠিনপ্রান্ত, প্রসারণশীল, কর্কটসদৃশ এক প্রকার দূষিত ক্ষত।

রোপি (Ropy) রজ্জুবৎ।

রোবোর‍্যাণ্ট (Roborant) বলকর। বলকর ঔষধ।

রোলার (Roller) দীর্ঘ ও প্রশস্ত-বন্ধন বা ব্যাণ্ডেজ।

ল

লক-জ (Lock-Jaw) ধনুষ্টংকার রোগ। হনু-স্তম্ভ। দাঁতকপাটি।

লক-হস্পিট্যাল (Lock-Hospital) উপদংশ রোগের চিকিৎসালয়।

লক্সেশন (Luxation) অস্থিপ্রভৃতির অবস্থান বিচ্যুতি।

লঙ্গংস (Longus) দীর্ঘ।

লঙ্গ-সাইটেড-নেস (Longsighted-ness) দূরদৃষ্টিরোগ।

লঙ্গিং (Longing) গর্ভিনীর অভিলাষ, দোহদ।

লঙ্গেনম (.Longanom) সরলান্ত্র।

লঞ্জিটিউডিন্যাল (Longitudinal) অনুদৈর্ঘ ; দীঘাদীঘি।

—সাইনংস (—Sinus) করোটীর অভ্যন্তরস্থ শৈরিক রক্তবাহী প্রণালী বিশেষ।

লঞ্জিভিটি (Longevity) দীর্ঘায়ু।

লঞ্জিসিমংস (Longissimus) পৃষ্ঠের পেশী বিশেষ, এতদ্দ্বারা মেরুদণ্ড সোজা থাকে। [অরিষ্ট।

লডেনংম (Laudanum) অহিফেণের

লম্বমজ্জা (Medulla oblongata) মেডলা অবলঙ্গেটা।

লম্বার, লম্ব্যাল (Lumbar, Lumbal) কটিদেশীয়।

লম্বার-রিজংন (Lumbar Region) উপপর্শুকা ও উরুর অস্থির মধ্যবর্ত্তীস্থান ; কটিদেশ।

লম্ব্রিকস (Lumbricus) মহীলতার ন্যায় কৃমি।

লম্ব্রিকেলিস (Lumbricales) হাতের তালু ও পায়ের তলে ক্ষুদ্র ক্ষুদ্র কৃমির ন্যায় পেশী।

লম্বেগো (Lumbago) কটিবাত; কটিবেদনা।

লম্বো (Lumbo-) সংযুক্ত শব্দে কটিবাচক পূর্ব্বপদ, যথা,—লম্বো-স্যাক্রাল।

লাংস (Lungs) বক্ষঃস্থলে স্থিত কোষাকার নিশ্বাস-প্রশ্বাস যন্ত্র। ইহা দুইটী, বাম ও দক্ষিণ। দক্ষিণটী তিন খণ্ডে, ও বামটী দুই খণ্ডে বিভক্ত, এই খণ্ডগুলি আবার অনেক ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ডে বিভক্ত; ফুসফুস; ফোঁপরা।

লস (Loss) অভাব; যথা,—লস-অভ-স্মেল, ঘ্রাণাভাব; লস-অভ-টেষ্ট, স্বাদাভাব।

লসিকা (Lymph) বর্ণহীন সর্ব্বশরীর ব্যাপী জলের ন্যায় একপ্রকার তরল পদার্থ, দূষিত রক্ত শিরা-পথে হৃৎপিণ্ডে প্রবিষ্ট হইবার পূর্ব্বে এই পদার্থের সহিত মিলিত হয়।

লসিকা-গ্রন্থি (Lymphatic glands) লসিকাস্রাবী গ্রন্থি।

লক্ষণতত্ত্ব (Semeiology) রোগের লক্ষণ জ্ঞাপক শাস্ত্র।

লাইকর, লিকার (Liquor) দ্রব। সুরা।

লাইকর য়্যাম্নিআই (Liquor Amnii) ভ্রূণকোষোদক; গর্ভের জল।

লাইকর কর্ণিয়ি (Liquor Corneæ) কর্ণিয়ার স্তরের অভ্যন্তরস্থিত অণ্ডলাল সদৃশ দ্রব পদার্থ।

লাইকর কোটংনাই (Liquor Cotunni) কর্ণের অভ্যন্তরস্থিত দ্রব পদার্থ।

লাইকর পিউরিস (Liquor Puris) পূযের দ্রবপদার্থ।

লাইকর মর্গেনাই (Liquor Morgagni) অক্ষি-মকুর ও উহার কোষের অভ্যন্তরে কখন কখন সমাগত দ্রবপদার্থ।

লাইকর সেমিনিস (Liquor Seminis) শুক্রের বর্ণশূন্য, স্বচ্ছ, অণ্ডলালবৎ দ্রবপদার্থ।

লাইকর স্যাঙ্গুইনিস (Liquor Sanguinis) রক্তের পাণ্ডুর, পরিস্কার, সংযমশীল দ্রবপদার্থ।

লাইট (Light) আলোক।

লাইট-নিং (Lightning) বজ্রাঘাত।

লাইপোথিমিয়া (Lypothymia) মানসিক শোকদুঃখ।

লাইফ (Life) জীবন; জীবনীশক্তি।

লাইম (Lime) চূর্ণ; চুণ।

লাইরা (Lyra) কর্পস ক্যালোসম নামক মস্তিষ্কাংশের তলভাগের ত্রিভুজাকার অংশ।

লাইসিস (Lysis) ঘর্ম্মাদিনিঃসরণ ব্যতীত ক্রমে ক্রমে জ্বর লক্ষণ হ্রাস পড়িয়া জ্বরের বিরাম।

লাইং-ইন (Lying-in) সূতিকাবস্থা; প্রসব।

লাইংইন-হস্পিট্যাল (Lying in-Hospital) প্রসূতি চিকিৎসাগার।

লাইএণ্টেরি, লিয়েণ্টারি (Lientery) অজীর্ণ দ্রব্যস্রাবী একপ্রকার অতিসার।

লাইএণ্টেরিক, লিয়েণ্টারিক (Lienteric) অজীর্ণ দ্রব্যস্রাবী অতিসার সম্বন্ধীয়।

লাইকয়েড (Lycoid) ব্যাঘ্রাকার।

লালা (Saliva) মুখ নিঃসৃত রস; লাল।

লালা-গ্রন্থি (Salivery glands) যে সকল গ্রন্থি হইতে লালাস্রাবিত হয়।

লালামেহ (Gleet) প্রমেহের প্রাচীন অবস্থায় মূত্রমার্গের ঝিল্লীহইতে স্বচ্ছ শ্লেষ্মা বা জলবৎস্রাব নিঃসরণ; পুরাতন প্রমেহ।

লার্ড (Lard) শূকরের চর্ব্বি।

লার্ডেসাস (Lardaceous) শূকরের চর্ব্বির ন্যায়।

লিউকীমিয়া (Leucæmia) লিউকোসাইথিমিয়া।

লিউকো (Leuco-) সংযুক্ত শব্দে শ্বেত বাচক পূর্ব্বপদ।

লিউকোমা (Leucoma) চক্ষুর কনীনিকার শ্বেতবর্ণ অস্বচ্ছতা।

লিউকোডার্ম্মা (Leucoderma) শ্বেতকুষ্ঠ; ধবল।

লিউকোরিয়া (Leucorrhœa) শ্বেতপ্রদর; স্ত্রীজননেন্দ্রিয় হইতে ঈষৎ শুভ্রস্রাব নিঃসরণ।

লিউকোসাইথিমিয়া (Leucocythæmia) রক্তে শ্বেত কণাধিক্য ও লোহিত কণার হ্রাস।

লিউকো-ফ্লেগ-মেটিক-টেম্পারেমেণ্ট (Leuco-phlegmaticTemperament) চর্ম্মের পাণ্ডুরতা ও শিথিলতা এবং রক্তের জলীয়তার আধিক্যবিশিষ্ট ধাতু; শ্লেষ্মা ও রস প্রধান ধাতু।

লিউকোসিস (Leucoses) লসিকাবাহিনী নাড়ীমণ্ডলীর পীড়া; নানাবিধ নীরক্ত-রোগ।

লিউট (Lute) কর্দ্দমাদি দ্বারা প্রস্তুত একপ্রকার আটা, বায়ুপ্রবিষ্ট ও উত্তাপে অনিষ্ট না হয়, এজন্য পাত্রাদির সংযোগস্থল রোধার্থ ব্যবহৃত হয়।

লিউস (Leuce) শ্বেত-কুষ্ঠ।

লিউসিড (Lucid) উজ্জ্বল; স্বচ্ছ।

লিউসিমিয়া (Leucæmia) লিউকোসাইথিমিয়া।

লিউসিন (Leucin) পেশী হইতে প্রাপ্ত একপ্রকার শুভ্রবর্ণ পদার্থ।

লিকুইফ্যাক-শন (Liquefaction) তরল অবস্থায় পরিণতি।

লিকুইফেশেণ্ট (Liquefacient) কঠিন বস্তি তরলকর ঔষধ।

লিকেন (Lichen) চর্ম্মরোগ বিশেষ ; ঘামাচি।

লিকোরিস (Liquorice) যষ্টিমধু।

লিক্সিভিয়েশন (Lixiviation) কাষ্ঠের ভস্ম জলদ্বারা ধৌত করিয়া লবণ ক্ষারাদি প্রস্তুত প্রক্রিয়া।

লিগিউমিনোসি (Leguminosæ) শিম্বিজাতীয় উদ্ভিদ।

লিগেচার (Ligature) রক্তস্রাব নিবারণ জন্য রক্তবহানাড়ী বান্ধিবার নিমিত্ত দৃঢ় সূত্র, রেসম প্রভৃতি।

লিগেমেণ্ট (Ligament) বন্ধনী ; শ্বেতবর্ণতন্তু গুচ্ছময়শরীরের এক প্রকার নির্ম্মাণ উপাদান, এতদ্বারা অস্থিসংযুক্ত ও সন্ধিপরিবেষ্টিত থাকে। [নাড়ী বন্ধন।

লিগেশন (Ligation) রক্ত বহা-

লিঙ্ক-টঃস (Linctus) অবলেহ , কাসাদি রোগে ব্যবহার্য্য সুমিষ্ট গাঢ় ঔষধ। [শুক।

লিঙ্গমণি (Glans) পুরুষাঙ্গের ম-

লিঙ্গুয়া (Lingua) জিহ্বা।

লিঙ্গুই ফরম (Linguiform) জিহ্বাকার। [ক্রান্ত।

লিঙ্গুয়্যাল (Lingual) জিহ্বাসং-

লিজন (Lesion) উপঘাত। ক্রিয়া বা বিধান বিকার।

লিটমঃস (Litmus) এক প্রকার নীলবর্ণ, অম্ল সংস্পর্শে ইহা সহজে লালবর্ণ হয়, এজন্য অম্ল পরীক্ষার্থ ইহা ব্যবহৃত হইয়া থাকে।

লিটমঃস-পেপার (Litmus paper) অম্ল পরীক্ষার্থ নীলবর্ণ কাগজ।

লিটার, (Litre) এক প্রকার ফ্রেঞ্চ পরিমাণ, প্রায় পৌনে দুই পাইণ্টের সমান।

লিড (Lid) চক্ষুর পাতা ; অক্ষিপুট।

লিণ্ট (Lint) শণের সূত্র চাঁচিয়া লইয়া ক্ষত প্রভৃতিতে দিবার জন্য যে কোমল বস্ত্রের ন্যায় পদার্থ প্রস্তুত হয়।

লিথার্জ (Litharge) মুদ্রাশঙ্খ।

লিথিয়্যাসিস (Lithiasis) পাতরী ; অশ্মরী।

লিথিক-য়্যাসিড (Lithic Acid) মূত্র হইতে উৎপন্ন অম্ল বিশেষ।

লিথুরিয়া (Lithuria) শরীরের যে প্রকার ধাতুতে মূত্রে লিথিক য়্যাসিড প্রভৃতি জন্মে।

লিথেক-টেসি (Lithectasy) মূত্রমার্গ প্রসারিত করিয়া আস্তে আস্তে প্রস্তর বাহির করা।

লিথেগগ (Lithagogue) অশ্মরী নিঃসারক ঔষধ।

লিথেট (Lithate) মূত্র-লবণ ; অগু

উপাদানের সহিত সংযুক্ত লিথি-
ক্যাসিড।

লিথোটম (Lithotome) মূত্রাশয়ের গ্রীবা বা গাত্র কর্ত্তনার্থ শস্ত্র বিশেষ।

লিথোটমি (Lithotomy) শস্ত্রক্রিয়া দ্বারা কাটিয়া মূত্রাশয় হইতে প্রস্তর বাহির করা।

লিথোট্রিটি (Lithotrity) মূত্রাশয়ের প্রস্তর ছিদ্র করিয়া ভাঙ্গিয়া খণ্ড খণ্ড করিয়া মূত্রপথ দিয়া বাহির করা। [চূর্ণকর।

লিথোট্রাইট (Lithotrite) অশ্মরী

লিথোট্রিপ্সি (Lithotripsy) মূত্রাশয়ের প্রস্তর পেষিয়া খণ্ড খণ্ড করিয়া বাহির করা।

লিথোমিট্রা (Lithometra) জরায়ুর অশ্মরী।

লিথোলাইসিস (Litholysis) ঔষধ সেবন বা বস্তি প্রয়োগাদি দ্বারা অশ্মরি দ্রবকর চিকিৎসা।

লিনিমেণ্ট (Liniment) তৈল অপেক্ষা গাঢ় মর্দ্দনের ঔষধ, মর্দ্দন। [র্দ্দন।

লিনিমেণ্টঃম (Linimentum) ম-

লিনিএমেণ্ট (Lineament) মুখাকৃতি। ভ্রূণের প্রথম চিহ্ন।

লিনিয়া (Linea) রেখা।

লিনিয়া য়্যাল্বা (Linea Alba) বক্ষঃস্থলের অসিবৎ উপাস্থি হইতে মণিপুর পর্য্যন্ত লম্বভাবে প্রসারিত কণ্ডরা-রজ্জু; শুভ্র রেখা।

লিনিয়ার (Linear) অপ্রশস্ত; রেখাকার।

লিনিয়েট (Lineate) রেখাঙ্কিত।

লিপিটিট-মল, লিপেটিমল (Le petit Mal) মৃদু অপস্মার।

লিপোথাইমিয়া (Lipothymia) মূর্চ্ছা।

লিপোমা (Lipoma) বসাময় অর্ব্বুদ।

লিভার (Liver) যকৃৎ।

লিভিড (Livid) কৃষ্ণবর্ণ; নীলবর্ণ।

লিভেটর (Levator) যে পেশীর ক্রিয়ায় অঙ্গাদি উত্থিত হয়; উত্তোলক পেশী। [পেশী।

লিভেটরিস (Levatoris) উত্তোলক

লিম্ফ (Lymph) লসিকা।

লিম্ফেটিক্স (Lymphatics) লসিকাবাহী ক্ষুদ্র নাড়ী।

লিম্ফেটিক-টেম্পারেমেণ্ট (Lymphatic Temperament) শ্লেষ্মা প্রধান ধাতু। আলস্য, শারীরিক ও মানসিক পরিশ্রমে বিরক্তি, ক্ষীণ কল্পনাশক্তি ও সুমন্দ রক্ত সঞ্চলন প্রভৃতি ইহার লক্ষণ।

লিম্ব (Limb) অঙ্গ।

লিম্বিফিরঃস (Limbiferous) প্রান্তবিশিষ্ট।

লিলিয়েসি (Liliacea) লিলি বা পদ্মজাতীয় উদ্ভিদ।

লিসা (Lissa) জলাতঙ্ক রোগ।

লিহট-মল (Le haut Mal) উগ্র অপস্মার।

লুনার (Lunar) অর্দ্ধচন্দ্রাকার। রৌপ্য হইতে প্রস্তুত।

লুনেটিক (Lunatic) বাতুল ; উন্মাদ।

লুনেটিক-য্যাসাইলম (Lunatic asylum) উন্মাদাগার; পাগলা গারদ।

লুনেসি (Lunacy) উন্মাদরোগ।

লুব্রিকেশন (Lubrication) মসৃণ বা পিচ্ছিলকরণ।

লুস-নেস (Looseness) অতিসার।

লুপ (Loop) অন্তস্থ ব্যাবর্ত্তন। ছিদ্র।

লেড (Lead) সীস।

লেড-কলিক (Lead-colic) সীসজনিত শূলবেদনা ; সীস-শূল।

লেণ্টিকিউলার (Lenticular) মসূর দাইল সদৃশ। দর্পণ বা মকুর সংক্রান্ত। [মাস্তে।

লেণ্টিগো (Lentigo) ফ্রেক্ল ;

লেথার্জ্জি (Lethargy) অস্বাভাবিক তন্দ্রালুতা।

লেন্স (Lens) আলোকরশ্মী এককেন্দ্রে একত্রিতকারী কুব্জ বা ন্যুব্জ স্বচ্ছ পদার্থবিশেষ। অক্ষি-মকুর।

লেপ (Fur) জ্বরাদি রোগে জিহ্বার উপর যে সরের ন্যায় আবরণ পড়ে।

লেপ্রা, লেপ্রসি (Lepra, Leprosy) মহাব্যাধি ; কুষ্ঠ।

লেফট (Left) বাম।

লেবার (Labour) প্রসব বেদনা।

লেবিয়া (Labia) ওষ্ঠ।

লেবিয়া পিউডেণ্ডাই (Labia Pudendi) ভগাধর ; স্ত্রীলোকের বাহ্য জননেন্দ্রিয়ের ঠোঁটের ন্যায় অংশ। [খর্ব্ব ভগাধর।

লেবিয়া মাইনরা (Labia Minora)

লেবিয়া মেজরা (Labia Majora) দীর্ঘ ভগাধর। ভগের ক্ষুদ্র ভাঁজদ্বয় এই বৃহৎ ভাঁজদ্বয়ের অভ্যন্তরে স্থিত।

লেবিয়া লিপোরিণা (Labia Leporina) গন্নাকাটা ; বিচ্ছিন্ন ওষ্ঠ।

লেবিয়াল (Labial) ওষ্ঠ্য।

লেভ-মেণ্ট (Lavement) বস্তি-ক্রিয়া।

লেসার (Lesser) ক্ষুদ্রতর।

লো (Low) নিম্ন, নিস্তেজ, মৃদু।

লোকিয়া (Lochia) প্রসবান্তিক ক্লেদস্রাব। [কাজ্বর।

লোকোপাইরা (Lochopyra) সূতি-

লোকোমোশন (Locomotion) গতিশক্তি। [স্থানিক।

লোক্যাল (Local) একাঙ্গীন ;

লোডেড (Loaded) লেপাবৃত।

লোপিচ্‌ট (Low-pitched) নিম্নস্বর।

লোব (Lobe) শারীরিক যন্ত্রের বিবর্দ্ধিত অংশ বা খণ্ড।

লোবিউল (Lobule) ক্ষুদ্র লোব ; উপখণ্ড।

লোবিউলার (Lobular) খণ্ডাকার।
লোবিউলেট (Lobulette) ক্ষুদ্রতম উপখণ্ড।
লোবিলিয়া (Lobelia) তাম্রকূট জাতীয় উদ্ভিদ।
লোয়ার (Lower) নিম্নতর।
লোলিততা (Flaccidity) শিথিলতা
লোশন (Lotion) বাহ্য প্রয়োগার্থ তরল ঔষধ বা জলীয় দ্রব; ধাবন; ধৌত।
লোশিও (Lotio) লোশন।
ল্যাকুনা (Lacuna) চর্ম্ম, ঝিল্লী, বা অস্থি স্থিত ক্ষুদ্র গহ্বর।
ল্যাক্টিক-অ্যাসিড (Lactic Acid) দুগ্ধাম্ল। ইহাই দুগ্ধ অম্ল হইবার কারণ।
ল্যাক্টিন (Lactin) দুগ্ধ-শর্করা।
ল্যাক্টিফেরি ডক্টস (Lactiferi ductus) স্তনের দুগ্ধস্রাবীনল।
ল্যাক্টিফুগা (Lactifuga) দুগ্ধশোষক ঔষধ।
ল্যাক্টিয়্যাল্স (Lacteals) অন্নরস বা কাইল বাহী সূক্ষ্ম সূক্ষ্ম নল।
ল্যাক্টিয়্যাল (Lacteal) দুগ্ধবৎ। অন্নরসবাহী।
ল্যাক্টেগগ (Lactagogue) স্তন্যজনক ঔষধ। [কবাণ।
ল্যাক্টেশন (Lactation) স্তন্যপান-
ল্যাক্টোমিটার (Lactometer) দুগ্ধের গুণাগুণ নিরূপক যন্ত্র।
ল্যাক্টোসিল (Lactocole) দুগ্ধার্ব্বুদ।
ল্যাক্রিমা (Lachryma) অশ্রু।
ল্যাক্রিম্যাল (Lachrymal) অশ্রু বা অশ্রুস্রাবী গ্রন্থি সম্বন্ধীয়।
ল্যাক্রিম্যাল গ্ল্যাণ্ড (Lachrymal gland) অশ্রু-গ্রন্থি।
ল্যাক্রিম্যাল-ডক্ট Lachrymal duct) অশ্রুস্রাবী নালী।
ল্যাক্রিমেশন (Lachrymation) অশ্রুস্রাব।
ল্যাক্সেটর (Laxator) শিথিলকর
ল্যাক্সেটিভ (Laxative) মৃদুবিরেচক
ল্যাগ-অপ্থ্যাল-মিয়া (Lag opthalmia) এক প্রকার চক্ষুরোগ, ইহাতে চক্ষুর পাতা বন্ধ করা যায় না, শশ-চক্ষু।
ল্যাঙ্গার (Langour) অবসন্নতা জনিত দুর্ব্বলতা।
ল্যাটার্যাল (Lateral) এক পার্শ্বিক, অনুপার্শ্বিক।
ল্যাটিসিমাস ডর্সাই (Latissimus dorsi) পৃষ্ঠদেশের বিস্তৃত পেশী।
ল্যাণ্ড স্কার্ভি (Landscurvy) গণ্ড্ বাহির রক্তজিকা রোগ।
ল্যান্সিনেটিং (Lancinating) ধারাল শস্ত্রবিদ্ধবৎ।
ল্যান্সিনেটেড (Lancinated) ছিন্ন।
ল্যান্সেট (Lancet) রক্ত মোক্ষণ ও স্ফোটকাদি ছেদনার্থ সূক্ষ্ম-মুখ দ্বিধার শস্ত্রবিশেষ, ছুরিকা।

ল্যাপারোটমি (Laparotomy) উদরচ্ছেদ।

ল্যাপারোমাইআইটিস (Laparomyitis) উদরের পেশীর প্রদাহ।

ল্যাবিরিন্থ (Labyrinth) কর্ণমধ্যস্থ গহ্বরসমূহ।

ল্যাবোরেটরি (Laboratory) রাসায়নিক দ্রব্য বা ঔষধাদি প্রস্তুতাগার।

ল্যামিনা (Lamina) অস্থি প্রভৃতির সূক্ষ্ম স্তর। [বহুবচন।

ল্যামিনি (Laminæ) ল্যামিনার

ল্যামেলা (Lamella) ল্যামিনা।

ল্যারিঙ্গটমি (Laryngotomy) শ্বাসরোধাদিতে স্বরযন্ত্র ছেদ।

ল্যারিঞ্জাইটিস (Laryngitis) স্বরযন্ত্র-প্রদাহ।

ল্যারিঞ্জিস-মঃস (Laryngismus) গ্লটিসের আক্ষেপ ও তজ্জন্য স্বরযন্ত্র-মুখের সঙ্কোচন বা অবরোধ।

ল্যারিঞ্জিস-মঃস-ষ্ট্রাইডিউলঃস (Laryngismus stridulus) আক্ষেপিক ক্রুপরোগ।

ল্যারিংস (Larynx) স্বরযন্ত্র ; কণ্ঠনালীর ঊর্দ্ধভাগ।

ল্যাসার-টঃস (Lacertous) পেশীময় বা বিশিষ্ট।

ল্যাসারেশন (Laceration) ছিন্ন বা বিদীর্ণ ক্ষত। [রিত।

ল্যাসরেটেড (Lacerated) বিদা-

ল্যাসিটিউড (Lassitude) অবসাদ ; শ্রান্তি।

শ

শক (Shock) প্রবল উপঘাত বা মনোভাব বশতঃ যান্ত্রিক, স্নায়বীয় বা জীবনীশক্তির আকস্মিক অবসাদ।

শঙ্খ (Temples) কপালের প্রান্তভাগ কপাল ও কর্ণের মধ্যবর্ত্তী স্থান।

শঙ্খাস্থি (Temporal bone) শঙ্খ দেশের হাড়।

শততমিকক্রম (Centimal dilution) একভাগ ঔষধ ও নিরনব্বই ভাগ দুগ্ধশর্করা বা সুরাসার সহযোগে প্রস্তুত হোমিওপ্যাথিক ঔষধের ক্রম।

শয্যাক্ষত (Bed-sore) শয্যার ঘর্ষণ বশতঃ ক্ষত। বহুদিন শয্যাগত থাকিলে দুর্ব্বল রোগীদিগের শরীরে এই উপসর্গ উপস্থিত হয়।

শরীর-তত্ত্ব (Anatomy) অ্যানাটমি।

শর্করার্ব্বুদ (Open bleeding cancer) রক্তস্রাবী কর্কট।

শর্টসাইটেড-নেস (Shortsightedness) নিকট-দৃষ্টি।

শল্য (Foreign body) তৃণ, কাষ্ঠ, প্রস্তর, ধূলি, লৌহ, অস্থি, কেশ,

নখাদি দেহের অন্তর্নিহিত হইলে শল্য বলাযায়।
শল্কপাত (Desquamation) ক্ষুদ্র ক্ষুদ্র আঁইশের ন্যায় ছাল পড়িয়া যাওয়া
শস্ত্র-ক্রিয়া (Surgical operation) রুগ্ন বা উপহত অঙ্গাদি আরোগ্যার্থে অস্ত্রকরা।
শস্ত্রোপচার (Operation) অস্ত্র-করা
শাওয়ার-বাথ (Shower-bath) সহস্র ঝারায় স্নান।
শাখা (Extremities) হস্ত পদাদি।
শাণিত (Sharp) ধারাল।
শারীর-বিকার (Cachexia) রক্ত-দুষ্টতা বশতঃ শরীরের রুগ্নভাব; ধাতু-বিকৃতি। [অলজি।
শারীর-বিধান (Physiology) ফিজি-
শারীর-ব্রণ (Ulcer) ক্ষত ; ঘা।
শারীরস্থান (Anatomy) য়্যানাটমি।
শার্ঙ্গত্বক (Cornea) কনীনিকা।
শার্ঙ্গত্বগোষ (Keratitis) কনীনিকা-প্রদাহ।
শিখরদেশ (Apex) অগ্রভাগ ; মাথা।
শিখাকার (Conical) মঠাকার।
শিঙ্গেল্‌স (Shingles) কোমরবন্ধের ন্যায় দাদ ; কটিদদ্রু।
শিথ (Sheath) নাড়ী, পেশী, কণ্ডরা প্রভৃতি আবরক কোষ ; পিধান।
শিথিলতা (Relaxation) ঢিলে হইয়া যাওয়া।
শিন (Shin) জঙ্ঘার সম্মুখাংশ, যে স্থানে টিবিয়া বা দীর্ঘাস্থি কেবল চর্ম্মদ্বারা আবৃত।
শিরঃশূল (Headache) মাথাব্যথা।
শিরা (Vein) যে সকল নাড়ী কৈশিকা নাড়ী হইতে রক্তগ্রহণ করিয়া হৃৎপিণ্ডে বহন করিয়া লইয়া যায় ; অবিশুদ্ধ কৃষ্ণবর্ণ রক্তবহা নাড়ী। [টিস।
শিরা-প্রদাহ (Phlebitis) ফ্লিবাই-
শিরা-প্রসারণ (Varicose vein) শিরাফুলিয়া উঠা। [সিল।
শিরার্ব্বুদ (Varicocele) ভেরিকো-
শিরা-শিলা (Phlebolite) শিরাতে পাতরি।
শিরাস্পন্দ (Pulsation of vein) রগলাফান।
শিরোগৌরব (Heaviness of head) মাথাভার। [ড়ান।
শিরোগ্রহ (Headache) মাথাকাম-
শিরোঘূর্ণন (Vertigo) মাথাঘোরা ; ঘূর্ণি।
শিলা-তৈল (Petroleum) শৈলজাত এক প্রকার তৈল।
শিলাস্থি (Os Petrosum) শঙ্খাস্থির অংশ বিশেষ।
শিশু-বিসূচিকা (Cholera Infantum) শিশু-দিগের ওলাউঠা।
শিশ্ন (Penis) পুরুষাঙ্গ।
শীতপিত্ত (Urticaria) বিছুটী (বৃশ্চিকপত্রী) লাগিলে চর্ম্মে যে প্র-

কার লক্ষণ প্রকাশপায় সেইরূপ লক্ষণাপন্ন চর্ম্মরোগ বিশেষ। ভ্রম-ক্রমে কোথাও কোথাও ইহাকে আমবাত কহে।

শীতলকটিস্বেদ (Cold sitz bath) পাদ ও জঙ্ঘা উষ্ণ জলে মগ্ন রাখিয়া, ৫৮। ৬০ তাপাংশ শীতল জলপূর্ণ স্বেদ-কটাহে কটিদেশ পর্য্যন্ত মগ্ন করিয়া উপবেশন।

শীতস্ফোট (Chilblain) শীতবশতঃ হাত পা ফাটা।

শীতাদ (Scurvy) রক্ত দূষিত হইয়া আঘাতাদি বিনা নাড়ী হইতে রক্তস্রাব, দন্তমাংসের দুর্গন্ধ ও ক্ষরণ, এবং চর্ম্মে কালচক্র বিশিষ্ট এক প্রকার রোগ।

শীতাবস্থা (Cold-stage) জ্বররোগের শীত কম্পাদি বিশিষ্ট কাল।

শুক্র (Semen) পুরুষের বীর্য্য, রেতঃ।

শুক্রকীট (Spermatozoa) শুক্রের জীবাণু, স্পার্ম্মেটোজোয়া।

শুক্রমেহ (Spermatorrhœa) মলমূত্রাদি ত্যাগকালে, স্বপ্নাবস্থায় ও সামান্য উত্তেজনায় অনিচ্ছায় শুক্রক্ষরণ।

শুক্রাধার (Vesiculæ seminalis) সঞ্চিত শুক্র ধারণার্থ ক্ষুদ্র কোষদ্বয়।

শুক্লচর্ম্মি (Leuce) লিউস দ্রষ্টব্য।

শুক্লমণ্ডল (Conjunctiva) চক্ষুর শুভ্রবর্ণ আবরণ ঝিল্লী।

শুগার (Sugar) চিনি।

শুগার-অভ-মিল্ক (Sugar of milk) দুগ্ধজাত চিনি; দুগ্ধশর্করা।

শুভ্র অর্শ (White piles) আমস্রাবী অর্শ।

শূটিং (Shooting) দ্রুত ও অল্পক্ষণ স্থায়ী বেদনানুভব, চিড়িক মারা।

শৃগ্নম (Jujunum) জুজুনম।

শেকিংপল্‌জি (Shaking Palsy) কম্প বিশিষ্ট পক্ষাঘাত।

শেয়ার-বোন (Share-bone) অসপিউবিস, মাংপুরাস্থি।

শৈষ্মানত্বক (Schneiderian-Membrane) নাসারন্ধ্রের শ্লেষ্মাস্রাবী ঝিল্লী।

শৈবালিকা (Lichen) লিকেন।

শৈরিক (Venous) শিরা সম্বন্ধীয়।

শৈলিন্ধ্রছত্র (Mushroom) ছত্রক, বেঙের ছাতা।

শো (Show) প্রসবের দুই একদিন পূর্ব্বে যে রক্তমিশ্রিত শ্লেষ্মানির্গত হয়।

শোণ-বিন্দু (Corpuscles) রক্তের কণিকা, অণুকোষ।

শোণিত-সংক্রমণ (Transfusion of blood) একদেহ হইতে অন্যদেহের শিরায় রক্ত প্রবিষ্ট করা।

শোথ (Dropsy) জলপূর্ণ স্ফীততা।

শোধিতসুরা (Rectified spirit) ৬০ ডিগ্রী ওভারপ্রূফ স্পিরিট।

শোফ (Swelling) ফুলা।
শোল-ডার-ব্লেড (Shoulder-blade) স্কন্ধের ত্রিকোণাকার প্রশস্ত অস্থি।
শোষ (Consumption) শরীর-ক্ষয়।
শৌবন-দন্ত (Canine Teeth) কুকুর বৎসূক্ষ্মাগ্রদন্ত।
শ্যাফ্‌ট (Shaft) স্তম্ভাকার অংশ। তীরাদির বৃন্তবৎ অংশ।
শ্যাব (Livid) কৃষ্ণপীত মিশ্রিত বর্ণ; শেগাইয়ের রং।
শ্যাম্পুইং (Shampooing) অঙ্গসম্বাহন; গা টেপা।
শ্রিল (Shrill) তীব্র-স্বর।
শ্রোণী (Loins) কটি।
শ্রোণী-প্রদেশ (Iliac Region) পাঁজরা ও কুচকির মধ্যবর্ত্তী নিম্নোদরের পার্শ্ব।
শ্রোণীফলকাস্থি (Ossa Innominata) অসা ইনোমিনেটা।
শ্রোণী-স্ফোটক (Psoas abscess) কটির নিম্নদেশের ব্রণ-শোথ।
শ্লীপদ (Elephantiasis) গোদ।
শ্লেষ্মা (Mucous) কফ; আম।
শ্লৈষ্মিক-গ্রন্থি (Mucous follicles) শ্লেষ্মাস্রাবী ক্ষুদ্র ক্ষুদ্র গ্রন্থি।
শ্লৈষ্মিক ঝিল্লী (Mucous Membrane) শ্লেষ্মাস্রাবী ঝিল্লী।
শ্লৈষ্মিক পাণ্ডু (Anaemia) এনিমিয়া।
শ্বাস (Asthma) শ্বাসকাস, হাঁপানি রোগ।
শ্বাসকৃচ্ছ্র (Difficulty of breathing) নিশ্বাস প্রশ্বাসে কষ্ট।
শ্বাস-যন্ত্র (Respiratory organs) ফুসফুসাদি যে সকল শারীরিক যন্ত্র দ্বারা নিশ্বাস প্রশ্বাস ক্রিয়া নির্ব্বাহিত হয়।
শ্বাসোপনলী (Bronchial Tubes) শ্বাসনলীর শাখা, যদ্দ্বারা ফুসফুসে বায়ু সঞ্চারিত হয়।
শ্বিত্র (Leucoderma) ধবল; পাথর।
শ্বেতকুষ্ঠ (Leucoderma) ধবল; পাথর; শ্বিত্র।
শ্বেতঝিল্লী (Tunica Albuginea Testis) অণ্ডকোষের আবরণ ঝিল্লী।
শ্বেতপ্রদর (Leucorrhœa) জরায়ু বা যোনির শ্লৈষ্মিক ঝিল্লী হইতে শ্লেষ্মাবৎ স্রাব নিঃসরণ।
শ্বেতসার (Starch) শস্যকন্দাদি হইতে উৎপন্ন চিনির সমগুণ শুভ্র, চিক্কণ, দানাময় পদার্থ বিশেষ।

ষ

ষ্টপিং (Stopping) ক্ষয়প্রাপ্ত দন্তের গহ্বরে অন্য কোন বস্তু প্রবেশ না করিতে পারে তন্নিমিত্ত মোমাদি কোন পদার্থ দ্বারা উহা রুদ্ধকরণ। এই প্রকার রুদ্ধকর বস্তু।
ষ্টমেটাইটিস (Stomatitis) মুখ-মধ্যের প্রদাহ; মুখোষ।

ষ্টম্যাক (Stomach) ভুক্তদ্রব্যগ্রাহী পেশী ও ঝিল্লী নির্ম্মিত তুম্বীর আকার পরিপাক ক্রিয়ার প্রধানযন্ত্র ; পাকস্থলী।

ষ্টম্যাক-পাম্প (Stomach Pump) পাকস্থলীতে পথ্যাদি তরল পদার্থ পূরণ ও বিষাদি অন্যান্য পদার্থ বহিষ্করণার্থ যন্ত্র বা পিচকারী বিশেষ।

ষ্টাম্প (Stump) ছিন্ন অঙ্গাদির অবশেষ।

ষ্টাই (Stye) অঞ্জনী ; আঁজিন।

ষ্টাইল (Style) ফুলের গর্ভতন্তু।

ষ্টাইলয়েড (Styloid) পেনক্লমের ন্যায়।

ষ্টাইলো-(Stylo-) শঙ্খাস্থির ষ্টাইলয়েড প্রবর্দ্ধনের সহিত সংস্পৃষ্ট জ্ঞাপক পূর্ব্বপদ ; যথা—ষ্টাইলো-হাই-অয়েড, ষ্টাইলয়েড প্রবর্দ্ধন ও হাই-অয়েড অস্থির মধ্যবর্ত্তী পেশী।

ষ্টার-টর (Stertor) গভীর নাসারব।

ষ্টার-টোরাস (Stertorous) দীর্ঘ ও সশব্দ শ্বাস প্রশ্বাস সংযুক্ত।

ষ্টারিলিটি (Sterility) বন্ধ্যাত্ব।

ষ্টার্চ্চ (Starch) শ্বেতসার।

ষ্টার্চ্চি (Starchy) শ্বেতসার বিশিষ্ট।

ষ্টার্ণাম (Sternum) বুক্কাস্থি ; বক্ষঃস্থলের মধ্যস্থলে মধ্যভাগে অবস্থিত অপ্রশস্ত চেপ্টা অস্থি।

ষ্টার্ণো (Sterno-) বুক্কাস্থির সহিত সংস্পৃষ্টতা জ্ঞাপক পূর্ব্বপদ ; যথা ষ্টার্ণো-থাইরয়েড-বুক্কাস্থি হইতে থাইরয়েড উপাস্থি পর্য্যন্ত প্রসারিত পেশী।

ষ্টার্ণো-ক্লেইডো-ম্যাষ্টয়েড (Sterno-cleido-mastoid) যে পেশী দ্বারা মস্তক ঘূর্ণিত হয়।

ষ্টার্ণ্যাল (Sternal) বুক্কাস্থি সম্বন্ধীয়।

ষ্টিকিং-প্ল্যাষ্টার (Sticking Plaster) য়্যাড-হিসিভ প্ল্যাষ্টার।

ষ্টিগ-মা (Stigma) চিহ্ন।

ষ্টিচ (Stitch) সূচীবেধের ন্যায় বেদনা।

ষ্টিচিং (Stitching) সূচীবেধবৎ। সূচীবেধবৎ-বেদনা।

ষ্টিপিউল (Stipule) উপতৃণ।

ষ্টিপ্টিক (Styptic) সঙ্কোচক ; রক্তরোধক।

ষ্টিফ (Stiff) শক্ত ; আড়ষ্ট।

ষ্টিফ-নেক (Stiff neck) গ্রীবার পেশীর বাত ; গ্রীবা-স্তম্ভ।

ষ্টিবিয়াম (Stibium) য়্যাণ্টিমনি ; রসাঞ্জন।

ষ্টিবিয়ালিজম্ (Stibialism) রসাঞ্জনের বিষক্রিয়া জনিত লক্ষণ।

ষ্টিম (Steam) ধূম ; উষ্ণজলের বাষ্প।

ষ্টিমুলেট (Stimulate) উত্তেজন।

ষ্টিমুলেশন (Stimulation) উত্তেজনা।

ষ্টিমুল্যাণ্ট (Stimulant) শরীরের ভিন্ন ভিন্ন যন্ত্রের ক্রিয়ার উত্তেজক ; উত্তেজক ঔষধ।

ষ্টিটোমা (Steatoma) বসাগর্ভ অর্ব্বুদ।

ষ্টিয়্যাটোসিল (Steatocele) অণ্ডকোষের বসাময় অর্ব্বুদ।

ষ্টিটোসিস (Steatosis) অস্বাভাবিক মেদ সঞ্চয়।

ষ্টিয়ার (Stear) মেদ ; বসা।

ষ্টিরাইল (Sterile) বন্ধ্যা।

ষ্টিরিণ (Stearin) বসার নিরেট অংশবিশেষ।

ষ্টিরেল-মিন্থা (Sterelmintha) নিরুদর বা নিরেট কৃমি।

ষ্টিল-বরণ (Still-born) গর্ভ হইতে মৃত সন্তানের জন্ম ; মৃতজন্ম।

ষ্টিলেট (Stiletto) ক্যাথিটারের মধ্যস্থ শলা বা তার।

ষ্টীল (Steel) ইস্পাত।

ষ্টুপ (Stupe) শণ বা অন্য কোন বস্ত্র সামান্য বা ঔষধমিশ্রিত উত্তপ্তজলে ভিজাইয়া নিংড়াইয়া লইয়া সেক প্রদান।

ষ্টুপর (Stupor) ইন্দ্রিয়ের ক্রিয়াপরিশূন্যতা , বিহ্বলতা।

ষ্টেজ (Stage) রোগের ভিন্ন ভিন্ন অবস্থা, যথা কোল্ড্‌ষ্টেজ-জ্বরের শীতাবস্থা।

ষ্টেথস্কোপ (Stethoscope) বক্ষঃস্থলাদির শব্দ-শুনিয়া রোগনিরূপণার্থ যন্ত্রবিশেষ ; বক্ষবীক্ষণ যন্ত্র।

ষ্টেপিজ (Stapes) ঘোড়ার রেকাবের আকার কর্ণের অভ্যন্তরস্থ ক্ষুদ্র অস্থি।

ষ্টেপিডিয়ঃস (Stapedius) ষ্টেপিজ অস্থির গ্রীবা সংলগ্ন কর্ণের পেশী।

ষ্টেম (Stem) বৃক্ষাদির কাণ্ড; শুঁড়ি।

ষ্টেমেন (Stamen) পুংকেসর।

ষ্টেলেট (Stellate) তারারন্যায় ; তারকাকিরণেরন্যায় এককেন্দ্র হইতে চারিদিকে বিকীর্ণ।

ষ্টেসিস (Stasis) ষ্ট্যাগ-নেশন।

ষ্ট্যাগ-নেশন (Stagnation) শরীরের তরল পদার্থের গতি স্থগিত হইয়া কোন স্থানে সংযত হওয়া।

ষ্ট্যাণঃম (Stannum.) টিন।

ষ্ট্যাফিলোমা (Staphyloma) চক্ষুর সম্মুখভাগের বিবর্দ্ধন।

ষ্ট্যামারিং (Stammering) তোতলারোগ।

ষ্ট্যামিনা (Stamina) দেহাদির দৃঢ়াংশ, যথা শরীরের হাড়। [চনা।

ষ্ট্রঃক-চার (Structure) নির্ম্মাণ ; র-

ষ্ট্রঙ্গ (Strong) সবল ; উগ্র।

ষ্ট্রফিউলঃস (Strophulus) শিশুদিগের হামের ন্যায় পীড়কাবিশিষ্ট চর্ম্মরোগবিশেষ; অলজিকা; বেলা।

ষ্ট্রাইএট, ষ্ট্রাইএটেড (Striate, striated) সূক্ষ্ম সমান্তরাল রেখাঙ্কিত।

ষ্ট্রায়ি (Striæ) সীতা বা সূত্রবৎ রেখা। একবচন ষ্ট্রাইয়া।

ষ্ট্রিক-নিয়া (*Strychnia*) কুচিলা হইতে উৎপন্ন এক প্রকার বিষাক্ত বীর্য্য।

ষ্ট্রিক-চার (Stricture) শরীরের কোন দ্বারের অস্বাভাবিক আকুঞ্চন বা সংবৃতি ; মূত্রদ্বারের সংবৃতি।

ষ্ট্রিম (Stream) ধারা ; স্রোত।

ষ্ট্রুমঃস (Strumous) গণ্ডমালাসংক্রান্ত বা বিশিষ্ট।

ষ্ট্রুমা, (Struma) গণ্ডমালা।

ষ্ট্রেটঃম (*Stratum*) স্তর। বহুবচন-ষ্ট্রেটা। [ছাঁকন।

ষ্ট্রেণ (Strain) মচকান। (ক্রি)

ষ্ট্রেণিং (Straining) বেগ, কোঁথ।

ষ্ট্রোমা (Stroma) কোন যন্ত্র বা গ্রন্থির মূল বা ভিত্তি-তন্তু।

ষ্ট্র্যাঙ্গুরি (Strangury) বেদনাসহ বিন্দু বিন্দু মূত্রপাত ; মূত্রকৃচ্ছ্র।

ষ্ট্র্যাঙ্গুলেটেড (Strangulated) সুদৃঢ় আকুঞ্চন বশতঃ রক্ত সঞ্চলন অবরুদ্ধ।

ষ্ট্র্যাঙ্গুলেশন (Strangulation) গ্রীবাদেশে বন্ধন বা কণ্ঠনালীতে চাপ প্রদান করিয়া বলপূর্ব্বক বায়ু-পথ অবরোধ।

ষ্ট্র্যাপিং (Strapping) ষ্টিকিংপ্লাষ্টার সংযুক্ত খণ্ডখণ্ড বস্ত্র বিস্তার।

ষ্ট্র্যাবিস-মঃস (Strabismus) তির্য্যকদৃষ্টি রোগ।

ষ্ট্র্যামোনিয়ম (Stramonium) ধুতুরা।

স

সংক্রামক (Infectious) ছোঁয়াটিয়া (রোগ)। যে সকল পীড়ার বিষ বায়ু সংযোগে শরীরে প্রবিষ্ট হয়।

সংঘাত (Concussion) কম্পন।

সংজ্ঞানাশ (Insensibility) অচৈতন্য।

সংন্যাস (Apoplexy) য়্যাপোপ্লেক্সি।

সংবৃতি (Stricture) ষ্ট্রিক-চার।

সংবেদ (Sensibility) অনুভব; জ্ঞান।

সংবেদাধিক্য (*Hyperæsthesia*) অনুভব শক্তির আতিশয্য।

সংশ্লিষ্ট (United) মিলিত।

সংযত রক্ত (Coagula) জমাট রক্ত খণ্ড। [করণ।

সংযম (Coagulation) জমান; গাঢ়

সংরম্ভ (Throbbing) দপদপ। ক্রোধ।

সংলগ্নতা (Adhesion) লাগিয়া থাকা।

সঃকঃস (Succus) রস।

সঃকুশন (Succussion) রোগীর শরীর সঞ্চালন করিয়া ও তজ্জনিত শব্দ শুনিয়া বক্ষঃগহ্বরে জলাদি তরল পদার্থের সঞ্চার নিরূপণ প্রক্রিয়া ; সন্দোলন।

সঙ্কর (Complex) মিশ্র।

সঙ্কোচক (Astringent) যে ঔষধে শিধানতন্তু সঙ্কুচিত হয়।

সঙ্কোচিনীপেশী (Flexor Muscle. যে পেশী দ্বারা শরীরাংশ অবনত হয়।

সঙ্গম (Coition) মৈথুন।

সঙ্গমেন্দ্রিয় (Sexual organs) রতিক্রিয়া সাধক শরীরযন্ত্র।

সতীচ্ছদ, সতীদেবী (Hymen) হাইমেন দ্রষ্টব্য।

সদ্য-ব্রণ (Wound) উণ্ড্ দ্রষ্টব্য।

সদৃশ-চিকিৎসা (Homœopathy) হোমিওপ্যাথি দ্রষ্টব্য।

সান-ষ্ট্রোক (Sun-stroke) সর্দ্দি গর্ম্মি রোগ; অর্কাঘাত।

সন্ধি (Joint) অস্থির সংযোগস্থান।

সন্ধিকা (Pit) অঙ্গুলীর চাপে শোথের স্ফীততায় যে গর্ত্ত জন্মে।

সন্নিপাতজ্বর (Typhoid Fever) টাইফয়েডফিভার।

সন্নিপাতলক্ষণ (Typhoid symptoms) টাইফয়েড সিম্পটম্স বিকার-লক্ষণ।

সন্নিহিতকারণ (Proximate cause) মুখ্যকারণ।

সাপুরেটিভ (Suppurative) পূযজনক বা পূযবর্দ্ধক।

সাপুরেশন (Suppuration) পূযোৎপত্তি। [বর্ত্তি।

সাপোজিটরি (Suppository) ফল,

সাপোর্টার (Supporter) নিম্ন উদর ধারণ ও প্রচাপনার্থ পটী।

সাপ্রেশন (Suppression) স্বাভাবিক স্রাবের অনুৎপত্তি বা অবরোধ।

সাপ্রেষ্ট (Suppressed) অবরুদ্ধ; অনুৎপন্ন।

সফেনিং (Softening) শারীরিক যন্ত্রাদির স্বাভাবিক দৃঢ়তার হ্রাস; কোমলতা।

সফ্ট (Soft) নরম, কোমল।

সফ্ট প্যালেট (Soft Palate) উপজিহ্বা; কোমল-তালু।

সাব- (Sub-) অনধিক বা কিয়ৎপরিমাণ, অথবা 'নিম্ন' জ্ঞাপক পূর্ব্বপদ। রসায়ন শাস্ত্রে ন্যূনতা জ্ঞাপক পূর্ব্বপদ, যথা সব-এসিটেটে-যে এসিটেট এসেটিক এসিডের অংশ অপেক্ষা অক্সাইডের অংশ অধিক।

সাব-অক্সাইড (Suboxide) এক-ভাগ অক্সিজেন ও দুইভাগ অপর কচ পদার্থ মিশ্রিত মিশ্রদ্রব্য।

সাব-ইনভোলিউশন (Sub-Involution) প্রসবাদির পর প্রসারিত জরায়ুর অসম্যক সঙ্কোচন। গর্ভস্রাব বা প্রসবাদির পর প্রদাহাদি ব্যতীত জরায়ুর পৈশিক বিধান তন্তুর বিবৃদ্ধি।

সাব-কুটেনিয়াস (Subcutaneous) ত্বক বা চর্ম্মের নিম্নে স্থিত বা স্থাপিত। [নিম্নস্থ।

সাব-কষ্টাল (Subcostal) পর্শুকা

সাব-ক্লেভিয়ান (Subclavian) জত্রু অস্থির নিম্নস্থ।

সংব-জেক্ট (Subject) শবচ্ছেদ গৃহস্থিত মৃতদেহ।

সংব-জেক্টিভ (*Subjective*) যে সকল লক্ষণ রোগী স্বয়ং জ্ঞাত হয়, আশ্রয়নিষ্ঠ।

সংব-সংল্টস (Subsultus) আক্ষেপিক গতি বা স্পন্দন।

সংব-ম্যাক্সিলারি (Submaxilary) হনু বা চোয়ালের নিম্নস্থ।

সংব-য়্যাকিউট (Subacute) রোগের তরুণাবস্থা অপেক্ষা জ্বর বা প্রদাহের স্বল্পতাবিশিষ্ট।

সংব-য্যাক্সিলারি (Subaxillary) কক্ষতলস্থ। [বিরামশীল।

সবিরাম (Intermittent) সবিচ্ছেদ;

সবেদনদাহ (Phlegmasia Dolens) সূতিকাস্তম্ভ।

সংব্লিমেট (Sublimate) অধঃপাতিত; অধঃপাতন প্রক্রিয়া হইতে উৎপন্ন।

সংব্লিমেশন (Sublimation) শুষ্ক ও কঠিন পদার্থ বাষ্পীভূত করিয়া পুনরায় শীত প্রয়োগদ্বারা সংযত ও কঠিন করণ;অধঃপাতন-প্রক্রিয়া।

সম-নি-ফেরংস (Somniferous) নিদ্রাজনক।

সম-ন্যাম-বিউলিজ্ম (Somnambulism) নিদ্রাবস্থায় বিচরণ বা জাগরিতের ন্যায় কার্য্যাকরণ; স্বপ্নসঞ্চরণ; নিশিপাওন।

সমবরোধন (Thrombus) থ্রম্বংস।

সমবেদনা (Sympathy) শরীরের একাঙ্গ পীড়িত হইলে পরস্পর সম্বন্ধবশতঃ অন্যাঙ্গ পীড়িত হওয়া, যথা—মস্তিষ্কে অর্ব্বুদ জন্মিলে পাকস্থলীর সহিত মস্তিষ্কের সমবেদনা বশতঃ বমন।

সমবেদন স্নায়ু (Sympathetic Nerve) সমগ্র পৃষ্ঠবংশের উভয় পার্শ্বে প্রসারিত গ্রন্থি-শৃঙ্খল হইতে উৎপন্ন সমবেদনাজনক স্নায়ুমণ্ডল।

সমমণ্ডল (Temperate Zone) যে সকল স্থান নাতিশীতোষ্ণ।

সম-মত (Homœopathy) হোমিওপ্যাথি। [যুক্ত।

সমস্ত (Compound) সমাসিত; সং-

সমাস (Composition) মিশ্রণ; মিশ্রপদার্থ।

সমীকরণ (Assimilation) ভুক্ত বস্তু রক্ত মাংস মেদ অস্থি প্রভৃতিতে পরিণত হওয়া।

সমুৎসর্গ (Evacuation) মলমূত্রাদি যাহা শরীর হইতে স্বভাবতঃ পরিত্যক্ত হয়।

সম্পীডন (Compression) প্রচাপন।

সম্প্রসারণ (Extension) প্রসারিত করা; বিস্তৃত হওয়া।

সম্প্রাপ্তি (*Pathology*) প্যাথলজি; নিদান।

সম্বাহন (Shampooing) গাত্রমর্দ্দন।
সয়েল (Soil) ভূমি ; জমী।
সরলান্ত্র (Rectum) বৃহৎ অন্ত্রের তৃতীয় বা শেষাংশ।
সরলান্ত্র-প্রদাহ (Proctitis) প্রক্টাইটিস।
সর্ডিস (Sordes) দন্তে ময়লাসঞ্চয়, দন্ত-শর্করা।
সর্ব্বাঙ্গীন (General) সর্ব্বশরীরব্যাপী।
সল্-ফাইড (Sulphide) অম্লকোন ধাতুর সহিত গন্ধকের যোগ।
সল্‌-ফার (Sulphur) গন্ধক।
সল্‌-ফিউরাস য়্যাসিড (Sulphurous Acid) সলফিউরিক য়্যাসিড অপেক্ষা একভাগ অক্সিজেন কম একপ্রকার দ্রাবক।
সল্‌-ফিউরিক-য়্যাসিড (Sulphuric Acid) তিন ভাগ অম্লজান ও একভাগ গন্ধক সংযোগে প্রস্তুত একপ্রকার তৈলবৎদ্রাবক ; গন্ধকদ্রাবক।
সল্‌-ফিউরেট (Sulphuret) সলফাইড।
সল্-ভেণ্ট (Solvent) দ্রবকর।
সল্‌কাস (Sulcus) অস্থি বা অন্য যন্ত্রোপরি সীতা। ব, ব, সল্‌-সাই।
সলিউবিলিটি (Solubility) তরল পদার্থ সংযোগে দ্রবীকৃতা ; দ্রাব্যতা।
সলিউশন (Solution) দ্রব ; কঠিন বস্তু ও তরল বস্তুতে বিমিশ্রণ।
সলিটারি (Solitary) অসমবেত ; স্বতন্ত্র ; নিঃসঙ্গ।
সলিড (Solid) নিরেট, ঘন।
সল্ট (Salt) বাহ্যদৃষ্টে লবণের ন্যায় কোন লবণাক্ত বস্তু ; ক্ষারের সঞ্চিত মিশ্রিত অম্ল।
সল্ট-অভ-টার্টার (Salt of Tartar) কার্ব্বনেট অভ্ পোটাশ।
সল্ট-অভ-লেমন (Salt of Lemon) বিন্ অক্‌জেলেট্ অভ্ পোটাশ।
সল্ট-অভ-সোরেল (Salt of Sorrel) অক্‌জেলেট্ অভ্ পোটাশ।
সল্ট-পিটার (Saltpetre) সোরা।
সাস্পেণ্ডেড-য়্যানিমেশন (Suspended animation) জলমগ্নাদি কোন কারণবশতঃ শ্বাসক্রিয়া স্থগিত হইয়া জীবনীশক্তির স্তম্ভিত অবস্থা, কিন্তু সম্যক মৃত্যু নহে।
সাস্পেন্সরি (Suspensory) যাহা ঝুলাইয়া বা উত্তোলিত করিয়া রাখে।
সাস্পেন্সরি ব্যাণ্ডেজ (Suspensory Bandage) অণ্ডকোষ উত্তোলনবন্ধন বিশেষ।
সহজ (Congenital) জন্মগত।
সহজাত (Hereditary) পৈত্রিক ; কৌলিক।
সহানুভূতি (Sympathy) সিমপ্যাথি; সমবেদনা।
সাইকলজি (Psychology) মনোবিজ্ঞান।

সাইকোমা (Sycoma) ডুমুরের আকার আঁচিল।

সাইকোসিস (Sycosis) মুখমণ্ডলের শ্মশ্রুল অংশের এক প্রকার 'একি্‌' বা মুখদূষিকা রোগ, ক্ষৌর-কণ্ডু। [সিক রোগ।

সাইকোসিস (Psychoses) মান-

সাইনঃস (Sinus) নালীঘা। অগ্র-ভাগ অপেক্ষা পশ্চাৎভাগ অধিক প্রশস্ত গহ্বর।

সাইনি (Sine) ব্যতীত।

সাইনিকিয়া (Synechia) লেন্সের কোষ বা বণিকার সহিত আই-রিস সংলগ্ন হইয়া যাওয়া।

সাইনোকা (Synocha) প্রাদাহিক অবিচ্ছেদ জ্বর।

সাইনোভাইটিস (Synovitis) স্নেহ-স্রাবী ঝিল্লীর প্রদাহ; শিরামণ্ড।

সাইনোভিয়া (Synovia) এক প্রকার আঠা আঠা স্বচ্ছ, ডিম্বের শ্বেতাংশের স্থায় তরল পদার্থ বা রস, শরীরের স্নেহস্রাবী ঝিল্লী হইতে ইহা নিঃসৃত হয়; স্নেহ।

সাউণ্ড (Sound) মূত্রাশয়ে প্রস্তর আছে কিনা নিরূপণার্থ শলাকার ন্যায় যন্ত্র বিশেষ।

সাংঘাতিক (Malignant) দূষিত, প্রাণনাশক।

সাধারণ (General) সর্বাঙ্গীন। সামান্য।

সান্দ্রতা (Porosity) সচ্ছিদ্রতা।

সান্ত্ব-বিধান (Spongy Texure) স্পঞ্জের ন্যায় সচ্ছিদ্রতা বিশিষ্ট বিধান।

সান্দ্র (Gelatenous) জিলেটিন পূর্ণ।

সামঞ্জস্য (Equilibrium) সমতা। এক স্থানে অধিক একস্থানে অল্প নহে।

সামান্য (Simple) উপসর্গাদি ব-র্জ্জিত। অন্য কোন রোগের স-হিত সংসৃষ্ট নহে।

সামান্যমলম (Simple cerate) মোম, নারিকেল তৈল ও খড়ি দ্বারা প্রস্তুত মলম বিশেষ।

সাময়িক (Periodic) যে সকল রোগ নির্দ্ধারিত সময়ে উপস্থিত হয়। [বজ্রনীর।

সায়েটিক (Sciatic) উরু সম্বন্ধীয়; সায়েটিক-নার্ভ (Sciatic Nerve) কটি-স্নায়ু।

সায়েটিকা (Sciatica) সায়েটিক স্নায়ুর অনুগামী এক প্রকার বেদনা বা বাত, গৃধ্রসী।

সায়েনোসিস (Cyanosis) হৃৎপি-ণ্ডের নির্ম্মাণ-বিভ্রাট বশতঃ গা-ত্রের নীলবর্ণ, নীলপাণ্ডু; নীল রোগ।

সায়েলগগ (Sialagogue) লালা-নিঃসারক ঔষধ।

সার (Extract) এক্সট্রাক্ট।

সারক (Catharatic) বিরেচক।

সার্কাম-ফ্লেক্স (Circumflex) মণ্ডলাকারে বক্র ; ঘূর্ণিত।

সার্কাম-সিশন (Circumcision) ছুন্নত ; ত্বকচ্ছেদ।

সার্কাম-স্ক্রাইবড (Circumscribed) সীমা বেষ্টিত। [সঙ্কলন।

সার্কিউলেশন (Circulation) বক্ত

সার্কোমা (Sarcoma) বেদনা ও প্রদাহ-শূন্য দৃঢ় মাংসল অর্ব্বুদ, মাংসার্ব্বুদ।

সার্কোসিল (Sarcocele) অণ্ডকোষের মাংসল ও কঠিন স্ফীততা, মাংসজ বৃদ্ধি।

সার্কোসিস (Sarcosis) মাংসোৎপত্তি, মাংসার্ব্বুদ।

সার্জ্জন (Surgeon) অস্ত্রচিকিৎসক।

সার্জ্জারি (Surgery) অস্ত্র চিকিৎসাবিদ্যা।

সার্টোরিয়াস (Sartorius) পেলভিসের বহির্ভাগ হইতে টিবিয়ার মধ্য ও সম্মুখভাগ পর্য্যন্ত প্রসারিত দীর্ঘ ও অপ্রশস্ত পেশী বিশেষ, এই পেশীর ক্রিয়া বশতঃ এক জঙ্ঘা অপর জঙ্ঘার উপর স্থাপিত ও জঙ্ঘা অভ্যন্তর দিকে বক্র করা যায়।

সার্ডনিক-লাফ্-টার (Sardonic laughter) আক্ষেপিক ও অনৈচ্ছিক হাস্য।

সার্ব্বাঙ্গিক (Constitutional) ধাতুগত।

সার্ভিক্স (Cervix) গ্রীবা। জরায়ু প্রভৃতি যন্ত্রের গ্রীবার ন্যায় অপ্রশস্ত অংশ। [ন্ধীয়।

সার্ভিক্যাল (Cervical) গ্রীবা সম্ব-

সার্সাইটিস (Sarcitis) উদরী।

সার্সিনা (Sarcina) এক প্রকার আণুবীক্ষণিক উদ্ভিদ, বান্তপদার্থে কখন কখন দৃষ্ট হয়।

সিউডো-(Pseudo-) কৃত্রিম বাচক পূর্ব্বপদ। স্বল্প সাদৃশ্য জ্ঞাপক পূর্ব্বপদ, যথা সিউডো নিউর‍্যালজিক-স্নায়ুশূল সদৃশ।

সিউডোরেক-শিয়া (Pseudorexia) অথাদ্য ভোজনস্পৃহা।

সিউডোসাইসিস (Pseudocyesis) কৃত্রিম গর্ভ।

সিউডর (Sudor) ঘর্ম্ম।

সিউডরিপেরাস (Sudoriparous) ঘর্ম্মস্রাবী।

সিউডরিফিক (Sudorific) ঘর্ম্মকর ঔষধ।

সিউডারিফেরাস (Sudoriferous) ঘর্ম্মবাহী।

সিউডামিনা (Sudamina) ঘামাচি।

সিকাম (Cæcum) অন্ধান্ত্র।

সিকোয়েলি (Sequelæ) রোগের পরিণামোপসর্গ।

সিকেট্রিক্স (Cicatrix) আরো-

গ্যাস্তে ক্ষতের যে দাগ থাকে ; ক্ষতচিহ্ন।

সিকেট্রিজেশন (Cicatrization) ত্বগুৎপাদনপ্রক্রিয়া।

সিক্যাল (Cœcal) অন্ধান্ত্র সম্বন্ধীয়।

সিক্রিশন (Secretion) রক্ত হইতে রক্ত ভিন্ন স্বতন্ত্র পদার্থ অর্থাৎ পিত্ত, লালা, মূত্রাদি উৎপন্ন হইবার প্রক্রিয়া। এই সমস্ত স্বতন্ত্রিত পদার্থ। নিস্রবণ ক্রিয়া।

সিক্রিটরি গ্ল্যাণ্ডস্ (Secretoryglands) যে সকল গ্রন্থি হইতে সিক্রিশন বা নিঃস্রব বাহির হয়।

সিগ-ময়েড (Sigmoid) গ্রীক অক্ষর সিগ্‌মা বা ইংরেজী S র ন্যায় দুইদিকে বক্র।

সিগ-ময়েড-ফ্লেক্সর (Sigmoid flexure) স্থূলান্ত্রের শেষ বক্রাংশ।

সিঙ্গঃল-টঃস (Singultus) ডায়েফ্রামের আক্ষেপিক গতিজনিত হিক্কা।

সিজার (Seizure) আক্রমণ।

সিজেরিয়ান-অপারেশন (Cæsarean operation) উদরের পার্শ্বকর্ত্তন করিয়া জরায়ু হইতে সন্তান বাহির করা।

সিটন (Seton) দীর্ঘ রেশম বা কার্পাসসূত্র নির্ম্মিত একপ্রকার তন্তু, ইহা চেপ্টা সূচীদ্বারা ঘাড় বা অন্যস্থানের চর্ম্মের নীচে প্রবিষ্ট করিয়া দেওয়া হয়।

সিটজ-বাথ (Sitz bath) পাদ ও উরুদেশ নিমগ্ন করিয়া জলের টবে উপবেশন।

সিটোমেনিয়া (Sito-mania) যে উন্মাদ রোগে রোগী একেবারেই আহার গ্রহণ করিতে চায়না।

সিডিমেণ্ট, সেডিমেণ্ট (Sediment) কোনদ্রব্য দ্রবীভূত করিলে কিম্বা কোন তরল পদার্থে রাখিয়া দিলে আধার পাত্রের তলে যে বস্তু জন্মে, তলানি ; অধঃক্ষেপ ; অধঃপতিত পদার্থ ; থিতি।

সিডেটিভ (Sedative) যে সকল ঔষধ বা উপায় দ্বারা জীবনী শক্তির অবসন্নতা, অতিক্রিয়ার হ্রস্বতা, উপদাহিতা ও উপদাহের শান্তনা এবং বেদনার ন্যূনতা জন্মে ; অবসাদক।

সিডেশন (Sedation) অবসাদন।

সিণ্ড-বয়েল (Scind boil) বর্ষাকালে ভারতবর্ষে যে এক প্রকার উৎকট আকারের স্ফোটক জন্মে।

সিন-ওরেক্সিয়া (Cynorexia) কুক্কুরবৎ অতিক্ষুধা।

সিন-কোপ (Syncope) সহসা হৃৎপিণ্ডের ক্রিয়া স্থগিত বা হ্রাসপ্রাপ্ত হইয়া শ্বাস, গতি, ও অনুভবশক্তির বিলোপ, মূর্চ্ছা।

সিন-ক্রোনঃস (Synchronous) একই সময়ে সংঘটিত; সমকালিক।

সিনাপিজ্‌ম (Sinapism) রাইয়ের পটী ; সরিষার পোল্‌টিশ।

সিনার-থ্রোসিস (Synarthrosis) গতিশূন্য অস্থিসন্ধি।

সিনিউ (Sinew) অস্থির সহিত পেশী সংযোগকর কণ্ডরা।

সিনিষ্ট্রা (Sinistra) বাম দিক।

সিনিষ্ট্র্যাল (Sinistral) বামদিকে আবর্ত্তিত।

সিন্থিসিস (Synthesis) রূঢ়পদার্থের সংমিশ্রণে মিশ্র পদার্থের উৎপত্তি।

সিফিলাইড্‌স (Syphilides) উপদংশ রোগের দ্বিতীয় বা তৃতীয় অবস্থায় চর্ম্মরোগ।

সিফিলিজেশন (Syphilization) উপদংশের পূয দ্বারা টীকাদান, উপদংশাধান।

সিফিলিস (Syphilis) উপদংশরোগ।

সিবিল্যাণ্ট, সিবিলঃস (Sibilant, sibilous) হিস্‌হিস্‌ বা শীসবৎ শব্দকর।

সিবেশঃস (Sebaceous) মেদময়। বসাস্রাবী।

সিবেশঃস-গ্ল্যাণ্ড (Sebaceous gland) বসাস্রাবী-গ্রন্থি।

সিভিয়ার (Severe) প্রবল।

সিম-টম (Symptom) রোগের লক্ষণ।

সিম-টমেটিক (Symptomatic) লাক্ষণিক।

সিম-টমেটলজি (Symptomatology) নিদানশাস্ত্রের যে অংশে রোগের লক্ষণের বিষয় উল্লিখিত হয়; লক্ষণ তত্ত্ব। [তত্ত্ব।

সিমিঅলজি (Semeiology) লক্ষণ-

সিমেট্রিক্যাল (Symmetrical) সমাকৃতি, সকল অংশের সাম্যতা বিশিষ্ট।

সিমেন (Semen) শুক্র, রেতঃ।

সিম্ফিসিস (Symphisis) উপাস্থি দ্বারা অস্থির সংযোগ।

সিম্প্যাথি (Sympathy) শরীরের যে সম্বন্ধবশতঃ একস্থানে ক্রিয়া বা উপদাহ জন্মিলে অন্য স্থানে ক্রিয়া, গতি, বা অনুভব উৎপন্ন হয়; সহানুভূতি; যথা গর্ভাবস্থায় জরায়ুর উপদাহবশতঃ আমাশয়ের ক্রিয়া জন্মিয়া বমন হয়।

সিম্প্যাথেটিক (Sympathetic) সহানুভূতি বা কেবল উপদাহ সম্ভূত। পৃষ্ঠবংশ অর্থাৎ কশেরুকস্তম্ভের সমগ্র পার্শ্বস্থিত গ্রন্থি (গ্যাংগ্লিয়া) শৃঙ্খল হইতে উৎপন্ন স্নায়ুমণ্ডল, সহানুভৌতিক স্নায়ু।

সিরপ (Syrup) জল বা কোন উদ্ভিজ্জ রসে অথবা ঔষধ দ্রব্যে মিশ্রিত চিনির দ্রব, পাক।

সিরঃম (Serum) রক্তের জলবৎ

পাতলা ক্ষারাক্ত ও অণ্ডলালবি-শিষ্ট অংশ, রক্ত সংযত হইবার সময় ইহা বিচ্ছিন্ন হয়, এবং শরীরের কোন কোন ঝিল্লী হইতেও ইহা উদ্গত হইয়া থাকে; রক্তাম্বু, মস্তু।

সিরাস (Serous) রক্তাম্বুর প্রকৃতি-বিশিষ্ট; মাস্তক।

সিরিঞ্জ (Syringe) পিচকারী, বস্তিযন্ত্র। পিচকারী দেওয়া।

সিরিয়াস (Serious) উৎকট, গুরুতর।

সিরোসিটি (Serosity) রক্তাম্বু হইতে অণ্ডলাল (য়্যাল্‌বুমেন) বিযুক্ত হইলে যে পাতলা লবণাক্ত মিশ্র পদার্থ অবশিষ্ট থাকে।

সিরোসিস (Cirrhosis) যকৃতের আকুঞ্চিত, দারীবিশিষ্ট (Fissured) ও দানাময় অবস্থা। শরীরের অন্যান্য যন্ত্রের এইরূপ অবস্থা।

সিলিয়া (Cilia) পক্ষ্ম, চক্ষুর পাতার রোম।

সিলিয়া (Cœlia) উদর।

সিলিয়ারি (Ciliary) পক্ষ্ম বা অক্ষিপুট সংক্রান্ত।

সিলিয়্যাক (Cœliac) উদর গহ্বর সম্বন্ধীয়।

সিলিয়্যাক-প্যাশন (Cœliac passion) অজীর্ণ দ্রব্যস্রাবী অতিসার।

সিলেক-টিভ (Selective) উদ্ধরণী; বাছিয়া লইবার ক্ষমতাবিশিষ্ট।

সিলেল মিন্থা (Cœlelmintha) শূন্য-গর্ভ কৃমি।

সিষ্ট (Cyst) কোষ; থলী।

সিষ্টলিক (Systolic) হৃৎপিণ্ডের সংকোচন সংক্রান্ত।

সিষ্টাইটিস (Cystitis) মূত্রাশয়-প্রদাহ।

সিষ্টিক (Cystic) কোষ-গর্ভ; কোষিক। পিত্তকোষ সম্বন্ধীয়।

সিষ্টিক-ডক্ট (Cystic duct) পিত্ত-কোষপ্রণালী।

সিষ্টিরিয়া (Cystirrhœa) মূত্রাশয়ের শ্লেষ্মাস্রাবরোগ।

সিষ্টেম (System) কোন ক্রিয়া নিষ্পন্নার্থ যে সকল শারীরিক অংশ বা যন্ত্রের একান্ত প্রয়োজন তাহাদের সমষ্টি, মণ্ডল, যথা, নার্ভাস সিষ্টেম-স্নায়ুমণ্ডল।

সিষ্টেমিক (Systemic) যান্ত্রিক; সর্ব্বাঙ্গীন।

সিষ্টোটোমিয়া (Cystotomia) মূত্রাশয় ছেদন করিয়া পাতরী বাহির করা।

সিষ্টোল (Systole) ধমনী ও হৃৎপিণ্ডের সঙ্কোচন জনিত গতি।

সিষ্টোলিথস (Cystolithos) মূত্রাশয়ের অশ্মরী।

সিষ্টোসিল (Cystocele) মূত্রাশয়ের [অর্ব্বুদ।

সিষ্ট্যাল-টিক (Systaltic) পর্য্যায়-ক্রমে আকুঞ্চন ও প্রসারণ বিশিষ্ট।

সিকাইটিস (Cæcitis) সিকম অর্থাৎ অন্ধান্ত্রের প্রদাহ।

সীতা (Groove) গুভ।

সীবন (Raphe) র্যাফি।

সীসশূল (Lead-colic) সীসজনিত শূল বেদনা।

সুইসাইড (Suicide) আত্মহত্যা।

সুকুমার (Delicate) অতিকোমল।

সুচার (Suture) মস্তকাদির অস্থি সংযোগকর করাতের দাঁতের ন্যায় ক্ষুদ্র ক্ষুদ্র সন্ধি, সেবনী-সন্ধি। সীমন্ত। সেলাই করিয়া ক্ষতের প্রান্ত পরস্পর সম্মুখীন রাখার পদ্ধতি বিশেষ।

সুপাচ্য (Digestible) সহজে যাহা পরিপাক হয়।

সুপার (Super) উপর বা অতিরিক্ত-জ্ঞাপক পূর্ব্বপদ, যথা,—

সুপার-ইন-ভোলিউশন (Super-involution) প্রসবের পর অতি সঙ্কোচন বশতঃ জরায়ুর শীর্ণতা।

সুপার-ফিটেশন (Super-fœtation) গর্ভাবস্থায় পুনরায় গর্ভধারণ।

সুপার-ফিশ্যাল (Superficial) অ-প্রগাঢ়; অগভীর।

সুপার-সিলিয়ম (Super-cilium) ভ্রূ।

সুপার-সিলিয়ারি (Super cilliary) ভ্রূসম্বন্ধীয়।

সুপিনেটর (Supinator) হস্তের তালুকা উপরের দিকে ঘূর্ণায়ক পেশী।

সুপিরিয়র (Superior) উর্দ্ধ।

সুপ্তি (Stupor) নিষ্ক্রিয়তা; চৈতন্যাভাব।

সুপ্রা- (Supra) উর্দ্ধ বা অতিরিক্ত বাচক পূর্ব্বপদ, যথা.—

সুপ্রারিণাল (Suprarenal) বৃক্ক-কোষ্ঠ।

সুফল (Souffle) সগর্ভ জরায়ু ও বক্ষঃস্থ নাদির এক প্রকার আকর্ণনশব্দ।

সুরা প্রদীপ (Spirit-lamp) স্পিরিট-ল্যাম্প। সুরা দ্বারা প্রজ্বলিত প্রদীপবিশেষ।

সুরাবীর্য্য (Alcohol) সুরার সারভাগ বা উগ্রাংশ।

সুরাসার (Alcohol) বর্ণশূন্য, স্বচ্ছ, চঞ্চল, দাহ্য একপ্রকার বিশেষ সুগন্ধবিশিষ্ট তীব্রাস্বাদ সুরাবীর্য্য।

সূতিকা (Puerpeal) প্রসূতাবস্থা। প্রসবসম্বন্ধীয়।

সূতিকাক্ষেপ (Puerperal convulsions) প্রসবের পর প্রসূতির আক্ষেপ রোগ।

সূতিকাজ্বর (Puerperal fever) প্রসবের পর উৎকট অবিরামজ্বর।

সূতিকাস্তম্ভ (Alba Dolence) প্রসবের পর ঊরুর শিরার প্রদাহ।

সূত্রকৃমি (Thread-worm) সূতার ন্যায় সূক্ষ্ম সূক্ষ্ম ক্ষুদ্রকৃমি।

সৃক্কনী (Corner of the mouth) ওষ্ঠের প্রান্তভাগ।

সেক্‌শন (Section) কর্ত্তন; কর্ত্তন দ্বারা ভিন্ন করণ।

সেকণ্ড-ইণ্টেন্‌শন (Second Intention) পূয, ক্ষতাঙ্কুর, ও ত্বগুৎপাদন প্রক্রিয়া দ্বারা ক্ষতাদি আরোগ্য।

সেকণ্ডাইন্স (Secundines) সন্তান প্রসবের পর ফুল ও পর্দ্দাদি যাহা গর্ভে অবশিষ্ট থাকে।

সেকণ্ডারি (Secondary) মুখ্যকারণ বা কার্য্যের পরে উৎপন্ন; গৌণ। আনুষঙ্গিক।

সেকণ্ডারিফিভার (Secondary Fever) কোন বিকৃত পদার্থস্রাবের পর, কিম্বা প্রথম জ্বরের ভোগকাল উত্তীর্ণ হইবার পর দ্বিতীয় বার জ্বর।

সেক্স (Sex) লিঙ্গ; স্ত্রীপুরুষের শারীরিক ভেদ।

সেক্সুয়্যাল (Sexual) লিঙ্গসংক্রান্ত; ইন্দ্রিয়সম্বন্ধীয়। [ভাংশ।

সেগ্‌মেণ্ট (Segment) অংশ, খু-

সেণ্টি ফোলিয়া (Centifolia) শতদল। [শেষ; সোণামুখী।

সেনা (Senna) মৃদুবিরেচক পত্রবি-

সেন্স (Sense) ইন্দ্রিয়।

সেন্সেশন (Sensation) ইন্দ্রিয়জ্ঞান। স্পর্শানুভাবকতা।

সেন্সোরিয়ম (Sensorium) ইন্দ্রিয়জ্ঞানের মূলস্থান; মস্তিষ্ক।

সেপর (Sapor) আস্বাদন; স্বাদ।

সেপ্টম (Septum) দুইটী গহ্বর বিভিন্নকর অস্থিখণ্ড।

সেপ্টিমিয়া (Septæmia) শিরাতে পচাদ্রব্য বা পূযাদি প্রবেশে রক্তের বিকৃত অবস্থা। ইহাতে ভেদ বমন ও হিমাঙ্গ প্রভৃতি লক্ষণ জন্মিয়া মৃত্যু হয়।

সেপ্টিসিমিয়া (Septicæmia) সেপ্টিমিয়া।

সেফিনা (Saphena) পা হইতে কুচকী পর্য্যন্ত চর্ম্মের নিম্ন দিয়া প্রসারিত শিরাদ্বয়; জঙ্ঘা-শিরা।

সেবনী-সন্ধি (Suture) সুচার।

সেমি (Semi-) অর্দ্ধজ্ঞাপক পূর্ব্বপদ; যথা,—

সেমিলুনার (Semilunar) অর্দ্ধ চন্দ্রাকার।

সেমিসার্কিউলার (Semicircular) অর্দ্ধমণ্ডলাকার।

সেরিবেলম (Cerebellum) মস্তিষ্কের পশ্চাৎ ও নিম্ন অংশ; উপমস্তিষ্ক। [হৎ মস্তিষ্ক।

সেরিব্রম (Cerebrum) মস্তিষ্ক; বৃ-

সেরিব্রো (Cerebro-) মস্তিষ্কের সহিত সংসৃষ্টতা জ্ঞাপক পূর্ব্বপদ।

সেরিব্র্যাল (Cerebral) মাস্তিষ্ক; মস্তিষ্কসম্বন্ধীয়।

সেরেট, সেরেটেড (Serrate, serrated) করাতেরন্যায় দন্ত বিশিষ্ট।

সেল্‌ফ-ঠ্যাবিউস (Self abuse) হস্তমৈথুন।

সেল্‌ফ-পলিউশন (Self-pollution) হস্ত-মৈথুন।

সেল (Cell) অবরুদ্ধ, অণুবীক্ষণ-দৃষ্ট, ক্ষুদ্র কোষ; অণুকোষ। প্রাণী ও উদ্ভিদের মূল উপাদান অণুকোষ।

সেলিউল (Cellule) ক্ষুদ্র কোষ বা গহ্বর।

সেলুলাইটিস (Cellulitis) এরিওলারটিস্থর প্রদাহ।

সেলুলার (Cellular) অণুকোষময়; এরিওলার।

সেলুলারটিস্থ (Cellular Tissue) কৌষিক ঝিল্লী।

সেলুলুজ (Cellulose) উদ্ভিদবিধানের দুশ্ছেদ্য স্থিতিস্থাপক বর্ণহীন মূল উপাদান।

সোডি কার্ব্বণাস (Sodæ Carbonas) সাজিমাটী।

সোডি বাইবোরাস (Sodæ Biboras) সোহাগা। [লবণ।

সোডি মিউরিয়াস (Sodæ Murias)

সোনোরঃসঃ-রঙ্কাই (Sonorous Rhonchi) খনখন শব্দ।

সোপ (Soap) সাবান।

সোপি (Soapy) সাবানবৎ; সাবান লিপ্ত।

সোপর (Sopor) প্রগাঢ় নিদ্রা, যাহা হইতে রোগাকে অতিকষ্টে জাগরিত করা যায়।

সোপরিফিক, সপরিফিক (Soporific) নিদ্রাকর; নিদ্রাজনক। নিদ্রাকর ঔষধ।

সোয়াইটিস (Psoitis) শ্রোণী পেশীর প্রদাহ।

সোয়াডিক (Psoadic) শ্রোণী বা শ্রোণী-পেশী সংক্রান্ত।

সোয়াস (Psoas) কটি-কশেরুকার পার্শ্বস্থিত পেশীদ্বয়; শ্রোণী-পেশী। শ্রোণীপেশী সংক্রান্ত।

সোয়েট (Sweat) ঘর্ম্ম।

সোয়েলিং (Swelling) স্ফীততা, ফুলা।

সোর (Sore) চর্ম্ম বিদারণ; ক্ষত।

সোর-নেস (Soreness) যৎ সামান্য চাপে শরীরের কোনস্থানে বেদনানুভব।

সোরা (Psora) কচ্ছু; কণ্ডু।

সোরাইএসিস (Psoriasis) বিচর্চ্চিকা দ্রষ্টব্য।

সোরিক (Psoric) কচ্ছু প্রকৃতিবিশিষ্ট। কণ্ডুরোগের ঔষধ।

সোলার-প্লেক্সস (Solar plexus) মহাধমনীর (হ্যাওয়ার্টা) চারিদিকে প্রসারিত সূর্য্যের রশ্মির ন্যায় বিকীর্ণ অর্থাৎ শাখাবিশিষ্ট গ্রন্থিল স্নায়ুগুচ্ছ।

সোলিয়াস (Soleus) জঙ্ঘাপৃষ্ঠের পেশী বিশেষ।

সোহাগা (Borax) ক্ষারবিশেষ।

সৌত্রিক (Fibrous) সূত্রবিশিষ্ট।

স্কর-বিউটিক (Scorbutic) স্কার্ভিস সম্বন্ধীয়। স্কার্ভি বা শীতাদ দ্রষ্টব্য।

স্কার (Scar) ক্ষতাদি আরোগ্য হইলে যে দাগ থাকে, ক্ষতচিহ্ন।

স্কারিফিকেটর (Scarificator) স্কারিফিকেশন করিবার অস্ত্র।

স্কারিফিকেশন (Scarification) ধারাল অস্ত্রবিশেষদ্বারা চর্ম্মের উপর এক সময়ে একাধিক স্থানে কর্ত্তন।

স্কার্ফ স্কিন (Scarf-skin) উপরের চর্ম্ম; উপত্বক।

স্কার্ভি (Scurvy) অতিশয় দুর্ব্বলতা, অপ্রফুল্লতা; দন্তমূলের কোমলতা স্ফীততা, সান্দ্রতা ও রক্তস্রাব শীলতা, চর্ম্মে বেগুনি বর্ণের পীড়কা ও কালিমা লক্ষণ বিশিষ্ট এক প্রকার রোগ; শীতাদ। সবুজ উদ্ভিজ্জাদি আহার না করিলে এই রোগ জন্মে।

স্কার্লেট-ফিভার (Scarlet-fever) আরক্ত জ্বর।

স্কার্লেটিনা (Scarlatina) সর্ব্বাঙ্গে গাঢ় রক্তবর্ণ পীড়কা ও গলকোষের প্রদাহ বিশিষ্ট এক প্রকার স্ফোটজ্বর, আরক্তজ্বর।

স্কিন (Skin) চর্ম্ম; ত্বক।

স্কিন বাউণ্ড-ডিজিজ (Skin-bound-disease) এরিওলার টিস্যুর পুরাতন প্রদাহজনিত চর্ম্মের স্ফীত, শীতল, কঠিন, দৃঢ়বদ্ধ অবস্থা।

স্কিরাস (Scirrhus) কঠিন-অর্ব্বুদ কর্কটরোগ।

স্কিরোমা (Scirrhoma) মস্থর প্রস্তরের আকৃতি বিশিষ্ট অর্ব্বুদ।

স্কিরোসিটি (Scirrhosity) গ্রন্থির কাঠিন্য।

স্কুইন্টিং (Squinting) তির্য্যক্ দৃষ্টি

স্কেবিস (Scabies) পাঁচড়া, কচ্ছু।

স্কেলিটন (Skeleton)কঙ্কাল; প্রাণী দেহের অস্থি সমষ্টি।

স্কেলিনাস (Scalenus) মস্তক ও গ্রীবা অবনতকর পেশী।

স্কোয়ামোস, স্কোয়ামাস (Squamose Squamous) আঁইশ বা আঁইশের ন্যায় নির্ম্মিত বা বিন্যস্ত। মৎস্যের আঁইশের ন্যায় একটীর প্রান্ত দ্বারা অপরটীর প্রান্ত আবৃত।

স্ক্যাপিউলা (Scapula) স্কন্ধাস্থি; অংশফলকাস্থি। বহুবচন স্ক্যাপিউলি।

স্ক্যাপিউলার (Scapular) অংশফলকাস্থি সম্বন্ধীয়। [কার।

স্ক্যাফয়েড (Scaphoid) নৌকাস্ক্যাব (Scab) স্রাব সংযত ও শুষ্ক হইয়া ক্ষতাদির উপর যে কর্কশ আবরণ জন্মে; মামড়ি; চমটি।

স্ক্যাল্প (Scalp) মস্তকের উপরের চর্ম্ম।

স্ক্যাল-পেল (Scalpel) শরীরের কোমলাংশ ছেদনার্থ এক প্রকার ছুরিকা।

স্ক্রফিউলা (Scrofula) নিস্তেজ প্রদাহ ও ক্ষত প্রবণতা, এবং গুটিকা সঞ্চয় শীলতা সংযুক্ত এক প্রকার সর্ব্বাঙ্গীন দুর্ব্বলতার অবস্থা ; গণ্ডমালা।

স্ক্রোটম (Scrotum) যে চর্ম্মের থলীতে পুরুষের অণ্ডদ্বয় আবৃত থাকে ; অণ্ডকোষ।

স্ক্রোটাই (Scroti) অণ্ডকোষ।

স্ক্রোটোসিল (Scrotocele) অণ্ডকোষে অন্ত্রবৃদ্ধি। [ক্কীষ।

স্ক্রোট্যাল (Scrotal) অণ্ডকোষ সম্ব-

স্ক্রোট্যাল-টিউমার (Scrotal tumour) কুরণ্ড।

স্ক্লেরোটিক (Sclerotic) অক্ষি গোলকের শুভ্রাংশ নির্ম্মাণকর দৃঢ়, শুভ্র, অস্বচ্ছ, তন্তুময় বিধান, চক্ষুর বাহিরের ঝিল্লী।

স্ক্লেরোসিস (Sclerosis) ঘনীভূততা সংযুক্ত স্থলত্ব।

স্তন-বৃন্ত (Nipple) স্তনের বোঁট।

স্তনীয (Mamary) স্তনসংক্রান্ত।

স্তন্য (Breast-milk) স্তন দুগ্ধ।

স্তন্যধাত্রী (Wet Nurse) স্তন্যদায়িনী ধাত্রী।

স্তব্ধতা (Inactivity) ক্রিয়াহীনতা।

স্তম্ভন (Retention) রোধ ; ক্রিয়া-লোপ।

স্তম্ভিত (Paralysed) ক্রিয়াশূন্য ; পক্ষাঘাতগ্রস্ত।

স্তবক (Patches) থোপা।

স্তিমিত (Indolent) নিস্তেজ।

স্ত্রী-অঙ্গ (Female generative organs) স্ত্রীজননেন্দ্রিয়।

স্থান-বিকল্প (Metastasis) শরীরের একাংশ হইতে অন্যাংশে রোগের স্থান পরিবর্ত্তন।

স্থানিকরোগ (Local disease) একাঙ্গিক রোগ।

স্থানিক প্রয়োগ(Local application যে স্থানে রোগ সেই স্থানে ঔষধাদি লাগান ; বাহ্য-প্রয়োগ।

স্থিতিস্থাপক (Elastic) স্থিতিস্থাপকতা বিশিষ্ট।

স্থিতিস্থাপকতা (Elasticity) আকুঞ্চন প্রসারণাদি করিলেও বস্তু সকল যে নৈসর্গিক গুণ প্রভাবে পূর্ব্বভাব প্রাপ্ত হয়। সজীব শরীরাংশের সম্পূর্ণ সুস্থাবস্থা।

স্থূলান্ত্র (Colon) বৃহদন্ত্রের দ্বিতীয়াংশ।

স্থেনিক (Sthenic) জীবনীশক্তি এবং হৃৎপিণ্ড ও ধমনীর ক্রিয়ার অস্বাভাবিক প্রাবল্য বিশিষ্ট।

স্নায়বীয় (Nervous) স্নায়ু সম্বন্ধীয় নিদানোক্ত বায়ুরোগ বা বাত-

ব্যাধি স্নায়বীয় রোগের সহিত ঐক্য হয়।

স্নায়বীয়তা (Nervousness) স্নায়ুর দুর্ব্বলতা বা উত্তেজিত অবস্থা। বায়ু-বৃদ্ধি।

স্নায়ু (Nerve) সর্ব্বশরীরব্যাপী সূত্রবৎ সূক্ষ্ম সূক্ষ্ম শুভ্র নাড়ী; এতদ্দ্বারা পেশী সকলের সঙ্কোচন এবং শরীরের সঞ্চালন ক্রিয়া ও অনুভূতি সাধিত হয়।

স্নায়ু-কোষ (Sheath of the nerves) স্নায়ুর গাত্রাবরণ।

স্নায়ুজাল (Plexus) জালবৎ গঠিত স্নায়ু গুচ্ছ।

স্নায়ু-মজ্জা (Axis cylinder) স্নায়ুর কেন্দ্র-সূত্র।

স্নায়ুমণ্ডল (Nervous system) স্নায়ু সমূহ।

স্নায়ু-মূল (Nerve-centre) স্নায়ু-কেন্দ্র; স্নায়ুর উৎপত্তিস্থান বা যন্ত্র।

স্নায়ু-শূল (Neuralgia) স্নায়ুর প্রদাহ শূন্য ও সাধারণতঃ পর্য্যায়শীল বেদনা। স্নায়বীয় বেদনা চাপিলে নরম পড়ে, প্রদাহ জনিত বেদনা চাপিলে বাড়ে।

স্নেইডিরিয়ান-মেম্ব্রেণ (Schneiderian membrane) নাসিকার অস্থিবেষ্ট আবরক শ্লৈষ্মিক ঝিল্লী।

স্নেক-বাইট (Snake-bite) সর্পাঘাত।

স্নেহ (Synovia) স্নৈহিক ঝিল্লী হইতে নিঃসৃত স্বচ্ছ, তরল, তৈলবৎ, আঠা আঠা পদার্থ।

স্নৈহিক ঝিল্লী (Synovial membrane) অস্থির সংযোগ স্থান বেষ্টন করিয়া যে ঝিল্লী থাকে ও যাহা হইতে অণ্ডলালের ন্যায় স্নেহ-পদার্থ নির্গত হইয়া অস্থি-সন্ধি আর্দ্র রাখে।

স্নোরিং (Snoring) নাক ডাকা।

স্পঞ্জ (Sponge) জলশোষক, সচ্ছিদ্র জীব ও উদ্ভিদ উভয় প্রকৃতি মিলিত সামুদ্রিক পদার্থ বিশেষ।

স্পঞ্জি (Spongy) ক্ষুদ্র ক্ষুদ্র ছিদ্র পূর্ণ; সান্তর।

স্পঞ্জিং (Sponging) স্পঞ্জ বা বস্ত্রাদি ভিজাইয়া শরীর আর্দ্র করা।

স্পঞ্জিওপিলাইন (Spongio-piline) স্পঞ্জ ও পশম স্তরে স্তরে মিশ্রিত ও এক পৃষ্ঠ রবারে আবৃত বস্ত্রবৎ পদার্থ বিশেষ।

স্পঞ্জিয়া টোষ্টা (Spongia Tosta) দগ্ধ স্পঞ্জ।

স্পণ্টেনিয়ঃস (Spontaneous) দৃশ্যমান কারণ ব্যতীত উৎপন্ন; আপনা হইতে উৎপন্ন।

স্পন্দ-জনন-সূত্র (Filaments) স্নায়ুর গাত্রস্থিত সূক্ষ্ম সূক্ষ্ম সূত্রবৎ পদার্থ। এতদ্দ্বারা স্নায়ুর ক্রিয়া জন্মে।

স্পন্দন (Shaking) কাঁপন; নড়ন।

স্পর্শ-দ্বেষ (Tenderness) স্পর্শে অ-সহ্যতা।

স্পর্শ-সংক্রমণ (Contagion) কণ্টেজিয়ন ; ছুঁত।

স্পর্শাক্রমক (Contagious) ছোঁয়াটিয়া।

স্পর্শাধিক্য (Sensitiveness) অতিরিক্ত স্পর্শজ্ঞান।

স্পাইন (Spine) পৃষ্ঠবংশ ; মেরুদণ্ড।

স্পাইনাইটিস (Spinitis) পৃষ্ঠবংশের প্রদাহ।

স্পাইনা-বাইফিডা (Spina bifida) পৃষ্ঠবংশ বা কশেরুকার স্বাভাবিক বিদারণ বশতঃ পৃষ্ঠদেশের মধ্য রেখায় অর্ব্বুদ বিশিষ্ট এক প্রকার রোগ।

স্পাইন্যাল (Spinal) কশেরুক মাজ্জেয় ; পৃষ্ঠ বংশীয়।

স্পাইন্যাল-কর্ড (Spinal cord) পৃষ্ঠ বংশের মজ্জা ; কশেরুক রজ্জু

স্পাইন্যাল-মিনিঞ্জাইটিস (Spinal Meningitis) পৃষ্ঠ বংশের মজ্জার ঝিল্লীর প্রদাহ।

স্পাইন্যাল-সেণ্টার (Spinal centre) পৃষ্ঠ বংশের মজ্জা।

স্পাইন্যাল-সিষ্টেম-অভ-নার্ভস (Spinal system of nerves) পৃষ্ঠ বংশীয় স্নায়ু। এই সকল স্নায়ু দ্বারা শরীরের উপবিভাগের অথবা শ্লৈষ্মিক ঝিল্লীর উপদাহ পৃষ্ঠ বংশের মজ্জায় আনীত ও পৃষ্ঠবংশ হইতে গতিক্রিয়া বাহিত হয়।

স্পাইন্যালিস (Spinalis) পৃষ্ঠবংশের পেশী।

স্পাইনঃস-প্রসেস (Spinus process) কণ্টক প্রবর্দ্ধন।

স্পার্ম (Sperm) পুরুষের শুক্র।

স্পার্মেটিন (Spermatin) শুক্রস্থিত জৈব পদার্থ।

স্পার্মেটোজোয়া (Spermatozoa) অণুবীক্ষণ যন্ত্রে দ্রষ্টব্য শুক্রস্থিত কীটাণু।

স্পার্মেটোরিয়া (Spermatorrhœa) শুক্রমেহ ; অনিচ্ছায় শুক্রস্রাব রোগ।

স্পার্মেটোসিল (Spermatocele) শুক্রবাহী শিরার স্ফীততা।

স্পিউটঃম (Sputum) নিষ্ঠীবন ; থুথু। [বহুবচন।

স্পিউটা (Sputa) স্পিউটঃম শব্দের

স্পিউরিয়ঃস (Spurious) কৃত্রিম। যে রোগ অপর রোগ বলিয়া সচরাচর ভ্রম জন্মে ও অপ্রকৃত নামে অভিহিত হয় ; যথা, প্লুরিয়স প্লুরিসিস—পশুর্কা-মধ্যপেশীর বাত রোগ, কিন্তু প্লুরিসি নহে।

স্পিরিট (Spirit) সুরা ; য়্যাল-কোহল। [দ্রব।

স্পিরিটঃস (Spiritus) সুরা ; সুরা-

স্পেকিউলঃম (Speculum) যোনি

প্রভৃতি শরীরের কোনং স্থান প্রসারণ ও পরিদর্শনার্থ যন্ত্র বিশেষ।

স্পেসিফিক (Specific) কোন বিশেষ রোগ আরোগ্যকর বিশেষ ঔষধ; কোন রোগের অমোঘ ঔষধ।

স্পেসিফিক-গ্র্যাভিটি (Specific gravity) সমান আয়তন ভিন্ন ভিন্ন বস্তুর ভারীত্বের ন্যূনাধিক্য, আপেক্ষিক গুরুত্ব।

স্পোরেডিক (Sporadic) অব্যাপক রোগ, ব্যক্তি বিশেষ উৎপন্ন রোগ।

স্প্যাচুলা (Spatula) পলস্ত্রা প্রভৃতি প্রসারিত করিবার ও মর্দ্দনাদি নাড়িবার জন্য স্থূলমুখ প্রশস্ত ছুরিকার ন্যায় যন্ত্র বিশেষ।

স্প্যাজ্‌ম (Spasm) পেশী বা পেশী-তন্তুর অনৈচ্ছিক সঙ্কোচন, আক্ষেপ; খেঁচুনি।

স্প্যাজ-মোডিক (Spasmodic) আক্ষেপ সম্বন্ধীয়, আক্ষেপিক।

স্প্রেণ (Sprain) মচকান; বাত কণ্টক।

স্প্লিণ্ট (Splint) অস্থিভগ্ন প্রভৃতিতে ভগ্নাংশ স্থিরভাবে বাধিবার নিমিত্ত দীর্ঘ ও পাতলা কাষ্ঠখণ্ড বা অন্য কোন বস্তু।

স্প্লিনটমি (Splenotomy) প্লীহা ব্যবচ্ছেদ। [কার।

স্প্লিনয়েড (Splenoid) প্লীহার আ-

স্প্লিনাইটিস (Splenitis) প্লীহার প্রদাহ।

স্প্লিনিজেশন, স্প্লেনিজেশন (Splenization) ফুসফুস-প্রদাহ রোগে ফুসফুসের প্লীহার বিধানের ন্যায় অবস্থা প্রাপ্তি

স্প্লীন (Spleen) প্লীহা।

স্প্ল্যাঙ্ক-নিক (Splanchnic) অন্তঃকোষ্ঠ সংক্রান্ত।

স্প্ল্যাঙ্কনিকা (Splanchnica) অন্ত্র-রোগের ঔষধ। অন্ত্র-রোগ।

স্ফিগ-মিক (Sphygmic) নাড়ীসংক্রান্ত।

স্ফিগমোগ্রাফ (Sphygmograph) নাড়ীর বেগ-নিরূপক যন্ত্র বিশেষ।

স্ফিঙ্কটার (Sphincter) মলদ্বারাদি স্বাভাবিক দ্বারের মুখরোধক গোলাকার পেশী।

স্ফিনয়েড (Sphenoid) করাতকার্য্যে কাষ্ঠাদি চিরিবার নিমিত্ত একমুখ সূক্ষ্ম ও অন্যমুখ স্থূল যে গোঁজ ব্যবহৃত হয় তাহার ন্যায়।

স্ফিনয়েড-বোন (Sphenoid bone) করোটির নিম্নস্থ পূর্ব্বোক্ত প্রকার গোঁজের ন্যায় অস্থি।

স্ফিনো (Spheno-) সংযুক্তশব্দে স্ফিনয়েড্‌বোন্ সংস্থষ্ট বা সংক্রান্ত জ্ঞাপক পূর্ব্বপদ।

স্ফীততা (Swelling) ফুলা।

স্ফুরণ (Twitching) ঈষৎকম্প।

স্ফোটক (Boil) ফোড়া।

স্ফোটজ্বর (Euptive Fever) হাম-জ্বরাদি যেসকল জ্বরে গাত্রে পীড়কা উৎপন্ন হয়।

স্মল-পক্স (Small pox) বসন্তরোগ।

স্যাক (Sac) থলী বা কোষ।

স্যাকিউল (Sacule) ক্ষুদ্র কোষ। ব,ব, স্যাকিউলাই।

স্যাকেডি (Secadee) ক্ষণনিরুদ্ধ শ্বাসপ্রশ্বাস।

স্যাকেরঃম (Saccharum) ইক্ষু, আখ।

স্যাকেরঃম-ল্যাক্টিস (Saccharum Lactis) দুগ্ধশর্করা; দুগ্ধজাত-চিনি।

স্যাকেরাইন (Saccharine) মিষ্ট; চিনি সংক্রান্ত।

স্যাক্রঃম (Sacrum) মনুষ্যের মেরুদণ্ডের নিম্নভাগের ত্রিকোণঅস্থি; ত্রিকাস্থি।

স্যাক্রো- (Sacro-) সংযুক্তশব্দে স্যাক্রমসংক্রান্ত জ্ঞাপক পূর্ব্বপদ।

স্যাক্র্যাল (Sacral) ত্রিকাস্থি সংক্রান্ত।

স্যাগো (Sago) পথ্যদ্রব্যবিশেষ, সাগু।

স্যাঙ্গুইন-টেম্পারেমেণ্ট (Sanguine Temperament) রক্তপ্রধান ধাতু।

স্যাঙ্গুইফিকেশন (Sanguification) রক্ত প্রস্তুত হওয়া; কাইল অর্থাৎ অন্নরসের রক্তে পরিণতি।

স্যাঙ্গুইফিরঃস (Sanguiferous) রক্তবাহী।

স্যাজিট্যাল (Sagittal) তীরের ন্যায় সরল, বানাকার।

স্যাটার্নিস-মঃস (Saturnismus) সীসদ্বারা বিষাক্ততা।

স্যাটিরিয়্যাসিস (Satyriasis) পুরুষের কামোন্মাদ।

স্যাচুরেশন (Saturation) এক বস্তুর সহিত অন্য কোন বস্তুর একরূপভাবে মিশ্রণ যে রাসায়নিক আকর্ষণানুসারে আর উহা অপেক্ষা অধিক গৃহীত ও সম্মিলিত হইতে পারে না।

স্যাচুরেটেড (Saturated) চূড়ান্ত।

স্যাটেলাইট (Satellite) পারিপার্শ্বিক; নিকটস্থ।

স্যাণ্ড (Sand) বালুকা।

স্যাণ্ড-বাথ (Sand-bath) উত্তপ্ত বালুকার স্বেদ।

স্যানিটি (Sanity) মনের সুস্থাবস্থা।

স্যানিটেরি (Sanitary) স্বাস্থ্যসম্বন্ধীয়।

স্যানিটেরিয়ঃম (Sanitarium) স্বাস্থ্যকর স্থান; অসুস্থাবাস।

স্যানিস (Sanies) ক্ষতাদি হইতে নিঃসৃত পাতলা দূষিত স্রাব; রসানি।

স্যাপ (Sap) উদ্ভিদ রস।

স্যাপোরিফিক (Saporific) স্বাদজনক।

স্যাপোনেশঃস (Saponaceous) সাবানের ন্যায় বা সাবানবিশিষ্ট।

স্যাফ্রণ (Saffron) কুঙ্কুম, জাফরাণ।

স্যাল-ভোলেটাইল (Salvolatile) কার্ব্বনেট্ অভ্‌য়্যামোনিয়া ; সুরা সংযুক্ত য়্যামোনিয়া দ্রব।

স্যালাইন (Saline) লবণাক্ত ; লবণবৎ ; লাবণিক।

স্যালাইভা (Saliva) লালা।

স্যালিভেশন (Salivation) অতিরিক্ত লালাস্রাব।

স্যালিসিন (Salicin) উইলো নামক বৃক্ষের তিক্ত উপাদান।

স্রাব (Discharge) ক্ষরিত রস রক্ত পূযাদি।

স্রাবণ (Secretion) রসাদি নিঃসরণ।

স্লাফ (Slough) ক্ষতাদি হইতে যে অংশ পচিয়া পড়ে ; পচলা।

স্লিং (Sling) একখানি রুমাল বা ব্যাণ্ডেজ ঘাড়ে বান্ধিয়া তাহাতে প্রকোষ্ঠ ঝুলাইয়া রাখা অথবা প্রগণ্ডের উপর প্রকোষ্ঠ অবনত করিয়া রাখা।

স্লীপ (Sleep) নিদ্রা।

স্লীপ-লেস-নেস (Sleeplessness) অনিদ্রা ; নিদ্রাহীনতা।

স্বপ্নদোষ (Nocturnal pollution) স্বপ্নে শুক্রস্রাব।

স্বপ্ন-সঞ্চরণ (Somnambulism) স্বপ্নে বা নিদ্রিত অবস্থায় বিচরণ করা।

স্বয়ম্ভূত (Idiopathic) অন্য কোন রোগ হইতে উৎপন্ন নহে।

স্বরঘ্ন (Croup) স্বরযন্ত্র ও কণ্ঠনালীর বিশেষ প্রদাহ। এই রোগে পীড়াক্রান্ত স্থানে কৃত্রিম ঝিল্লী উৎপন্ন হয়।

স্বরভেদ (Hoarseness) স্বরভঙ্গ ; গলাভাঙ্গা।

স্বরযন্ত্র (Larynx) বায়ুনলীর ঊর্দ্ধস্থিত উপাস্থিময় গহ্বর।

স্বররজ্জু (Chordæ Vocales) স্বরোৎপাদক বন্ধনী চতুষ্টয়।

স্বল্পবিরাম জ্বর (Remittent Fever) রিমিটেণ্ট ফিভার।

স্বাভাবিক রোগনাশিনীশক্তি (Vis medicatrix naturæ) শরীরের প্রকৃতিদত্ত রোগ নষ্ট করিবার ক্ষমতা।

স্বারঘ্নিক (Croupal) স্বরঘ্ন সংক্রান্ত।

স্বারযান্ত্রিক (Laryngeal) স্বরযন্ত্র সংক্রান্ত।

স্বিন্ন (Boiled) সিদ্ধ।

হ

হট (Hot) উত্তপ্ত।

হট-বাথ (Hot-bath) ১০০—১১২ তাপাংশ পর্য্যন্ত উষ্ণ জলে স্নান।

হনু (Jaw) গণ্ডদেশের উপরিভাগ ; চোয়াল।

হনু-নিম্ন-গ্রন্থি (Sub-maxilary-glands) চোয়ালের নিম্নস্থ গ্রন্থি।

হনু-স্তম্ভ (Lock-jaw) হনুর পেশীর সংকোচন বশতঃ মুখ বিকাশে অসমর্থতা ; দাঁতকপাটী।

হনস্থি (Maxilary bones) চোয়ালের হাড়।

হংম্প (Hump) কুঁজ। [সিস।

হরিৎপাণ্ডু (Chlorosis) ক্লোরো-

হর্ডিউলঃম (Hordulum) অঞ্জনী।

হলবেষ্টনি (Fascia) ফেশিয়া।

হলিমক (Malignant Jaundice) সংঘাতিক পাণ্ডুরোগ। [যুক্ত।

হব-নেইল্‌ড (Hob-nailed) কীল-

হব-নেইল-লিভার (Hob-nail Liver) যকৃতের সিরোসিস-রোগ। [বেশন।

হস্তমৈথুন (Masterbation) ম্যাষ্টার

হস্পিট্যাল (Hospital) যে চিকিৎসালয়ে রোগী বিনা ব্যয়ে বা নিজ ব্যয়ে গৃহীত ও চিকিৎসিত হয়।

হস্পিট্যাল-গ্যাংগ্রীণ (Hospital Gangrene) এক প্রকার বিগলিত উৎকট কোথ, সাধারণতঃ হস্পিট্যালে জন্মে বলিয়া এরূপ নাম।

হাই (High) উচ্চ।

হাইঅয়েড (Hyoid) ইংরেজী (U) ইউ অক্ষরের আকার ; অৰ্দ্ধ মণ্ডলাকার।

হাইঅয়-ডিস (Hyoides) হাই অয়েড্ বোন।

হাইঅয়েড বোন (Hyoid bone) স্বরযন্ত্র ও জিহ্বার মধ্যবর্ত্তী (U) ইউ অক্ষরের আকার অস্থি ; জিহ্বামূলাস্থি।

হাইও (Hyo-) হাইঅয়েড্ অস্থিজ্ঞাপক উপসর্গ।

হাইওগ্লসঃস (Hyoglossus) জিহ্বা ও হাইঅয়েড অস্থিসংলগ্ন পাতলা সমচতুর্ভুজ পেশী।

হাইজিন (Hygiene) স্বাস্থ্য রক্ষা।

হাইডেটিড (Hydatid) শোথাদি রোগে শরীরে বর্ণ শূন্য তরল পদার্থপূর্ণ যে স্বচ্ছ থলি উৎপন্ন হয়। অন্ত্রকৃমি সদৃশ।

হাইড্রপ্স (Hydrops) শোথ।

হাইড্রারজিরঃম (Hydrargyrum) পারদ।

হাইড্রার-থ্রোসিস, হাইড্রারথ্রঃস (Hydrarthrosis, Hydrarthrus) সন্ধির শোথ।

হাইড্রিমিয়া (Hydræmia) জলবৎ রক্ত, রক্তের জলীয়াংশের আধিক্য।

হাইড্রুরিয়া (Hydruria) মূত্রে জলীয়াংশের আধিক্য, উদক-মেহ।

হাইড্রেগগ (Hydragogue) শরীরস্থ জলীয় পদার্থ নিঃসারক ঔষধ

হাইড্রেট (Hydrate) নির্দ্ধারিত পরিমাণ জল সংযুক্ত ক্ষার ও অম্লাদি মিশ্রিত পদার্থ।

হাইড্রো (Hydro) জল। এই পূর্ব্ব-

পদ পূর্ব্বে থাকিলে জল, বা হাই-ড্রোজেন মিশ্রিত বুঝায়।

হাইড্রো-অপথ্যাল-মিয়া (Hydro-ophthalma) চক্ষুর শোথ।

হাইড্রোওটাইটিস (Hydro otitis) কর্ণের শোথ।

হাইড্রো-ক্লোরিক-য়্যাসিড (Hydro-chloric Acid) লবণ দ্রাবক।

হাইড্রোগগ (Hydrogogue) জলবৎ ভেদ কারক বিরেচক ঔষধ।

হাইড্রোজেন (Hydrogen) বর্ণ গন্ধ ও স্বাদশূন্য, দাহ্য, সর্ব্বাপেক্ষা লঘুতম এক প্রকার গ্যাস বা বায়বীয় পদার্থ,— ইহা জলের নবমাংশ, উদজান ; জলজান।

হাইড্রো-থোরাক্স (Hydro thorax) বক্ষঃস্থলের শোথ, বক্ষকদক।

হাইড্রো-পেরিকার্ডাইটিস (Hydro-pericarditis) পেরিকার্ডিয়ম বা হৃদ্বেষ্টের শোথ।

হাইড্রোপ্যাথি (Hydropathy) শীতল জল আভ্যন্তরিক ও বাহ্য প্রয়োগ করিয়া সকল রোগের চিকিৎসা পদ্ধতি ; জলচিকিৎসা।

হাইড্রো ফাইসোমিট্রা (Hydrophy-sometra) জরায়ুর জল ও বায়ু সঞ্চয় রোগ।

হাইড্রো-ফোবিয়া (Hydrophobia) মত্ত কুকুরাদির দংশনজনিত জল-ভয় রোগ ; জলাতঙ্ক।

হাইড্রোমিট্রা (Hydro-metra) জরায়ুর শোথ।

হাইড্রোরেকিস (Hydrorachis) পৃষ্ঠবংশে জলসঞ্চয়।

হাইড্রো-সায়েনিক-য়্যাসিড (Hydro-cyanic Acid) অতিশীঘ্র প্রাণ নাশক এক প্রকার উদ্ভিদ বিষ।

হাইড্রো সিফেলাস, হাইড্রোকেফেলাস (Hydrocephalus) মস্তক-শোথ ; মস্তিষ্কে জল সঞ্চয়।

হাইড্রোসিল (Hydrocele) জলদোষ ; কুরণ্ড।

হাইপার (Hyper-) অতিরিক্ত, রসায়নশাস্ত্রে এই উপসর্গ মিশ্রণের সর্ব্বাপেক্ষা আতিশয্য জ্ঞাপক।

হাইপার-অষ্টোসিস (Hyperostosis) অস্থির অতিবর্দ্ধন।

হাইপার-ইনোসিস (Hyperinosis) রক্তে তন্তুর আধিক্য।

হাইপার-ইমিয়া (Hyperæmia) কোন অংশের কৈশিকা নাড়ীতে অস্বাভাবিক রক্তাধিক্য ; অস্বাস্থ্যকর রক্তাধিক্য।

হাইপার-ঈস্থিশিয়া (Hyper-æsthesia) অতিরিক্ত অনুভব শক্তি।

হাইপার ট্রফি (Hypertrophy) কোন শরীর-যন্ত্রের অস্বাভাবিক বিবর্দ্ধন

হাইপিনোসিস Hypinosis) রক্তের ন্যূনতন্তুতা।

হাইপো- (Hypo) ন্যূনতা বা স্ব-

ব্রত্তা জ্ঞাপক উপসর্গ; নিম্নাবস্থান জ্ঞাপক উপসর্গ।

হাইপোকণ্ড্রিয়াম (Hypochondrium) কুক্ষি; কোঁখ; উপপশু-কার নিম্নস্থ উদরাংশ।

হাইপো-কণ্ড্রিয়া (Hypo chondria) হাইপোকণ্ড্রিয়মের বহুবচন।

হাইপোকণ্ড্রিয়্যাক (Hypochondriac) অবসাদবায়ুরোগগ্রস্ত। কুক্ষিসম্বন্ধীয়।

হাইপোকণ্ড্রিয়্যাসিস (Hypochondriasis) অবসাদবায়ু।

হাইপোগ্যাষ্ট্রিক (Hypogastric) উদর-নিম্ন-প্রদেশীয়।

হাইপো-গ্যাষ্ট্রিয়াম (Hypogastrium) পিউবিস অর্থাৎ মণিপুর হইতে নাভীর তিন অঙ্গুলী নিম্ন পর্য্যন্ত উদরের নিম্ন ভাগ; উদর-নিম্ন-প্রদেশ।

হাইপোগ্যাষ্ট্রোসিল (Hypo-gastrocele) উদর-নিম্ন-প্রদেশে অন্ত্র-বৃদ্ধি।

হাইপোগ্লটিস (Hypo-glottis) জিহ্বার নিম্নদেশ।

হাইপোগ্লস্যাল (Hypo-glossal) জিহ্বা-নিম্ন স্নায়ু; নবমযুগ্ম স্নায়ু।

হাইপোডার্মিক (Hypo dermic) চর্ম্মের নিম্নে অবস্থিত বা প্রয়োজিত। অধস্ত্বাচ।

হাইপোডার্মিক সিরিঞ্জ (Hypodermic Syringe) চর্ম্মের নীচে পিচকারী দেওয়ার জন্য সূচীমুখ ক্ষুদ্রকাচের পিচকারীবিশেষ।

হাইপোডিনিয়া (Hypo-dynia) সামান্য বেদনা।

হাইভস (Hives) জলবসন্ত। ক্রুপ।

হাইমেন (Hymen) কুমারীদিগের যোনি-মুখ আবরক অর্দ্ধচন্দ্রাকার ঝিল্লীবিশেষ। পুরুষ সংসর্গের পর ইহা বিদীর্ণ হইয়া যায়; সতীদেবী।

হাইলাস (Hilus) যন্ত্রের চির বা বিদারণ।

হাইয়েলয়েড (Hyaloid) কাচবৎ।

হাইয়েলাইটিস (Hyalitis) চক্ষুর হায়েলয়েড ঝিল্লীর প্রদাহ।

হাইয়েলিন (Hyaline) বিকাশাবস্থায় কোষ (cells)স্থ অর্দ্ধস্বচ্ছ পদার্থ। কাচবৎ; স্বচ্ছ।

হার্ট (Heart) বক্ষঃস্থিত রক্তসঞ্চালন যন্ত্র; হৃৎপিণ্ড; রক্তাশয়।

হার্টবার্ণ (Heart-burn) অগ্নিমান্দ্য সহকারে আমাশয়ের উপরের মুখে উত্তাপ ও অস্বচ্ছন্দতা অনুভব; বুকজ্বালা।

হার্ণিয়া (Hernia) শরীরের কোন যন্ত্রের বা যন্ত্রাংশের স্বাভাবিক গহ্বর হইতে স্থান-চ্যুতি ও বাহির হইয়া পড়া; অন্ত্রবৃদ্ধি; আঁতের পীড়া।

হার্পিজ (Herpes) প্রদাহিত চর্ম্মের

উপর রসপূর্ণ স্বতন্ত্র স্বতন্ত্র পীড়কার অসম স্তবক বিশিষ্ট চর্ম্মরোগ বিশেষ; দদ্রুবিশেষ।

হার্মেটিক-সিল (Hermatic seal) কাচের সিসী বা নলের গলদেশ উত্তাপে গলাইয়া পরে চিম্‌টা দিয়া মোচড়াইয়া বায়ু প্রবেশ না করিতে পারে এরূপ করা।

হার্মেফ্রোডাইট (Hermaphrodite) স্ত্রীপুরুষ উভয়জাতীব জননেন্দ্রিয় বিশিষ্ট প্রাণী বা উদ্ভিদ। দ্বি-লিঙ্গ।

হার্শ (Harsh) কর্কশ।

হিউমরিক (Humoric) জলগর্ভ; আমাশয়ে অধিক জল বা বায়ু থাকিলে অঙ্গুলীর আঘাত দ্বারা যে শব্দ হয় তৎপ্রতি এই শব্দ ব্যবহৃত হয়।

হিউমরিজ্‌ম (Humorism) 'শরীরস্থ তরল পদার্থের বিকৃতি সকল রোগের কারণ' এইমত।

হিউমর্যাল-প্যাথলজি (Humoral Pathology) হিউমরিজ্‌ম।

হিউমার (Humour) রক্তব্যতীত শরীরের তরল পদার্থ; রসাদি।

হিউমারাস (Humerus) বাহুর বৃহত্তর অস্থি; প্রগণ্ডাস্থি।

হিউমার্যাল (Humeral) স্কন্ধ বা বাহুসংক্রান্ত।

হিউমিড (Humid) আর্দ্র।

হিক্‌প (Hiccup) হিক্কা।

হিট (Heat) উত্তাপ।

হিটারো- (Hetero-) বিষমতা জ্ঞাপক উপসর্গ, যথা, হিটারোজিনাস-বিষম-জাতি।

হিপ-জয়েন্ট-ডিজিজ (Hip-Joint-Disease) উরু-সন্ধির একপ্রকার পুরাতন রোগ। এই রোগে সাধারণতঃ যুবকদিগের উপাস্থিতে এবং বালকদিগের উরুর অস্থির মাথায় ক্ষত থাকে।

হিপ-নটিক (Hipnotic) নিদ্রাজনক।

হিপ-বাথ (Hip-bath) নাভী অবধি উরু পর্য্যন্ত স্নান; কটিস্নান।

হিপিউরিক-য়্যাসিড (Hippuric Acid) গো ও অশ্বের মূত্র হইতে উৎপন্ন ইউরিক য়্যাসিডের সমতুল্য অম্ল বিশেষ।

হিপিউরিয়া (Hippuria) মূত্রে হিপিউরিক য়্যাসিডের আধিক্য।

হিপেটাইটিস (Hepatitis) যকৃতের প্রদাহ।

হিপেটিজেশন (Hepatization) যকৃতের আকৃতি ধারণ;

হিপেটেল-কোসিস (Hepatelcosis) যকৃতের ক্ষত।

হিপেটোসিল (Hepatocele) যকৃতের কোন অংশ উদর-প্রাচীরের অভ্যন্তরে প্রবেশ। নবজাত শিশুদিগেরই এই রোগ হয়। [শূল।

হিপেট্যাল-জিয়া (Hepatalgia) যকৃৎ-

হিপোক্যাম্পাস (Hippocampus) মস্তিষ্কের (নলাকার মৎস্যের ন্যায়) কুণ্ডলীদ্বয়।

হিপোক্রেটিক-কাউন্টিন্যান্স (Hippocratic Countenance) পাণ্ডুর, নিমগ্ন, ও আকুঞ্চিত মুখাকৃতি।

হিল (Hill) পর্ব্বত।

হিলিক্স, হেলিক্স (Helix) কর্ণের বাহ্যপ্রান্তের সমগ্র পরিবেশ। বহুবচন—হেলিসিজ।

হিলিসাইন (Helicine) দ্রাক্ষালতার আকর্ষণীবৎ; ঘূর্ণিত।

হিষ্টরি (History) পুরাবৃত্ত; ইতিবৃত্ত।

হিষ্টলজি (Histology) শরীরের বিধান-তন্তুর অণুবীক্ষণ-দৃষ্ট নির্ম্মাণতত্ত্ব।

হিষ্টারিক্স (Hysterics) হিষ্টিরিয়া।

হিষ্টার্যাল-জিয়া (Hysteralgia) জরায়ুতে বেদনা।

হিষ্টারটম, হিষ্টীরোটোম (Hysterotome) জরায়ুর মুখ ও গ্রীবা ছেদন করিয়া বিভাগার্থ অস্ত্রবিশেষ।

হিষ্টারটমি, হিষ্টীরোটমি (Hysterotomy) জরায়ুচ্ছেদ।

হিষ্টারোমেনিয়া (Hysteromania) গুল্মবায়ুজনিত উন্মাদ। স্ত্রীলোকের কামোন্মাদ।

হিষ্টারোসিল (Hysterocele) উদরের রন্ধ্র বা প্রাচীরের অভ্যন্তর দিয়া জরায়ুর কিয়দংশ নির্গমন; জরায়ুর হার্ণিয়া।

হিষ্টিরাইটিস (Hysteritis) জরায়ুর প্রদাহ।

হিষ্টিরিয়া (Hysteria) স্ত্রীলোকদিগের একপ্রকার আবেশিক ও আক্ষেপিক রোগ, ইহাতে হাস্য, ক্রন্দন, শ্বাসরোধ অনুভবাদি লক্ষণ অথবা অন্যান্য রোগের লক্ষণের সাদৃশ্য থাকে; গুল্মবায়ু; মূর্চ্ছাবায়ু।

হিসিং (Hissing) সর্পের শ্বাসবৎ; হিস্‌হিস (শব্দ)।

হুইজিং (Wheezing) উচ্চশব্দবিশিষ্ট আয়াসিত শ্বাসক্রিয়া; হাঁসপাস।

হুইট-লো (Whit-low) নখ-মূলের প্রদাহ; আঙ্গুলহাড়া।

হুপিংকফ (Whooping cough) হুপশব্দক কাস। শিশু ও বালকদিগের একপ্রকার আক্ষেপিক কাস। এই কাসের আবেশ সময়ে দীর্ঘনিশ্বাস আকর্ষণে "হুপ্" শব্দ হয় বলিয়া ইহাকে হুপ শব্দক কাস বলে।

হুইস্‌লিং (Whistling) শীসবৎ।

হৃৎকপাট (Valve of the heart) হৃদগহ্বরের মুখের কপাট স্বরূপ ঝিল্লীনির্ম্মিত আবরণ; ইহা আবশ্যক মতে উদ্ঘাটিত ও অবরুদ্ধ হয়।

হৃৎকম্প (Palpitation of the heart) হৃৎপিণ্ডের অতিরিক্ত স্পন্দন; বুক দুড়দুড় করা।

হৃৎকর্ণ (Auricle of the heart) হৃৎপিণ্ডস্থিত পেশী নির্ম্মিত গবাদি পশুর কর্ণবন্ধ্রবৎ গর্ত্ত, হৃদগহ্বর।

হৃৎকোষ (Auricle) অরিকেল; হৃদগহ্বর।

হৃদগহ্বর (Auricle) হৃৎকর্ণ।

হৃৎতত্ত্ববিবেক (Phrenology) করোটির উচ্চতা ও নিম্নতা দর্শনে, মস্তিষ্কের ভিন্ন ভিন্ন অংশে ভিন্ন ভিন্ন প্রবৃত্তির অবস্থিতি জ্ঞানে, লোকের চরিত্র, প্রবৃত্তি ও বুদ্ধিবৃত্তি নিরূপণী বিদ্যা।

হৃদগ্র-প্রদেশ (Precordial Region) এপিগ্যাষ্ট্রিক রিজন।

হৃদন্তরবেষ্ট (Endocardium) এণ্ডোকার্ডিয়ম।

হৃদুদর (Ventricle) ভেণ্ট্রিকেল।

হৃদ্ধমনী (Aorta) মহাধমনী, ঝ্যাওর্টা।

হৃৎপিণ্ড (Heart) হার্ট।

হৃৎশূল (Angina Pectoris) হৃৎপিণ্ডের আক্ষেপিক ও আবেশিক বেদনা রোগ।

হৃল্লাস (Nausea) বিবমিষা।

হৃদ্বাহ্যবেষ্টপ্রদাহ (Pericarditis) হৃদ্বেষ্টপ্রদাহ।

হৃদ্বেষ্ট (Pericardium) পেরিকার্ডিয়ম।

হৃদ্রোগ (Heart-disease) হৃৎপিণ্ডের পীড়া।

হেক্টিকফিভার (Hectic fever) শারীরিক যন্ত্রাদির পুরাতন রোগ জনিত দীর্ঘকাল স্থায়ী মন্দ মন্দ জ্বর; বিলেপী জ্বর।

হেক্সেগন (Hexagon) ষট্‌কোণ ক্ষেত্র।

হেক্সেগোন্যাল (Hexagonal) ষট্‌[কোণ।

হেড (Head) মস্তক।

হেডেক (Headache) মস্তক-বেদনা।

হেভার-শিয়ান-ক্যানাল (Haversian Canal) অস্থির নাড়ীর নালী।

—গ্ল্যাণ্ডস (—Glands) সন্ধির স্নেহস্রাবী ঝিল্লীর চারিদিকস্থ কতিপয় গ্রন্থি।

হেমপ্টিসিস (Hemoptisis) রক্তকাস; ফুসফুস হইতে রক্তস্রাব।

হেমরয়-ড্যাল (Hæmorrhoidal) অর্শ সংক্রান্ত।

হেমরয়েড্‌স্‌ (Hæmorrhoids) রক্তস্রাবী অর্শ।

হেমরেজ (Hæmorrhage) রক্তস্রাব, রক্তবহানাড়ী হইতে রক্ত পাত।

হেমষ্টেটিক (Hæmostatic) রক্তরোধক ঔষধ বা উপায়।

হেমষ্টেশিয়া (Hæmostasia) রক্তরোধ

হেমস্পেশিয়া (Hæmospasia) কোন অঙ্গে রক্ত আকর্ষণ করিবার প্রক্রিয়া।

হেমারেলোপিয়া (Hemeralopia) রাত্র্যন্ধতা ; রাতকাণা রোগ।

হেমি (Hemi) অৰ্দ্ধ ; এই উপসর্গ শব্দের পূর্ব্বে অর্দ্ধার্থে ব্যবহৃত হয় যথা,—

হেমিওপিয়া (Hemiopia) অৰ্দ্ধদৃষ্টি-রোগ ; এই রোগে দৃষ্টবস্তুর অর্দ্ধাংশ মাত্র দেখাযায়।

হেমিক্রেণিয়া (Hemicrania) আধ কপালে মাথাব্যথা, অৰ্দ্ধাবভেদক।

হেমিডিস মঃস (Hemidesmus) অনন্তমূল, সালসার পরিবর্ত্তে ব্যবহৃত হয়।

হেমিন, হিমিন (Hæmin) রক্তের কৃত্রিমতঃ উৎপন্ন দানা।

হেমিপ্লিজিয়া (Hemiplegia) অর্দ্ধ অঙ্গের পক্ষাঘাত ; পক্ষবধ।

হেমিস্ফিয়ার (Hemisphere) অৰ্দ্ধমণ্ডল ; অৰ্দ্ধগোলক।

হেমেটয়-ডিন, হিম্যাটয়-ডিন (Hæmatoidin) রক্তের স্বভাবতঃ উৎপন্ন দানা।

হেমেটিড্রোসিস, হিম্যাটিড্রোসিস (Hæmatidrosis) রক্তঘর্ম্ম।

হেমেটুরিয়া, হিম্যাচুরিয়া (Hæmaturia) সরক্তমূত্র ; রক্তমেহ।

হেমেটয়েড, হিম্যাটয়েড (Hæmatoid) রক্তসদৃশ। রক্তপূর্ণ।

হেমেটিক (Hæmatic) রক্তের রোগ। রক্তবিশোধক ঔষধ।

হেমেটিন, হিম্যাটিন (Hæmatin) রক্তের লোহিত বর্ণকারক উপাদান।

হেমেটিমিসিস (Hæmatemesis) রক্তবমন, পাকস্থলী হইতে রক্ত উদ্গীরণ।

হেমেটোগ্লবিউলিন (Hæmato-globulin) রক্তের লোহিতাণুর উপাদান, সংমিশ্রিত হেমেটিন ও গ্লবিউলিন।

হেমেটোসিন (Hæmatosin) হেমেটিন।

হেমেটোসিল, হিম্যাটোসিল (Hæmatocele) রক্তজ অণ্ড বৃদ্ধি বা অর্ব্বুদ।

হেমেটোজোয়া (Hæmatozoa) রক্তেরকীটাণু।

হেমেটোসিস (Hæmatosis) শৈরিক রক্তের ধামনিক রক্তে পরিবর্ত্তন। পক্করস অর্থাৎ কাইলের রক্তে পরিণতি।

হেম্প (Hemp) গাঁজা, সিদ্ধি।

হেয়ার্স (Hairs) চুল ; রোম।

হেয়ার-লিপ্ (Hare-lip) খরগোসের ন্যায় বিদীর্ণ ওষ্ঠ ; গন্না-কাটা।

হে-য়্যাজমা, হে ফিভার (Hay-Asthma) ওষধিগন্ধজ জ্বর।

হেরিডিটেরি (Hereditary) পিতা-মাতাদি হইতে যাহা সন্তানে বর্ত্তে; কৌলিক; পৈতৃক।

হেল-মিন্থেগগ (Helminthagogue) কৃমিনিঃসারক বা কৃমিঘ্ন ঔষধ।

হেল-মিন্থিয়্যাসিস (Helminthiasis) কৃমি জন্মিবার উপযুক্ত অবস্থা।

হেলিসিস (Helicis) কর্ণেরছিদ্র আ-কুঞ্চক পেশীদ্বয়।

হেলুসিনেশন (Hallucination) অ-বাস্তব বস্তু দর্শন অথবা অতীন্দ্রিয় বিষয়ের কল্পনা।

হেলো (Halo) এরিওলা।

হেলোসিস (Helosis) বিপর্য্যস্ত চ-ক্ষুর পাতাবিশিষ্ট এক প্রকার চ-ক্ষুরোগ।

হেল্থ (Health) স্বাস্থ্য।

হেল্‌দি (Healthy) সুস্থ।

হোমিওপ্যাথি (Homœopathy) সুস্থ শরীরে বিষমাত্রায় যে ঔষধে যে রোগের লক্ষণ উপস্থিত হয় অল্পমাত্রায় সেই ঔষধে সেই রোগ আরোগ্য হয় এই প্রকার চি-কিৎসা-পদ্ধতি।

হোমিসাইড (Homicide) নরহত্যা।

হোমো (Homo-) সমতাজ্ঞাপক উ-পসর্গ।

হোয়াইট (White) শুভ্রবর্ণ।

হোয়াইট-অভ-দি-আই (White of the eye) চক্ষুর উপতারার চতু-র্দিকবর্ত্তী শ্বেতাংশ।

হোয়াইট-অভ-য্যান-এগ (White of an egg) ডিম্বের অভ্যন্তরস্থ শু-ভ্রবর্ণ তরল পদার্থ।

হোয়াইট্‌স (Whites) শ্বেতপ্রদর।

হ্যাংইং * (Hanging) উদ্বন্ধন; ফাঁস।

হ্যাণ্ড (Hand) হাত, হস্ত।

হ্যানিম্যানিজ্‌ম (Hahnemannism) হোমিওপ্যাথি। আবিষ্কর্ত্তা ডাঃ হ্যানিম্যানের নামানুসারে এরূপ কথিত হইয়া থাকে।

হ্যাবিট (Habit) ধাতু, দেহ-প্রকৃতি।

হ্যাবিটাস (Habitus) ধাতু। অভ্যাস।

---

* 'হ্যা' ইংরেজীশব্দে 'হ্ন্যা' উচ্চারিত হইবে না, হ্‌+য়্যা উচ্চারিত হইবে।

ব্যবস্থাপত্রাদিতে ব্যবহৃত সাঙ্কেতিক চিহ্ন।

$\overline{AA}$—পূর্ব্বলিখিত উপাদান সকলের, অথবা এইচিহ্ন ও শেষোক্ত দ্রব্যের মধ্যবর্ত্তী পদার্থ সকলের সম পরিমাণ ব্যবহার্য্য জ্ঞাপক ব্যবস্থাপত্রে ব্যবহৃত চিহ্ন।

$\overline{AAA}$—রসায়ন শাস্ত্রে পারদের সহিত অন্য ধাতুর সংমিশ্রণ জ্ঞাপক চিহ্ন।

Abs. febr.—জ্বরের বিরাম কালে।

Ad 2 Vic—দুইবার সেবন করিবা।

Ad lib—যথেচ্ছা।

Admov—প্রয়োগ করা হউক।

Altern. horis—একদিন পর একদিন।

Alt. noct—একরাত্রি পর এক- [রাত্রি।

Aq. bull—স্ফুটিত জল।

Aq. dest—পরিস্রুত জল।

Aq. ferv—স্ফুটিত জল।

Aq. font—উৎস-জল।

Bis. ind.—দিনে দুইবার।

C.—রসায়ন শাস্ত্রে কার্ব্বণ জ্ঞাপক চিহ্ন। হোমিওপ্যাথিতে শততমিক ক্রমজ্ঞাপক সঙ্কেত, যথা, 6c, ছয় শততমিক ক্রম।

C. M.—আগামী কল্য প্রাতে।

C. N.—আগামী কল্য রাত্রে।

C. V.—আগামী কল্য সন্ধ্যাকালে।

Cap.—সেবন করুন।

Cont. rem.—সেই ঔষধ চলুক।

Crast.—আগামী কল্যের জন্য।

Det.—প্রদত্ত হউক।

Dieb. alt—একদিন পর একদিন।

Dieb. tart—দুইদিন পর একদিন।

Dr.—ড্রাম।

F, Ft—প্রস্তুত হউক।

Gr.—গ্রেইণ।

Gtt.—ফোটা, বিন্দু।

H.—হাইড্রোজেন জ্ঞাপক চিহ্ন।

H. d.—শয়নকালে।

H. s.—শয়নের অব্যবহিত পূর্ব্বে।

I.—আইওডিন জ্ঞাপক চিহ্ন।

Ind.—প্রত্যহ।

K.—ক্ষার জ্ঞাপক চিহ্ন।

L.—লিথিয়ম জ্ঞাপক চিহ্ন।

lb.—পাউণ্ড বা পাইন্ট পরিমাণ।

M.—একমুষ্টি। মিশ্রিত করুন।

Mist—মিশ্রিত কর। মিশ্র।

N.—নাইট্রোজেন জ্ঞাপক চিহ্ন।

Na.—সোডিয়ম জ্ঞাপক চিহ্ন।

O.—অক্সিজেন জ্ঞাপক চিহ্ন।

Oz.—আউন্স।

P.—মুষ্টি পরিমাণ। চূর্ণ।

P. Æ—সমাংস।

P. R. N.—আবশ্যক মত; সময়ে সময়ে।

Pulv.—চূর্ণ।

Pulv. Sacch. lact. q. s.—কোন

ঔষধে সংযুক্ত দুগ্ধশর্করার পরিমাণ।

Q. s.—প্রচুর পরিমাণ।

R, ℞.—(গ্রহণকর) ব্যবস্থাপত্র জ্ঞাপক সংকেত।

S—রসায়নশাস্ত্রে গন্ধক জ্ঞাপক চিহ্ন

Ss.—অর্দ্ধ।

Tinct.—টিংচার, অরিষ্ট।

X.—য়্যাসিড; যথা Cb—x, কার্ব্বলিক য়্যাসিড্; Ph.—x, ফস্ফরিক য়্যাসিড্। হোমিওপ্যাথিতে দশমিক ক্রম জ্ঞাপক, যথা,—6x ছয় দশমিক ক্রম।

℈.—স্ক্রুপল, ২০ গ্রেণ শুষ্ক দ্রব্যের পরিমাণ।

ʒ.—ড্রাম, শুষ্কদ্রব্যের ৬০ গ্রেণ পরিমাণ; তরল দ্রব্যের এক আউন্সের অষ্টমাংশ।

℥.—আউন্স।

(/)—হোমিওপ্যাথিক মাদার টিংচার জ্ঞাপক চিহ্ন।

$\frac{3}{100}$—কোন হোমিওপ্যাথিক ঔষধের শতক্রমের ৩ বটিকা; যথা,—বেল $\frac{3}{100}$।

ব্যবস্থাপত্রাদিতে ব্যবহৃত সংখ্যা।

I (১), II (২), III (৩), IV (৪), V (৫), VI (৬), VII (৭), VIII (৮), IX (৯), X (১০), XX (২০) XXX (৩০) XL (৪০), L (৫০), C (১০০)। অন্যান্য সংখ্যা এই গুলি সংযোগ করিয়া হয়।

পরিশিষ্ট।

সচরাচর প্রচলিত আয়ুর্ব্বেদোক্ত দুরূহ শব্দের অর্থ।

অ

অংশ স্কন্ধ।

অংশকূট ককুদ, ষাঁড়ের ঝুঁট।

অকরাকরভ আকোরকরা।

অগস্তি বকপুষ্প বৃক্ষ।

অগুরু অগর, সুগন্ধি কাষ্ঠ বিশেষ।

অগ্নিমন্থ গনিয়ারি।

অগ্নিরোহিণী কক্ষেতে মাংস বিদারণকারী জ্বলন্ত অগ্নিসদৃশ উৎকট স্ফোটক।

অগ্নিশিখা লাঙ্গলিকা, ইষলাঙ্গলা।

অঙ্কোট, অঙ্কোঠ ধলা আঁকড়া।

অঙ্গমর্দ্দ গা আড়ামোড়া।

অঙ্গমর্দ্দপ্রশমন শরীর বেদনা নিবারক ঔষধ।

অজকা, অজকাজাত এই রোগে শুষ্ক অজপুরীষ তুল্য উৎসেধ কৃষ্ণমণ্ডল ভেদ করিয়া অক্ষির উপর বহির্গত হয়।

অজগল্লিকা মুদ্গপ্রমাণ, স্বাভাবিক বর্ণযুক্ত, স্নিগ্ধ, গ্রথিত, বেদনাশূন্য পীড়কাবিশিষ্ট বালরোগ বিশেষ।

অজমোদা যমানী, রান্ধনী।

অঞ্জন অক্ষিপুটের প্রান্তে অঙ্গুলী বা ধাতুনির্ম্মিত শলাকা দ্বারা ঔষধ প্রয়োগ।

অঞ্জীর পেয়ারা। আঁজির।

অটরূষ বাসক বৃক্ষ।

অতসী মসিনা; তিসী।

অতিবলা পীতবলা। গোরখ চাকুলে। পানিসাঁড়া।

অতিবিষ আতিস।

অতিসার উদরাময় রোগ।

অধিজিহ্ব কণ্ঠগত রোগ বিশেষ। উপজিহ্বার প্রদাহ।

অধিপতি মস্তকের অভ্যন্তরে সন্ধি ও মস্তকের সংযোগ স্থান।

অধিমন্থ এই চক্ষুরোগে চক্ষু উৎপা-

টিত ও মন্থিত হইবার ন্যায় বেদনা এবং অর্দ্ধ কাপালিক শিবঃপীড়া হয়। 'শিবপীড়া যুক্ত শুক্রভব (অপথ্যালমিয়া)।

অধিমাংসক দন্তবেষ্ট রোগ। জ্ঞানদন্তের চতুর্দ্দিকে স্ফীততা।

অনস্তা অনন্ত মূল।

অনুপান ঔষধের সহিত বা পশ্চাতে যাহা পান করা যায়।

অনুলেপ গাত্রে গন্ধ দ্রব্যাদি লেপন।

অনুলোমন যে সকল ঔষধে দোষ পরিপাক করিয়া উহা নিঃসরণ করায়।

অনুবাসন স্নেহদ্রব্যে বস্তিক্রিয়া।

অনুবাসনোপযোগ অনুবাসনক্রিয়ার ঔষধ।

অনুশয়ী পদের উপরে গম্ভীর অল্প শোথ যুক্ত অন্তঃপাক বিশিষ্ট স্বাভাবিকবর্ণ পীড়কা।

অনূপ জলবহুল দেশ, জলাশ্বান।

অন্তরায়াম-অভ্যন্তরদিকে ধনুকের ন্যায় বক্র হইয়া উঠা টংকাররোগ।

অন্তর্বিদ্রধি অস্থি সমাশ্রিত দোষ ত্বক মাংস মেদ ও রক্তকে দূষিত করিয়া ক্রমে ভয়ানক উন্নত শোথ উৎপন্ন করিলে তাহাকে বিদ্রধি (ডিফিউজ য়্যাব্সেস) কহে। উদর মধ্যস্থ বিদ্রধিকে অন্তর্বিদ্রধি বলে।

অন্ত্রবৃদ্ধি (হার্ণিয়া)। আঁতের পীড়া।

অন্যেদ্যুষ্ক প্রাত্যহিক বিষম জ্বর।

অন্ত্র আঁতড়ী ; নাড়ীভুড়ি।

অন্ত্র-কূজন পেট ডাকা ; উদরের শব্দ।

অন্ত্রালজী অপক্ক ডুম্বুর সদৃশ বর্ণ অবক্র গোলাকার উন্নত ঘন এবং মুখে অল্প পূয যুক্ত পীড়কা বিশিষ্ট ক্ষুদ্র রোগ বিশেষ।

অন্ননাড়ী মুখ হইতে মলদ্বার পর্য্যন্ত অন্ন বিপাক নাড়ী।

অন্নবাহীস্রোত গলার নলী।

অপচী গণ্ডমালা রোগে যে গ্রন্থি অবস্থান্তর না হইয়া দীর্ঘকাল বিদ্যমান থাকে ও পাকে না তাহাকে অপচী কহে।

অপতন্ত্রক সংন্যাস রোগের আক্ষেপ

অপতানক (হিষ্টিরিয়া) বা গুল্ম বায়ু রোগের আক্ষেপ।

অপত্য-পথ যোনি।

অপথ্য কুপথ্য।

অপলাপ অংশকূটের অধোভাগে পার্শ্ব দ্বয়ের উপবিভাগে শিরামর্ম্ম দ্বয়।

অপস্তম্ভ বক্ষঃস্থলের উভয় পার্শ্বস্থ শিরামর্ম্ম দ্বয়।

অপস্মার মৃগিরোগ।

অপাক অজীর্ণতা।

অপান গুহ্যদেশীয় বায়ু।

অপামার্গ আপাং ; চিরচিরা।

অবদীর্ণ বিদারিত ; ফাটা।

অবপাটিকা উল্টা মুদ্রা (প্যারাফাইমোসিস)।

অবপীড় শিরোবিরেচনার্থ নস্য বিশেষ। নাসারন্ধ্রে কোন তীব্র ঔষধের রস বিন্দু বিন্দু প্রয়োগ করিয়া নাসিকার স্রাব বর্দ্ধন।

অববাহু স্কন্ধ সন্ধির স্তব্ধতা।

অবভাসিনী শরীরের বাহ্যত্বক্। ত্বক্ দ্রষ্টব্য।

অবলেহ চেটে খাওয়ার ঔষধ।

অবিপাক যাহা বিশিষ্টরূপে পাকে না।

অব্রণশুক্ল কনীনিকার অস্বচ্ছতা (ওপাসিটি অভ্ কর্নিয়া)।

অভয়া হরিতকী।

অভিন্যাস সন্নিপাত জ্বর বিশেষ। (আর্ডেন্ট ফিভার)।

অভিঘাত আঘাত।

অভিষ্যন্দ চক্ষুউঠা ; চক্ষু প্রদাহ।

অভিষ্যন্দি- যে ঔষধে নিঃস্রব বোধ করিয়া গাত্রের গুরুতা ও পূর্ণতা জন্মায়। [মর্দ্দন।

অভ্যঙ্গ তৈল মর্দ্দন। মস্তকে তৈল

অভ্যঞ্জন তৈল মর্দ্দন। [অভ্র।

অভ্র স্বনামখ্যাত উপধাতু বিশেষ।

অমরা গর্ভনাড়ী, ফুল।

অমৃত বৎস নাভাখ্য বিষ। কাঠবিষ বিশেষ।

অমৃতা গুড়ূচী।

অমৃতাষ্টক নিম্ব, গুলঞ্চ, কটুকী, মুস্তক, ইন্দ্রযব, পটোলপত্র, শুঁট, রক্তচন্দন।

অম্লবেতস চক্র। থৈকড়।

অম্লাধ্যুষিত (আইরাইটিস) দ্রষ্টব্য। নেত্ররোগ বিশেষ।

অম্লিকা তেঁতুল।

অম্বষ্ঠা পাঠা ; আকনাদি।

অম্বুপ্রসাদ নির্ম্মলী ফল বৃক্ষ।

অম্বুবেতস পানী বেতস। বড় বেত।

অরলু শ্যোনাক বৃক্ষ। সোনাগাছ।

অরিমেদ গুয়ে বাবলা।

অরিষ্ট সূতিকাগৃহ। মৃত্যুচিহ্ন। আরোক ; (টিংচার) মিশ্র।

অরুংষিকা মাথার বহুমুখ ফুসকুড়ী। (পোরাইগো) দ্রষ্টব্য।

অরুষ্কর ভল্লাতক, ভেলা।

অর্ক আকন্দ।

অর্কপুষ্পিকা অর্কহুলী ; শাদা হুরহুরিয়া।

অর্কমূলা ইশার মূল।

অর্ঘ ভ্রমর সদৃশ ও পীতবর্ণ মক্ষিকা সংগৃহীত বন্যমধু।

অর্ঘ্যাট ওকড়া।

অর্জ্জুন আজন বৃক্ষ। ক্বোহা (হিং)।

অর্জ্জুনরোগ (কিমোসিস) দ্রষ্টব্য। এই রোগে চক্ষুর শুক্লাংশের উপর শশকের রক্ত সদৃশ একটী মাত্র বিন্দু দৃষ্ট হয়।

অর্দ্দিত মুখমণ্ডলের পক্ষাঘাত।

অর্দ্ধাঙ্গ অর্দ্ধাঙ্গের অবশতা।

অর্দ্ধাবভেদক অর্দ্ধ কপালের বেদনা আধ কপালে মাথাব্যথা।

অর্ব্বুদ আব। (টিউমার) দ্রষ্টব্য।

অর্ম্ম নেত্র রোগ বিশেষ। (টেরিজিয়ম) দ্রষ্টব্য।

অর্শঘ্ন ওল।

অলজী, অলজিকা তাম্রবর্ণ গাত্র পিড়কা বিশেষ। প্রমেহ পিডকা। শুক রোগ পিড়কা। নেত্ররোগ বিশেষ।

অলাবু লাউ।

অলাস জিহ্বা-প্রদাহ। [বিশেষ।

অশোক স্বনামখ্যাত রক্তপুষ্প বৃক্ষ

অশ্বকর্ণ শালবৃক্ষ বিশেষ। লতাশাল।

অশ্বগন্ধা স্বনামখ্যাত বৃক্ষ। ইহার মূলে অশ্বের গন্ধ আছে বলিয়া এরূপ নাম।

অশ্বত্থ স্বনামখ্যাত বৃহদ্বৃক্ষবিশেষ। পিপল (হিং)। পাকুর।

অশ্মরী পাথরী রোগ।

অষ্টধাতু স্বর্ণ, রৌপা, কাংশ, যশদ, তাম্র, রঙ্গ, সীসক, লৌহ।

অষ্টবর্গ ঋষভক (অনুকল্পে বংশলোচন), জীবক (গুলঞ্চ), মেদা (অশ্বগন্ধা), মহামেদা (সারিবা), ঋদ্ধি (বলা), বৃদ্ধি (মহাবলা), কাকোলী, ক্ষীরকাকোলী।

অষ্ঠীলা বাতরোগান্তর্গত বর্ত্তুল (পাষাণখণ্ড) সদৃশ রোগবিশেষ। জঠরে তির্য্যক ভাবে উত্থিত বাতাষ্ঠীলা।

অসন পেয়াশাল। [প্রদর

অসৃগ্দর রক্তপ্রদর ; রক্তভাঙ্গা।

অস্থি হাড়। অস্থি পাঁচপ্রকার, যথা, —তরুণাস্থি, কপালাস্থি, রুচকাস্থি, বলয়াস্থি ও নলকাস্থি। অক্ষিকোষ, কর্ণ ও গ্রীবাতে তরুণাস্থি ; মস্তক, শঙ্খ, তালু, গণ্ড, স্কন্ধ, জানু ও নিতম্বে কপালাস্থি ; দন্তে রুচকাস্থি ; হস্ত, পদ, পার্শ্ব, পৃষ্ঠ ও উদরে বলয়াস্থি ; এবং হস্ত পদের অঙ্গুলীতলে, কূর্চ্চদেশে, মণিবন্ধে, বাহু ও জঙ্ঘাদ্বয়ে নলকাস্থি অবস্থিত।

অস্থিসংহার হাড়জোড়া লতা।

অহিপুতন ইন্টারট্রাইগো দ্রষ্টব্য।

অহিফেণ আফিং। [পতি।

অক্ষিপাক অক্ষিগোলক পূযোৎ-

আ

আকাশবল্লী আকাশবেগ লতা।

আকাশমাংসী একপ্রকার ক্ষুদ্রজটামাংসী।

আখুকর্ণী মূষিকপর্ণী দ্রষ্টব্য।

আগুন্তকজ্বর অভিঘাতাদি কারণে উৎপন্নজ্বর।

আগ্নেয় পাচক। [শব্দ।

আটোপ বায়ুজন্য পেটে গুড়গুড

আঢ়ক আটসের।

আঢকী অড়হর।

আণি জানুর উভয় পার্শ্বস্থ স্নায়ু-মর্ম্ম।
আতৈচ আতিস ; অতিবিষ।
আত্মগুপ্তা আলাকুশী, কপিকচ্ছু।
আর্ত্তব স্ত্রীরজ।
আর্দ্রক আদা।
আধ্মান বায়ুজন্য উদর স্ফীততা।
আনা ছয়কুঁচ পরিমাণ। [শেষ।
আনাহ মূত্রপুরীষ রোধক রোগবি-
আম কাঁচা। অপক্ক অন্নজ রস।
আমবাত সন্ধিবাত। (রুমেটিজম্)।
আমলকী আমলা।
আম্রাতক আমড়া।
আম্ললোণিকা আমরুল শাক।
আয়ুর্ব্বেদ বৈদ্যক শাস্ত্র।
আরগ্বধ সোনালু, বাঁদরলাঠী।
আশয় কোষ্ঠাগার ; যথা,—রক্তাশয়, শ্লেষ্মাশয়, আমাশয়, পিত্তাশয়, বাতাশয়, মলাশয়, মূত্রাশয় ; গর্ভাশয়, স্তন্যাশয়। [দান।
আশ্চোতন চক্ষে ঔষধের বিন্দুপ্র-
আস্থাপন নিরূহ বস্তি।
আস্থাপনোপযোগ পিচকারীব্যবহার্য্য ঔষধ।
আহকজ্বর নাসাজ্বর।
আক্ষেপক খেঁচুনিরোগ, দড়কা। (কনভল্শন্)।
আক্ষোট আখরোট ফল।

ই

ইঙ্গুদী ইঙ্গোট বৃক্ষ, জিয়াপুতা-গাছ।
ইডা শরীরস্থা বামভাগিনী নাড়ী।
ইন্দীবর নীল পদ্ম। [রুকী।
ইন্দ্রবারুণী রাখাল শশালতা ; কুঁদ-
ইন্দ্রবিদ্ধ যেরূপ পদ্মবীজকোষের বীজ সমূহ মণ্ডলাকারে সংস্থিত থাকে সেইরূপ ত্বকের উপর এই রোগে পিড়কা জন্মে, দদ্রু বিশেষ।
ইন্দ্রযব স্বনামখ্যাত তিক্ত বীজ বিশেষ ; কুরচির বীজ।
ইন্দ্রলুপ্ত টাক, কেশধ্বংস রোগ।
ইন্দ্রবস্তি প্রকোষ্ঠে দুইটী ও জঙ্ঘায় দুইটী মাংসমর্ম্ম।
ইবিবেল্লিকা মস্তকের কার্ব্বঙ্কল। ইহাতে জ্বর হইয়া মস্তকের উপর বর্ত্তুলাকার উগ্র বেদনাযুক্ত পিড়কা হয়।
ইক্ষুগন্ধা কুলেখাড়া ; তালমাখানা।
ইক্ষুমেহ ইক্ষুরস সদৃশ অতি মধুর মূত্রস্রাবী প্রমেহ।

উ

উড়ুম্বর যজ্ঞডুম্বর।
উণ্ডুক অন্ত্রদেশে ব্যবস্থিত উদরাভ্যন্তরের যন্ত্র বিশেষ।
উৎসঙ্গপিড়কা নেত্ররোগান্তর্গত বর্ত্মজ রোগ বিশেষ। চক্ষের পা-

তার মধ্যে বাহ্যে তাম্রবর্ণ এবং অভ্যন্তরমুখী পিড়কা। (সিষ্ট)

উৎসর্জ্জনী মলদ্বারের দ্বিতীয় বলি।

উৎসাদন ব্রণের মাংস বর্দ্ধন কার্য্য।

উৎক্ষেপ শঙ্খদ্বয়ের উপরিভাগস্থ মর্ম্ম স্থান।

উত্তরবস্তি মূত্রদ্বারে পিচকারি। নিরূহবস্তির পরে প্রদত্ত হয় বলিয়া উত্তরবস্তি বলে।

উত্তান চিৎ।

উদকমেহ অধিক পরিমাণে স্বচ্ছ শুক্লবর্ণ শীতল, নিগন্ধ, অম্বুসদৃশ কিঞ্চিৎ আবিল ও পিচ্ছিল মূত্রস্রাবী প্রমেহ।

উদর্দ্দ মধ্য-নিম্ন কণ্ডূযুক্ত রক্তবর্ণ মণ্ডল বিশিষ্ট শীতপিত্ত রোগ। এক প্রকার (আর্টিকেরিয়া)। বাতাধিক্যে শীতপিত্ত ও কফাধিক্যে উদর্দ্দ বলে। [যব।

উদর্দ্দপ্রশমন শীতপিত্ত নাশক ও-

উদসী অর্দ্ধ জলমিশ্রিত ঘোল।

উদর নাভী ও স্তনের মধ্যভাগ।

উদরগ্রন্থি গুল্মরোগ।

উদরভঙ্গ অতিসার।

উদররোগ পেটমোটা। জঠর।

উদান কণ্ঠস্থবায়ু।

উদাবর্ত্ত উত্থিত বেগ নিবারণ দ্বারা আবৃত বায়ুর স্থিতিকে উদাবর্ত্ত কহে। বায়ু, মল, মূত্র, জৃম্ভ, নেত্রজল, উদ্গার, বমি, শুক্র, ক্ষুধা, তৃষ্ণা, উৎশ্বাস এবং নিদ্রার বেগ ধারণ দ্বারা উদাবর্ত্ত রোগ জন্মে।

উদূখল হামানদিস্তা।

উদ্বর্ত্তন ঘর্ষণ। [দন।

উদ্বেষ্টন দণ্ডাদিদ্বারা পীড়নবৎ বে-

উন্মন্থক কর্ণপালীর স্ফীততা। বল পূর্ব্বক কর্ণ বর্দ্ধন চেষ্টায় ইহা উৎপন্ন হয়।

উপকুশ মুখরোগান্তর্গত দন্তবেষ্ট রোগ বিশেষ।

উপদংশ গরমার ব্যারাম।

উপধাতু ধাতুসদৃশ ধাতু, যথা,— মাক্ষিক, অভ্র, তুতিয়া, নীলাঞ্জন, মনঃশিলা, হরিতাল, রসনাঞ্জন। শরীরস্থ ধাতূদ্ভব ধাতু; যথা,— রস হইতে স্তনদুগ্ধ, রক্ত হইতে স্রাবজঃ, মাংস হইতে বসা, মেদ হইতে ঘর্ম, অস্থিহইতে দন্ত, মজ্জা হইতে কেশ; শুক্র হইতে ওজ এই সাতটী উপধাতু।

উপনাহ কনীনিকা ও অক্ষিমুকুরের মধ্যস্থ স্ফীততা। সন্ধিগত চক্ষু রোগ বিশেষ।

উপনাহস্বেদ উত্তপ্ত ঔষধদ্রব্যোরক্কাথ, কল্ক, প্রলেপাদি দ্বারা তাপপ্রদান।

উপমাতা ধাত্রী।

উপশয় ব্যাধি ও হেতুর বিপরীতকারী এবং হেতুর সমানধর্ম্ম হইয়া উহাদের বিপরীতকারী অ-

র্থাৎ বিনাশকারী যে ঔষধ ও অন্নবিহারাদির আরোগ্য করকার্য্য তাহাকে উপশয় কহে।

উপসর্গ এক প্রধান রোগসংসৃষ্ট অ-ন্যান্য রোগ বা উপদ্রব।

উপস্থ লিঙ্গ, পুরুষাঙ্গ।

উরঃক্ষত ফুসফুসে ক্ষত।

উরোগ্রহ অগ্রাস।

উল্বণ বাতাদি বিকারবিশেষ।

উষণ গোলমরিচ। পিপ্পলীমূল।

উষাপান প্রত্যুষে নিয়মিতরূপে জল পান।

উষ্ণস্বেদ উষ্ণবাষ্পপ্রয়োগ।

উশীর বীরণ, বেনা।

ঊ

ঊরুস্তম্ভ জঙ্ঘোপরি বৃহৎ স্ফোটক-বিশেষ। নিম্ন অর্দ্ধাঙ্গের পক্ষাঘাত।

ঊর্ব্বি ঊরুস্থমর্ম্মবিশেষ।

ঊর্ব্বস্থি ঊরুর হাড়।

এ

এককুষ্ঠ কুষ্ঠরোগবিশেষ। ইহাতে শরীর কৃষ্ণারুণ বর্ণ হয়। (ইক্-থিওসিস)।

একবৃন্দ গলার অভ্যন্তরে কঠিন, গুরু, বর্ত্তুলাকার, উন্নত, অল্প দাহ ও কণ্ডূযুক্ত শোথ, ইহা পাকেনা।

এণ কৃষ্ণসারমৃগ।

এরকা হোগলা।

এরণ্ড ভেরেণ্ডা।

এর্ব্বারু বড় কাঁকুড়।

এলবালুক সুগন্ধি বণিকদ্রব্যবিশেষ; এলবালুকা।

এলা বড় এলাচ।

এষণী ব্রণমার্গানুসারিণী। অস্ত্রবিশেষ (প্রোব)।

ঐ

ঐকাহিকজ্বর প্রাত্যহিকজ্বর।

ও

ওজ শরীরস্থ ধাতুবিশেষ। এতদ্দ্বারা দেহের স্থিতি, তুষ্টি, পুষ্টি, বল ও দীপ্তি জন্মে। (দৈহিক তাড়িৎ)।

ওষ দাহ, জ্বালা।

ওষধি কদলী ধান্যাদি ফলপাকান্ত-বৃক্ষ।

ঔ

ঔদ্দালক উইয়ের আবাসস্থিত মধুর আকার তিক্ত পদার্থ বিশেষ।

ঔপসর্গিক সংক্রামকরোগ। সন্নি-পাত রোগবিশেষ।

ঔপসর্গিকমেহ প্রমেহ। (গনোরিয়া)

ঔষধ রোগনাশকদ্রব্য।

ঔষধক মৃত্তিকা লবণ। খাবী লুণ।

ক

কক্কোলক কাকলা; সুগন্ধি বণিক্ দ্রব্য বিশেষ।

কঙ্গু কাঙ্গুনী। কোবা। প্রিয়ঙ্গু।

কচ্চী কচু।

কচ্ছপ তালুমূলে বেদনাশূন্য কচ্ছপাকৃতি দীর্ঘকাল জনিত স্ফীততা।

কচ্ছপিকা মধ্যে উন্নত ও প্রান্তে নিম্ন পাঁচ ছয়টী একত্র গ্রথিত গ্রন্থি রোগ বিশেষ।

কচ্ছু কণ্ডু, চুলকণা, খোস্ ইত্যাদি।

কজ্জলী মিশ্রিত পারদ গন্ধক।

কঞ্চট কাঁচড়া দাম।

কটফল কায়ফল; কায়ছাল।

কটি কোমর।

কটিগ্রহ কোমরকি।

কটুকা কট্‌কী।

কটুতুম্বি তিৎলাউ।

কটুরোহিনী কট্‌কী।

কণীনিকা চক্ষের মণি।

কণ্ঠকূজন গলাডাকা।

কণ্ঠনাডী গলনলী।

কণ্ঠশিরা গ্রীবার উভয় পার্শ্বে যে আটটী শিরা আছে তাহাতে যে আটটী শিরামম্ম আছে তাহাদিগকে কণ্ঠশিরা বা শিরামাতৃকা কহে।

কণ্ঠ্য স্বরবর্দ্ধক ঔষধ। [গুণ)।

কণ্ডরা মহাস্নায়ু। মহাশিরা। (টে-

কণ্ডূ চুলকুনী; খোস্।

কণ্ডূঘ্ন কণ্ডূ কুষ্ঠাদিনাশক ঔষধ। আরগ্বধ।

কতক নির্ম্মালী। [শেষ।

কতৃণ রামকর্পূর। সুগন্ধি তৃণবি-

কনকফল জয়পাল। [পৈদ।

কন্দরোগ জরায়ু বাহির হইয়া পড়া;

কন্যা ঘৃতকুমারী।

কপালিকা দন্তের পাতরীরোগ।

কপিকচ্ছু আলাকুশী, শুয়াশিম্বা।

কপিত্থ কতবেল।

কফোণি কুণুই।

কবল কুলি, কুলকুচ।

কম্পিল্লক কমলাগুঁড়ি।

করবীর করবীফুলের গাছ।

করভ মণিবন্ধাবধি কনিষ্ঠা পর্য্যন্ত করবহির্ভাগ।

করমর্দ্দক করমচা।

করীর বংশাঙ্কুর; করুল।

করীষ ঘুঁটে।

কর্কটক কাঁকড়া। কাঠআমলা।

কর্কটশৃঙ্গী কাঁকড়াশৃঙ্গী বৃক্ষ।

কর্কটী কাঁকুড়।

কর্ণগুথক কাণের খোল, কর্ণমল।

কর্ণনাদ কাণের শব্দ।

কর্ণপাক কাণপাকা।

কর্ণনাশী কাণের শতি।

কর্ণপূতি কাণপচা।

কর্ণশষ্কুলী কর্ণগোলক।

কর্ণশূল কাণবেদনা।

কর্ণস্রাব কাণপাকা।

কর্ণিকার কণিয়ার বৃক্ষ।

কর্পর মাথারখুলি। [শেষ।

কর্পূর রস রসকাফুর; পারদ বি-

কর্পূরহরিদ্রা আম আদা।

কর্ম্মরঙ্গ কামরাঙ্গা।

কর্ষ দুইতোলা পরিমাণ।

কর্ষার্দ্ধ একতোলা পরিমাণ।

কলঙ্ক লৌহমল।

কলঞ্জ তামাক।

কলম্বী কলমী শাক।

কলল গর্ভাশয়; জরায়ু। অস্বাভাবিক গর্ভ বিশেষ।

কলা শরীরাভ্যন্তরস্থ যন্ত্রবিশেষ; স্নায়ুদ্বারা প্রতিচ্ছন্ন জরায়ুদ্বারা সন্তত ও শ্লেষ্মাদ্বারা বেষ্টিত শরীরভাগ। যথা, মাংসধরা, রক্তধরা, মেদধরা, শ্লেষ্মধরা, মলধরা, পিত্তধরা, শুক্রধরা এই সাত কলা।

কল্ক শুষ্ক বা সরস উদ্ভিদপদার্থ প্রস্তরে ছেঁচিয়া জলসংযোগে বা জলব্যতীত লেহবৎ প্রস্তুত পদার্থ। শিলাপিষ্ট দ্রব্য। কাঁইট।

কল্পনাথ তিক্ত গুল্মবিশেষ; কালমেঘ।

কশেরুকা পৃষ্ঠাস্থি। কেশুর।

কষায় কষা; কষো। (য়্যাষ্ট্রিঞ্জেণ্ট)।

কস্তুরি মৃগনাভী; মোস্ক।

কক্ষ বগল।

কক্ষধর বক্ষঃ ও কক্ষের মধ্যস্থিত স্নায়ুমর্ম্মদ্বয়।

কক্ষা বগলে ফোড়া।

কাকজঙ্ঘা বৃক্ষবিশেষ। কেওঠেঙ্গা; কেওঝেকা। [তেঁদু।

কাকতিন্দুক মাকড়া গাব; মাকড়া

কাকতুণ্ড কাকেরমুখেরন্যায় সন্ধি।

কাকতুণ্ডী কেওঠুঠী বৃক্ষ।

কাকমাচী গুডকামাই বৃক্ষ। (সোলেনম নাইগ্রম)।

কাকলী নেপালদেশজাত মূলবিশেষ।

কাকাদনী কালীআঁকড়ালতা, কুমুরকে কাঁটা।

কাঞ্চনার বক্তকাঞ্চন পুষ্পবৃক্ষ।

কাঞ্জিক অম্লজল; আমানি; কাঁজি। দুইসের আউস ধান গুঁড় করিয়া আটসের জলে পনর বা ততোধিক দিন মৃত্তিকার কলসীতে ভিজাইয়া রাখিলে অন্তকৎসেচন জন্মিয়া যে অম্লজল প্রস্তুত হয় তাহাকে কাঞ্জিক বা ধান্যাম্ল কহে।

কাদম্বরী কদম্ব পুষ্প হইতে উৎপন্ন মদিরা।

কান্তলৌহ কান্তিলোহা; অয়স্কান্ত। (কাষ্ট আয়রণ)।

কামলতা তরুলতা।

কামলা পাণ্ডুরোগ; নেবা।

কারবেল্ল করলা (তরকারী)।

কালকূট মালোয়া ও কঙ্কণ দেশজাত

অশ্বত্থের আঠার ন্যায় একপ্রকার বৃক্ষ নির্য্যাস।
কালশাক শাকবিশেষ। নবচা।
কালানুশাবিরা তগবমূল ; শীতলী-জটা ; শিউলীছোপ।
কাশ তৃণবিশেষ, কেশে।
কাশহর কাশরোগঘ্ন ঔষধ।
কাশমর্দ্দ কালকাসুন্দিয়া।
কাংশ কাঁশা ; তাম্র ও টিন মিশ্রিত ধাতু বিশেষ।
কাশীশ হিরাকশ। ইহা দুই প্রকার ধাতুকাশীশ বা সবুজবর্ণ হিরাকশ, পুষ্পকাশীশ বা পীতবর্ণ হিরাকশ
কাশ্মরী গাম্ভারী।
কিংশুক পলাশ, ঢাক। [মেড]।
কিটিভ কুষ্ঠরোগ বিশেষ। (কিল-
কিরাততিক্ত চিরেতা।
কিলাটক ছানা। [দ্রব।
কুকুন্দর নিতম্বদেশস্থ কূপ বা গর্ত্ত।
কুকুভ অর্জ্জুনবৃক্ষ।
কুকুরদ্রু কুকুর শোঁকা গাছ।
কুঙ্কুম জাফ্রাণ।
কুঞ্চন চক্ষুর পাতার আক্ষেপ।
কুটজ কুরচি, কুটরাজ বৃক্ষ।
কুনখ নখরোগ বিশেষ ; কুনী।
কুন্দ কুঁদ ফুলের গাছ।
কুন্দুরু স্বনামখ্যাত গন্ধদ্রব্য।
কুপীলু কুঁচিলা।
কুব্জক পুষ্পবৃক্ষ বিশেষ ; কুজা।
কুমারী ঘৃত কুমারী।
কুমুদ রক্তপদ্ম।
কুম্ভিকা টোকা পানা।
কুম্ভীকা শূকরোগ-পীড়কা বিশেষ।
কুরণ্টক পীতঝাঁটী।
কুরণ্ড মুষ্কবৃদ্ধি রোগ।
কুরবক রক্তাঝাঁটি।
কুলঞ্জন মহাবরি বচ।
কুলত্থ কুলথী কলায়।
কুলিক কোকিলাক্ষ, তালমাখনা,
কুলচর মহিষাদি যে সকল জন্তু জলাস্থানে চরে।
কুশ কুশা।
কুসুম্ভ কুসুমফুল।
কুষ্ঠ কুড।
কুষ্ঠঘ্ন কুষ্ঠাদি চর্ম্মরোগ নাশক ঔষধ।
কুষ্ঠরোগ মহাব্যাধি।
কুষ্মাণ্ড কুমড়া।
কূর্চ্চ পায়ের অঙ্গুষ্ঠ ও অঙ্গুলীর মধ্যবর্ত্তীস্থানের উদ্ধ ও নিম্নস্থ স্নায়ুনম্ম। ভ্রূদ্বয়ের মধ্যস্থান।
কূর্চ্চশির পায়ের গোড়ালির উভয় দিকে একাঙ্গুলী পরিমিত স্থান।
কূর্পর কুণুই।
কৃকাটিকা মস্তক ও গ্রীবা এই উভয়ের সন্ধিস্থানে কৃকাটিকামর্ম্ম।
ক্রিমিকর্ণক কাণে পোকা।
ক্রিমিঘ্ন ক্রিমিনাশক ঔষধ।
ক্রিমিদন্ত দাঁতে পোকা ; দন্তশূল।
কৃশরা তিলের খিচুড়ী।
কৃষ্ণ চক্ষের শুক্লমণ্ডলের মধ্যস্থিত

গোলাকার স্বচ্ছ অংশ। (কর্ণিয়া)।

কৃষ্ণকলি সন্ধ্যামণি ফুলের গাছ।

কৃষ্ণচূড়া স্বনামখ্যাত পুষ্পবৃক্ষ।

কৃষ্ণজীরক কালজীরা; কেলেজিরে

কেতকী কেয়াফুল।

কেশরাজ কেশুরে; কেশুর্য্যা।

কৈবর্ত্তমুস্তক মুস্তাপ্রভেদ; কেউটা মুথা।

কোকনদ রক্তকমল। [শাঁধনা।

কোকিলাক্ষ কুলিয়া খাড়া, তাল-

কোঠ রমনবেগ নিগ্রহ জন্য চর্ম্মের উপর মণ্ডলাকার কণ্ডূয়নশীল রক্তিমাবর্ণ বহুসংখ্যক উৎসেধ। ইহারা ক্ষণে দৃশ্য ক্ষণে মিলিত হয় ও পুনঃ পুনঃ প্রকাশ পায়। (আর্টিকেরিয়া ইভানিডা)।

কোদ্রব কোদোধান।

কোবিদার রক্তকাঞ্চন বৃক্ষ।

কোর গর্ত্তাকার সন্ধি।

কোল কুল। ভেলা।

কোশাম্র ফলবৃক্ষ বিশেষ; কেওড়া।

কোষস্থ শম্বুকাদি যাহারা কোষে আবৃত থাকে।

কোষাতকী কোষালতা।

কোষ্ঠ মাটীর মূষা। কুক্ষিমধ্যস্থ যন্ত্র (ভিসির.)।

কোষ্ঠক স্নানযন্ত্র। (টব্)।

কোষ্ঠাশ্রিত বায়ু পেটফাঁপা।

কোহল যবজাত মদিরা।

ক্রোষ্টুকশীর্ষ জানুমধ্যগত বাতরোগ বিশেষ; শিবমুণ্ড। (সাইনোভাইটিস অভ্ নী-জয়েণ্ট)।

ক্লিষ্টবর্ত্ম অক্ষিপুটের বিসর্প রোগ।

ক্লৈব্য পুরুষত্বহীনতা। (ইম্পোটেন্স)

ক্বাথ একভাগ কুট্টিত উদ্ভিদ পদার্থ ষোলভাগ জলের সহিত জ্বালদিয়া চতুর্থাংশ অবশিষ্ট থাকিলে তাহাকে ক্বাথ বলে। শুষ্ক দ্রব্যে আটগুণ জল ব্যবহৃত হয়। (ডি- ন)।

খ

খগেগ্রুব খাগরা; তৃণ বিশেষ।

খঞ্জ খোঁড়া।

খঞ্জকারী খোঁসারি।

খটিকা চাখড়ি। (চক)

খণ্ডপাক চিনি ও জল বা দুধ কিম্বা কোন ঔষধ দ্রব্যের ক্বাথ একত্র জ্বালদিয়া ঔষধের সূক্ষ্মচূর্ণ মিশাইয়া আগুনের উপর নাড়িয়া অবলেহের ন্যায় ঘন করিলে ও পরে মধু মিশ্রিত করিলে তাহাকে খণ্ডপাক কহে। (কন্ফেক্শন)।

খর্জ্জুর খেজুর।

খর্পর খাপর। (জিঙ্ক-ওর)।

খার্জ্জুর খেজুরজাত মদিরা।

খলিবর্দ্ধন গজদাঁত রোগ।

খল্লী খিলধরা, হাঁশধরা।

খসখস অহিফেণের বৃক্ষ।
খাখস পোস্তাদানা।
খারী একশত আটাশ সের।
খালিত্ব টাকরোগ,

গ

গজপিপ্পলী পিপ্পলী ভেদ, গজপিপুল। [গর্ত্ত।
গজপুট ঔষধ পাকার্থ হস্তপরিমিত
গণ্ড গ্রন্থি। গাল।
গণ্ডগাত্র^ আতাফল।
গণ্ডমালা বহুসংখ্যক গ্রন্থি মালার ন্যায় গ্রথিত হইয়া উত্থিত হইলে তাহাকে গণ্ডমালা কহে। (এনলার্জমেণ্ট অভ লিম্ফেটিক গ্ল্যাণ্ডস; স্ক্রুফিউলা)।
গণ্ডূষ নাসিকাও চক্ষু হইতে যে পর্য্যন্ত স্রাব নিঃসৃত না হয় ততক্ষণ মুখে তরল বা অতরল ঔষধ দ্রব্য ধারণ।
গদগদ অস্পষ্টবাক্য।
গনিকালিকা গনিয়ারি গুল্ম।
গন্ধতৃণ ভুস্তৃণ, গন্ধবেণা।
গন্ধদ্রব্য তৈল পাক শেষে তৈল সুগন্ধিকরনার্থ দ্রব্য সমূহ।
গন্ধপাক গন্ধদ্রব্য সংযোগে তৈলপাক। [ক্যাট)।
গন্ধমার্জ্জার খাটাসি পশু। (সিভেট
গন্ধরস গন্ধবোল। (মর্)
গম্ভীরিকা দৃষ্টি (লেন্স) সঙ্কুচিত হইয়া অভ্যন্তরে প্রবেশ করিলে তাহাকে গম্ভীরিকা কহে। (য়্যাট্রফি অভ্ দি আই)।
গরল সর্পবিষ।
গর্জ্জর মূলবিশেষ; গাজর।
গর্দ্দভাণ্ড পাকুড় গাছ। গাঁদিভাঁট।
গর্দ্দভিকা রক্তবর্ণ বেদনা বিশিষ্ট গোলাকার মণ্ডলে ক্ষুদ্র ক্ষুদ্র পিড়কা বিশিষ্ট ক্ষুদ্র রোগ।
গর্ভস্রাব চতুর্থ মাসপর্য্যন্ত গর্ভপাত।
গর্ভাশয় জরায়ু।
গলগণ্ড গড়গল।
গলবিদ্রধি সমুদয় গলা ব্যাপিয়া নানা প্রকার বেদনাযুক্ত শোথ।
গলরোহিণী জিহ্বা কণ্টকের প্রদাহ
গলশুণ্ঠী তালুমূলের বিবর্দ্ধিত অবস্থা বিশিষ্ট গলরোগ।
গলৌঘ অন্নজলের গতিরোধ, শ্বাস প্রশ্বাসের ব্যাঘাত ও তীব্রজ্বর বিশিষ্ট গলার মহাশোথ (স্ফীততা)
গাম্ভারী গানির, গাম্ভার, সুগনিচক্র বৃক্ষ।
গুগ্গুলু রাঙ্গাফুল সজিনা গাছের আঠা। সুগন্ধি ধুনা বিশেষ।
গুঞ্জা কুঁচ; রতি।
গুড়ত্বক দারুচিনি।
গুড়িকা বড়বটিকা।
গুড়ূচী গুলঞ্চ; ঘোড়বলতা; গড়চ।
গুদ মলদ্বার।

গুদভ্রংশ হালিশ বাহির হওয়া।

গুদাঙ্কুর অর্শরোগ।

গুন্দ্র শরতৃণ।

গুবাক গুপারি।

গুল্ফ গোড়মুড়া।

গুল্ম স্বনাম খ্যাত উদর মধ্যস্থ কঠিন পাষাণ সদৃশ রোগ বিশেষ। রক্তগুল্ম জরায়ুর অর্ব্বুদ।

গৃঞ্জন শালগম। লাল রসুন।

গৃধ্রসী প্রথমে নিতম্ব, তৎপরে কটি, পৃষ্ঠ, উরু, জানু, জঙ্ঘা ও পদের স্তম্ভন, বেদনা, ও মুহুর্মুহুঃ প্রকম্পন লক্ষণাপন্ন বাতব্যাধি বিশেষ। (সায়েটিকা)।

গৈরিক গেরিমাটি। (রেড ওকার)।

গোজিহ্বা গোজিয়ালতা, গড়গড়।

গোড়ুম্বা গোমুক, গুমা।

গোধাপদী গোয়ালিয়ালতা।

গোধূম গম। [ ]লম্বা।

গোপীচন্দন পীতবর্ণ চন্দনকাঠ। ব-

গোরোচনা গরুর পিত্তকোষেস্থিত সংযত পদার্থ বিশেষ।

গোক্ষুরী গোক্ষুর, ইক্ষুগন্ধা। ত্রিকণ্টক-ফল ক্ষুদ্র বৃক্ষ।

গৌড়ী গুড় হইতে উৎপন্ন মদ্য।

গ্রন্থিপর্ণ গাঁটিয়ালতা। গেঁটেলা।

গ্রন্থিরোগ দুষ্টবাতাদি দোষত্রয় মেদ ও শিরা, মাংস এবং রক্তকে দূষিত করিয়া কঠিন উন্নত বর্ত্তুলাকার গাঁইটের ন্যায় শোথ উৎপন্ন করিলে, তাহাকে গ্রন্থি কহা যায়। (সিষ্টিক টিউমার)।

গ্রহণী পক্কামাশয় মধ্যস্থা অগ্ন্যধিষ্ঠান নাড়ী, পাচক পিত্তধারী কলা।

গ্রহণীরোগ পুরাতন উদরাময়। এই রোগে বহুল পরিমাণে পক্ক ও অপক্ক আহার মলদ্বার হইতে নির্গত হয় এবং রোগী ক্ষণে বদ্ধ ক্ষণে দ্রব দুর্গন্ধ মল বারংবার কষ্টের সহিত ত্যাগ করে।

গ্রাম্য গ্রাম্যজন্তু।

গ্রাহী যে সকল ঔষধ দীপন পাচন ও দাহন গুণে শরীরের জলাংশ শোষণ করে। (ইনস্পিস্যান্টস)।

গ্রীষ্মসুন্দর গিমাশাক।

ঘ

ঘণ্টাকর্ণ ঘেঁটকোল, ঘেঁটুফুল। থারকোণ।

ঘণ্টাপাটলী ঘণ্টাপারল বৃক্ষ।

ঘণ্টারবা ঝনঝনিয়া গাছ।

ঘণ্টিকা তালুদ্ধ জিহ্বা।

ঘর্ম্মচর্চ্চিকা ঘামাচি।

ঘৃষ্টব্রণ ঘর্ষণাঘাত। (ক্রেজেস)।

ঘোল নিৰ্জ্জল মথিত দধি।

চ

চক্রনন্দক চাকুন্দিয়া।

চণক ছোলা ; বুট।

চতুর্থক যে বিষমজ্বর চতুর্থ দিবসে উপস্থিত হয়।.(কোয়ার্টান ফিভার)।

চন্দ্রসুর ফলবিশেষ। হালিম (হি)।

চন্দ্রিকা চন্দ্রশূর।

চবিকা চই গাছ।

চম্পক চাঁপা।

চর্ম্মকুষ্ঠ চর্ম্মের বিবৃদ্ধি রোগ।

চর্ম্মদল চর্ম্মরোগ বিশেষ। (ইম্পিটাইগো দ্রষ্টব্য)।

চাঙ্গেরী আমরুল শাক।

চিচিণ্ড চিচিঙ্গা ফল।

চিত্রক চিতা গাছ।

চীন চীনাঘাস।

চুক্র চুকাপালঙ্গ শাক।

চূর্ণ শুষ্ক দ্রব্য খলে সূক্ষ্ম গুড় করিয়া কাপড়ে ছাঁকিলে চূর্ণ প্রস্তুত হয়।

চোবচিনি তোপচিনি ; চোবচিনি।

চোবপুষ্পি চোবকাঁটা ; ভাঁটুই। (নীলুজী)।

ছ

ছচ্ছিকা অধিক জলমিশ্রিত ঘোল।

ছত্র ছত্রাকার চাক প্রস্তুতকারী হরিদ্রাবর্ণ বোলতা কর্ত্তৃক সংগৃহীত মধু।

ছত্রিকা ভূঁইফোঁড় ; পাতাল ফোঁড।

ছর্দ্দি বমন। বমিরোগ।

ছর্দ্দিনিগ্রহণ বমন নিবারক ঔষধ।

ছিক্কনী নাক্‌ছিক্‌নী ; হাঁচুটী।

ছিন্নব্রণ কাটাঘা। (ইন্‌সাইজড্ উণ্ড)।

ছেদন যে ঔষধে বলপূর্ব্বক শরীরের শ্লেষ্মাদি দোষ নিঃসারিত করে।

ছোলঙ্গ টাবালেবু।

জ

জটামাংসী স্বনামখ্যাত সুগন্ধি বণিকদ্রব্য বিশেষ।

জনয়িত্রী ধাত্রী (মিড-ওয়াইফ)।

জম্বির গোড়ানেবু।

জম্বু কালজাম।

জলপিপ্পলী জলজাত পিপ্পলী বিশেষ। পনিসগা ; পানীকাঁচিবা।

জলৌকা জোঁক।

জাঙ্গল স্থলচর জন্তুর মাংস। হরিণাদি জঙ্গলবাসী জন্তু।

জাতী চামেলী ফুল।

জাতিফল জায়ফল।

জানু হাঁটু।

জাম্বব জাম হইতে উৎপন্ন মদিরা।

জালগর্দ্দভ চর্ম্ম-বিসর্প। (কটেনিয়স এরিসিপেলাস)।

জিঙ্গিনী জিওল ; বৃক্ষবিশেষ।

জিহ্বাস্তম্ভ জিহ্বার পক্ষাঘাত।

জীবক অষ্টবর্গান্তর্গত ঔষধি বিশেষ ; জীববৃক্ষ।

জীবনীয় আয়ুবর্দ্ধক ঔষধ।

জীবনীয়গণ অষ্টবর্গ ও মুগানী, মা-

যষ্টী. জীবন্তী, যষ্টিমধু।

জীবন্তী জীবই; জীয়ন্তীলতা।

জ্যোতিষ্মতী লওয়াফট্‌কী, লতাফ-টকী, বন উচ্চে।

জ্বরহব জ্বর নাশক ঔষধ।

ঝ

ঝাবুক ঝাউগাছ।

ঝিঙ্গাক ঝিঙ্গা।

ঝিণ্টী ঝাঁটি; কুলঝাঁটি; ঝিকটী।

ট

টঙ্কণ সোহাগা।

টিণ্ডিশ ঢেরস; টাঁড়শ।

টঙ্কারী টেকারী; টিপুরী।

ড

ডহু ডেও, ডৌয়া; মাদার ফল।

ঢ

ঢোলসমুদ্রিকা বৃক্ষ বিশেষ; ঢোল সমুদ্র।

ত

তক্র চতুর্থাংশ জলমিশ্রিত ঘোল।

তণ্ডুলীয় চাঁপানটিয়া; ক্ষুদে নটে।

তন্দ্রা নিদ্রাবল্য; ঝিমুনি।

তরম্বুজ তরমুজ।

তরুণী শ্বেতগোলাপ; সেউতি।

তমক শ্বাসরোগ বিশেষ।

তাপস্বেদ ইষ্টক, বালুকা, বস্ত্রাদি উষ্ণ করিয়া তাপ বা সেক দেওয়া। (ড্রাই ফোমেণ্টেশন)।

তাম্রকূট তামাক।

তাম্রা শরীরের চতুর্থ ত্বক্।

তাম্বুল পান।

তারকামণ্ডল যে মণ্ডলে চক্ষুর তারা অবস্থিত। (আইরিস দ্রষ্টব্য)।

তাল হরিতাল।

তালমূলী স্বনামখ্যাত ক্ষুপ বিশেষ। (হি) মুষলী।

তালিশপত্র স্বনামখ্যাত বণিকদ্রব্য।

তালু-পাক তালুপ্রদেশে ঘোরতর পাক উৎপন্ন হইলে তাহাকে তালুপাক কহে। (য়্যাব্‌সেস্ অভ্ প্যালেট)।

তালুপুপ্পুট তালুদেশে কুল পরিমাণ বেদনাশূন্য স্থায়ী শোথ।

তালুমূল তালুর পার্শ্বস্থিত, বাদামের ন্যায় গ্রন্থিদ্বয়। (টনসিল)।

তালুশোষ উগ্রশ্বাস, তালুতে অত্যন্ত শোষ ও বিদীর্ণবৎ বেদনা লক্ষণাপন্ন তালুরোগ। (ইন্‌ফ্লেমেশন অভ্ প্যালেট)।

তাল্বর্ব্বুদ তালুতে বেদনাবিশিষ্ট অ-[র্ব্বুদ।

তিন্তিড়ী তেঁতুল।

তিন্দুক গাব। [রোসিস্।

তিমির মন্দ দৃষ্টিরোগ। (ম্যামো-

তিলকালক শরীরের তিল।

তুণ্ডীকেরী তালুমূলে বনকার্পাস ফল সদৃশ, দাহ, বিন্ধনবৎ বেদনা এবং পাকযুক্ত শোথ।

তুত্থ তুঁতিয়া; তুঁতে।

তুন্ন তুঁদগাছ।

তুম্বি লাউ।

তুম্বুরু নেপালী ধনিয়া।

তুলা সাড়ে বার সের। নিক্তি।

তৃণসেবনী বানাধারের আকার সন্ধি

তৃণপঞ্চক ইক্ষু, শর, কাশ, কুশ, দর্ভ।

তোদ সূচীবিদ্ধবৎ বেদনা।

তোলক আটমাষা, তোলা।

ত্রপুষ শসা, খিরা।

ত্রায়মাণা বলাডুম্বুর; বলালতা।

ত্রিকটু শুঁট, পিপুল, মরিচ।

ত্রিজাতক ত্রিসুগন্ধি।

ত্রিপুটী খেসারি।

ত্রিফলা হরিতকী, আমলকী, বহেড়া।

ত্রিবৃৎ তেউড়ি। [পাত।

ত্রিসুগন্ধি এলাচ, দারচিনি তেজ-

ত্বক চর্ম্ম। ইহা সাতপ্রকার, যথা,— ১। অবভাসিনী (শরীরের প্রথমাত্বক, সিধ্ম ও পদ্মকণ্টকের জন্মস্থান), ২। লোহিতা (দ্বিতীয়া ত্বক, তিলকা, ন্যচ্ছ ও ব্যঙ্গ রোগের জন্মস্থান), ৩। শ্বেতা (তৃতীয়াত্বক, চর্ম্মদল ও অজগল্লিকার জন্মস্থান); ৪। তাম্রা (চতুর্থী ত্বক, কিলাস ও চিত্রভূমিকা রোগের জন্মস্থান), ৫। বেদিনী (পঞ্চমীত্বক, বিসর্প ও কুষ্ঠের জন্মস্থান); ৬। রোহিণী (ষষ্ঠীত্বক, গণ্ডমালা ও অর্ব্বুদাদি রোগের স্থান); ৭। স্থূলা (সপ্তমীত্বক, বিদ্রধি প্রভৃতি রোগের জন্মস্থান।

ত্বচ দারুচিনি।

দ

দণ্ডালু খামালু।

দণ্ডাপতানক যে বাতব্যাধি রোগে শরীর দণ্ডের ন্যায় অত্যন্ত স্তম্ভিত হয়। (রিজিড্ স্প্যাজম্)

দণ্ডোৎপল ডানকুণী গুল্ম।

দদ্রু দাদ্রু (রিংওয়ারম্)।

দদ্রুঘ্ন দাদমর্দ্দন গাছ।

দন্তপাতনযন্ত্র দাঁততোলা সাঁড়াশ।

দন্তপুপ্পুট দাঁতের গোড়াফুলা। (গম্ বয়েল)।

দন্তবেষ্ট মাঢ়ী (সকেট অভ্ টীথ)। মাঢ়ীর প্রদাহ।

দন্তমূল দাঁতের শিকড় বা গোড়া।

দন্তশর্করা দাঁতের পাতরী রোগ। (সড়িস)।

দন্তহর্ষ দাঁত শিউরণ রোগ।

দন্তী যজ্ঞডুম্বুর পত্রসদৃশ পত্র স্বনাম

খ্যাত বৃক্ষ বিশেষ। ইহা দুই প্রকার, লঘু ও বৃহৎ। যজ্ঞডুমর তুল্য পত্র বিশিষ্টকে লঘু, ও এরণ্ড পত্র তুল্যকে বৃহৎ দন্তী বলে।

দমনক বণিক দ্রব্য বিশেষ; দোনা

দর্ভ উলুখড়।

দশমূল শালপর্ণী, পৃশ্নিপর্ণী, কণ্টকারী, বৃহতী, গোক্ষুর, বিল্ব, শ্যোনাক, গাম্ভারী, পাটলা, গণিকারিকা।

দহনাশয় পক্বাশয়।

দারী অধিক পদব্রজে ভ্রমণবশতঃ পাফাটা, বিবাই।

দারুণক রুকশী, খুকসী; মাথার দাদ বিশেষ।

দারুহরিদ্রা স্বনামখ্যাত হরিদ্রাভ বণিক কাষ্ঠ বিশেষ।

দার্ব্বী দারুহরিদ্রা।

দাল পুষ্পস্থ অপ্রস্তুত মধু। ইন্দ্রনীল ফলাকার সূক্ষ্ম মক্ষিকোৎপন্ন বৃক্ষ কোটরান্তরভব মধু।

দালন দন্তশূল।

দাসী কাকজঙ্ঘাবৃক্ষ।

দাহপ্রশমন শরীরের জ্বালা ও উত্তাপ নিবারক ঔষধ।

দীপন যে ঔষধে ক্ষুধা বৃদ্ধি হয় কিন্তু অজীর্ণ দ্রব্য পরিপাকে সাহায্য হয় না।

দীপনীয় স্রাব বর্দ্ধক ঔষধ।

দীপ্ত প্রজ্বলিতবৎ নাসা, নাসাতে অত্যন্ত দাহ, এবং উহা হইতে ধূমের ন্যায় বায়ু নির্গমন লক্ষণাপন্ন নাসারোগ বিশেষ। (কঞ্জেশন অভ্ নষ্ট্রীল্স)।

দীর্ঘপটোলিকা লতাফলবিশেষ; ধোদোল। [দ্রবৃক্ষ।

দুরালভা স্বনামখ্যাত কণ্টকযুক্ত ক্ষুদ্র

দৃষ্টি (ক্রিষ্টেলাইন লেন্স দ্রষ্টব্য)।

দেবতাড় দেতাড়া গাছ। ঘোষালতা।

দেবদারু স্বনামখ্যাতবৃক্ষ।

দেবধান্য দেধান।

দোষ বাত, পিত্ত, কফ দ্বারা ধাতু ও মল দূষিত হয় বলিয়া উহাদিগকে আয়ুর্ব্বেদে দোষ বলে।

দোহদ গর্ভিণীর বিশেষ অভিলাষ।

দৌহৃদ দোহদ।

দ্রবস্বেদ উষ্ণজল বা উষ্ণ কাথ দ্বারা কটিস্বেদাদি প্রদান।

দ্রাবক খনিজ দ্রব্য বকযন্ত্রে চোয়াইয়া যে দ্রব পদার্থ নির্গত হয়। (মিনার‍্যাল য়্যাসিড্)।

দ্রাক্ষা আঙ্গুর; কিসমিস।

দ্রোণ বত্রিশ সের।

ধ

ধনুস্তম্ভ ধনুষ্টংকার (টেটেনস)।

ধন্যাক ধনিয়া।

ধব স্বনামখ্যাত পশ্চিমদেশীয় বৃক্ষবিশেষ; ধাউ। [টাবি)।

ধমনী বিশুদ্ধ রক্তবহানাড়ী। (আ-

ধর্ম্মণ ধামনিয়া বৃক্ষ।

ধাতকী ধাইফুল।

ধাতু রস, রক্ত, মাংস, মেদ, অস্থি, মজ্জা ও শুক্র এই সাতটী দেহে থাকিয়া দেহ ধারণ করে বলিয়া ইহাদিগকে ধাতু বলে। স্বর্ণাদি।

ধাতুকাশীস হীরাকস।

ধাত্রী আমলকী। [ধান।

ধান্য চারি তিল পরিমাণ। ধনে।

ধান্যপঞ্চক শালি ধান্য (শাইল), ব্রীহিধান্য (ষষ্টিকাদি), শূকধান্য (যবাদি), তৃণধান্য (চীনা, কাওনাদি), শিম্বি ধান্য (মুগাদি)।

ধান্যপানক ধনেবাটার পানা।

ধান্যাম্ল কাঞ্জিক; কাঁজি।

ধারাকদম্ব কেলিকদম্ব।

ধারোষ্ণ দোহনকালীয় গরম দুধ।

ধুস্তূর ধুতুরা।

ধূপন ঔষধ দ্রব্য ও ঔষধমিশ্রিত বাতি হইতে ধূপেরন্যায় ধূমপ্রদান। (ফুমিগেশন)।

ধূমপান ঔষধ দ্রব্যের বাতি প্রস্তুত করিয়া অগ্নিসংযোগপূর্ব্বক মুখ বা নাসিকা দ্বারা ধূমগ্রহণ। (ইনহেলেশন)।

ন

নকুলান্ধ যে নেত্ররোগে দোষাভিপন্ন দৃষ্টির দীপ্তি নকুলের চক্ষু সদৃশ হইয়া মনুষ্য দিবাতে চিত্রবিচিত্র রূপ দর্শন করে।

নখী গন্ধদ্রব্য বিশেষ; নখী।

নগনা নওয়া ফটকী লতা।

নক্তমাল করঞ্জ; নাটাকরঞ্জ।

নক্তান্ধতা রাত্র্যন্ধ রোগ; রাতকাণা

নবনীত মাখন।

নবমালিকা নেওয়ার পুষ্প।

নলিকা সুগন্ধি দ্রব্য বিশেষ। নাড়ী।

নস্য নাসিকা পথে প্রয়োজ্য ঔষধ; নাস।

নাকুলী কন্দ বিশেষ; নাই।

নাগকেশর নাগেশ্বর পুষ্পবৃক্ষ।

নাগদন্তী হাতিশুঁড় গাছ। [গাছ।

নাগদমনী নাগদানা নামক ক্ষুদ্র

নাগবলা গোরখ চাকুলিয়া।

নাগবল্লী পান।

নাগরঙ্গ নারাঙ্গী লেবু। কমলালেবু।

নাগরমুস্তক নাগরমুথা; মুথা প্রভেদ।

নাড়ী শিরা। নালী ঘা।

নাড়ীক পাটশাক।

নাড়ীব্রণ নালী ঘা।

নাসাপাক নাসিকাতে বহু সংখ্যক ব্রণ উৎপন্ন হইয়া ঐ সকল ব্রণ পাকিয়া দুর্গন্ধ ক্লেদ নিঃসরণ করিলে, তাহাকে নাসাপাক বলে।

নাসাপরিশোষ নাসার শুষ্কতা ও নিশ্বাস প্রশ্বাসে কষ্ট লক্ষণাপন্ন নাসারোগ।

নাসাস্রাব নাসা হইতে তরল বা ঘন, পীত অথবা শুক্ল শ্লেষ্মা নিঃসরণরোগ।
নিদিগ্ধিকা কণ্টকারী। [রোগ।
নিমেষ অক্ষিপুটের অতি চালনা
নিম্ব নিম।
নিম্বুক কাগজী লেবু।
নিরুদ্ধপ্রকশ মূত্রদ্বারের সংবৃতি। (ষ্ট্রিকচার অভ্ দি ইউরিথ্রা)
নিরূহ কষায়, ক্ষীর, বা তৈলের পিচকারী।
নির্গুণ্ডী নিশিন্দা গাছ।
নির্ব্বিষা মুস্তক সদৃশ তৃণ বিশেষ।
নিশা হরিদ্রা।
নিষ্ঠীবন ছেপ ; থুথু।
নিষ্পাব বরবটী।
নীবার উড়ীধান ; ঝরাধান।
নীলা কণ্ঠনালীর উভয় পার্শ্বস্থ বৃহৎ শিরাদ্বয়।
নীলিকা নীলগাছ।
নীলোৎপল নীল শাঁপলা।
নেত্র বস্তিশলাকা। প্রস্রাব বাহির করা শলা।
নেত্রকর্ম্ম চক্ষে ঔষধ প্রয়োগ।
নেত্রনাড়ী চক্ষের নালী ঘা। (ল্যাক্রিম্যাল ফিষ্টুলা)।
ন্যগ্রোধ বটবৃক্ষ।

প

পঞ্চকর্ম্ম বমন, বিরেচন, নস্য, নিরূহ, অনুবাসন এই পঞ্চ প্রকার শারীরিক চিকিৎসা কর্ম্ম।
পঞ্চকোল পিপুল, পিপুলমূল, চই, চিতা, শুঁট। পাচন বিশেষ। [ঘৃত।
পঞ্চগব্য গোময়, গোমূত্র, দধি, দুগ্ধ,
পঞ্চতিক্ত নিম, গুলঞ্চ, বাসক, পটোল, কণ্টকারী।
পঞ্চতৃণ কুশ, কাশ, শর, দর্ভ, ইক্ষু।
পঞ্চপিত্ত মহিষ, বরাহ, ছাগ, ময়ূর, ও রোহিত মৎস্য এই পঞ্চ প্রাণীর পিত্ত।
পঞ্চপ্রাণ প্রাণ, অপান, সমান, ব্যান, উদান, শরীরস্থ এই পঞ্চ বায়ু।
পঞ্চভদ্র গুলঞ্চ, ক্ষেতপাপড়া, মুথা, চিরতা, শুঁট।
পঞ্চমূত্র গাভী, ছাগী, মেষী, মহিষী ও গর্দ্দভীর মূত্র।
পঞ্চমূল স্বল্প পঞ্চমূল—শালপর্ণী, পৃশ্নিপর্ণী, বৃহতীদ্বয়, গোক্ষুর। বৃহৎপঞ্চমূল—বিল্ব, শ্যোনাক, গাম্ভারি, পাটলা, গণিকারিকা। উভয়ে দশমূল। [সচল।
পঞ্চলবণ কাল, সৈন্ধব, করকচ, বিট,
পঞ্চবল্কল বট, যজ্ঞডুমুর, অশ্বত্থ, প্লক্ষ ও বেতস বৃক্ষের বল্কল।
পঞ্চাঙ্গ একই বৃক্ষের ছাল, পাতা, ফুল মূল, ফল। [শুঁট, মরিচ।
পঞ্চোষণ পিপুলমূল, পিপুল, চিতা,

পক্কোপবিব সিজ, আকন্দ, করবী, ইষলাঙ্গলা, কুঁচিলা।

পটল চক্ষেব পবদা।

পটোল স্বনামখ্যাত লতাফল।

পট্টরঙ্গ বকম্ কাঠ।

পথ্যা হবিতকী।

পদ্মচাবিণী স্থলপদ্ম।

পদ্মকাষ্ঠ দাক্ষিণাত্য হইতে আনীত সুগন্ধি কাষ্ঠ বিশেষ। [ইযাব)।

পনশিকা কাণেবব্রণ। (বয়েল ইন

পনস কাঁটাল।

পর্পট ক্ষেতপাপড়া।

পরিদর দন্তমাংস বিদীর্ণ ও বক্ত নিষ্ঠীবন লক্ষণাপন্ন দন্তবেষ্টের রোগ বিশেষ। (ব্লিডিংগম)।

পরিপোটক কর্ণপালিব ছিদ্র সহসা বৃদ্ধি কবিবাব চেষ্টা জন্য বেদনাযুক্ত কৃষ্ণাকণবর্ণ স্তব্ধ শোথ। (ইনফ্লেমেশন অভ্ লোবিউল)।

পবিবর্ত্তিকা মুদ।(ফাইমোসিস দ্রষ্টব্য)

পবিলেহী কর্ণেব পামা। (এক্‌জিমা অভ্‌দি ইয়াব)।

পবিসেক মস্তকে তৈল বা অন্য তবল পদার্থেব ধাবা প্রদান।

পরূষ ফলসা ফল ; ফরুষা।

পল আট তোলা।

পলাণ্ডু পিঁয়াজ। [বৃক্ষ।

পলাশ স্বনামখ্যাত বক্তবর্ণ পুষ্প-

পলিত কেশপাক বোগ।

পক্ষবধ অর্দ্ধাঙ্গেব পক্ষাঘাত (হেমিপ্লিজিয়া)।

পক্ষাঘাত অবশাঙ্গ (প্যারালিসিস)।

পক্ষ্মকোপ চক্ষুব পাতার রোম চক্ষুব অভ্যন্তবে প্রবেশ করত মুহুর্ম্মুহু আক্ষিঘর্ষণ ও সংবম্ভ উৎপাদন এবং অবশেষে সেই বোম পতন (ইনভার্সন অভ্ আইল্যাসেস্)।

পক্ষ্মশাত এই রোগে পক্ষ্ম বোম উৎপাটিত হয় এবং কণ্ডূ ও দাহ জন্মে (অপথ্যালমিয়া টার্সি)।

পাচন যে ঔষধে অজীর্ণ দ্রব্য পবিপাক হয় কিন্তু ক্ষুধা বৃদ্ধি কবেনা।

পাটলা পারুল।

পাঠা আকনাদি লতা। ঘাপাতা।

পাণ্ডু কামলা (জণ্ডিস্)।

পাদগণ্ডীব গোদবোগ।

পাদদাবী পাফাটা বোগ।

পাদদাহ পা জ্বালা বোগ।

পাদহর্ষ পায়ে ঝিঁ ঝিঁ লাগা বোগ।

পাদী কূর্ম্ম কুম্ভির কর্কটাদি পাদ বিশিষ্ট জলচব।

পানক পানা ; সববৎ।

পানাত্যয় মদাত্যয় বোগ।

পানীয় এক ভাগ ঔষধ দ্রব্য বত্রিশ ভাগ জলেব সহিত জ্বাল দিয়া অর্দ্ধেক অবশিষ্ট থাকিলে তাহাকে পানীয় বলে। [রোগ।

পামা (একজিমা) দ্রষ্টব্য। কচ্ছু-

পায়স নবভাগ দুগ্ধে একভাগ চাউলের অন্ন।

পারদ পারা। (মার্কুরি)।
পারসীকযমানী খোরাসানী যমানী।
পারিজাত পালিতা মান্দার।
পারিভদ্র পালিতা মান্দার।
পারিশ পলাশ পিপল। পেঁপে।
পালঙ্কী পালংশাক।
পাষাণগর্দ্দভ হনুগ্রন্থির স্ফীততা।
(প্যারোটাইটিস)।
পাষাণভেদী পাথরচুর, হিমসাগর।
পাষাণভেদন হাতাজুড়ী।
পিঙ্গলা সুষম্নার দক্ষিণবাহিনী নাড়ী।
পিচু তুলা তৈলসিক্ত করিয়া মস্তকোপরি প্রদান। তুলা।
পিচুমর্দ্দন নিম্ববৃক্ষ।
পিচ্ছিতব্রণ লগুড়াদি দ্বারা প্রহারিত বা কপাটাদি দ্বারা পীড়িত হইয়া কোন অঙ্গ অস্থির সহিত দলিত হইলে ও তাহাতে মজ্জা ও রক্ত পরিপ্লুত শোথ উৎপন্ন হইলে তাহাকে পিচ্ছিত ব্রণ কহে (কন্টিউজড্ উণ্ড)।
পিণ্ডার নিটালী; শাকবিশেষ।
পিণ্ডালু গোলআলু। [স্থান।
পিণ্ডিকা জানুর অধোবর্ত্তী মাংসল-
পিত্ত পিত্তি (বাইল)। পিত্ত পাঁচপ্রকার, যথা, পাচক (ভুক্তান্ন পরিপাচক); রঞ্জক (রস রক্তে পরিণতকর), সাধক (বুদ্ধি, ধৃতি ও স্মৃতিজনক); আলোচক (ধৃতি ও রূপ গ্রহণের কারণ); ভ্রাজক (কান্তিকারক ও লেপাদির পাচক)।
পিত্তল তাঁবা ও দস্তামিশ্রিত ধাতু বিশেষ। পিত্তবর্দ্ধক।
পিত্তলা পিত্তজ যোনিরোগবিশেষ।
পিপ্পলী পিপুল।
পিয়াল পিয়ালবৃক্ষ।
পিলু ফলবৃক্ষবিশেষ। পীল।
পীনস প্রতিশ্যায়রোগ, সর্দ্দিলাগা।
পীবরী উগটকম্বল।
পুংস্ত্ব পুরুষত্ব।
পুণ্ডরীক শ্বেত পদ্ম।
পুত্রঞ্জীব বকুলপত্রসদৃশপত্র বিশিষ্ট বৃক্ষ, জিয়াপুতা গাছ।
পুন্নাগ স্বনামখ্যাত বৃহৎ পুষ্পবৃক্ষ।
পুনর্নবা স্বনামখ্যাত শাকবিশেষ।
পুষ্করমূল কাশ্মীর দেশস্থ জলজ ঔষধবিশেষ। ইহা এক্ষণ পাওয়া যায়না, ইহার পরিবর্ত্তে কুষ্ঠ (কুড়) ব্যবহৃত হইয়া থাকে। পোহকুর্ম্মণ (হিন্দী)।
পূগ গুপারি।
পুটপাক উদ্ভিজ্জ ঔষধের কল্ক প্রস্তুত করিয়া জম্বু বা বটপত্রে আবৃত করিয়া কোষ্ঠাদি দ্বারা বাঁধিয়া অর্দ্ধ হইতে এক ইঞ্চি পুরু করিয়া কাদা দিয়া লেপিয়া ঘুঁটের আগুনে পোড়াইতে হয়। উপরের কাদার লেপ ইষ্টকের ন্যায় লাল হইলে পাক সমাধা হয়। অনন্তর

অগ্নি হইতে তুলিয়া লইয়া ভাঙ্গিয়া ভিতরের ঔষধ দ্রব্য গ্রহণ করিতে হয়। ইহাকেই পুটপাক বলে।

পূতিকা পুঁই শাক।

পূতিকরঞ্জ নাটা। কটকরেজ (হিন্দী)

পূতিকর্ণক কর্ণ হইতে পূতিগন্ধ পূয স্রাব।

পূযালস অশ্রুস্রাবী গ্রন্থিতে ব্রণ ও উহা হইতে দুর্গন্ধ পূযস্রাব। (ল্যাক্রিম্যাল য়্যাবসেস)

পুরীষ মল ; বিষ্ঠা।

পুরীষবিরঞ্জনীয় বিষ্ঠার বর্ণ পরিবর্ত্তক ঔষধ। [ঔষধ।

পুরীষসংগ্রণীয় মলের ঘনত্বসাধক

পূর্ব্বরূপ রোগের পূর্ব্ব লক্ষণ।

পৃক্কা পিরিং শাক।

পৃথুকা কালজিরা। চিড়া।

পৃষ্ঠবংশ পিঠের দাঁড়া।

পৃশ্নীপর্ণী পিঠানী লতা, চাকুলিয়া।

পেয়া শিঁটী, সমন্বিত পেয়দ্রব্য।

পৈষ্টী ধান্যজাত মদিরা।

পৌত্তিকা মশকের ন্যায় ক্ষুদ্র ক্ষুদ্র কৃষ্ণবর্ণ মক্ষিকা কর্ত্তৃক সংগৃহীত মধু। [ঔষধ।

প্রজাস্থাপন বন্ধ্যাত্ব আরোগ্যকর

প্রতিনাহ কফ বায়ুর সহিত যোগ হইয়া নাসারন্ধ্র বন্ধ করিলে প্রতিনাহ কহে।

প্রতিমর্ষ দুই তিন ফোটা ঔষধ তৈল নাক দিয়া টানিয়া গলা পর্য্যন্ত আনিলে না গিলিয়া কাসিয়া ফেলা।

প্রতিশ্যায় সর্দ্দীরোগ। (ক্যাটার)।

প্রতিসারণ অঙ্গুলী দ্বারা দন্ত ও দন্তমূলে চূর্ণ বা গাঢ় তরল পদার্থ প্রয়োগ।

প্রতুদ কবুতরাদি যে সকল পক্ষী ঠোঁট দ্বারা আঘাত করে।

প্রত্যষ্ঠিলা বাতব্যাধির অন্তর্গত, জঠরে তির্য্যক ভাবে সমুত্থিত, মূত্ররোধক, অষ্ঠিলার ন্যায় রোগ বিশেষ।

প্রদর বেদনার সহিত অতিরিক্ত আর্ত্তব নিঃসৃত হইলে প্রদর বলে; রক্তভাঙ্গা।

প্রদীপন এক প্রকার রক্তবর্ণ, উজ্জ্বল ও জ্বালাকর উদ্ভিজ্জ বিষ।

প্রদেহ আর্দ্র ও উষ্ণ এবং প্রলেপ অপেক্ষা গাঢ় বাহ্য প্রয়োগ। (পোল্টিশ)।

প্রধমন নল সংযোগে ফুৎকার দ্বারা ঔষধচূর্ণ প্রবিষ্টকরণ।

প্রপৌণ্ডরিক শালপর্ণী তুল্য পত্র ক্ষুদ্রবৃক্ষ ; পুণ্ডরিয়া।

প্রবাল পলা। (কোরাল)।

প্রবাহণ কোঁৎপাড়া।

প্রবাহিকা কুন্থনের সহিত বারবার অল্প অল্প কফমিশ্রিত মল নিঃসরণশীল অতিসার। (মিউকঃস-

ডায়েরিয়া)।

প্রমথিত নির্জ্জলতক্র।

প্রমথ্যা প্রথমে ঔষধদ্রব্য পেষিয়া লেহবৎ করিয়া আটগুণ জলের সহিত জ্বাল দিয়া চতুর্থাংশ অবশেষ।

প্রমাথি যে ঔষধে সংগৃহীত নিঃস্রবাদি তাহাদের স্বীয় স্বীয় আধার হইতে নিঃসারণের সুবিধা হয়।

প্রমেহ ধাতের ব্যাবাম। (গনোরিয়া)

প্রলেপ আর্দ্র ও শীতল স্থানিক লেপনৌষধ। (প্ল্যাষ্টার)।

প্রসহ বাজপ্রভৃতি শিকারী পক্ষী।

প্রসারণী গন্ধভাদালিয়া; গাঁধালী।

প্রসেক মুখদিয়া জল পড়া। (ওয়াটার ব্র্যাশ্)।

প্রস্থ দুই সের পরিমাণ। আর্দ্র বা দ্রব দ্রব্যের চারি সের।

প্রস্রংশিনী যোনিনির্গমরোগ। (প্রল্যাপসস্ ভ্যাজাইনি)।

প্রাচীনামলক পানী আমলা।

প্রিয়ঙ্গু স্বনামখ্যাত সুগন্ধি বৃক্ষবিশেষ

প্লক্ষ অশ্বত্থবৃক্ষ; পাকুড় গাছ।

প্লববর্গ যে সকল পক্ষী সাঁতরাইয়া বেড়ায়।

প্লীহা পীলা। (স্প্লীন)।

প্লুষ্ট দগ্ধ; পোড়া।

ফ

ফণ নাসিকাদ্বয়ের উভয় পার্শ্বস্থ মর্ম্মস্থান।

ফলবর্ত্তি মলদ্বারে প্রবেশার্থ ঔষধ মিশ্রিত বাতি। (সপোজিটরি)।

ফাণিত ইক্ষুরস জ্বাল দিয়া চতুর্থাংশ অবশেষ।

ফাণ্ট একভাগ চূর্ণিত উদ্ভিদ পদার্থ আটভাগ তপ্তজলে রাত্রিতে বার ঘণ্টা ভিজাইয়া রাখিয়া ছাকিয়া লইলে তাহাকে ফাণ্ট বলে। (ইন-ফিউজন)।

ফিরঙ্গরোগ উপদংশরোগ। ফিরিঙ্গী অর্থাৎ পর্ত্তুগীজদিগের দ্বারা এদেশে প্রথম আনীত হয় বলিয়া এরূপ নাম।

ফুসফুস ফুলকা; ফ্যাপরা; (লঙ্গ্স্)।

ফেণ সমুদ্রফেণা।

ফেনিল রিঠা। ফলবিশেষ।

ব

বংশ বাঁশ। পিঠের দাঁড়া। [বর।

বংশরোচনা বংশলোচন; বাঁশকা-

বকযন্ত্র চোঁয়ান যন্ত্রবিশেষ।

বঙ্গ রাং।

বচা বচ।

বজ্রী তেকাঁটাসীজ।

বটিকা ঔষধের বড়ি। (পিল)।

বৎসনাভ কাটবিষ। বালকের নাভীর ন্যায় এই মূলের আকার বলিয়া ইহার এরূপ নাম।

বনযমানী বন যোয়ান।

বন্দাক বাস্না।

বন্ধুক বান্ধুলী ফুল; দুপহরিয়া (চণ্ডী)।

বন্ধ্যা যে রোগে সন্তান জন্মে না।

বব্বুল বাবলা।

বমনোপযোগ বমনকর ঔষধ।

বয়ঃস্থাপন বার্দ্ধক্য নিবারক ঔষধ।

বরাটিকা কড়ি।

বরাহক্রান্তা চামালু।

বরুণ বর্ণা; বন্যা; স্বনামখ্যাত জল সমীপজবৃক্ষ।

বর্ণ্য বর্ণের উৎকর্ষ সাধক ঔষধ।

বর্ত্ম চক্ষুরপাতা; অক্ষিপুট। অশ্রুজল।

বর্ত্মশর্করা চক্ষুরোগ বিশেষ। চোখের পাতার মধ্যে স্থূলাকার খরস্পর্শ পীড়কা ও উহা অন্যান্য ক্ষুদ্র ক্ষুদ্র পীড়কা দ্বারা বেষ্টিত।

বর্ত্মার্শ বর্ত্মমধ্যে কাঁকুর বীজ সদৃশ, কর্কশ, মন্দ বেদনাযুক্ত পীড়কা।

বর্ব্বর বাবুই তুলসী।

বলা বেড়েলা।

বলয় গলমধ্যে অন্নবহানাড়ী অবরোধকারী শোথ।

বলাস শ্লেষ্মা।

বলাসসঙ্গ গলমধ্যে বেদনাবিশিষ্ট শোথ (ফুলা) উৎপন্ন হইয়া তদ্দ্বারা শ্বাস ও হৃদয়ের পীড়া জন্মিলে তাহাকে বলাসসঙ্গ কহে।

বল্য বলকর ঔষধ।

বল্মীক বল্মীকবৎ অবগাঢ়মূল ও প্রচুর শিখরযুক্ত গ্রন্থিরোগ বিশেষ। ইহা ক্রমে বর্দ্ধিত হইয়া বহুমুখে স্রাব নিঃসরণ করে। [প্রদান।

বস্তিকর্ম্ম মলদ্বারাদিতে পিচকারী

বহুবার বহুয়া, বোয়ারিয়া ফলবৃক্ষ। লাসোড়া (হিন্দী)। [টিস)।

বহুমূত্র প্রস্রাববৃদ্ধিরোগ। (ডায়াবি-

বাজীকরণ কামোদ্দীপক বা রতি শক্তিবর্দ্ধক ঔষধ। যাহাতে ঘোড়ার ন্যায় বীর্য্যবৃদ্ধি হয়।

বাট্যালক বেড়েলা।

বাতকণ্টক মচকান। (স্প্রেণ)।

বাতপর্য্যায় ভ্রূদ্বয় ও অক্ষি সঙ্কোচন এবং তীব্র বেদনাবিশিষ্ট চক্ষুরোগ। [ডিজিজ)।

বাতব্যাধি বায়ুরোগ। (নার্ভাস

বাতরক্ত গাত্রে চাকাদাগ। কুষ্ঠের পূর্ব্বরূপ বিশেষ।

বাতহতবর্ত্ম চক্ষুর নিমেষ ও উন্মেষে অসমর্থতা। ষষ্ঠ স্নায়ুর পক্ষাঘাত।

বাধক রজশূল। (ডিসমেনোরিয়া)।

বাধির্য্য বধিরতা।

বানরী আলকুশী; শুকশিম্বিলতা।

বারুণী খেজুর ও তালবৃক্ষের রসজাত মদিরা; তাড়ি।

বার্ষিকী বেল।

বায়ু যদ্দ্বারা শরীরের ধাতু ও মল একস্থান হইতে স্থানান্তরে চালিত হয়।

বাসক বাকসের গাছ।

বাস্তুক বেথুয়া শাক।

বাস্পিকা রাঙ্গুনি।

বিকঙ্কত বঁইচ ফল ; বৈংকর।

বিগুণজনন সপ্তম মাসের পর গর্ভ-
পাত। (পৃমেটিউর ডিলিভারি)।

বিচর্চ্চিকা বিকচ নামক চর্ম্মরোগ।
(সোরাএসিস)।

বিজয়া সিদ্ধি ; ভাঙ্গ।

বিটখদির গুইয়া বাবলা।

বিড়ঙ্গ স্বনামখ্যাত বণিকদ্রব্য।

বিদগ্ধ দৃষ্টি ছানিরোগ। (ক্যাটারাক্ট)

বিদারী ভূমি কুমড়া। কণ্ঠগত রোগ
বিশেষ। (গ্যাংগ্রীণ অভ্‌দি মাউথ)

বিদালোক অক্ষিপুটে কল্কপ্রয়োগ।

বিদাহী দাহজনক দ্রব্যাদি।

বিদ্রধি গাঢমূল বা প্রসারিত ফোড়া।
(ডিফিউজ য্যাবসেস)।

বিদ্ধব্রণ (পঙ্কচার্ড উণ্ড) দ্রষ্টব্য।

বিধুর কর্ণ-পৃষ্ঠের অল্পনিম্নস্থ মর্ম্ম।

বিপাদিকা কুষ্ঠরোগ বিশেষ। পা
ফাটা।

বিপ্লুতা যোনিরোগ বিশেষ।

বিবৃতা পক্ক ডুম্বরের ন্যায় অর্ব্বুদ
বিশিষ্ট ক্ষুদ্ররোগ।

বিভীতকী বহেড়া।

বিম্ব তেলাকুচ।

বিরেচক ভেদক ; মল নিঃসারক।

বিরেচনোপযোগ বিরেচক, ঔষধ।
জোলাপ।

বিলম্বিকা অজীর্ণ রোগান্তর্গত রোগ
বিশেষ, ইহাতে ভেদ বমন না হ-
ইয়া পেট ফাঁপে।

বিলস্থ শজারু, সর্প প্রভৃতি যে সকল
জন্তু গর্ত্তে বাস করে।

বিল্ব বেল। [শালী।

বিশল্যকৃৎ হাপরমালীবগাছ। বি-

বিশল্যঘ্ন যে সকল মর্ম্মস্থান হইতে
শল্য উদ্ধার করিলে মৃত্যু হয়।

বিশালত্বক ছেতেন ; ছাতিমগাছ।

বিষ মিঠাবিষ। (য়্যাকোনাইট)।

বিষঘ্ন বিষনাশক ঔষধ।

বিষমজ্বর বিরামশীল জ্বর। (ইণ্টার-
মিটেণ্ট ফিভার)।

বিষমুষ্টি, কুচিলা। (নক্স ভমিকা)।

বিষ্কির ময়ূরাদি যে সকল পক্ষী ছিন্ন
করিয়া বা ছড়াইয়া পরে আহার
করে।

বিষ্ণুক্রান্তা অপরাজিতালতা।

বিসর্প প্রসারিত, রক্তবর্ণ প্রদাহ
রোগ বিশেষ। (এরিসিপেলাস)।
দ্রষ্টব্য।

বিসূচী বিসূচিকা ; ওলাউঠা।

বিস্ফোটক বিষফোড়া।

বিক্ষেপ হৃৎকণ্ঠরোধ, সংমোহ, ব-
মন, জ্বর, তৃষ্ণা, কাশ, শিরশূল
প্রভৃতি লক্ষণাপন্ন মদ্যপানজনিত
রোগ বিশেষ।

বীজপুর টাবালেবু।

বীরণ বেণা ; খসখস।

বৃংহণ মস্তক শীতল পূর্ব্বক গ্রীবা
ও বক্ষঃস্থলের রোগ উপশমার্থ

নাসারন্ধ্রে ঔষধ তৈল প্রয়োগ। যাহাতে তেজ বৃদ্ধি হয়।

বৃংহণীয় তেজবর্দ্ধক পুষ্টিকর ঔষধ।

বৃদ্ধদারক বিদ্ধড়ক; বীজতাবক লতা।

বৃদ্ধি কুরণ্ড রোগ; কোষবৃদ্ধি।

বৃন্দ বর্ত্তুলাকার শোথ, তীব্রজ্বর ও দাহ বিশিষ্ট কণ্ঠ রোগ বিশেষ।

বৃশ্চিকালী, বৃশ্চিকপর্ণী বিছুটী; চোতরা।

বৃষণ অণ্ডকোষ।

বৃষণকচ্ছু অণ্ডকোষ কণ্ডূয়ন রোগ; হোল পাঁপড়ি।

বৃষ্য শুক্রবর্দ্ধক। মাষকলাই।

বৃহতী ব্যাকুড়; তিৎবেগুণ। স্তনমূলের উভয় পার্শ্ব হইতে পৃষ্ঠবংশ পর্য্যন্ত মর্ম্মস্থান।

বেতস বেত্র; বেত।

বেদিনী শরীরের পঞ্চম ত্বক্।

বেপথু কম্পনশীল পক্ষাঘাত। (প্যালিসিস য়্যাজিট্যান্স)।

বৈদর্ভ অভিঘাতে দন্তমাংস ঘৃষ্ট হইয়া অত্যন্ত প্রদাহিত হইলে ও দন্ত চালিত হইলে তাহাকে বৈদর্ভ বলে।

বৈদল কলায়, মুগ প্রভৃতি।

বৈদ্যক চিকিৎসাশাস্ত্র।

ব্যঙ্গ ছুলি; মাচ্‌তে; চর্ম্মরোগ বিশেষ (ব্রাউন-স্পটস-অন-ফেস)

ব্রণ ক্ষত; ঘা; ফোড়া।

ব্রণশুক্র নেত্রের কৃষ্ণ ক্ষেত্রের ক্ষত। (অলসার্‌অফ-কর্ণিয়া)।

ব্রণশোথ (য়্যাবসেস) দ্রষ্টব্য। ব্রণজনিত শোথ।

ব্রধ্ন বাঘী। (বিউবো)।

ব্রহ্মপুত্র উদ্ভিদ বিষ বিশেষ। ইহা পিঙ্গল বর্ণ ও বিরেচক। পশ্চিম ঘাট পর্ব্বতে জন্মে।

ব্রহ্মযষ্টি বামন হাটী।

ব্রাহ্মী জল সমীপস্থ ক্ষুদ্রপত্র তিক্তরস শাক বিশেষ; ব্রহ্মানিশাক।

ব্রীহি ধান্য। আউসধান।

ব্রীহিমুখ, ব্রীহিবক্ত্র বেধনাস্ত্র বিশেষ।

ভ

ভগ যোনি। মলদ্বার।

ভগন্দর মলদ্বারে নালী ঘা। (ফিষ্টুলা-ইন-য়্যানো)।

ভগ্ন অস্থিভগ্ন। (ফ্র্যাক-চার)।

ভঙ্গা ভাঙ্গ; সিদ্ধি।

ভঞ্জনক দন্তভঙ্গ ও আস্তবক্র লক্ষণাক্রান্ত দন্তরোগ।

ভণ্টাকী বার্ত্তাকু; বেগুন।

ভণ্টী ভাঁইট।

ভদ্রবল্লী হাপরমালী।

ভদ্রমুঞ্জা রামশর।

ভদ্রমুস্তা ভাদলা মুথা।

ভব্য চালতা।

ভল্লাতক ভেলা।

ভস্মক ভস্মকীট রোগ।

ভাণ্ডীর ভাঁইট।
ভার্গী বামণহাটী।
ভারদ্বাজী বনকার্পাসী।
ভাবনা চূর্ণ ঔষধ উদ্ভিদ ঔষধের রস বা কাথে পুনঃ পুনঃ পরিপ্লুত করিয়া রৌদ্রে শুষ্ক করণ।
ভিন্নব্রণ শেল, দন্ত, বান, খড়্গাগ্র বা শৃঙ্গাদিদ্বারা আমাশয়াদি কোষ্ঠভেদ হইয়া যে ক্ষত হয় তাহাকে ভিন্নব্রণ কহে। (পেনিট্রেটিং উণ্ড)।
ভূকুষ্মাণ্ড ভুঁই কুমড়া।
ভূতকেশী স্বনামখ্যাত সূক্ষ্মতৃণ; ভুঁই কেশ।
ভূনিম্ব চিরেতা।
ভূমিজম্বু ক্ষুদে জাম।
ভূস্তৃণ গন্ধতৃণ; গন্ধখড; সুগন্ধবোহিব।
ভৃঙ্গরাজ ভীমরাজ; কেশুরিয়ার ন্যায় ক্ষুদ্র বৃক্ষ।
ভৃষ্টতণ্ডুল মুড়ি।
ভেদন যে ঔষধে অন্ত্রাবস্থিত কঠিন মলাদি বিরেচিত হয় কিন্তু জলবৎ ভেদ হয় না।
ভেদনীয় স্রাববর্দ্ধক ঔষধ।
ভ্রংশথু পূর্ব্বসঞ্চিত, ঘন, লবণরস, ও বিদগ্ধ কফ মূর্দ্ধাদেশে সূর্য্যতাপিত হইয়া নাসা হইতে গলিয়া পড়িলে ভ্রংশথু রোগ বলে।
ভ্রামর ভ্রমর সংগৃহীত মধু।

ম

মকুষ্ঠক বনমুগ।
মক্কল শূলরোগ বিশেষ। প্রসূতীদিগের নাভী, বস্তি ও উদর বেদনা, পক্কাশয়াধ্মান ও মূত্ররোধ লক্ষণাপন্ন রোগ।
মখান্ন জলজফল বিশেষ; মাখনা।
মজ্জা অস্থিমধ্যস্থ স্নেহদ্রব্য। (ম্যারো)
মঞ্জিষ্ঠা স্বনামখ্যাত রক্তবর্ণলতা।
মণ্ডল মহাকুষ্ঠ রোগান্তর্গত কুষ্ঠরোগ বিশেষ।
মণ্ডুক ব্যাঙ।
মণ্ডুকপর্ণী থুলকুড়ী; থানকুনী।
মণ্ডূর লৌহমল; লোহারগু।
মদন ময়নাবৃক্ষ, ময়নাকাঁটা।
মদাত্যয় মদ্যপানজনিত রোগবিশেষ। (ডিলিরিয়ম ট্রিমেন্স)।
মধুক যষ্টিমধু। মৌয়া।
মধুকপুষ্পোত্থ মৌয়ার ফল ও গুড় হইতে উৎপন্ন মদিরা।
মধুকর্কটিকা মিষ্টজম্বীর, মিঠালেবু।
মধুমেহ শর্করাস্রাবী বহুমূত্র রোগ। (ডায়াবিটিস মেলিটস)।
মধুরিকা মৌরি।
মধুলিকা গোধূমজাতমদিরা।
মধ্যপঞ্চমূল বেড়েলা, পুনর্নবা, এরণ্ডমূল, মুগানী, মাষানী।
মদ্ধালু মৌআলু; মনালু।
মনঃশিলা ধাতুবিশেষ; মনছাল।
মন্থ চারিপল শীতলজলে একপল শু-

ষধদ্রব্যের চূর্ণ প্রদান করিয়া সম্যক আলোড়নপূর্ব্বক তাহার ছুইপল পান। চক্ষুরোগবিশেষ।

মন্দার পাল্‌তে মাদার।

মন্যা কণ্ঠনালীর উভয়পার্শ্বস্থ ধমনীদ্বয়। শিরা। [নেক)।

মন্যাস্তম্ভ ঘাড়ের স্তব্ধতা। (রাই-

ময়ূরশিখা স্বনামখ্যাত গুল্মবিশেষ। নীলকণ্ঠ ফুলের গাছ (কেচিৎ)।

মরিচ গোলমরিচ।

মর্ম্ম সন্ধিস্থান; মাংস, শিরা, অস্থি, স্নায়ু ও সন্ধির একত্র সন্নিবেশ স্থল।

মর্ষ প্রায় একসিকি ঔষধ তৈল ক্রমে ক্রমে ঝিনুক দিয়া প্রতি নাসারন্ধ্রে পূরণ।

মল্লিকা বেলফুল।

মসূর মসূরী।

মসূরিকা বসন্তরোগ।

মস্ত দধির মাৎ।

মহাকাল মাকাল লতা।

মহাকুষ্ঠ মহাব্যাধি। (লেপ্রসি)।

মহানিম্ব ঘোড়ানিম।

মহাবলা পীতবেড়েলা। [দাহ।

মহাশৈশির দন্তমূলের পচনশীল প্র-

মাংসতান এই রোগে কণ্ঠদেশে বিস্তৃত লম্বমান কষ্টজনক শোথ উপস্থিত হইয়া ক্রমে গলোপরোধ জন্মায়। (ফ্লেশি গ্রোথস্ ইন্ থ্রোট)

মাংসসংঘাত বেদনাশূন্য অর্ব্বুদ।

মাতুলুঙ্গ ছোলঙ্গ নেবু।

মাধবী মাধবীলতা।

মাদ্ধিক আঙ্গুরফলজাতমদিরা।

মানক মানকচু।

মারিষ নটিয়া শাক।

মালতী ফুলবিশেষ। জাতীফুল।

মাষ মাষকলাই।

মাষপর্ণী মাষাণি।

মাসক আঁচলি। (ওয়ার্টস)।

মিশ্রেয়া সুলফা শাক।

মুখদূষিকা বয়সফোড়া। (একি)।

মুচুকুন্দ মুচকুন্দফুলের গাছ।

মুঞ্জ তৃণ বিশেষ; মুঁজা।

মুণ্ডিতিকা মুরমুরিয়া বৃক্ষ।

মুদ্গ মুগ।

মুদ্গপর্ণী মুগাণী। [বিশেষ।

মুরামাংসী স্বনামখ্যাত গন্ধ দ্রব্য

মূর্ব্বা গোরাচক্র; মরগা; সূচমুখী।

মুষকক ঘণ্টা পারুল বৃক্ষ।

মুষলী তালমূলী।

মুষা মুচী। (ক্রুসিবল)।

মুস্তক মুতা; তৃণমূল বিশেষ।

মূঢ়গর্ভ অস্বাভাবিক প্রসব। (অ্যানস্থাচরেল লেবার)। গর্ভস্রাবাদি

মূত্রকৃচ্ছ্র কষ্টে অল্প প্রস্রাব হওয়া। (ষ্ট্র্যাঙ্গুরি)।

মূত্রবৃদ্ধি কুরণ্ড রোগ। জলদোষ। (হাইড্রোসিল)। [ঔষধ।

মূত্রবিরজনীয় মূত্রের বর্ণ পরিবর্ত্তক

মূত্রবিরেচনীয় মূত্রস্রাব প্রবর্দ্ধক ঔষধ

মূত্রসংগ্রহণীয় মূত্রস্রাব হ্রাসকর ঔষধ।
মূত্রস্তম্ভ মূত্ররোধ। (রিটেনশন-অভ ইউরিণ)।
মূত্রক্ষয় মূত্রের অনুৎপত্তি বা অল্প সঞ্চয়। (সপ্রেশন অভ্ ইউরিণ)।
মূত্রাঘাত মূত্ররোধ রোগ। (রিটেন-শন-অভ্-ইউরিণ)।
মূত্রাতিসার সোমরোগাখ্য মূত্রাধিক্য রোগ।
মূত্রাশয় প্রস্রাবের থলী। (ব্লাডার)
মূলক মূলা।
মূষিককর্ণী, মূষিকপর্ণী ইন্দুরকাণী। পানা।
মৃগনাভী কস্তূরী ; মোস্ক।
মৃৎপাণ্ডু (এনিমিয়া) দ্রষ্টব্য।
মৃতবৎসা যে স্ত্রীর সন্তান বাঁচে না।
মেথিকা মেথী।
মেদ শরীরের বসা, মাংসস্নেহ।
মেদা অষ্টবর্গে প্রসিদ্ধ ঔষধি বিশেষ; মেদ। [স্থৌলা।
মেদোরোগ (ওবিসিটি) দ্রষ্টব্য।
মেন্দিকা মেন্ধীগাছ।
মেষশৃঙ্গী মেঢাশিঙ্গির গাছ।
মোচরস শিমুলের আঠা।
মোদক শীতল চিনির পাকে ঔষধ চূর্ণ সুমিশ্রিত করিয়া বড় বড় বটিকা প্রস্তুত করিলে তাহাকে মোদক বলা যায়। মোদক প্রস্তুত করিতে জ্বালদিতে হয় না।

য

যব, যবক শস্য বিশেষ। আটটী সরিষা বা চারিটী ধান পরিমাণ।
যবপ্রখ্যা যবের ন্যায় মধ্যস্থল ও মাংসসংশ্রিত পীড়কাবিশিষ্ট ক্ষুদ্ররোগ।
যবক্ষার সোরা। (কার্ব্বনেট অভ্ পোটাশ)।
যবাগু ছয়ভাগ জলের সহিত যবতণ্ডুল বা গোধূমচূর্ণ একভাগ ও ঔষধ দ্রব্য মিশ্রিত করিয়া মণ্ড প্রস্তুত করিলে তাহাকে কল্কসাধ্য যবাগু, এবং ঔষধদ্রব্যের ক্বাথগ-চ্ছকরে যবাদির মণ্ড প্রস্তুত করিলে তাহাকে ক্বাথসাধ্য যবাগু বলে। যাউ।
যমলা হিক্কারোগ বিশেষ।
যমানী যোয়ান।
যশদ দস্তা ধাতু।
যষ্টীমধু স্বনামখ্যাত মিষ্টস্বাদ মূল বিশেষ। কুঁচের শিকড়।
যক্ষ্মা ক্ষয়কাস, যক্ষ্মাকাস।
যাপ্য যে রোগ কিছুদিন ভাল থাকিয়া পুনর্ব্বার প্রকাশ পায়।
যাবনাল ধান্য বিশেষ ; জোয়ার।
যূক, যূকা উকুণ।
যূথিকা যুইফুল।
যূষ মুদ্গাদির ক্বাথরস।
যোনি জন্মবর্ত্ম ; স্ত্রী-অঙ্গ।
যোনিকন্দ প্যাদ। (প্রোল্যাপসস-ইউটিরাই)।

যোনিব্যাপদ যোনিজরোগসমূহ।
যোনিসংবরণ যোনিরোগ বিশেষ।
যোন্যর্শ কন্দ নামক যোনিরোগ।

র

রকসা কুষ্ঠরোগভেদ।
রক্তগুল্ম জরায়ুর অর্ব্বুদ বা বিবৃদ্ধি। (পলিপস্ অভ্‌দি ইউটিরস)।
রক্তচন্দন লাল চন্দন।
রক্তচিত্রক লালচিতা।
রক্তঅশুদ্ধি (হিমেটোসিস) দ্রষ্টব্য।
রক্তপিত্ত দূষিত রক্ত নিঃসরণরোগ।
রক্তমাত্রী রক্তপ্রদর। (মিনরেজিয়া)।
রক্তমেহ রক্তস্রাবীপ্রমেহ। (হিমেটুরিয়া)।
রক্তশালি রক্তবর্ণ শালিধান্য।
রক্তাতিসার আমরক্ত। (ডিসেণ্টারি)।
রক্তালু রাঙ্গা শকরকন্দআলু।
রক্তি কুঁচ; রতি।
রক্তোৎপল রক্তকমল।
রজঃ আর্ত্তব; ঋতুশোণিত।
রণ্ডা ইন্দুরকাণী।
রস ভুক্তবস্তু সম্যকরূপে পরিপক্ক হইলে তাহার সারকে রস কহে।
রসগতমসূরিকা পানি বসন্ত; জল পাবদ। [বসন্ত।
রসাঞ্জন দারুহরিদ্রারসার, রসোত। (য়্যান্টিমনি)।
রসালা দধি দ্বারা প্রস্তুত খাদ্য দ্রব্য বিশেষ।
রসায়ন জরাব্যাধিনাশক ঔষধ। (অল্টারেটিভ টনিক্স)।
রসোনক রসুন।
রাগী তৃণধান্য বিশেষ।
রাজকোসাতকী ধুন্দুল; ঘিয়াতরই।
রাজমাষ বরবটী; বোবা।
রাজযক্ষ্মা যক্ষ্মারোগ।
রাজসর্ষপ রাইসরিষা।
রাজাদনী ক্ষীরিণীবৃক্ষ; ক্ষীরখেজুর।
রাজিকা কৃষ্ণসর্ষপ।
রাল ধূনা।
রাস্না স্বনামখ্যাতা বৃক্ষোপরিজাতা-লতা বিশেষ।
রেচক যে ঔষধে অন্ত্রস্থিত পাচিত ও অপরিপাচিত পদার্থ তরল আকারে নিঃসারিত হয়।
রেত শুক্র।
রোমাশ্মী তাম।
রোহিতক রক্তপুষ্প বৃক্ষ বিশেষ; রয়না; নয়না। [বিশেষ।
রোহিণী শরীরের ষষ্ঠত্বক। গলরোগ

ল

লকুচ অম্লফল বৃক্ষ বিশেষ। ডেও, মাদার। [ক্ষুমূল।
লঘু ক্ষুদ্র, যথা লঘুপঞ্চমূল, ক্ষুদ্র পলজ্জালু লজ্জাবতী লতা।

লতাকস্তুরিকা স্বনামখ্যাত লতাফল। মুস্কক্ দানা (হিন্দী)।

লবঙ্গলতা লবঙ্গফুলের লতা।

লবনী নোণাফলের বৃক্ষ।

লবলী অম্লফল বৃক্ষ বিশেষ। নোয়ালি, নোয়াড়।

লশুন রসুন। [লালা।

লসিকা ত্বক-মাংস মধ্যস্থ রস বিশেষ।

লাক্ষা লাহা, জৌ, লা। [বৃক্ষ।

লাঙ্গলিকা ঈশলাঙ্গলা নামক ক্ষুদ্র

লাজা খৈ।

লালামেহ লালাবস্থায় তন্তু স্রাবী প্রমেহ। (গ্লীট)।

লাব লাওয়া, ছাতারা পক্ষী।

লিঙ্গনাশ তিমির নামক নেত্ররোগ। (য্যামোরোসিস)।

লিম্পাক পাতিলেবু; জামীর লেবু।

লূতা চর্ম্মব্রণ রোগ। ঊর্ণনাভ।

লেখন কৃশকর।

লেহন চাটন।

লোণিকা লুণিয়া শাক।

লোধ্র স্বনামখ্যাত বৃক্ষ, লোধ।

লোহিতা শরীরের দ্বিতীয় ত্বক।

লৌহসার লৌহখণ্ডে উদ্ভিজ্জাম্ল লেপন করিলে যে ক্ষুদ্র ক্ষুদ্র দানা জন্মে।

শ

শকু উদ্ভিদবিষ বিশেষ। এই বিষের কন্দ ভগ্ন করিলে ইহা হইতে শ্বেতসারের ন্যায় একপ্রকার শুভ্র বর্ণ পদার্থ বাহির হয়। ছাতু।

শঙ্খ ভ্রূদ্বয়ের অন্তভাগের উপর কর্ণ ও ললাটের মধ্যে অর্দ্ধাঙ্গুলী পরিমিত অস্থিদ্বয়।

শঙ্খপুষ্পী বৃক্ষ বিশেষ, ডানকুনী। ঢোলকলমী।

শঙ্খভস্ম চূর্ণ, চূণ।

শঙ্খালু শাঁখ আলু।

শঙ্খিনী চোরপুষ্পী।

শণ শোণের গাছ।

শণপুষ্পী বন শণই।

শতঘ্নী বিছুটী। গলরোগ বিশেষ। গলমধ্যে মাংসময় সাংঘাতিক প্ররোহ।

শতপত্রী সেঁউতি।

শতপুষ্পী শলফা শাক।

শতাবরী শতমূলী, শতমূল।

শতারুষী বহুব্রণ বিশিষ্ট ক্ষুদ্র ...

শমী শাঁইবৃক্ষ, ছুঁই বাবলা।

শর রামশর, খাগড়া, যদ্দ্বারা কলম প্রস্তুত হয়।

শরপুঙ্খা নীল বৃক্ষের ন্যায় বৃক্ষ বিশেষ, বন্য নীল।

শরল বৃক্ষবিশেষ, চির।

শরাব চৌষট্টি তোলা পরিমাণ। শের। সরা।

শরাবিকা সরার ন্যায় মধ্যভাগনিম্ন প্রমেহপিড়কা বিশেষ।

শর্করা মূত্রকৃচ্ছ্র রোগ বিশেষ। ই-

হাতে বালুকার ন্যায় রেণুযুক্ত প্রস্রাব হইয়া থাকে। চিনী।

শর্করার্ব্বুদ দুর্গন্ধ, পচা, নানাবর্ণ ক্লেদ বা রক্তস্রাবী, নিমুক্ত, দূষিত অর্ব্বুদ। কর্কটিকা। (ওপেন ব্লিডিং ক্যানসার)।

শল্য বাণ। বেণু, শৃঙ্গ, অস্থি তৃণাদি দেহ-প্রবিষ্ট বাহ্য বস্তু। (ফরেণ বডি)।

শল্যচিকিৎসা অস্ত্র চিকিৎসা।

শল্যোদ্ধার শরীরে প্রবিষ্ট বাণ কণ্টকাদি বাহ্যবস্তু উত্তোলন।

শল্লকী সজারু জন্তু। বৃক্ষ বিশেষ।

শস্ত্র ছেদন, ভেদন ও বেধনে প্রশস্ত অস্ত্র।

শস্ত্রোপচার শস্ত্রক্রিয়া (সার্জ্জিক্যাল অপারেশন)।

শাক শেগুণ গাছ। পত্রপুষ্পাদি।

শাখোট শাঁড়া, শেওড়া গাছ।

শারিবা অনন্তমূল। শ্যামালতা।

শারীরব্রণ ক্ষত, ঘা। (অলসার)।

শাল সালগাছ।

শালপর্ণী শালপাণ বৃক্ষ।

শালিঞ্চ শাঞ্চিশাক।

শালুক কুমুদাদির মূল। শালু।

শিংশপা অশ্বত্থ পত্র সদৃশ বৃক্ষ বিশেষ। শিশু গাছ।

শিক্থ মোম।

শিখণ্ডক ময়ূরপিচ্ছ।

শিখরিণী রসালা নামক খাদ্যদ্রব্য।

শিগ্রু সজিনা গাছ।

শিঙ্ঘাণ নাসামল।

শিতোপলা মিশ্রি।

শিম্বি শিম।

শিরা (ভেন) দ্রষ্টব্য।

শিরামাতৃকা কণ্ঠশিরা দ্রষ্টব্য।

শিরীষ স্বনামখ্যাত বৃক্ষ বিশেষ। চটকা। কড়ুই।

শিরোগ্রহ বাতব্যাধির অন্তর্গত এক প্রকার শিরঃপীড়া।

শিরোবস্তি চর্ম্মকোষে ঈষদুষ্ণ তৈল পূরণ পূর্ব্বক মস্তকে ধারণ।

শিরোবিরেচন যে নস্য প্রয়োগে নাসিকা হইতে স্রাব নির্গত হইয়া মস্তকের রক্ত সঞ্চয়ের উপশম জন্মায়।

শিরোবিরেচনোপযোগ নাসিকার স্রাব প্রবর্দ্ধক ঔষধ।

শিলক শিলারস। এক প্রকার বৃক্ষ নিঃসৃত তরল ধুনা। (লিকুইড ষ্টোরাক্স)।

শিলাজতু পর্ব্বত জাত উপধাতু বিশেষ। পাহাড়ের এক প্রকার ঘর্ম্ম।

শিলাজিৎ নেপাল দেশস্থ এক প্রকার মৃত্তিকা।

শীতক্রিয়া, শৈত্য প্রয়োগ, ঠাণ্ডা করা। [ঔষধ।

শীতপ্রশমন শীতানুভব নিবারক ঔ-

শীতফাণ্ট একভাগ ঔষধ দ্রব্য ছয়

ভাগ শীতল জলে রাত্রিতে ভিজা-
ইয়া রাখিয়া প্রাতে ছাঁকিয়া লইলে তাহাকে শীতফাণ্ট বলে। (কোল্ড ইনফিউজন)।

শীতল পত্রিকা মুক্তাপাতী।

শীতপিত্ত (আর্টিকেরিয়া দ্রষ্টব্য)।

শীতলী লতা বিশেষ। শিউলীছোপ।

শুক্ল চক্ষের শুক্লবর্ণ প্রথম মণ্ডল। (কঞ্জংটাইভা)।

শুক্লাক্ষিপাক গণ্ডমালাজ অভিষ্যন্দ রোগ। (স্ক্রফিউলাস অপথালমিয়া)।

শুক্তি ঝিনুক। চারিতোলা পরিমাণ। [নেত্ররোগ।

শুক্র বেত; বীর্য্য। শুক্র নামক

শুক্রল শুক্র বৃদ্ধিকর দ্রব্য।

শুণ্ঠী শুষ্ক আর্দ্রক; শুট।

শুরণ ওল।

শূকদোষ লিঙ্গবৃদ্ধি করিবার অভিপ্রায়ে শূক কীটাদি নানাপ্রকার দ্রব্য শিশ্নতে সংযোগজন্য উহাতে যে অষ্টাদশ প্রকার পিড়কা জন্মে তাহাকে শূকদোষ বলে।

শূকর দংষ্ট্রক (ফ্লেগমোনস এরিসিপেলস) দ্রষ্টব্য। বিসর্প বিশেষ।

শূলবেদনা শূলব্যথা। (কলিক)।

শৃগালকণ্টক শেয়ালকাঁটা গাছ।

শৃগালকোলি শেয়াকুল বৃক্ষ।

শৃঙ্গবের আদা; শুঁট।

শৃঙ্গাটক পানীফল; শিঙ্গেড়া।

শৃঙ্গী এক প্রকার মিঠাবিষ, ইহা গোশৃঙ্গে বাঁধিয়া রাখিলে উহার চূর্ণ লাল হয়। কাঁকড়াশৃঙ্গী।

শেফালিকা স্বনামখ্যাত ফুল; শিউলী।

শেলু চালিতাবৃক্ষ। বহুবার।

শৈলজ সুগন্ধি দ্রব্য বিশেষ।

শৈবাল শেওলা।

শৈশির দন্তাস্থিবেষ্টের প্রদাহ রোগ।

শোণিত স্ত্রীবীর্য্য। রক্ত।

শোণিতস্থাপন রক্তরোধক ঔষধ।

শোথ গাত্রে জল হওয়া। (ড্রপসি)।

শোথঘ্নী পুনর্ণবা।

শোথহর শোথ নাশক ঔষধ।

শোধন ধাতু নির্দ্দোষ করণ।

শোফ স্ফীততা।

শোভাঞ্জন সজিনা বৃক্ষ।

শোষ ক্ষয় রোগ। (কনজম্‌শন

শৌবেয় শুক্র ঝিণ্টা।

শ্যামাক শ্যামাঘাস।

শ্যাব কৃষ্ণ পীত মিশ্রিত বর্ণ।

শ্যাবদন্তক শ্যাববর্ণদন্ত বিশিষ্ট দন্তরোগ।

শ্যোনাক সোনাগাছ।

স্রংসন যে ঔষধে অপাচিত ভুক্ত দ্রব্য বিরেচিত হয়।

শ্রমহর শ্রান্তি নাশক ঔষধ।

শ্রীখণ্ড চন্দন।

শ্রীফল বিল্ববৃক্ষ।

শ্রীবাস গন্ধ বিরজা। টার্পিণ।

শ্রোণী কোমর।
শ্বেতা শরীরের তৃতীয় ত্বক।
শ্লীপদ গোদ রোগ।
শ্লেষ্মা কফ। স্থান ভেদে কফ পাঁচ প্রকার, যথা,—ক্লেদন (অন্নক্লিন্নকর); অবলম্বন (হৃদয়ের অবলম্বন); রসন (কণ্ঠস্থ কফ); স্নেহন (স্নেহ দান দ্বারা ইন্দ্রিয় তৃপ্তিকর); শ্লেষণ (সন্ধি সংশ্লেষণ কর)।
শ্লৈষ্মিকপাণ্ডু (ক্লোরোসিস) পাণ্ডুরোগ বিশেষ।
শ্বাসহর শ্বাস রোগ নাশক ঔষধ।
শ্বিত্র শ্বেতকুষ্ঠ, ধবল।

ষ

ষড়ঙ্গ জঙ্ঘাদ্বয়, বাহুদ্বয়, শির ও মধ্যদেশ। গোমূত্র, গোময়, দধি, দুগ্ধ, ঘৃত, ও গোরোচনা।
ষড়ঙ্গ পানীয় মুস্তক, চন্দন, উশীর, পর্পট, বালা, শুঁট, এই ছয় দ্রব্যের পাচন।
ষড়ূষণ শুঁট, পিপুল, মরিচ, পিপুলমূল, চই, চিতা এই ছয় দ্রব্য।
ষড়্গুণবলিজারিত ছয়গুণ গন্ধক দ্বারা প্রস্তুত (স্বর্ণ সিন্দুরাদি)।
ষড়্গ্রন্থা বচ।
ষড়্ভুজা খরমুজা।
ষড়্রস মধুর, লবণ, তিক্ত, কষায়, অম্ল, কটু।
ষড়্বিন্দু শিরোরোগের তৈল বিশেষ।
ষষ্টিক ষাটিধান্য।

স

সংগ্রাহী সঙ্কোচক। কুটজবৃক্ষ।
সংঘাত অস্থির সংমিলনস্থান।
সংজ্ঞানাশ জ্ঞানশূন্যতা।
সংজ্ঞাস্থাপন চৈতন্যসম্পাদক ঔষধ।
সঙ্করণী মলদ্বারের তৃতীয় বলী।
সংশমন স্রাব নিঃসরণ বিবর্দ্ধন ব্যতীত শরীরের দোষ সংশোধক ঔষধ।
সংন্যাস মূর্চ্ছা রোগবিশেষ। ইহাতে হঠাৎ অজ্ঞান ও মৃত্যু হয়। (অ্যাপোপ্লেক্সি)।
সন্ততজ্বর অবিচ্ছেদজ্বরবিশেষ। (কণ্টিনিউড-ফিভার)।
সন্তানিকা সর। (ক্রীম)।
সন্দোহন শরীরের দোষ সংগ্রহ ও নিঃসারণপূর্ব্বক শরীরসংশোধক ঔষধ।
সন্ধান ভগ্নাস্থি সংযোগ করণ।
সন্ধানিকা অম্লদ্রব্যাদির আচার।
সন্ধানীয় ভগ্ন অংশ সংযোগকর ঔষধ।
সন্ধিবিশ্লেষ হাড়ের জোড়া খুলিয়া যাওয়া। (ডিস-লোকেশন)।
সন্নিপাতজ্বর ত্রিদোষজ জ্বররোগ; জ্বর-বিকার। (টাইফয়েড-ফিভার)

সন্নিরুদ্ধগুদ মলদ্বারের সংবৃতি। (ষ্ট্রি-কচার অভ-রেক্টম)।

সপ্তচ্ছদ ছেতেনগাছ।

সপ্তপর্ণ ছেতেনগাছ।

সব্রণশুক্র কনিনীকার অস্বচ্ছতা (ও-পাসিটিঅভ-কর্ণিয়া)।

সর্জ্জিকাক্ষার সাজিমাটী।

সর্পগন্ধা বৃক্ষবিশেষ; ছত্রাকী।

সর্পাক্ষি গন্ধনাকুলী; কন্দবিশেষ।

সর্ব্বগন্ধ এলাইচ, তেজপাৎ, নাগেশ্বর, দারচিনী, কাঁকলা, লবঙ্গ, অগুরু, শিলারস এই সকল গন্ধদ্রব্য।

সর্ব্বসরা মুখরোগবিশেষ, ইহাতে মুখের অভ্যন্তরে পীড়কা জন্মে।

সর্ব্বৌষধি কুড়, জটামাংসী, হরিদ্রা, বচ, শৈলজ, চন্দন, মুরামাংসী, রক্তচন্দন, কর্পূর ও মুস্তক।

সামুদ্গ ঠোঙ্গার ন্যায় সন্ধি।

সামুদ্র সমুদ্র জাত লবণ; করকচ লবণ।

সারিবা শ্যামালতা। অনন্তমূল।

সিকতা অশ্মরীরোগবিশেষ। বালুকার ন্যায় রেণুস্রাবীমেহ।

সিক্থ মোম।

সিদ্ধার্থ শ্বেত সর্ষপ।

সিধ্ম কিলাসরোগ; ছুলী।

সিন্ধুবার নিশিন্দাবৃক্ষ।

সিল্হক শিলারস।

সীধু ইক্ষুরস হইতে উৎপন্ন মদ্য।

সীমন্ত যেসকল অস্থিদ্বারা অস্থির মিলনস্থান সীবিত। মস্তকের পাঁচটী সন্ধিস্থান। সিঁথি।

সীসক সীস, সীসা।

সুগন্ধবালা বালা।

সুদর্শনা পদ্মগুলঞ্চ।

সুনন্দা ইষারমূল।

সুনিষণ্ণক সুষুনীশাক।

সুবর্ণক সোঁদালী।

সুরা অন্নজাত মদিরা।

সুষবী করলা; উচ্ছে।

সূচীবক্ত্রা যোনিরোগবিশেষ। ইহাতে যোনি অতিশয় সংবৃত হয়।

সূতিকা নবপ্রসূতা স্ত্রী।

সূতিকারোগ নবপ্রসূতা স্ত্রীর জ্বর, শূল, অতিসার, শোথাদি রোগ।

সূপ ব্যঞ্জনবিশেষ; রাঁধাডাউল।

সূর্প চৌষট্টীসের। কুল।

সূর্য্যমণি চুনি। স্বনামখ্যাত পুষ্পবৃক্ষ।

সূর্য্যাবর্ত্ত হুড়হুড়িয়া। শিরোরোগ বিশেষ; ইহা সূর্য্যোদয়ে আরম্ভ হয় ও সূর্য্যাস্তে বিরাম পড়ে। সূর্য্যবেদী।

সৃক্ক, সৃক্কণী ওষ্ঠদ্বয়ের শেষভাগ।

সেব সেবিফল। হিন্দী-সেউ। (য়্যাপেল)।

সেবতী সেউতি পুষ্প। [(র্যাফি)।

সেবনী সেলাইয়ের ন্যায় বন্ধনী।

সৈন্ধব লবণবিশেষ।

সোমবাজী সোমরাজ ওষধি; হাকুচ।

সোমরোগ স্ত্রীরোগ বিশেষ। ইহাতে সর্ব্ব শরীরের জল প্রকুপ্ত হইয়া মূত্রপথে স্রাবিত হয়।
সোমলতা পঞ্চদশ পত্রবিশিষ্ট স্বনামখ্যাত লতা।
সোমলতিকা গুড়ূচী।
সৌবর্চ্চল সচল লবণ; কালানিমক।
সৌবীরাঞ্জন কৃষ্ণ সুর্ম্মা। সিন্ধুনদীর তীরস্থ সৌবীর দেশের পর্ব্বতে পাওয়াযায়। [মৃত্তিকা।
সৌরাষ্ট্রিকা সৌরাষ্ট্রদেশীয় সুগন্ধি
স্তনরোহিত মর্ম্মস্থান বিশেষ।
স্তন্য স্তনদুগ্ধ।
স্তন্যজনন স্তন্যবর্দ্ধক ঔষধ।
স্তন্যশোধন স্তন্যের গুণের উৎকর্ষ সাধক ঔষধ।
স্তব্ধ জড়। অসাড়।
স্তব্ধতা নিষ্ক্রিয়তা; অসাড়তা।
স্তম্ভন যে ঔষধে শরীরের নিস্রবাদির অবরোধ জন্মে। অবরোধ।
স্তিমিত জড়তাবিশিষ্ট। আর্দ্র।
স্ত্রীচিহ্ন যোনি।
স্ত্রীধর্ম্ম ঋতু।
স্ত্রীরোগ প্রদরাদি স্ত্রীলোকের বিশেষ রোগ।
স্থানবিকল্প রোগের স্থান পরিবর্ত্তন।
স্থাবরবিষ অমৃতাদি বিষ।
স্থূলগ্রন্থি মহাররি বচ।
স্থূলা শরীরের সপ্তমত্বক। গজপিপ্পলী
স্থূলৈলা বড় এলাচ।
স্থৌনেয় গ্রন্থিপর্ণী; গেঁঠেলা।
স্থৌল্য স্থূলতা। মেদরোগ।
স্নায়ু বায়ুবাহিনীনাড়ী। (নার্ভ)।
স্নুহি মনসা সিজ।
স্নেহ ঘৃত তৈলাদি।
স্নেহন তৈলমর্দ্দন। [চকারী।
স্নেহবস্তি অনুবাসন; তৈলের পি-
স্নেহোপযোগ শরীর কোমল ও শিথিলকারক ঔষধ।
স্পন্দন প্রস্ফূরণ; ঈষৎ কম্প।
স্পৃক্কা পিরিং শাক।
স্ফটিকারি, স্ফটী, ফট্‌কিরি।
স্যন্দিনী লালা।
স্যোনাক নাসোনা।
স্রংসন ঊর্দ্ধগতদোষ নিম্নে আনয়ন।
স্রাব নাসাগরিস্রাব; সর্দ্দিলাগা। শরীর হইতে নিস্হত রক্তপূযাদি।
স্রোত যে সকল পথ দ্বারা মন, প্রাণ অন্নরস, দোষ, ধাতু, উপধাতু, ধাতুমল, মূত্র ও পুরীষাদি সঞ্চারিত হয়। শিরা।
স্রোতাঞ্জন যমুনানদীর স্রোতজাত অঞ্জন; সাদা সুর্ম্মা।
স্বরঘ্ন গলরোগ বিশেষ। (ক্রুপ)।
স্বরভেদ স্বরভঙ্গ রোগ। [সত্ব।
স্বরস শিলাপিষ্ট দ্রব্য নিপীড়িত রস;
স্বর্ণমাক্ষিক লৌহ ও গন্ধক মিশ্রিত। স্বনাম খ্যাত উপধাতু বিশেষ। স্বর্ণাভা বিশিষ্টের নাম স্বর্ণমাক্ষিক, রৌপ্যাভা বিশিষ্টের নাম তারমা-

ক্ষিক। আধুনিক রাসায়নিক পরীক্ষায় উহাতে স্বর্ণ রৌপ্যাদির অংশ দৃষ্ট হয় না, কেবল বাই-সল্ফাইড্-অভ্-আয়রণ পাওয়া যায়।

স্বর্ণ-যুথিকা সোনা যুঁই।

স্বেদ ঘর্ম্ম। সেক।

স্বেদন ঘর্ম্মকর ঔষধ। ঘর্ম্মনিঃসারণার্থ তাপ প্রয়োগ।

স্বেদনযন্ত্র ভাবরা প্রদান যন্ত্র।

স্বেদোপযোগ ঘর্ম্মকর ঔষধ।

হ

হংসপদী গোয়ালিয়া লতা।

হনু চোয়াল।

হনুগ্রহ চোয়ালের পক্ষাঘাত বিশেষ, ইহাতে মুখ বিবৃত বা সংবৃত হইয়া থাকে।

হনুস্তম্ভ দাঁত কপাটী; দাঁত লাগা।

হপুষা কাবাবচিনির বোঁটার ন্যায় দীর্ঘ কৃষ্ণবর্ণ বণিক দ্রব্য; হবুষ।

হবিঃ ঘৃত।

হবুষা হপুষা।

হরিচন্দন পীতবর্ণ চন্দন।

হরিতাল পীতবর্ণ উপধাতু বিশেষ; হর্ত্তেল। ইহা দুই প্রকার, বংশপত্রী হরিতাল ও পিণ্ড হরিতাল। আভ্যন্তরিক প্রয়োগার্থ বংশপত্রী হরিতালই ব্যবহৃত হয়।

হরিদ্রাদ্বয় হরিদ্রা ও দারু হরিদ্রা।

হলকশা দ্রোণপুষ্পী।

হলাহল আঙ্গুরের ন্যায় ফল ও তালের ন্যায় পত্রবিশিষ্ট এক প্রকার বৃক্ষ-বিষ। ইহা হিমালয়ে, দাক্ষিণাত্যের সমুদ্র কূলে, কঙ্কণ প্রদেশে ও মহিশূরের উত্তরে কিষ্কিন্দিয়া পর্ব্বতে জন্মে।

হলিমক কৃষ্ণবর্ণ বা সাংঘাতিক পাণ্ডুরোগ।

হস্তিকর্ণ পলাশ বিশেষ।

হস্তিমেহ মেহ রোগ বিশেষ।

হস্তিশুণ্ডা, হস্তিশুণ্ডী হাতিশুঁড়া।

হাকুচ সোমরাজ।

হাপরমালী ভদ্রবল্লী।

হাম রোমান্তী।

হারিদ্র হরিদ্রার ন্যায় আকৃতি বিশিষ্ট এক প্রকার বিষাক্ত মূল।

হিক্কা হিচ্‌কি, আঁতউঠা।

হিক্কানিগ্রহণ হিক্কানিবারক ঔষধ।

হিঙ্গু হিং।

হিঙ্গুল একশত ভাগ পারদ ও ষোল ভাগ গন্ধক একত্রে জ্বাল দিলে হিঙ্গুল প্রস্তুত হয়।

হিজ্জল হিজল বৃক্ষ।

হিন্তাল হেঁতাল বৃক্ষ।

হিলমোচিকা হেলেঞ্চা, হিংচাশাক

হৃদ্ হৃদয়।

হৃদ্‌গ্রন্থি বিদ্রধি রোগ।

হৃদ্য প্রফুল্লকর বা স্বাদ বর্দ্ধক ঔষধ

হৃদ্রোগ হৃদাময়; হৃদয়ের পীড়া।

হৃল্লাস বমনোদ্রেক।

হেমপুষ্পিকা স্বর্ণযূথী।

হৈমন্তিক আমনধান।

হ্রস্বজাড্য নেত্ররোগ বিশেষ; দিবসে ক্ষুদ্রবস্তু দর্শনে অসমর্থতা।

হ্রীবের বালা।

ক্ষ

ক্ষণ দশপল কাল।

ক্ষত ঘা।

ক্ষতকাস সবক্তকাস।

ক্ষতব্রণ (উণ্ড্‌) দ্রষ্টব্য।

ক্ষতোদর উদর রোগ বিশেষ।

ক্ষয় যক্ষ্মাকাস।

ক্ষয়কাস যক্ষ্মাকাস।

ক্ষবথু হাঁচি। কাসরোগ।

ক্ষরণ স্রাব।

ক্ষারকর্ম্ম স্ফোটকাদি বিদারণার্থে ক্ষার দ্রব্য প্রয়োগ।

ক্ষারত্রয় সাচিক্ষার, যবক্ষার, সোহাগা।

ক্ষারদ্বয় যবক্ষার ও সাচীক্ষার।

ক্ষারলবণ খারি নুণ।

ক্ষারাষ্টক পলাশ, সিজ, আপাঙ্গ, তেঁতুল, আকন্দ, তিলনাল ও যব ইহাদের ক্ষার ও সর্জ্জিকা ক্ষার।

ক্ষিপ্র পাদাঙ্গুষ্ঠস্থ মর্ম্ম বিশেষ।

ক্ষীরকাকোলী ক্ষীর কাঁকলা। পলাণ্ডু জাতীয় কন্দ বিশেষ।

ক্ষীরপাক ঔষধ দ্রব্যের আটগুণ দুধ, দুধের চারিগুণ জল জ্বালদিয়া দুগ্ধাবশেষ।

ক্ষীরবিদারী কাল ভুঁই কুমড়া।

ক্ষীরিণী দুধ্‌লে লতা।

ক্ষীরিবৃক্ষ বট, যজ্ঞডুমর, অশ্বত্থ, পাবীশ, পাকুর।

ক্ষুৎ হাঁচি। ক্ষুধা।

ক্ষুদ্র অল্প; ছোট।

ক্ষুদ্রকুষ্ঠ স্বল্পকুষ্ঠ। দদ্রু প্রভৃতি এগারটী চর্ম্মরোগ।

ক্ষুদ্ররোগ অজগল্লিকাদি ৪৪টী ক্ষুদ্র ক্ষুদ্র রোগ।

ক্ষুপ ক্ষুদ্রবৃক্ষ।

ক্ষেত্রপর্পটী ক্ষেত পাপড়া।

ক্ষৌদ্র পিঙ্গলবর্ণ ক্ষুদ্র মক্ষিকাকৃত কপিলবর্ণ মধু।

ক্ষৌদ্রমেহ মধুসদৃশ স্রাব বিশিষ্ট মেহ রোগ।

ক্ষৌদ্রেয় মোম।

কতিপয়

হিন্দুস্থানী শব্দ।

অগেথা গনিয়ারি।

অজমদ * রান্ধনী।

অজমাইশ পরীক্ষা।

অক্সিন আঁচিল। (ওয়ার্টস)।

অগুসোথ জলদোষ। (হাইড্রোসিল)

অণ্ড ডিম্ব (ওভম)

অন্ত্রিয়া (ইণ্টারমিটেণ্ট)।

অপ্রাজিৎ অপরাজিতা।

অমরবেলী আকাশবল্লী।

অরণি গনিয়ারি।

অরলু নাও সোণা।

অরুষা বাকস।

অলামৎ লক্ষণ।

অসগন্ধ অশ্বগন্ধা।

আঁওলা আমলকী।

আঁখ চক্ষু।

আগম ভাবীফল। (প্রগ্নোসিস)।

আজোয়ান যোয়ান।

আদরক আদা।

আনার ডাড়িম্ব।

আররেসৌলি অর্ব্বুদ। (টিউমার)।

আবহাওয়া জলবায়ু।

আবুল হাবার কাবুল প্রভৃতি স্থান-জাত এক প্রকার ফল।

আমূলতাস্ সোন্দালী।

আলু বোখারা পারস্যাদি দেশজাত এক প্রকার শুষ্ক ফল।

ইকলিম জলবায়ু। (ক্লাইমেট)।

ইন্দ্রি ইন্দ্রিয়। (অরগ্যান)।

ইন্দ্রায়ণ মহাকাল; মাকাল। ইন্দ্র-বারুণী।

ইম্লি তেঁতুল।

ইলাজ (ফিজিক)।

ইসতিকসা শোথ। (ড্রপসি)।

ইসপগুল পারস্য দেশজাত এক প্র-কার ক্ষুদ্র বীজ।

ইস্হাল অতিসার। (ডায়ারিয়া)।

উক ইক্ষু।

এরণ্ড ভেরেণ্ডা।

---

* হিন্দুস্থানী শব্দের বা শব্দাংশের (শব্দের যতটুক একবারে উচ্চারিত হয়) অন্ত্য অকারান্ত ব্যঞ্জনবর্ণ সাধারণতঃ হসন্ত উচ্চারিত হয়।

ককরসিং কাকড়া শৃঙ্গী।
কঙ্করি (গ্র্যাভেল)।
কচুর শটী।
কটেলি,কটে কণ্টকারি।
কণ্ঠ (ল্যারিংস)।
কত খয়ের।
কনখি তির্য্যক্ দৃষ্টি।
কনার করবী।
কনেলি করবী।
কমরখ কামরাঙ্গা।
কমরি কটিবাত।
কম্পিলা, কম্বিলা কম্পিল্লক।
কয় বমন।
কবী বধীবস্তা।
কারিহারি বিষলাঙ্গুলী।
কস্তুরু কেশুর।
কহু অর্জ্জুন বৃক্ষ।
কাইফল কটফল।
কাওয়া কাফি।
কাকরি কাঁকুর।
কাঙ্গনি কঙ্গু।
কাচনার রক্তকাঞ্চন।
কালাপানি (য়্যামোবোসিস)।
কালানিমক খারী লবণ।
কালী মরিচ গোলমরিচ।
কাসুন্দা কাল কাসুন্দা।
কাহিলি দুর্ব্বলতা।
কিওয়াঁচ আলকুশী।
কিমিয়া রসায়ন বিদ্যা।
কিরম অন্ত্রকৃমি।
কিরমাল দারকরঞ্জ।
কুড় কুষ্ঠরোগ।
কুন্দরি বিম্বি।
কুমরকস পীতশাল।
কুরচি কুটজ।
কুবেয়া কুটজ।
কেওরা কেতকী, কেয়া।
কৈথ কথবেল।
কোই কুমুদ।
কোকন লাল মোরগা।
কোবেয়া কুটজ।

খট্টা টক।
খমীর অভিষব।
খশ বেণা।
খশখশ উসীর।
খসবা মামড়ী। (স্ক্যাব)।
খাম্ভারী গাম্ভারী।
খাঁশী কাস।
খিপ গন্ধ ভাদুলিয়া।
খিসান্দ ফাণ্ট। (ইনফিউজন)।
খুজলি পাঁচড়া।
খুন রক্ত।
খুলাস সার। (এক্সট্রাক্ট)।

গন্ধবাবুল গুয়ে বাব্‌লা।
গন্ধালি গন্ধ ভাদুলিয়া।
গুর্দ (কিড্‌নি)।
গম্মিদানা হাম।
গর্ম্মিবিমারি উপদংশ।

গামারি গাম্ভারী।
গুচল স্নান।
গুড়চ গুড়ূচী।
গুবহিলা গুটলে মল।
গুমা দ্রোণপুষ্পী।
গুলর যজ্ঞডুমুর।
গুলশব্বা রজনীগন্ধা।
গুলসকরি নাগবলা।
গেঁহু গোধূম।
গোখুরু গোক্ষুর।
গোভি গোজিহ্বালতা।
গোরকমুণ্ডি মুণ্ডিতিকা।
গোলি বটিকা। (পিল)।

ঘর্কি (ফ্লুডিং)।
ঘাও ক্ষত।
ঘিকুমার, ঘিকুমারী ঘৃতকুমারী।
ঘেগা গলগণ্ড।

চকৌন্দ চাকুন্দিয়া।
চমেলি জাতিফুল।
চরব বসা, চর্ব্বি।
চাঁদনি তগর।
চিট্‌কা শ্লেষ্মা (মিউকাস)।
চিত্তি (স্কার) ক্ষতচিহ্ন।
চিনি পিবিংশাক। [শন)।
চির সবলকাষ্ঠ। উপদাহ (ইরিটে-
চিবচিবা আপাঙ্গ।
চিরমিটি কুঁচ।
চূড় চূর্ণ।

চেনা বুট।
চোট (কণ্টিউজন)।
চোতর মার্গ, পাছা।
চোলাই ,চাপানটিয়া।
চোস, চোক স্বর্ণক্ষিরি।
চৌঠিয়া চাতুর্থক জ্বর।
চৌপট্টে সুনিসন্নক।

ছুই ক্ষয়রোগ (কনজমশন)।
ছরিলা শৈলজ।
ছাতিয়ান সপ্তপর্ণ।
ছানি ফুলি। (ক্যাটারাক্ট)।
ছিকুর শমীবৃক্ষ।

জও যব।
জজম অঙ্গচ্ছেদ।
জনিন ভ্রূণ।
জন্না প্রসব।
জমালগোটা জয়পাল।
জবরা অস্ত্র চিকিৎসক।
জর্দ্দী ডিম্বের কুসুম।
জলকুম্ভি টাকাপানা।
জলন্দর উদরী রোগ।
জহর বিষ।
জাজিব শোষক।
জান প্রাণ।
জামন কাল জাম।
জিগর যকৃৎ।
জিমিকন্দ ওল। [(গ্রীট)
জিরিয়ান আইমণি লালীমেহ।

জী জীবন।
জুন্দ (এসেন্স)।
জুরী কম্পজ্বর।
জেদওয়ার বনহরিদ্রা।

টোব অবহর।

ঠাণ্ডী সর্দ্দি।

ডাকী ওলাউঠা।
ডাবা হুপ্‌শব্দক কাস।

ঢাক পলাশ।

তকমীর অন্তকৎসেচন। (ফার্মেণ্টেশন)।
তপ জ্বর। [ফিভার)।
তপইদিক্ক বিলেপীজ্বর। (হেক্টিক
তপতিল্লী জ্বরপ্লীহা রোগ।
তবিব (ফিজিশিয়ান), বৈদ্য।
তরকিব (অরগ্যানিজ্‌ম)।
তরবুদ তেওরি।
তশথিশ রোগনির্ণয়। (ডায়াগ্নোসিস)।
তশনমুগ দুড়কা। (কনভলশন)।
তালমাখানা কোকিলাক্ষ; কুলিয়াখাবা।
তিজারী তৃতীয়কজ্বর। (টার্শিয়ান)।
তিরিয়াক বিষঘ্ন। (এণ্টিডোট)।
তিল্লী প্লীহা।
তিহাল প্লীহা।

থুক লালা।
থোহর মনসাসিজ।

দওয়া ঔষধ।
দস্তকির দাঁতকপাটী। (ট্রিস্‌মস)।
দমন পপর ক্ষেত পাঁপড়া।
দমবন্ধ শ্বাসরুদ্ধ। (য়্যাসফিকশিয়া)।
দমা, দমি শ্বাসকাস। (য়্যাজ্‌মা)।
দম্বল ফোড়া। (য়্যাবসেস)।
দরদ বেদনা।
দর্দ্দিশির মাথাব্যথা।
দস্ত বিরেচন।
দস্ত দণ্ড। (পেসেজ)।
দাই জনয়িত্রী। (মিড্‌ওয়াইফ)।
দাবমুচ সাম্বলক্ষার (আর্সেনিক)।
দারু ঔষধ।
দাহ প্রদাহ।
দিমাঘ মস্তিষ্ক।
দুব দূর্ব্বা।
দেওয়ানা উন্মত্ত (ইনসেন)।
দেওয়ানাগ উন্মত্ততা (ইন্‌স্যানিটি)।
দেওদার দেবদারু।

নমক লবণ।
নমকীন লাবণিক। (স্যালাইন)।
নয়াফট্‌কি লতাফট্‌করী।
নবজ নাড়ী। (পল্‌স)।
নবা পাণ্ডুরোগ।
নস পেশী। (মস্‌ল)।
নসখা ব্যবস্থাপত্র। (রিসিপি)।

নহাফৎ শীর্ণতা।
নামর্দ্দি ধ্বজভঙ্গ।
নারু (গিনিওয়ারম)।
নালিতা নালী; মেস্তাপাত।
নাশপাতী আমড়া।
নাসুর নালীঘা। (ফিষ্টুলা)।
নিকরিস (গাউট)।
নিনানওয়ান জারীঘা। (এপথি)।
নিলোফর নীলোৎপল।
নিশান লক্ষণ।
নিসোথ তেউরি।

পরওয়াবিশ পোষণ। (নিউট্রিশন)।
পরবল (ট্রিকিয়্যাসিস)।
পরমেও প্রমেহ।
পলওয়াল পটোল।
পসিনা ঘর্ম্ম।
পাকরি পাকুর গাছ।
পাচক কুড়।
পাড় পারুল।
পিৎ পিত্ত। (বাইল)।
পিপল অশ্বথ বৃক্ষ। পিপুল।
পিব পুয।
পিবিয়াহৎ পূযোৎপত্তি।
পুটলী চক্ষের তারা। (পিউপিল)।
পুরেণ গর্ভের ফুল। (প্ল্যাসেণ্টা)।
পেচিশ আমরক্ত। (ডিসেণ্টারি)।
পেট উদর। (য়্যাব্ডোমেন)।
পেটগিগর্ণা গর্ভপাত। (য়্যাবরশন)।
পেঠা কুষ্মাণ্ড।

পোটা আমাশয়। (ষ্টম্যাক)।

ফত্‌ক অন্ত্রবৃদ্ধি। (হার্ণিয়া)।
ফফোলা ফোস্কা। (ভেসিকেল)।
ফস্থ (ডিসলোকেশন)।
ফালিজ অর্দ্ধাঙ্গের পক্ষাঘাত। (হেমিপ্লিজিয়া)।
ফিল্লা গোদ।
ফিলিজ ধাতু। (মেট্যাল)।
ফুপফুস ফুসফুস।

বওয়াসির অর্শ।
বগল কক্ষ। (য়্যাকজিলা)।
বচনাগ মিঠা। (য়্যাকোনাইট)।
বদহজম অজীর্ণ; অগ্নিমান্দ্য।
বর বটবৃক্ষ।
বরহস্তা বৃহতী।
বস্তগী কোষ্ঠবদ্ধ। (কনষ্টিপেশন)।
বহুমুৎ বহুমূত্ররোগ।
বাই বাতাধ্মান।
বাওসুল শূলবেদনা। (কলিক)।
বাকচী সোমরাজী।
বাঘী (বিউবো)।
বাবুল বাবলা।
বাবেরঙ্গ বিড়ঙ্গ।
বালুচর জটামাংসি।
বিমারি রোগ।
বিলাইকন্দ ভূমিকুষ্মাণ্ড।
বিহিদানা হিমালয় প্রদেশস্থ বৃক্ষ বিশেষের বীজ।

বুখার জ্বর। পূতিবাষ্প।
বুন্দ বিন্দু। (ড্রপ)।
বেহইজী (এমেনোরিয়া)।
বেহোসি অচৈতন্য। (কোমা।
বোসীদা পচা। (পিউট্রিড)।

ভাঙ্গরা ভৃঙ্গরাজ।
ভারঙ্গী ব্রহ্ম যষ্ঠী।
ভুক ক্ষুধা।
ভুসি গমের তুষ। (ব্র্যান)।

মঞ্জিৎ মাঞ্জিষ্ঠা।
ময়িন মদন ফল।
মরোর আক্ষেপ। (স্প্যাজম)। পেটকামড়ানি।
মর্জ্জ রোগ। (ডিজিজ)।
মলাল অবসন্নতা। (প্রষ্ট্রেশন)।
মসান মূত্রাশয়। (ব্লাডার)।
মাখুলিয়া বিষাদ। (মিলানকোলি)।
মাগুড়া (কারবঙ্কল)।
মাঙ্গষ্টীন ফলবিশেষ।
মাদার আকন্দ।
মানকন্দ মানকচু।
মাহিনা ঋতু।
মিদা আমাশয়। (ষ্টম্যাক)।
মিরগী অপস্মার। (এপিলেপ্সি)।
মিস্‌মীতিতা স্বর্ণমূলমূল। (কপ্‌টিস্)।
মুগ্রিলা কালাজিরা।
মুৎ প্রস্রাব।
মুবহ্‌হী কামোদ্দীপক।

মুরদা মৃতদেহ।
মুলব অন্ত্রকৃমি। (ভার্মিস ম্যাসকেরিস)।
মুশলী তালমূল; স্থূলমূল বিশেষ।
মুশিল বিরেচক। (পারগেটিভ)।
মুস্কিন বেদনা নিবারক। (ম্যানোডাইন)।
মুস্কির মাদক। (নারকটিক)।
মুলহটি যষ্টিমধু।
মোচরস শিমুলের আঠা।
মোৎ মৃত্যু।
মোয়া মধুক; ফুলবিশেষ।
মৌলসরী বকুল।

রগজন অস্ত্র চিকিৎসক। (সার্জ্জন)।
রগড় অবদরণ। (ঢ্যাব্রেশন)।
রসত দারুহরিদ্রারসার। রসাঞ্জন।
রাই রাইসরিষা।
রাদ পূয।
রামশর থাগরা। [(মাষ্টিক)।
রুমীমস্তকী বৃক্ষ বিশেষের ধূনা।
রেওয়ও রেউচিনি (রুবার্ব)।
রোজানা প্রাত্যহিক বিষমজ্বর (কোটেডিয়ান)।
রোহন রোড়া। বল্কল বিশেষ।

লকওয়া পক্ষাঘাত।
লতজিরা আপাঙ।
লশুন রসুন।
লসোরা বহুবার বৃক্ষ।

লাথ লা, গালা।

লোপ্রি পোল্টিশ।

লোবিয়া বরবটী।

লোহু রক্ত।

লোহুজমা রক্তসঞ্চয়।

শঙ্খহুলি শঙ্খপুষ্পি।

শহদ মধু।

সক্ত সংন্যাসরোগ।

সঁফ মৌরি।

সফেদ শুভ্র।

সফেদা (কার্ব্বনেট অভ্‌লেড্)।

সবজি ভাং।

সম্বল শঙ্খবিষ, শেঁকো।

সবিফা আতা ফল।

সনিবান শালপানী।

সর্সাম প্রলাপ (ডিলিরিয়ম)।

সাজ্জি সাজিমাটী।

সাপছন্দ বীজ বিশেষ।

সাম্ভলু নিশিন্দা।

সারী মারী (এপিডেমিক)।

সালেপমিশ্রী বৃক্ষ বিশেষের মুস্তা। ইহা অতিশয় পোষক।

সিঙ্গেড়া পানীফল।

সিজন ছাকন।

সিফা আরাম, আরোগ্য।

সিয়াজিরা সুষবী। (ক্যারম কারুই)।

সির মস্তক। [(ম্যানা)।

সিরখস্ত বৃক্ষ বিশেষের ঘনীভূত রস।

সিরায়ৎ স্পর্শসংক্রমণ। (কণ্টেজিয়ন)।

সিল ক্ষয়কাস। (থাইসিস)।

সিলসিলাই বোল বহুমূত্র। (ডায়াবিটিস)।

সিহত স্বাস্থ্য।

সীতাফল আতা। [শেষ।

সুরুমুনিয়া প্রবল বিরেচক ফল বি-

সুরিণজন কাশ্মীর দেশজমূল বিশেষ।

সেরাবৎ (ইন্‌ফেক্‌শন্)।

সেহুণ্ড মনসা সিজ।

সোজাক প্রমেহ। (গনোরিয়া)।

সোজিশ প্রদাহ। (ইনফ্লেমেশন)।

সোনা সুনকা।

হইজ খর্জু, বজ।

হণ হরিতকী।

হরতাল পীতবর্ণ হরিতাল।

হরাসঙ্গার শেফালিকা।

হাজরমনি মূত্রকর বৃক্ষবিশেষ।

হাদিসা অভিঘাত, দুর্ঘটনা। (য়্যাক্সিডেণ্ট)।

হায়জা ওলাউঠা।

হালিমদানা বীজবিশেষ।

হুলহুল হুরহুরিয়া।

প্রধান প্রধান

ডাক্তরি ঔষধের নাম।

অক্‌জিমেল অক্‌জিমেল, সির্কামধু।

অক্‌জেলেট্ অভ্ সিবিয়ম লবণ বিং।

অক্‌সিজিনিয়ম অক্‌সিজেন। রূঢ়পদার্থ বিশেষ।

অরম গোল্‌ড। স্বর্ণ।

অরমফল্‌মিনাস ফলমিনেটিং গোল্‌ড।

„ মিউরিয়েটিকম মিউরিয়েট অভ গোল্‌ড। [স্বর্ণ।

„ মেটালিকম মেটালিক গোল্‌ড।

অবিগেনম ভলগেবাব মাবজোবাম। ক্ষুপ (ক্ষুদ্র বৃক্ষ) বিশেষ।

অব্যাণশিয়া অবেঞ্জ। কমলালেবু।

অর্যাণশিয়াই কর্টেক্স অবেঞ্জ পীল। কমলালেবুরত্বক্।

অলমাই কর্টেক্স এলম্ বার্ক। বৃক্ষবল্কল বিশেষ। [বিশেষ।

অলমাস ক্যাম্পেষ্ট্রিস এলম ট্রী। বৃক্ষ

অষ্টিলেগো মেইডিস করণস্মট। শস্যছত্রক বিশেষ।

আইওডম, আইওডিয়ম আইওডিন। রূঢ়পদার্থ বিশেষ। [বিশেষ।

আইওডোফরমম্ আইওডোফরম।

আইরিস ভার্সিকলার ব্লুফ্ল্যাগ। বৃক্ষ-

আইরিডিন, আইবিসিন আইরিসেরবীর্য্য বা উপক্ষার।

আবমোবেশিয়া হর্স র‍্যাডিশ। বৃক্ষ।

আবমোবেসি বেডিক্স হর্সর‍্যাডিশ রুট। মূলবিশেষ।

আবেণিষা ডাযেডেমা ডায়েডেম স্পাইডার। মাকড়সাবিশেষ।

আবেলিয়া বেসিমোসা স্পাইকনার্ড। গুল্মবিং। [কৃত শস্য।

আর্গটা আর্গট। ওষধিবিশেষর বি-

আর্গটিন আর্গটের বীর্য্য।

আর্জেন্টম সিলভার। রৌপ্য।

„ অকসাইডম অকসাইড অভ সিলভার। [সিলভার।

„ আইওডাইডম আইওডাইড অভ

„ মেট্যালিকম মেট্যালিক সিলভার। রৌপ্য।

আর্জেন্টাই সিলভার। রৌপ্য।

„ নাইট্রাস নাইট্রেট অভ্ সিলভার। লুনারকষ্টিক। কাষ্টিক।

আর্টিমাসিয়া ভলগারিস দমনক, দোনা।

আর্নিকামণ্টেনা লেপার্ডস বেন। পার্ব্বত্য বৃক্ষ বিশেষ।

আর্নিসি বেডিক্স আর্নিকা রুট। আর্নিকার মূল।

আর্সিনিসাই আইওডাইডম আইওডাইড অভ আর্সেনিক।

আর্সেনিকম আর্সেনিক। সিমুলক্ষার
আর্সেনিকম আইওডাইডম আইও-
ডাইড অভ আর্সেনিক।
„ রুব্রম রেড্ আর্সেনিক। [নিক।
„ মেট্যালিকম মেট্যালিক আর্সে-
„ য়্যাল্বম হোয়াইট আর্সেনিক।
শেঁকো।
„ নাইট্রিকম নাইট্রেট অভ আর্সে-
আলথিয়া মার্শ ম্যালো। বৃক্ষ বিশেষ
আলষ্টোনারি কর্টেক্স আলষ্টোনিয়া
বার্ক। ছাতিমের ছাল।

ইউনিমিন ইউওনিমসের বীর্য্য।
ইউনিমস য়্যাট্রোপার্বপিউরিয়স। ও-
য়াহু। গুল্মবিশেষ। [বৃক্ষবিং।
ইউক্যালিপ্টস গ্লবিউলস ফিভারট্রি
ইউপেটোরিয়ম য়্যারোমেটিকম হো-
য়াইট স্নেকরুট। ক্ষুপ বিশেষ।
„ পারফোলিয়েটম বোনসেট। বৃক্ষ
বিশেষ। [ডো। বৃক্ষবিং।
„ পার্পিউরিয়ম কুইন্ অভ্ দি মে-
ইউফরবিয়া করোলেটা স্পার্জ। ক্ষু-
পবিশেষ।
„ হাইপারিসিফোলিয়া মিল্ক পা-
রস্লি। ক্ষুপবিশেষ।
ইউফ্রেশিয়া আইব্রাইট। বৃক্ষবিং।
ইউভাআর্সাই বেয়ার বেরি। বৃক্ষবিং
ইউভি রেজিনস। কিস্মিস্।
ইউরেনিয়ম নাইট্রেট ইউরেণিক না-
ইট্রেট। ধাতুবিশেষ।

ইকথাইওকোলা আইজিংলাস। মৎ-
স্যবিশেষের বায়ুকোষ।
ইকুইসিটম হাইমেল স্কাওয়ারিং
বাস। তৃণবিশেষ।
ইগ্ল মারমেলস বিল্ব।
ইগ্নেশিয়া য়্যামারা সেণ্ট ইগ্নেশস
বিন। গুল্মবিশেষ।
ইথার সলফিউরিক ইথার।
ইথারিস ইথার।
ইথুসা সাইনেপিয়ম গার্ডেন হেমলক
বৃক্ষ বিশেষ।
ইপিকাকুয়ানা ইপিকাক। লতাবিং
ইপিজিয়ারিপেন্স ট্রেইলিং আরবি-
উটস। ক্ষুপবিং।
ইয়েষ্ট ব্র্যান। থমীরা।
ইরিও ডিক্টিয়ন ইয়ার্বাস্যান্টা। বৃ-
ক্ষবিশেষ। [ক্ষবিশেষ।
ইরিজারণক্যানেডেন্স ফি-বেন। বৃ-
ইরিঞ্জিয়ম ম্যারিটিম সি-হলি। মূলবিং
" য়্যাকোয়াটিকম বটনস্নেকরুট মূ-
লবিশেষ। [বিশেষ।
ইরিথ্রক্সিলন কোকা কোকা। গুল্ম-
ইরেকথাইটিস হাইয়ারেসিফোলিয়স
ফায়ারউইড। ক্ষুপবিশেষ।
ইলেটারিন ইলেটিরিয়মের বীর্য্য।
ইলেটিরিয়ম ফলবিশেষের রসের গাদ।
ইল্যাপ্‌স সর্পবিষবিশেষ।
ইসকিউলস গ্লাব্রা ওহিও বকি। বৃ-
ক্ষবিশেষ। [বিশেষ।
" হিপোক্যাষ্টেনম হর্সচেসনট। বৃক্ষ-

এইলান্টস গ্লাণ্ডুলোসস টী অভ্‌হে-ভেন। বৃক্ষ বিশেষ।
একসিয়া বেসিমোসা ব্লাক কোহস। বৃক্ষ বিশেষ।
একেলাইফাইণ্ডিকা মুক্তাঝুরী। গুল্মবিশেষ। [আবরিগাঁদ।
একেশিয়া গমাই গম একেশিয়া।
একোনাইটম একোনাইট। কাঠ-বিষ, মিঠা।
একোনাইসিয়া একোনাইটের উপ-ক্ষার। [বচ।
একোরাস ক্যালেমস সুইট ফ্লাগ।
এগলমক্যাপ্টস চেঙ্গুটী। বৃক্ষবিশেষ।
এগেভআমেরিকানা আমেরিকান এলো। ক্ষুপবিশেষ।
এঙ্গুষ্টিউরিয়া কসপেরিয়াবার্ক। ব-ল্কলবিশেষ।
এজ্যাডিরেকটি নিম। নিম্ব।
এটিস আতীস। অতিবিষ।
এট্রোপিয়া, এট্রোপাইন বেলেডো-নার উপক্ষার। [ট্রোপিয়া।
এট্রোপি সলফাস সলফেট অভ এ-এডেপ্স পোরসাই লার্ড। শূকরের বসা।
" বেঞ্জোনেটস বেঞ্জোয়েটেড লার্ড। লোবানসংযুক্ত শূকরের বসা।
" প্রিপারেটস প্রিপেয়ার্ড লার্ড।
এণ্টিমোনিয়ম এণ্টিমনি। রসাঞ্জন।
এণ্টিমোনিয়ম অকসাইডম অকসা-ইড অভ এণ্টিমনি।
" আইওডেটম টারআইওডাইড অভ এণ্টিমনি। [এণ্টিমনি।
" আর্সেনাইটম আর্সেনাইড অভ
" ক্রুডম নেটিভ সলফাইড অভ এ-ণ্টিমনি।
" টর্টারিকম টার্টার এমেটিক।
" সলফিউরেটম সলফিউরেটেড এ-ণ্টিমনি।
এণ্টিমোনিয়াই টার্টারেটম টার্টারে-টেড এণ্টিমনি ; টার্টার এমে-টিক।
" নাইগ্রম ব্লাক এণ্টিমনি। সুরমা ; রসাঞ্জন। [ণ্টিমনি।
" পটাসিয়োটার্ট্রাস টার্টারেটেড এ-এণ্ড্রোগ্রাফিস কারিয়াট। কালমেঘ। মহাতিক্তা। [ভেলা।
এনাকার্ডিয়ম মার্কিংনট। ভল্লাতক ;
এনিথাইফ্রক্টস ডিল সুট। ক্ষুদ্র ফল বিশেষ।
এনিসাইফ্রক্টস এনিসীড। মৌরি।
এপোমর্ফিয়া অহিফেণের বীর্য্যবিশেষ।
এপোমর্ফি হাইড্রোক্লোরাস এপম-র্ফিয়া হাইড্রো ক্লোরেট।
এপোসাইনমএণ্ড্রোসেমিফোলিয়ম বিটাররুট।
„ ক্যানেবিনম ইণ্ডিয়ান হেম্প। সিদ্ধি।
এঁবারিস্থিয়ম ওবারম উড। বৃক্ষমঞ্জরী।
এবিস ক্যানেডেন্সিস হেমলকস্প্রুস। বৃক্ষবিশেষ।
„ নাইগ্রা ব্ল্যাক। হেমলক স্প্রুস।

এমাইলম হুইটষ্টার্চ। গোধূমের শ্বেতসার। [তিক্তবাদাম।
এমিগডেলা আমারা বিটার আমণ্ড।
" ডলসিস সুইট আমণ্ড। মিষ্টবাদাম। [মিল।
এমিলনাইট্রিস নাইট্রাইট অভ এ-
এমোনাযেকম এমোনায়াক। বৃক্ষনির্য্যাস বিশেষ।
এমোনিয়ম বেঞ্জোয়িকম বেঞ্জোয়েট অভ এমোনিয়া। [মোনিয়া।
" ব্রোমাইডম ব্রোমাইড অভ এ-
" আইওডেটম আইওডাইড অভ এমোনিয়া।
" ক্লোরাইডম ক্লোরাইড অভ এমোনিয়া। নিসাদল।
এমোনি কার্ব্বনাস কার্ব্বনেট অভ এমোনিয়া।
" নাইট্রাস নাইট্রেট অভ এমোনিয়া।
" ফসফাস ফসফেট অভ এমোনিয়া।
" বেঞ্জোয়াস বেঞ্জোয়েট অভ এমোনিয়া। [এমোনিয়া।
" ভেলিরিয়ানাস ভেলিরিয়েনেট অভ
এম্পিল পসিস কুইন্কুইফোলিয়া আমেরিকান আইভি। লতা বিশেষ।
এম্বাগ্রিসিয়া এম্বাবগ্রিস। তিনিরবসা।
এবম ট্রিফাইলম ইণ্ডিয়ান টারনিপওল। [শেষ।
" ড্রেকনশিয়ম ড্রেগনরুট। ওলবি-
এরেকা এরেকা নট। গুবাক।
এলনস রুব্রা ট্যাগ এলডার। গুল্মবিং
এলষ্টোনিয়া কনষ্ট্রিকটা বিটারবার্ক। [illegible] বিশেষ। [বিশে[illegible]
এলিট্রিস ফেরিনোসা ষ্টারগ্রাস। তৃণ
এলিয়ম সেটাইভম গারলিক। রশুন।
" সেপা অনিয়ন। পলাণ্ডু।
এলুমিনা, এলুমেন এলম। ফটকিরি।
এলো এলোজ। মুসব্বর। [মৎস্য।
এষ্টিরিযাস রুবেনস ষ্টারফিশ। তারা
এসক্লিপিয়াস ইনকার্ণেটা সোয়াম্প মিল্কউইড। ক্ষুপ বিশেষ।
" টিউবারোসা প্লুরিসিরুট। মূলবিং।
" সাইরিএকা সিল্কউইড। ক্ষুপবিং।
এসাফিটিডা হিঙ্গু ; হিং।
এসিডম অকজ্যালিকম অকজ্যালিক এসিড। [সিড।
" আর্সেনিওসম আর্সোনিয়স এ-
" ইউরিকম ইউরিক এসিড। মূত্রাম্ল
" এসিটিকম এসেটিক এসিড। সির্কাম্ল। [অঙ্গারাম্ল।
" কার্ব্বনিকম কার্ব্বনিক এসিড।
" কার্ব্বলিকম কার্ব্বলিক এসিড।
" ক্রাইসফ্যানিকম ক্রাইসফ্যানিক এসিড।
" ক্রোমিকম ক্রোমিক এসিড।
" গ্যালিকম গ্যালিক এসিড।
" টার্টারিকম টার্টারিক এসিড। দ্রাক্ষাম্ল।
" ট্যানিকম ট্যানিক এসিড।
" নাইট্রিকম নাইট্রিক এসিড। যবক্ষার দ্রাবক।

নাইট্রোহাইড্রো ক্লোরিকম না-
ইট্রো হাইড্রোক্লোরিক এসিড
ইবক্ষার-লবণ দ্রাবক।
„ পিক্রিকম পিক্রিক এসিড।
„ ফরমিকম ফরমিক এসিড।
„ ফসফরিকম ফসফরিক এসিড।
„ বেঞ্জোয়িকম বেঞ্জোয়িক এসিড।
„ বোরাসিকম বোরাসিক এসিড।
সোহাগাম্ল।
„ ব্রোমিকম ব্রোমিক এসিড।
„ মিউরিয়েটিকম মিউরিয়েটিক এ-
সিড। [তক্রাম্ল; দুগ্ধাম্ল।
„ ল্যাক্টিকম ল্যাক্টিক এসিড।
„ সলফিউরিকম সলফিউরিক এ-
সিড। গন্ধক দ্রাবক। [সিড।
„ সলফিউরোজম সলফিউরাস এ-
„ সাইট্রিকম সাইট্রিক এসিড। জ-
ম্বিরাম্ল। [সিড।
„ স্যালিসাইলিকম স্যালিসাইলিক এ-
„ হাইড্রোক্লোরিকম হাইড্রোক্লোরিক
এসিড। লাবণ দ্রাবক।
„ হাইড্রোসিয়েনিকম হাইড্রোসিয়ে-
নিক এসিড। [আদ্রক।
„ এসেরম ইউরোপিয়ম ইউরোপীয়
„ ক্যানেডেন্স ওয়াইল্ড-জিঞ্জার-ব-
ন্যআদা।

ওকাইমম ব্যাসিলিকম সেমিনা বাবুই
তুলসীর বীজ।
ওপিয়ম ওপিয়ম। অহিফেণ।
ওভাই এলবুমেন হোয়াইট অভ এগ
অণ্ডলাল। [শুক্লুম।
„ ভাইটেলস ইয়োক অভএগ। অ-
ওরাইজা রাইস। তণ্ডুল।
ওলিবেনম ওলিবেনম। কুন্দরু;
বৃক্ষ বিশেষর নির্যাস।
ওলিএগুার রোজলবেল। বৃক্ষবিং।
ওলিয়ম অয়েল। তৈল।
„ অলিভি অলিভ অয়েল। জলপা-
ইয়ের তৈল।
„ এণ্ড্রোপোগাই গ্রাস অয়েল। বে-
ণার তৈল।
„ এনিথাই অয়েল অভ ডিল।
„ এনিসাই অয়েল অভ এনিসীড।
মৌরির তৈল। [মাইল।
„ এন্থেমিডিস অয়েল অভ ক্যামো-
„ এমিগডেলি আমণ্ড অয়েল। বা-
দামের তৈল।
„ এরাকিস গ্রাউণ্ডনট অয়েল। চি-
নাবাদামের তৈল।
„ ক্যাজুপটি অয়েল অভ ক্যাজুপট।
„ কারুই বিলাতি জিরার তৈল।
„ ক্যারিওফাইলি লবঙ্গের তৈল।
„ কোপেরি কোপেরা।
„ কিউবেবি কবাব চিনির তৈল।
„ কোরিয়েণ্ড্রাই ধনিয়ার তৈল।
„ ক্রোটনিস ক্রোটন অয়েল। জয়-
পালের তৈল।
„ জুনিপরাই অয়েল অভ জুনিপার।
জুনিপার ফলের তৈল।

" পাইমেণ্টি অয়েল অভ পাইমে-
ণ্টো। অলস্পাইস ফলের তৈল।
" বার্গেমাই অয়েল অভ বার্গেমট।
জম্বির বিশেষের তৈল।
" মেন্থিপিপরিটি অয়েল অভ পে-
পারমেণ্ট।
" মেন্থিবিরিডিস পুদিনার তৈল।
" মরহুই কডলিভার অয়েল। কড
মৎস্যের তৈল।
" মাইরিষ্টিসি জায়ফলের তৈল।
" টাইকোরিস জোয়ানের তৈল।
" টেরেবিন্থিনি তার্পিন তৈল।
" থিয়োব্রোমি অয়েল অভ থিয়ো-
ব্রমা। ফলবিশেষের বীজের তৈল।
" লিনাই অয়েল অভ লিন্‌সীড।
তিসির তৈল।
" লিমোনিস লেবুর তৈল। [গুার।
" ল্যাবাণ্ডিউলি অয়েল অভ ল্যাবে-
" রিউটি অয়েল অভ রিউ। ক্ষুটা
পত্র ও ফলের তৈল।
" রিসিনি এরণ্ড তৈল।
" রোজমেরিণি রোজমেরি অয়েল।
জেকোরিস এসেলাই কডলিভার
অয়েল।
" রিসিনস কমিউনিস ক্যাষ্টর অ-
য়েল। এরণ্ড বীজের তৈল।
" সিনেমোমাই সিনেমন অয়েল।
দারুচিনির তৈল।
" স্যাণ্টেলম অয়েল অভ স্যাণ্ডাল
উড। চন্দনের তৈল।

ওল[illegible]ম ধাতুবিশেষ।

ককিউলাস ইণ্ডিকস ইণ্ডিয়ানবেরি।
কাকমারী। ফলবিশেষ।
কক্কস কচিনীল। ক্রমিদানা। পত-
ঙ্গবিশেষ।
" ক্যাক্টাই কক্কস।
কডিন অহিফেনের উপক্ষার বিশেষ।
কণ্ডুরাঙ্গো কণ্ডোর প্ল্যাণ্ট। গুল্মবিং।
কপটিস গোল্ডথ্রেড রুট। মিসমী-
তিতা। আসামজাত মূলবিশেষ।
কফিয়া কফি। কাওয়া। গুল্মফলবিং।
" ক্রুডা ব-কফি। কাওয়ার অপক্ক
ফল। [বৃক্ষবিশেষ।
কমোক্রেডিয়া ডেণ্টেটা গুয়াও।
কর্ণস ফ্লোরিডা ডগউড। বৃক্ষবিং।
" সার্সিনেটস রাউণ্ডলিভ্‌ড ডগ
উড। আমেরিক গুল্মবিশেষ।
কলচিকম অটমনেলি মেডো স্যা-
ফ্রণ। বৃক্ষবিশেষ।
কলচিসাই কর্মস কলচিকমের কন্দ।
" সেমিনা কলচিকমের বীজ।
কলোডিয়ম কলোডিয়ন।
কলোফাইলম থ্যালেকট্রয়েডস ব্লু-
কোহশ। ক্ষুপবিং। [পক্ষার।
কলোফাইলিন কলোফাইলমের উ-
কলোসিন্থিডিস পল্পা কলোসিন্থ পল্প।
ইন্দ্রবারুণী।
কলোসিন্থিস বিটার কিউকম্বার।
ইন্দ্রবারুণী।

কলোসিন্থিন কলোসিন্থের উপক্ষার।
কষ্টিকম কষ্টিক পটাশ। চূণ।
কসমোলিন পেট্রোলিয়মের পরিস্রুত সারাংশ।
কসো কুসো। ফুলবিশেষ।
কস্পেরাই করটেক্স কস্পেরিয়া বার্ক। অ্যাঙ্গষ্টিউবিয়া বল্কল। [রস।
কাইনো কাইনো। বৃক্ষের ঘনীভূত
" বেঙ্গালেন্সিস বেঙ্গল কাইনো। পলাস গঁদ। [ত্রবেণু।
কামালা কামালা। ফলবিশেষের গা-
কাকই ফ্রুক্টস ক্যাবাওয়ে ফ্রুট। বিলাতিজিরা। [ফুপবিং।
কার্ডিউয়স মেরায়ি ব্লেসেড থিসল।
কার্ডেমোমস কার্ডেমমস্। ছোট এলাচি।
কার্ব্বিউবেটম সলফিউরিস বাইসলফাইড অভ কার্ব্বণ।
কার্ব্বো এনিম্যালিস এনিম্যাল চারকোল। জান্তব অঙ্গার।
" পিউরিফিকেটস পরিশোধিত জান্তব অঙ্গার।
" ভেজিটেবিলিস ভেজিটেবেল চারকোল। উদ্ভিজ্জাঙ্গার।
" লিগ্নাই কাষ্ঠাঙ্গার।
কিউকারবিটা পেপোসিমেন পমকিনসীড। কুষ্মাণ্ডবীজ।
কিউবেবা কিউবেবস। কবাবচিনি।
কিউরেয়ার উরারা। বিষবিশেষ।
কুপ্রম কপার। তাম্র।
" এসেটিকম এসেটেট অভ্ কপার
" মেট্যালিকম মেট্যালিক কপার। তাম্রধাতু।
কুপ্রাই এমোনিয়ো সলফাস এমোনিয়ো সলফেট অভ কপার।
" ডাইএসিটাস ডাইএসিটেট অভ কপার। জাঙ্গাল।
" নাইট্রাস নাইট্রেট অভ কপার।
" সলফাস সলফেট অভ কপার। তুঁতিয়া। [কপার।
কুপ্রিক আর্সেনাইট আর্সেনাইট অভ
কেওলিন সিলিকেট অভ এলুমিনা। চিনা বাসন প্রস্তুতের কর্দ্দম।
কেফিন কফির উপক্ষার। [শেষ।
কোকা দক্ষিণ আমেরিকাস্থ গুল্মবি-
কোর্টিলিডন অম্বিলিকস নেভেল ও য়ার্ট। মার্কিন ক্ষুপবিশেষ।
কোডাইনা আফিঙ্গের বীর্য্য বিশেষ।
কোনায়ম ম্যাকিউলেটম স্পটেড হেমলক। বিষ বৃক্ষ বিশেষ।
কোনিয়াই ফোলিয়া হেমলকলিভস হেমলকের পত্র।
" ফ্রুক্টস হেমলকফ্রুট। হেমলকের ফল
কোপেবা বৃক্ষ বিশেষের তৈল ও ধূনাবিশিষ্ট রস।
কোবাল্টম কোবাল্ট। ধাতুবিশেষ।
কোব্রা ডি ক্যাপেলো গোখুর সাপের বিষ।
কোয়াইনা কুইনাইন। সিঙ্কোনার উপক্ষার।

কোয়াইনিডিয়া কার্থেজিনা বার্কের বীর্য্য।

কোয়াইনি সলফাস সলফেট অভ কোয়াইনা বা কুইনাইন। [ইনাইন।

„ আর্সেনিয়াস আর্সিনাইট অভ কু-

কোয়ারকস কর্টেক্স ওকবার্ক। ইউরোপীয় বৃক্ষ বিশেষের বল্কল।

কোয়াসি লিগ্‌নম কোয়াসিয়া উড। বৃক্ষ বিশেষের কাষ্ঠ।

কোবাইডেলিস ফবমোসা টর্কি করণ। মার্কিন ক্ষুপবিশেষ।

কোরিয়াণ্ড্রাই ফ্রুক্টস কোরিয়াণ্ডার ফ্রুট। ধনিয়া।

কোরেলিয়ম রুব্রম কোরাল। প্রবাল

কোলিনসোনিয়া ক্যানেডেন্সিস ষ্টোণকট। মার্কিন ক্ষুপবিশেষ।

ক্যাক্টস গ্র্যাণ্ডিফ্লোরস নাইটব্লুমিং সিরিয়স। মার্কিন ক্ষুপবিশেষ।

ক্যাটিকিউ নাইগ্রম কৃষ্ণখদির।

” প্যালিডম শুভ্রপাণ্ডুখদির।

ক্যানিলি এলবিকর্টেক্স ক্যানেলা এলবাবার্ক। বল্কলবিশেষ।

ক্যানেবিস ইণ্ডিকা ইণ্ডিয়ান হেম্প। গাঁজা। [শস্থ গাঁজা।

„ স্যাটাইভা হেম্প। শীতপ্রধানদে-

ক্যান্থেরিস ক্যান্থেরাইডিস। পতঙ্গবিশেষ। তেলিনী মক্ষিকা।

ক্যাপসিকম রেড পেপার। লঙ্কামরিচ। [লঙ্কামরিচ।

ক্যাপসিসাইফ্রুক্টস ক্যাপসিকম ফ্রুট।

ক্যাপসেলাবার্সা পেষ্টোরিস সেফার্ডস পার্স।

ক্যামোমিলা মেট্রিকেরিয়া মেট্রিকেরিয়া ক্যামোমিলা। বৃক্ষ বিশেষ।

ক্যাম্ফোরা ক্যাম্ফর। কর্পূর।

ক্যাম্বোজিয়া গ্যাম্বোজ। বৃক্ষেরগঁদ।

ক্যারিওফিলম ক্লব্‌স। লবঙ্গ।

ক্যালক্স লাইম। চুণ।

„ ক্লোরেটা ক্লোরিনেটেডলাইম।

ক্যালকেরিয়া আইওডেটা আইওডাইড অভ লাইম। [ইন।

„ আর্সেনিকা আর্সেনেট অভ লা-

„ কার্ব্বণিকা কার্বনেট অভ লাইম

„ ফসফরেটা ফসফেট অভ লাইম।

„ মিউরিয়েটিকা মিউরিয়েট অভ লাইম। [ইন।

„ সলফিউরিকা সলফেট অভ লা-

ক্যালমিয়া লেটিফোলিয়া মাউন্টেন লব। বৃক্ষবিশেষ।

ক্যালসিয়াইক্লোরাইডম ক্লোরাইড অভ লাইম। [লাইম।

ক্যালসিস কার্ব্বনাস কার্ব্বনেট অভ

ক্যালসিস প্রিসিপিটেটা প্রিসিপিটেটেড চক। অধঃপাতিত খটিকা।

„ ফসফাস ফসফেট অভ লাইম।

„ হাইপোফস্ফিস হাইপোফসফাইট অভ লাইম। [আকন্দ।

ক্যালাট্রপিস কর্টেক্স মুদার বার্ক।

ক্যালি পটাস। ক্ষার। [অভ পটাস।

ক্যালি অকজেলিকম অকজেলেট

ক্যালি আইওডেটম আইওডাইড
অভ্ পটাস।
" আর্সিনিয়েটম আর্সেনিয়েট অভ্
পটাস।
" এসেটিকম এসেটেট অভ্ পটাস।
" কষ্টিকম কষ্টিক পটাস।
" কার্ব্বনিকম কার্ব্বনেট অভ্ প-
টাস।
" ক্লোরাস ক্লোরেট অভ পটাস।
" টার্টারিকম টার্ট্রেট অভ্ পটাস।
" নাইট্রিকম নাইট্রেট অভ্ পটাস।
যবক্ষার। [পটাস।
" পার্ম্মেঙ্গেনম পারমেঙ্গেনেট অভ্
" ফেরসায়েনিউবেটম ফেরসায়েনি-
উরেট অভ্ পটাস। [টাস।
" বাইক্রমিকম বাইক্রমেট অভ্ প-
" ব্রোমাইডম ব্রোমাইড অভ্ প-
টাসিয়ম। [টাস।
" সলফিউরিকম সলফেট অভ্ প-
" সায়েনিউরেটম সায়েনিউরেট
অভ্ পটাস। [অভ্ পটাস।
" হাইড্রিয়োডিকম আইওডাইড
" হাইপোফসফিস হাইপো ফসফা-
ইট অভ্ পটাস।

ক্যালেডিয়ম উদ্ভিদবিশেষ। [ফুল।
ক্যালেণ্ডিউলা মেরিগোল্ড। গান্ধা-
ক্যালেবার বীন লতাবিশেষের বীজ।
ক্যালোমেলাস্ ক্যালোমেল। পার-
দবিশেষ। [বস্থিত পদার্থবিশেষ।
ক্যাষ্টোরিয়ম ক্যাষ্টর। বীবরের কো-

ক্যাসিয়া আরগ্বধ। [বল্কলবিশেষ।
ক্যাস্কারিলি কর্টেক্স ক্যাস্কারিলাবার্ক।
ক্রাইনাই র‍্যাডিক্স ক্রাইনম রূট।
সুখদর্শন। মূলবিশেষ।
ক্রামিরিয়্যাডিক্স র‍্যাটানিরূট। মূল-
বিশেষ। [শোটিতথটিকা।
ক্রিটাপ্রিপাবেটা প্রিপেয়ার্ড চক।
ক্রিয়েজোটম, ক্রিয়েজোটম ক্রিয়ো-
জোট। আলকাতরার তৈল।
ক্রোকস স্যাটাইভাস স্যাফ্রণ। কুঙ্কুম
ক্রোটনক্লোবালহাইড্রেট ক্রোটন
ক্লোরাল।
ক্রোটন টিগলিয়ম ক্রোটন অয়েল।
জয়পাল। [বিষ।
ক্রোটেলস হরিডস গোক্ষুর সাপের
ক্লিমেটিস ইরেক্টা অপরাইট ভার্জি-
নৃস বাওয়ার। লতা বিশেষ।
" ভার্জ্জিনিয়ানা ভার্জিন্স বাওয়ার।
লতা বিশেষ।
ক্লোবম ক্লোরিণ। [রাল।
ক্লোবাল হাইড্রেট হাইড্রেট অভ ক্লো-
ক্লোরোডাইন ক্লোরোডাইন।
ক্লোরোফরমম ক্লোরো ফরম।

গটপার্চা গটানামক বৃক্ষের জমান রস
গসিপিয়ম কটন। তুলা।
" হার্বেসিয়ম কটনপ্ল্যাণ্ট। তুলারগাছ
গাইনোকর্ডাইসেমিনা চাউল মুগরা
বীজ।
গোয়াও কমোক্লেডিয়া ডেণ্টেটা।

গোয়াকো মিকেনিয়া গোয়াকো। লতাবিশেষ।

গোয়ারাণা পলিনিয়া সর্বিলিস। বৃক্ষ বা ক্ষুপবিশেষ।

গোয়ারিয়া ট্রাইক্লয়ডিস।

গোয়েকম লিগনমভাইটী। বৃক্ষবিং।

গোয়েসাইলিগনম গোয়েকম উড।

গ্যাম্বোজিয়া গ্যাম্বোজ। বৃক্ষবিশেষ

গ্র্যানেডাই ব্যাডিসিস কর্টেক্স দাড়িম্ব মূলের বল্কল। [সীসধাতু।

গ্র্যাফাইটিস ব্ল্যাকলেড। কৃষ্ণবর্ণ

গ্র্যাটিওলা বৃক্ষবিশেষ।

গ্র্যাসিলেরিয়ালাইকেনয়ডিস সিলোন মস। সিংহলশৈবাল।

গ্রিণ্ডিলিয়া রোবষ্টা মার্কিন ক্ষুপবিং।

" স্কোয়ারোসা মার্কিন ক্ষুপবিশেষ।

গ্লনয়েন নাইট্রোগ্লাইসরিণ।

গ্লাইসরাইনম গ্লাইসরিণ।

গ্লাইসিরিজি র্যাডিক্স লিকরিস রূট। যষ্টিমধু।

চায়না সিঙ্কোনা পেরুভিয়ানবার্ক মার্কিন বল্কলবিশেষ।

চার্টা পেপার। কাগজ।

চিমোফাইলা ভার্জিনিকা প্রিন্সেপ্‌টী। ক্ষুপবিশেষ।

চিনিনম কুইনাইন।

" সলফিউরিকম সলফেট অভ কুইনাইন। [ক্ষুপ।

চিমাফাইলা অম্বেলেটা প্রিন্সেসপাইন

চিরেটা চিরাতা।

চিলোনগ্লাব্রা ব্যালমণি। ক্ষুপবিং

চেলিডোনিয়মমেজস গ্রেটসিলাণ্ডাইন ইউরোপীয় ক্ষুপবিশেষ।

জগলান্স সাইনিরিয়া বটারনট। বন্য বৃক্ষবিশেষ।

জালাপা জালাপ, লতাবিশেষের কন্দ

জালাপি রেজিনা জালাপের ধূনা।

জিঙ্কম জিঙ্ক। দস্তা। বঙ্গ।

জিজিয়াইণ্টিজারিমিয়া গোলডেন য়্যালেকজাণ্ডার। মার্কিন ক্ষুপবিং।

জিঞ্জিবার জিঞ্জার। শুণ্ঠি।

জিনসাই জিঙ্ক। দস্তা।

" অক্সাইডম অকসাইড অভ জিঙ্ক।

" এসিটাস এসিটেট অভ জিঙ্ক।

" কার্ব্বনাস কার্ব্বনেট অভ জিঙ্ক।

" ক্লোরাইডন ক্লোরাইড অভ জিঙ্ক

" ভেলেরিয়েনাস ভেলিরিয়েনেট অভ জিঙ্ক। [তুঁতিয়া।

" সলফাস সলফেট অভ জিঙ্ক। শ্বেত

জিয়োক্রেডসক্যানেডেন্সিস আমেরিকান কফিট্রী। বৃক্ষবিশেষ।

জিরেনিয়ম ম্যাকিউলেটম ক্রেন্‌সবিল। মার্কিন ক্ষুপবিশেষ।

জুনিপারস কমিউনিস জুনিপার। গুল্ম

জেট্রোফা বৃক্ষবিশেষ।

জেনশিয়ানা কুইস্কুইফ্লোরা গলউইড মার্কিন ক্ষুপবিং। [গুল্মমূল।

জেনশিয়ানিরাডিক্স জেনশিয়ানরুট

জেবোরান্তি পাইলোকার্পস পিনেটস মার্কিন গুল্মবিশেষ।

জেলসিমিনাম, জেলসিমিয়ম ইয়েলোজেসমিন। মার্কিন বৃক্ষবিং।

জ্যান্থোজাইলম ফ্রাক্সিনিয়ম প্রিকলিয়্যাশ। মার্কিন গুল্ম বিশেষ।

টর্মেণ্টিলা টর্মেণ্টিল। বৃক্ষ বিশেষ।

টাইরকোটিস ক্রপ্টস জোয়ান।

টাইনস্পোবা গুলঞ্চ।

টাইলোফোরিফেোলিযা টাইলোফোরা‑লীভস। অন্তমূল।

টারনারা এফ্রোডিসিয়েকা ডেমিয়ানা। মার্কিন ক্ষুপ বিশেষ।

টিউক্রিয়ম ক্যাটটাইম: ওষধিবিশেষ

টিটেনিয়ম ধাতু বিশেষ।

টেরেবিস্থিনা অয়েল অভ টর্পেনটাইন। টার্পিন তৈল।

টেরেবিস্থিনিক্যানেডেন্সিস ক্যানেডা বালসাম। টার্পিন বিশেষ।

টেরোকার্পাইলিগ্নম রক্তচন্দন।

টোড়াগারি র‍্যাডিক্স টোড্যালিয়া রুট। কাকাতোদানি।

টোলুফিবা টোলু। বৃক্ষ বিশেষ।

ট্যানাসিটম ভলগেয়াব ট্যান্সি। ক্ষুপ

টামেবিণ্ডাস ট্যামারিণ্ড। তিন্তিড়ী।

টাবেকম টুব্যাকো। তাম্রকূট।

ট্যাবাসাই ফোলিয়া তামাক পাতা।

ট্যারাণ টিউলা মাকড়সা বিশেষ।

ট্যারাকসিকম ড্যাণ্ডেলিয়ন। বৃক্ষবিং

ট্যারাকসেসাই র‍্যাডিক্স ড্যাণ্ডেলিয়ন রুট। মূল বিশেষ।

ট্রাইফোলিয়ম প্রেটেন্স রেড্ ক্লোভার। মার্কিন তৃণ বিশেষ।

" রেপেন্স হোয়াইট ক্লোভার। মার্কিন তৃণ বিশেষ।

ট্রাগাকান্থা ট্রাগেকান্থ। কতীরা; গঁদ বিশেষ।

ট্রিওষ্টিয়ম পারফোলিয়েটম ফিভার রুট। মার্কিন মূল বিশেষ।

ট্রিলিয়ম বেথরুট। মার্কিন মূল বিং

ট্রিলিন ট্রিলিয়মের উপক্ষার।

ডলকীমারা বিটারস্যুইট। বৃক্ষ বিং।

ডায়োস্কোরিয়া ভিলোসা ওয়াইল্ড ইয়ামরুট। মার্কিন মূল বিশেষ।

ডিজিটেলিস পরপিউরা পর্পেল ফক্সগ্লভ। বৃক্ষ বিশেষ।

ডিজিটেলাইনম ডিজিটেলাইন। ডিজিটেলিসের বীর্য্য।

ডেটুরা আরবরিয়া আমেরিক ক্ষুপ বিশেষ।

ডোরিফোরা‑ডিসেম‑লিনিয়েটা কলরেডো পোটেটো বগ। কীটবিং।

ড্রোসেরা সনডিউ। ক্ষুপবিশেষ।

থস আমেরিকেনম কমন ফ্রাঙ্ক্ইনসেন্স। ঘনীভূত টার্পিন বিশেষ।

থাইমল জোয়ানের তৈলের বীর্য্য।

থুজা অক্সিডেণ্টেলিস আরবর ভাইটী। বৃক্ষ বিশেষ।

থেরাইয়েকা ত্রিকূলা রাবিড্ড।
থেরিডিয়ন ক্ষুদ্র মাকড়সা বিশেষ।
থ্যাপসিয়ম অরিয়ম মেডো পারস্নিপ।
" মার্কিন ক্ষুপ বিশেষ।

নক্স ভমিকা পয়জননট। কুঁচিলা।
" মশ্চেটা নটমেগ। জায়ফল।
নার্কটিনা অহিফেণের উপক্ষার বিং।
নিকোলাই সলফাস সলফেট অভ নিকেল।
নিম্ফিয়াওডোরেটা হোয়াইট পণ্ড লিলি। পদ্ম বিশেষ।
নুফার লুটিয়া স্পলফ্লাওয়ার্ড পণ্ডলিলি পীত কুমুদ বিশেষ।
নেফেলিয়ম পলিসিফেলম কড উইড। মার্কিন ক্ষুপ বিশেষ।
নেবিউলস সার্পেন্টেরিয়া লায়ন্স ফূট। মার্কিন ক্ষুপ বিশেষ।
ন্যাজাট্রিপিউডিয়ান্স ভিরস অভ কোব্রা। গোখুর সাপের বিষ।
ন্যাট্রম কার্ব্বনিকম কার্ব্বনেট অভ সোডা।
" মিউরিয়েটিকম ক্লোরাইড অভ সোডিয়ম। লবণ।
" সলফিউরিকম সলফেট অভ সোডা।

পটাশা কষ্টিকা কষ্টিক পটাশ। দাহক ক্ষার বিশেষ।
" ফিউজা কষ্টিক পটাশ।
পটাশিয়ম পটাশ। ক্ষার।
পটাশি এসিটাস এসেটেট অভ পটাশ
" কার্ব্বনাস কার্ব্বনেট অভ পটাশ
" ক্লোরাস ক্লোরেট অভ পটাশ।
" টার্ট্রাস টার্ট্রেট অভ পটাশ।
" টার্ট্রাস এসিডা এসিড টার্ট্রেট অভ পটাশ।
" পার্ম্মেঙ্গানাস পার্ম্মেঙ্গেনেট অভ পটাশ।
" বাইকার্ব্বনাস বাইকার্ব্বনেট অভ পটাশ।
" সলফাস সলফেট অভ পটাশ।
" সাইট্রাস সাইট্রেট অভ পটাশ।
" সায়েনাইডম সায়েনাইড অভ পটাশ।
পটাশিয়াই আইওডাইডম আইও ডাইড অব পটাশ।
" ব্রোমাইডম ব্রোমাইড অভ পটাশ।
পডফিলম পেল্টেটম ম্যাণ্ড্রেক, মেএপেল। মার্কিন বৃক্ষ বিশেষ।
পডফিলাই রেজিনা রেজিন অভ পডফিলম। পডফিলমের ধুনা।
" র‍্যাডিক্স পডফিলমরূট। পডফিলমের মূল।
পপিউলস ট্রেমিউলয়ডিস আমেরিকান য়্যাসপেন। মার্কিন বৃক্ষ বিং
পলসেটিলা নাইগ্রিকান্স মেডো এনিমোন। ক্ষুপ বিশেষ।
" নট্যালিয়ানা আমেরিকান পলসেটিলা। মার্কিন ক্ষুপ বিশেষ।
পলিগোনম পঙ্কটেটম স্মার্ট উইড। মার্কিন ক্ষুপ বিশেষ।

প্যাণ্পোরস অফিসিনেলিস মার্চ
এগেরিক। মার্কিন ছত্রক বিং।
পিনসাইকোলা- পাইন এগেরিক।
মার্কিন ছত্রক বিশেষ।
পাইপার নাইগ্রম ব্ল্যাক পেপার।
গোল মরিচ। [ক্ষুপ বিশেষ।
" মেথিষ্টিকম কাভাকাভা। মার্কিন
পাইমেণ্টা পাইমেণ্টো। উদ্ভিদ গন্ধ-
দ্রব্য বিশেষ।
পাইরকসাইলিন গন কটন।
পাইরিথ্রাইর‍্যাডিক্স পেলিটরিরুট।
আকর্ কর্‌রা।
পাইলো কার্পস পিনেটস জেবোরাণ্ডী
পাইলোকার্পিন জেবোরাণ্ডির বীর্য্য
পাইল্যুলা পিল। বটিকা।
পিওনিয়া বৃক্ষ বিশেষ। [বিশেষ।
পিক্সবর্গণ্ডিকা বর্গণ্ডিপিচ। ধূনা
" লিকুইডা টার। আলকাতরা।
পেট্রোলিয়ম রক-অয়েল। খনিজ
তৈল বিশেষ।
পেনথোরম আমেরিক ক্ষুপ বিশেষ।
পেপসিনা পেপসিন। আমাশয়িক
রসের বীর্য্য।
পেপেভারিসক্যাপসিউলি পপিক্যা-
পসিউল। পোস্তের ঢেঁড়ি।
পেরেরির‍্যাডিক্স পেরেরারুট। মার্কিন
লতা-মূল বিশেষ।
প্যানক্রিয়েটিন ঘনীভূত ক্লোমরস।
প্যালাডিয়ম ধাতু বিশেষ। [ওয়ার।
প্যারসিক্লোরাইনকার্ণেটা প্যাশনফ্লা-

প্রূনম প্রূন। আলুবোখারা। ফল-বিং।
প্রূনস বৃক্ষ বিশেষ।
প্লম্বম লেড। সীসধাতু। [অভ লেড।
প্লম্বাই অকসাইডম অক্সাইড।
" এসিটাস এসিটেট অভ লেড,
শুগার অভ লেড। সীস শর্করা।
" কার্ব্বনাস কার্ব্বনেট অভ্ লেড।
সফেদা।
" ক্লোরাইডম ক্লোরাইড অভলেড।
" ট্যানাস ট্যানেট অভলেড।
" নাইট্রাস নাইট্রেট অভলেড।
প্লাটিনা প্লাটিনম। ধাতু বিশেষ।
প্লান্টেগোমেজর প্লান্টেন। আমে-
রিক কদলী বিশেষ।
ফরমিকা পিপীলিকার বিষ।
ফস্ফরস ফস্ফরস। রূঢ় পদার্থ বিং।
ফাইজষ্টিগমাভেনিনোসম ক্যালেবা-
রবীন। আফরিক শিম্বি বিশেষ।
ফাইজষ্টিগমেটিসফেবা ক্যালেবারবীন
ফাইটোলাক্কাডিকেণ্ড্রা পোক উইড
মার্কিন ক্ষুপ বিশেষ।
ফার্ব্বাইটিস সেমিনা কালাদানা। বীজ
বিশেষ।
ফিউকসভেসিকিউলোসস সি-র‍্যাক
সামুদ্রিক উদ্ভিদ বিশেষ।
ফিকস ফিগ। উডুম্বর।
ফিরম আয়রণ। লৌহধাতু।
" রিড্যাক্টম রিডিউস্‌ড আয়রণ।
লৌহচূর্ণ।
" টার্টারেটম টার্টারেটেড আয়রণ

" এসেটিকম এসিটেট অভ আয়রণ
" মিউরিয়েটিকম মিউরিয়েট অভ আয়রণ।
" মেট্যালিকম মেট্যালিক আয়রণ লৌহ ধাতু।

ফিলিক্সমাস মেল ফার্ণ। কন্দ বিশেষ
ফেগোপাইরম ইসকিউলেটম বক হুইট। ওষধি বিশেষ।
ফেনিকিউলাইফ্রুক্টস ফেনেল ফ্রুট। ওষধি বিশেষের ফল।
ফেরি অক্সাইডম ন্যাগ্নেটিকম ম্যাগ্নেটিক অকসাইড অভ আয়রণ।
" আইওডাইডম আইওডাইড অভ আয়রণ। [আয়রণ।
" আর্সিনিয়াস আর্সেনিয়েট অভ
" এটএমোনি সাইট্রাস সাইট্রেট অভ আয়রণ এণ্ড এমোনিয়া।
" " এল্যুমিনি বাইসলফাস বাইসলফেট অভ আয়রণ এণ্ড এল্যুমিনা
" " কোয়াইনি সাইট্রাস সাইট্রেট অভ আয়রণ এণ্ড কুইনিয়া।
" পলভিস লৌহচূর্ণ।
" পার অক্সাইডম হিউমিডম ময়েষ্ট পার অক্সাইড অভ আয়রণ।
" " হাইড্রেটম হাইড্রেটেড পার অক্সাইড অভ আয়রণ।
" ফসফাস ফস্ফেট অভ আয়রণ।
" ভেলিরিয়েনাস ভেলিরিয়েনেট অভ আয়রণ।
" সলফাস সলফেট অভ আয়রণ। হিরাকস।
" এক্সিকেটা ড্রায়েড সলফেট অভ আয়রণ। দগ্ধ হিরাকস।
ফেলেণ্ড্রিয়ম জলজ উদ্ভিদ বিশেষ।
ফ্রাইগস কোল্ড। শৈত্য।

বণ্ডুসেলি সেমিনা বণ্ডকসীড্স। নাটা
বার্ব্বারিস একুইফোলিয়া আমেরিক বৃক্ষ বিশেষ। [হরিদ্রা।
" কর্টেক্স ইণ্ডিয়ান বার্ব্বেরি। দারু
" ভলগেরিস কমন বার্ব্বেরি। দীর্ঘ্য
বার্ব্বেরিণা বার্ব্বেরিস বৃক্ষের মূলের
বালসেমম পেরুভিয়ানম বালসাম অভ পেরু। মার্কিন বৃক্ষরস বিং।
" টোলুটেনম বালসাম অভ টোলু। মার্কিন বৃক্ষরস বিশেষ। [বিষ।
বিউফো ভেকজাতীয় জন্তু বিশেষের
বিসমথম বিসমথ। ধাতু বিশেষ।
বিসমথম অ্যালবম সবনাইট্রেট অভ বিসমথ; হোয়াইট বিসমথ।
" মেট্যালিকম বিসমথ ধাতু।
বিসমমথাই সব নাইট্রাস সব নাইট্রেট অভ বিসমথ।
" কার্ব্বনাস কার্ব্বনেট অভ বিসমথ।
" অক্সাইডম অকসাইড অভ বিসমথ
" ট্যানাস ট্যানেট্ অভ বিসমথ।
" ভেলিরিয়েনাস ভেলিরিয়েনেট অভ বিসমথ। [পত্র বিশেষ।
বুকু ফোলিয়া বুকুলিভ্স। মার্কিন

বেনজোইনম বেনজোইন। লোবান।

বুবিরিয়া বেবিরু বার্কের বীর্য্য।

বেবিরাই সলফাস, সলফেট অভ বেবিরিয়া।

বেয়ার বেরিলিভস ইউভা আর্সাই ন্যমক ক্ষুদ্র বৃক্ষের পত্র।

বেরিয়ম ধাতু বিশেষ।

বেরিয়াই ক্লোরাইডম ক্লোরাইড অভ বেরিয়ম।

বেল্সা বেল্। বিল্ব।

বেলাডোনা ডেডলিনাইটশেড। বৃক্ষ বিশেষ। [ক্ষুপবিশেষ।

বেলিস পেরিনিস ইংলিশ ডেইজি।

বোভিষ্টা পফ-বল। ছত্রকবিশেষ।

বোরাক্স বাইবোরেট অভ সোডা সোহাগা।

ব্যাপ্টিশিয়াটিংটোরিয়া ওয়াইলড্ ইণ্ডিগো আমেরিক বন্যনীলবিশেষ।

ব্যারসমাক্রিনেটাস বুকু। গুল্মবিশেষ

ব্যারইটাকার্ব্বনিকা কার্ব্বনেট অভ ব্যারাইটা।

" মিউরিয়েটিকা মিউরিয়েট অভ ব্যারাইটা। [ব্যারাইটা।

" আইওডেটা আইওডাইড অভ

" এসেটিকা এসেটেট অভ ব্যারাইটা

ব্রাইওনিয়া য়্যাল্‌বম হোয়াইট ব্রাইয়োনি। ক্ষুপবিশেষ।

ব্রুসিয়া কুঁচিলার বীর্য্যবিশেষ।

ব্রেকিয়ট্টস রেপেন্স পিউক পিউক মার্কিন উদ্ভিদবিশেষ।

ব্রোমম, ব্রোমিয়ম ব্রোমিন। রূঢ় পদার্থ বিশেষ। [ইড্রিক এসিড।

ব্রোমো-হাইড্রিক এসিড ব্রোমো হা-

ব্রোমাইড অভ ক্যাম্ফর ব্রোমিন মিশ্রিত কর্পূর।

" " কোইনা " " কোইনাইন।

" " সোডিয়ম " " সোডা।

ভাইওলা ওডোরেটা সুইট ভাইওলেট। গুল্মবিশেষ।

" ট্রিকোলার হার্টসইজ। ক্ষুপবিশেষ

ভাইনম ওয়াইন। আসব।

ভাইপারা ভাইপার নামক সর্পেরবিষ

ভাইবারনম অপিউলস হাইক্রাণবেরি, মার্কিন গুল্মবিশেষ।

" প্রুনিফোলিয়ম ব্লাকহ গুল্মবিশেষ।

ভার্ব্বেনা হেষ্টেটা ব্লুভারভেইন। মার্কিন ক্ষুপবিশেষ।

ভিনকা মাইনর মার্কিন ক্ষুপবিশেষ।

ভিরাট্রম য়্যালবম হোয়াইট হেলেবোর। ইউরোপীয় মূলবিশেষ।

" ভিরিডি গ্রীণ হেলেবোর মার্কিন মূল বিশেষ।

ভিরাট্রিয়া ভিরাট্রমের বীর্য্য।

ভিরোনিয়া বেকেবঙ্গা ব্রুকলাইম। মার্কিন ক্ষুপবিশেষ।

ভিস্কম য়্যালবম মিসলটো। মার্কিন গুল্মবিশেষ।

ভেলেরিয়ানা ভেলেরিয়ান। ইউরোপীয় বৃক্ষবিশেষ।

ভেলিরিয়েনি র‍্যাডিক্স ভেলিরিয়েনরুট ইউরোপীয় কন্দবিশেষ।

মর্ফিয়া অহিফেণের প্রধান বীর্য্য।
মর্ফি এসিটাস এসিটেট অফ মর্ফিয়া
" হাইড্রোক্লোরাস হাইড্রোক্লোরেট। অভ মর্ফিয়া।
মণ্টলিকার যবজাত মদিরা।
মস্কস মস্ক। মৃগনাভী।
মর্হা মর। গন্ধবোল। [বিশেষ।
মাইগেল এভি কিউলেরিয়া মাকড়সা
মাইগেলন্যাসিওডোরা কিউবান স্পাইডার। মাকড়সা বিশেষ।
মাইরিকা সেরিফেরা বে-বেরি। গুল্ম বিশেষ।
মাইরিসিন মাইরিকার বীর্য্য।
মাইরিষ্টিকা নটমেগ। জায়ফল।
মারকিউরিয়স মারকিউরি। পারদ
" আইওডেটস আইও ডাইড অভ মারকিউরি।
" এসিটাস এসিটেট অভ মারকিউরি
" করোসিভস করোসিভ সব্লিমেট বা বাই ক্লোরাইড অভ মারকিউরি।
" ডলসিস ক্যালোমেল।
" প্রোটোসলফাইড প্রোটোসলফাইড অভ মারকিউরি।
" বিন আইওডেটস বিন আইওডাইড অভ মারকিউরি।
" ব্রোমাইড ব্রোমাইড অভ মারকিউরি।
" ভাইবস কুইক সিলভার।
" সুলিউবিলিস ব্লাক অক সাইড অভ মারকিউরি।
" সিনেবারিস রেড সলফিউরেট অভ মারকিউরি। হিঙ্গুল।
মার্টস কমিউনিস মার্টল। মেদি।
মিউকিউনা প্রুরিয়েন্স কাউহেজ। কপিকচ্ছু, আলকুশী।
মিউরেক্স নীলজ বর্ণক পদার্থ বিশেষ
মিউসিলেগো লিউসিলেজ। মণ্ড।
মিকেনিয়া গোয়াকো গোয়াকো। আমেরিক ক্ষুপবিশেষ।
মিচেলারিপেন্স আমেরিক ক্ষুপবিশেষ
মিলিফোলিয়ম ইয়্যারো। ইউরোপীয় বৃক্ষবিশেষ।
মিশ্চুরা মিক্শ্চার। মিশ্র।
মেজেরিয়ম ডাফনি মেজেরিয়ম। ইউরোপীয় পার্ব্বত্য বৃক্ষ বিশেষ।
মেজেরিয়াই কর্টেক্স মেজেরিয়ন বার্ক, মেজেরিয়ম বৃক্ষের শুষ্ক বল্কল।
মেন্থাপিপারিটা পেপারমিণ্ট। উদ্ভিজ্জ গন্ধদ্রব্যবিশেষ।
" ভিরিডিস স্পিয়ারমিণ্ট। পুদিনা
মেল হনি। মধু। [হাপামধু।
" বোরেসিস বোরাক্সহনি। গোমেলিলোটস হুইটক্লোভার ফুলবিং।
মেলিয়ায়্যাজেডিরাক্টা নিম। নিম্ব।
মেসিস মেস। জয়িত্রী।
মোরাই সক্কস মলবেরি জুস। তুত-ফলের রস।

ম্যাক্রোটিন সিমিসি ফুগার বীর্য্য।
ম্যাক্রোটিস রেসিমোসা ব্লাক কোহেশ, মার্কিন ক্ষুপবিশেষ।
ম্যাগ্নিসিয়া ম্যাগ্নিসিয়া। পার্থিব লবণ-বিশেষ। খনিজবিশেষ।
ম্যাগ্নিসিকার্ব্বনাস, ম্যাগ্নিসিয়া কার্ব্ব-নিকা কার্ব্বনেট অভ ম্যাগ্নিসিয়া
ম্যাগ্নিসি সলফাস সলফেট অভ ম্যা-গ্নিসিয়া ; এপসমসল্ট।
ম্যাগ্নিসিয়া মিউরিয়েটিকা মিউরিয়েট অভ ম্যাগ্নিসিয়া।
ম্যাঙ্গেনম ধাতুবিশেষ।
ম্যাটিকো ইলঙ্গেটা মার্কিন ক্ষুপবিশেষ
ম্যাটিসিফোলিয়া ম্যাটিকো লিভ্‌স। ম্যাটিকোবৃক্ষের শুষ্কপত্র।
ম্যানা সীরখস্ত। ইউরোপীয় বৃক্ষ-বিশেষের ঘনীভূত রস।
ম্যাষ্টিক রুমীমস্তকী। রুমদেশীয় বৃক্ষবিশেষর ধূনা।

রসঅ্যারা কমন সুম্যাক। মার্কিণ গুল্মবিশেষ।
" টক্সিকোডেনড্রন পয়জনওক। আ-মেরিক গুল্মবিশেষ।
" ভেনিনেটা পয়জন সুম্যাক। আ-মেরিক ক্ষুপবিশেষ।
রামনাইসকস বকথরণজুস। ইউ-রোপীয় ফলবিশেষের রস।
রিউম রুবার্ব্ব। রেউচিনি। মূলবিশেষ
রিয়াইর‍্যাডিক্স রুবার্ব্বরুট। রেউচিনি
রিয়াডস পেটেলা রেড্‌পপি পেট্যালস ইংলণ্ডীয় পুষ্পবিশেষের দল।
রিসিনস কমিউনিস ক্যাষ্টার অয়েল প্লাণ্ট। এরণ্ডবৃক্ষ।
রুটা গ্রেভিয়োলেন্স গার্ডেনরু। ই-উরোপীয় ক্ষুপবিশেষ। [বিশেষ।
রুনেক্সক্রিসপস ইয়্যালো ডক। ক্ষুপ-
রেজিনা রেজিন। ধুনা।
রেণানকিউলস বলবোসস বলবস ক্রোফুট। ইউরোপীয় ক্ষুপবিশেষ।
রোজওযাটাব গোলাব জল।
রোজম্যারিনস রোজমেরি। উদ্ভিদ গন্ধদ্রব্য বিশেষ।
রোজা রোজ। গোলাব।
" কেনাইনা ডগরোজ। বিলাতি গোলাব। [লাব।
" গ্যালিকা রেডরোজ। রক্ত গো-
" সেণ্টিফোলিয়া ক্যাবেজরোজ। শতদল গোলাব।
রোডোডেণ্ড্রণ ক্রাইসান্থম সাইবি-রিয়ান রোজ। ক্ষুপবিশেষ।
রোবিনিয়া সিউডো একেশিয়া ফল্‌স লোকষ্ট। আমেরিক বৃক্ষ বিশেষ।
র‍্যাটানি আমেরিক গুল্মবিশেষের শুষ্ক মূল।

লরোসিরেসস চেরিলরেল। ইউরো-পীয় বৃক্ষ বিশেষ।
লরোসিরেসাই ফোলিয়া চেরিলরেল বৃক্ষের পত্র।

লাইকরিস দ্রব।
লাইকোপস ভার্জ্জিনিকস বিউগল উইড। আমেরিক ক্ষুপ বিশেষ।
লাইকোপোডিয়ম ক্লাভেটম উলফ-ক্ষ্ট। বৃক্ষ বিশেষ।
লিউপিউলস হপ্স। ইংলণ্ডীয় লতা বিশেষের পুষ্পগুচ্ছ।
লিউপিউলিন হপবৃক্ষের মূল সংলগ্ন স্বর্ণবর্ণ রেণু; হপের বীর্য্য।
লিকরিস যষ্ঠী মধু।
লিডম প্যালষ্টাব মার্শ-টী। বৃক্ষ বিং।
লিথার্জাইরম লিথার্জ। মুদ্রাশঙ্খ।
লিথি কার্ব্বনাস কার্ব্বনেট অভ লিথিয়া। ক্ষার বিশেষ।
" সাইট্রাস সাইট্রেট অভ লিথিয়া। ক্ষার বিশেষ।
লিথিয়ম লিথিয়া। ক্ষারধর্ম্মবিশিষ্ট ধাতু বিশেষ।
" কার্ব্বনিকম কার্ব্বনেট অভ লিথিয়া।
লিনাই সেমিনা লিন্সীড। তিসি, মসিনা।
লিনিমেণ্টম লিনিমেণ্ট। মর্দ্দন।
লিমোনিস কর্টেক্স লেমনপীল। জম্বীর ত্বক।
লিলিয়ম টাইগ্রিনম টাইগার লিলি। চীনদেশীয় পুষ্পবৃক্ষ বিশেষ।
লেপটাণ্ড্রা ভার্জ্জিনিকা ব্লাকরুট। মার্কিন ওষধি বিশেষ।
লেপিস য়্যাল্বস সিলিকো ফ্লোবাইড অভ ক্যালসিয়ম। লবণবৎ শৈলজ পদার্থ বিশেষ।
লোবিলিয়া ইনফ্লেটা ইণ্ডিয়ানটোব্যাকো। তাম্রকূট জাতীয় মার্কিন ক্ষুপ বিশেষ।
" কার্ডিনেলিস কার্ডিন্যাল ফ্লাওয়ার। মার্কিন ক্ষুপ বিশেষ।
" সিফলিয়া ব্লুলোবিলিয়া। তাম্রকূট জাতীয় মার্কিন ক্ষুপ বিশেষ।
লোশিও লোশন। ধৌত।
লোশিও নাইগ্রা ব্লাক ওয়াশ।
ল্যাক মিল্ক। দুগ্ধ।
ল্যাকটুকা লেটিউস। ইউরোপীয় বৃক্ষ বিশেষের ঘনীভূতরস।
ল্যাকটিক এসিড তক্রাম্ল। দুগ্ধাম্ল।
ল্যাকনান্থিস টিংটোরিয়া স্পিরিট উইড। মার্কিন ক্ষুপ বিশেষ।
ল্যাকেসিস মার্কিন সর্পবিষ বিশেষ।
ল্যাভাণ্ডিউলা ল্যাভেণ্ডার। ইউরোপীয় সুগন্ধি পুষ্প বিশেষ।
ল্যারিসিস কর্টেক্স লার্চ বার্ক। বল্কল বিশেষ।

ষ্টাইর‍্যাক্স ষ্টোর‍্যাক্স। শিলাবস। বৃক্ষ রস বিশেষ।
ষ্টার্চ শ্বেতসার।
ষ্টিক্টাপলমোনেরিয়া লাংসওয়ার্ট। মার্কিন শৈবাল বিশেষ।
ষ্টিলিঞ্জিয়া সিলভেটিকা কুইন্স রুট মার্কিন ক্ষুপ বিশেষ

ষ্ট্যানম টিন। টিন ধাতু। [টিন।
ষ্টন্নাই ক্লোরাইডম ক্লোরাইড অভ্
ষ্ট্যাফিসেগ্রিয়া ষ্টেভ্স একার। ইউ-
রোপীয় বৃক্ষ বিশেষ।
ষ্ট্রিকনিয়া কুঁচিলার বীর্য্য বিশেষ।
" ফসফেট ফসফেট অভ ষ্ট্রিকনিয়া।
" আর্সেনেট আর্সেনেট অভ ষ্ট্রিকনিয়া
" সলফেট সলফেট অভ ষ্ট্রিকনিয়া।
ষ্ট্র্যামোনিয়ম থরণ্‌য়্যাপেল। ধুতুরা।
ষ্ট্র্যামোনিয়াই ফোলিয়া এটসেমিনা
ষ্ট্র্যামোনিয়ম সীড্‌স এণ্ড লিভ্‌স।
ধুস্তুর পত্র ও বীজ।

স

সক্কস জুস। রস। [বর্তি।
সপোজিটোরিয়া সপোজিটরি। ফল-
সম্বল মস্করূট। মূল বিশেষ।
সম্বল র‍্যাডিক্স মস্করূট। মূল বিশেষ।
সয়মাই ডিকর্টেক্স রোহণ বার্ক। রো-
হিতক।
সলফর সলফর। গন্ধক।
" সব্লিমেটম সবলাইম্‌ড সলফর, ফ্লা-
ওয়ার অভ সলফর। উর্দ্ধপাতিত।
গন্ধক।
" প্রিসিপিটেটম প্রিসিপিটেড স-
লফর, মিল্ক অভ সলফর। অধঃ-
পাতিত গন্ধক। [সলফর।
" আইওডেটম আইওডাইড অভ
সলফিউরিস আইওডাইডম আইও-
ডাইড অভ সলফর।
সাইক্লেমেন সো-ব্রেড। ক্ষুপবিশেষ।
সারাসিনিয়া পরপিউরিয়া পিচার
প্লাণ্ট। মার্কিন ক্ষুপ বিশেষ।
সার্জা সার্জাপেরিলা মার্কিন লতামূল
বিশেষ। (সালসা)।
সার্জিয়্যাডিক্স সার্জা।
সার্পেণ্টেরাই র‍্যাডিক্স সার্পেণ্টেরি
রূট। মার্কিন মূল বিশেষ।
সিএনোথস আমেরিকানস রেড্‌রূট।
মার্কিন গুল্ম বিশেষ।
সিকিউটা ওয়াটার হেমলক জলজ
ক্ষুপবিশেষ।
সিকেলি করনিউটম আর্গট অভ রাই
সিড্রন আমেরিক বৃক্ষবীজবিশেষ।
সিনাএন্থেলমিটিকা ওয়ারম সীড।
গুল্মবিশেষ।
সিনাপিস মাষ্টার্ড। সর্ষপ।
সিনিসিও অরিয়স লাইফরূট। মা-
র্কিন ক্ষুপবিশেষ।
সিনিসিন সিনিসিওর বীর্য্য।
সিপিয়া সিপিয়ি সক্কস। সামুদ্রিক
জন্তু বিশেষের বর্ণক পদার্থ।
সিভম প্রিপারেটম প্রিপেয়ার্ড স্যুয়েট,
মেষের বসা।
সিমারিউবা মাউণ্টেন ড্যামসন। বৃক্ষ
বিশেষের মূলের ত্বক।
সিমিসিফুগা ব্লাকস্নেকরূট। মার্কিন
বৃক্ষবিশেষ।
সিম্ফাইটম বৃক্ষবিশেষ।
সিলফিয়ম ল্যাসিনিয়েটম কম্পাস
প্লাণ্ট। মার্কিন ক্ষুপবিশেষ।

সিদ্রা, সিদ্রাম্যারিটিমা স্কুইল। বৃক্ষবিশেষের কন্দ।

সিলিসিয়া সাইলেক্স। ফ্লিন্ট। প্রস্তরবিশেষ।

সিষ্টসক্যানেডেন্সিস রক-রোজ। মার্কিন ক্ষুপবিশেষ।

সেনা সেনা। সোণামুখী। পত্রবিশেষ

সেনিগি র‍্যাডিক্স সেনেগারুট। মার্কিন বৃক্ষমূলবিশেষ।

সেপো সোপ। সাবান।

" ডিউরিস হার্ডসোপ। কঠিন সাবান

" এনিমেলিস এনিম্যালসোপ। জান্তব সাবান।

" মলিস সফ্টসোপ। কোমল সাবান

সেম্পারভাইভম টেক্টোরম কমন হাউস লীক। মার্কিণ ক্ষুপবিশেষ।

সেলেনিয়ম ধাতুবিশেষ।

সোডাকষ্টিকা কষ্টীক সোডা।

" টার্টারেটা টার্টারেটেড সোডা।

সোডি আর্সেনিয়াস আর্সেনিয়েট অভ সোডা।

" এসিটাস এসিটেট অভ সোডা।

" এক্সিকেটা দগ্ধ সোডা।

" কার্ব্বনাস কার্ব্বনেট অভ সোডা।

" ফসফাস ফসফেট অভ সোডা।

" বাই কার্ব্বনাস বাই কার্ব্বনেট অভ সোডা। [সোডা।

" বাই বোরাস বাই বোরেট অভ

" ভেলিরিয়েনাস ভেলিরিয়েনেট অভ সোডা।

" লাইকর সলিউশন অভ সোডা।

" এট পটাশি টার্ট্রস টার্টারেট সোডা।

" সলফাস সলফেট অভ সোডা।

" সলফিস সলফাইট অভ সোডা।

" সিট্রোটার্ট্রস এফারভেসেন্স এফারভেসেণ্টসিট্রোটাট্রেট অভ সোডা।

" হাইপোফসফিস হাইপোফসফাইট অভ সোডা।

" হাইপো সলফিস হাইপো সলফাইট অভ সোডা।

সোডিয়াই ক্লোরাইডম্ ক্লোরাইড অভ সোডিয়ম। সামান্য লবণ।

সোলেনম নাইগ্রম ব্লাক নাইটশেড। মার্কিন ক্ষুপবিশেষ।

স্কটেলেরিয়া ল্যাটারিফ্লোরা স্কল-ক্যাপ মার্কিন ক্ষুপ বিশেষ।

স্কটেলেরিণ স্কটেলেরিয়ার বীর্য্য।

স্কোপেরিয়াই ক্যাকিউমিনা ব্রুমটপ্স ইংলণ্ডীয় বৃক্ষবিশেষের শাখাগ্র।

স্ক্যামোনাই রেজিনা স্ক্যামোনিয়মের ধুনা। [মূলজাত গঁদ।

স্ক্যামোনিয়ম স্ক্যামনি। বৃক্ষবিশেষের

স্পঞ্জিয়া টোষ্টা বোষ্টেড স্পঞ্জ। ভর্জ্জিত স্পঞ্জ।

স্পাইজিলিয়া ওয়ারম গ্রাস। মার্কিন তৃণবিশেষ।

স্পার্মাসেটাই সিংটসিয়ম। তিমির বসা।

স্পিরিটস স্পিরিট। সুরাদ্রব। সু-

রাতে দ্রবীভূত বা পরিস্রুত ঔষধ দ্রব্য।

" ইথারিস স্পিরিট অভ ইথার।

" " নাইট্রিসাই নাইট্রিক ইথার।

" রেক্টিফিকেটস রেক্টিফায়েড স্পিরিট। শোধিত সুরা। [সুরা।

" টেনিয়র প্রুফস্পিরিট। পরীক্ষিত

স্যাকেরম পিউরিফিকেটম বিফাইণ্ড্ শুগার। শর্করা।

" ল্যাক্‌টিস শুগার অভ মিল্ক। ক্ষীর শর্করা। দুগ্ধ শর্করা। [গঁদ।

স্যাগাপিনম পারসিক বৃক্ষবিশেষের

স্যাঙ্গুইনেরিয়া ক্যানেডেন্সিস বুডরুট মার্কিন বৃক্ষবিশেষ।

স্যাণ্টেলম এল্‌বম হোয়াইট স্যাণ্ডাল উড। শ্বেতচন্দন।

স্যাণ্টোনিকা স্যাণ্টোনিকা। বৃক্ষবিশেষের মঞ্জুরী। [উপক্ষার।

স্যাণ্টোনিন স্যাণ্টোনিকা বা সিনার

স্যাণ্ডেলঅয়েল চন্দনের তৈল।

স্যাবেডিলা সেভাডিলা। মার্কিণ বৃক্ষবিশেষের ফল।

স্যাবিনা স্যাভিন ইউরোপীয়বৃক্ষবিশেষ

স্যাবিনি ক্যাকিউমিনা স্যাবিনটপ্‌স ইউরোপীয় বৃক্ষবিশেষের শাখাগ্র

স্যাবেসিয়া আমেরিকান সেণ্টরি। মার্কিন বৃক্ষবিশেষ।

স্যাম্বুকস এলডার। বিলাতীয়বৃক্ষবিং।

স্যাম্বিউসাই ফ্লোরিস এলডার ফ্লাওয়ার। স্যাম্বিউকস বৃক্ষের ফুল।

স্যালিসিন স্যালিক্স বৃক্ষ হইতে প্রাপ্ত বীর্য্য।

স্যালিসিলিক এসিড স্যালিসিন জাত অম্ল বিশেষ।

স্যালিসিসকর্টেক্স উইলোবার্ক। ইউরোপীয় বৃক্ষবিশেষের বল্কল।

হর্ডিয়ম ডিকর্টিকেটম পার্লবার্লী। নিস্তুক যব।

হপ লিউপিউলস দ্রষ্টব্য। [ধাতু।

হাইড্রার জাইরম মারক্যুরি পারদ

" এমোনিয়েটম এমোনিয়েটেড মারক্যুরি।

" কমক্রিটা মারক্যুরি উইথচক। পারদ ও খটিকা চূর্ণ।

হাইড্রারজাইরাই আইওডাইডম রুব্রম রেড আইও ডাইড অভমারক্যুরি।

" ভিরিডি গ্রীণ আইও ডাইড অভ মারক্যুরি।

" অকসাইডম রুব্রম রেড অক্সাইড অভ মারক্যুরি।

" সবক্লোরাইডম সবক্লোরাইড অভ মারক্যুরি; ক্যালোমেল।

" সলফাস সলফেট অভ মারক্যুরি।

" সায়েনিউরেটম সায়েনিউরেট অভ মারক্যুরি।

হাইড্রাষ্টিস ক্যানেডেন্সিস গোল্‌ডেন সিল। মার্কিন ক্ষুপবিশেষ।

হাইড্রেট অভ ক্লোরাল ক্লোরাস হাইড্রাস।

হাইড্রোকোটাইল এসিয়াটিকা এসিয়াটিক পেনিওয়ার্ট। থুলকুড়ি।

হাইড্রোফাইলম ভার্জিনিকম ওয়াটার লিফ। মার্কিন ক্ষুপবিশেষ।

হাইপেরিকম সেণ্টজন্সওয়ার্ট। ক্ষুপ [illegible]। [illegible]লিহাইপোফস।

হাইপো[illegible] অভ পটাশ ক্যা-[illegible] ক্যালসিস হাইপো ফস্ফিস।

হাইয়োসায়েমাস নাইগার ব্ল্যাক হেনবেন। ইংলণ্ডীয় বৃক্ষ বিশেষ।

হাইয়োসায়েমাই ফোলিয়া হায়োসায়েমাস [illegible]। হেনবেন বৃক্ষের পত্র।

হিডিও[illegible]লিজিঅয়ডিস আমে-রিক[illegible]নিরয়্যাল। মার্কিন ক্ষুপবিশেষ।

[illegible]লিভার অভ সলফর।

হিপেটিকা ট্রাইলোবা লিভারওয়ার্ট। মার্কিন ক্ষুপবিশেষ।

হিবিস্কাইক্যাপসিউলি হিবিসকসফ্রুট রামতরুই। ঢেঁড়স।

হিমেটকসিলাই লিগ্‌নম লগউড। বৃ-ক্ষবিশেষের আভ্যন্তরিক কাষ্ঠ।

হিরিউডো লীচ। জলোকা।

হেক্লালাভা হেক্লানামক আগ্নের প-র্ব্বতের ধাতুনিস্রব।

হেমিডেস্মাইর‍্যাডিক্স হেমিডেসমস রূট অনন্তমূল।

হেমেমেলিস ভার্জিনিকা উইচ হেজেল মার্কিন গুল্মবিশেষ।

হেলিবোরস হেলিবোর; ভিরেট্রম কটকী জাতীয় উদ্ভিদ।

হেলোনিয়স ডাইওইকা ফল্‌সইউনি-করণ। মার্কিন ক্ষুপবিশেষ।

সম্পূর্ণ।